# চিন্ময়ী

## Chinmoyee 2025

### শারদীয় সংখ্যা
### Sharodia Issue

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥
যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &
BANGLADESH CANADA HINDU MANDIR
TORONTO

# LAW OFFICE

## শারদীয় শুভেচ্ছা



**Chayanika Dutta**
Barrister, Solicitor & Notary Public
Nagpal Dutta Professional Corporation
2224 Kingston Road, Scarborough
Ontario, M1N 1T9
Phone: (416) 406-4529, Ex-3
Cell: (416) 879-5240
Fax: (416) 778-4528
E-mail: chaya@duttalaw.com

## Areas of Practice

- Real Estate: Residential/Commercial - Purchase, Sale and Refinancing
- Civil Litigation: Claims, Defences, Writs and Garnishment
- Immigration: Invitation letters, Family Sponsorship, Appeals, Refugee Matters, Skilled Worker & Business Class
- Family Law: Separation Agreements, Divorce, Child/Spousal support, Custody/Access
- Power of Attorney, Wills, Affidavits, Declaration & Notarization.

Proficient in English, Bengali, Urdu & Hindi


সবাইকে শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা
Open Daily
Breakfast: 09:30 AM - 03:00 PM
Tandoori Items: 05:00 PM - 12:00 AM
Bengali Sweets: 9:30 AM - 12:00 AM
DELICIOUS
Food Menu
Come with your family or
friends and get special prices.
LIFE IS SWEET, WE MAKE IT SWEETER
Since : 1985
ADI BIKRAMPUR SWEETS & FAST FOOD
2968 Danforth Avenue, Toronto,M4C1M6
TEL:(426)455-8417



Gautam
Paul, BROKER
EXPERIENCE YOU CAN TRUST. RESULTS YOU'LL LOVE.
gautampaul.com
Realtor since 2003
BUY-SELL-INVEST
Realty21
Brokerage Inc.
Proudly Canadian Brokerage
462 Birchmount Rd.
Unit #1A Toronto, Ontario, M1K1N8
416-882-5467 or 416-848-7707

# দেবীর স্তুতি

**যা দেবী সর্ব্বভূতেষু শান্তিরূপেণ সংস্থিতা।**
**যা দেবী সর্ব্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা।**
**যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।**
**যা দেবী সর্ব্বভূতেষু বুদ্ধিরূপেণ সংস্থিতা।**
**নমস্তস্যৈ ॥ নমস্তস্যৈ ॥ নমস্তস্যৈ নমো নমঃ ॥**

या देवी सर्वभुतेषु क्षान्तिरूपेण संस्थिता ।
या देवी सर्वभुतेषु शक्तिरूपेण संस्थिता ।
या देवी सर्वभुतेषु मातृरूपेण संस्थिता ।
या देवी सर्वभुतेषु बुद्धिरूपेण संस्थिता ।
नमस्तस्यै नमस्तस्यै नमस्तस्यै नमो नमः ॥

**Ya devi sarva bhuteshu, shanti rupena sangsthita**
**Ya devi sarva bhuteshu, shakti rupena sangsthita**
**Ya devi sarva bhuteshu, matri rupena sangsthita**
**Yaa devi sarva bhuteshu, buddhi rupena sangsthita**
**Namastasyai, namastasyai, namastasyai, namo namaha**

‘The goddess who is omnipresent as the personification of universal mother
The goddess who is omnipresent as the embodiment of power
The goddess who is omnipresent as the symbol of peace
Oh Goddess (Devi) who resides everywhere in all living beings as intelligence and beauty,
I bow to her, I bow to her, I bow to her again & again.’

**Benefit :**
This universal Durga Mantra blesses one with power, prosperity and positive energy.
It helps build inner power and allows us to develop healthy, loving relationships.
Chanting of this Mantra blocks negative thoughts and banish ignorance.



দেবীর গজে আগমন
ফল : শস্যপূর্ণা বসুন্ধরা





দেবীর দোলায় গমন
ফল : মড়ক

## কার্যকরী কমিটি ২০২৪-২০২৫

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
TORONTO, CANADA

# Bangladesh Canada Hindu Cultural Society
# &
# Bangladesh Canada Hindu Mondir

## Executive Committee: 2024-2025

| Name | Designation |
|---|---|
| Satyabrata Purkayastha | President |
| Biswajit Mitra | Vice President |
| Anup Roy | General Secretary |
| Ashis Das | Assistant General Secretary |
| Shyamol Sarkar | Finance Secretary |
| Bikash Roy Chowdhury | Assistant Finance Secretary |
| Debashish Deb Chowdhury | Organizing Secretary |
| Taposh Deb | Cultural Secretary |
| Paromita Sen | Assistant Cultural Secretary |
| Imon Das | Event Management Secretary |
| Niranjan Kumar Mandal | School Secretary |
| Bidhan Krishna Saha | Office Secretary |
| Suman Dhar | Publication Secretary |
| Palak Datta | Property Management Secretary |
| Seema Das | Project Management Secretary |
| Kinku Das | Secretary, Puja Management |
| Dilip Kumar Saha | Secretary, Ritual and Bhog |
| Kajal Roy | Secretary, Prosad Management |
| Dev Sarma | Secretary, Youth Affairs |
| Bimal Chowdhury | Director |
| Profulla Chandra Debnath | Director |

## Board of Trustees (BOT) 2022-2025

| Name | Designation |
|---|---|
| Bijit Lal Roy | Chairman |
| Dilip Kumar Halder | Secretary |
| Ajoy Das | Member |
| Anil Nath | Member |
| Sabyasachi Choudhury | Member |
| Ashok Debnath | Member |
| Nirmal Debnath (Jhantu) | Member |
| Rama Pada Paul (Mintu) | Member |
| Rajat Paul | Member |
| Sajal Deb | Member |
| Praduyt Chakraborty | Member |
| Himangshu Sarkar | Member |

**Executive Committee 2022-2023**
President : Praduyt Chakrabarty
General Secretary : Satyabrata Purkayastha

**Interim Committee 2021**
Convenor : Praduyt Chakrabarty
Member Secretary : Biswajit Mitra

**Executive Committee 2018-2020**
President : Bijit Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2016-2018**
President : Shebu Choudhury
General Secretary : Arun P. Paul

**Executive Committee 2014-2016**
President : Shubhash Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2012-2014**
President : Shubhash Roy
General Secretary : Chanchal Saha

**Executive Committee 2009-2011**
President : Nirmal Kumar Kar
General Secretary : Shubhash Roy

**Executive Committee 2007-2009**
President : Arun Dutta
General Secretary : Ramapada Paul

**Executive Committee 2005-2007**
President : Anil Nath
General Secretary : Samir Lal Datta

**Executive Committee 2004-2005**
President : Ajoy Das
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2003-2004**
President : Anjan Datta
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2002-2003**
President : Shebu Choudhury
General Secretary : Sudip Shome (Rinku)

**Executive Committee 2001-2002**
President : Kirit Bikram Sinha Roy
General Secretary : Sabyasachi Choudhury

**Executive Committee 2000-2001**
President : Sudip Dey (Anju)
General Secretary : Bijit Roy

**Executive Committee 1997-2000**
President : Alok Choudhury
General Secretary : Kishore Chowdhury

**Executive Committee 1996-1997**
President : Swadesh Saha
General Secretary : Bibekananda Talukder

**Executive Committee 1994-1995**
President : Sudhangshu Datta (Suda)
General Secretary : Bibekananda Talukder

**Puja Mandap**
16 Dohme Avenue, Toronto
ON M4B 1Y9
Phone: (416) 693-4444

**পুরোহিতবৃন্দ**
শ্রী শ্যামল ভট্টাচার্য্য
শ্রী মিটন পারিয়াল
শ্রী তরুণ চক্রবর্ত্তী

# সূচিপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| কোথায় তর্পণ করলে কী ফল হয়? | স্বামী হরিময়ানন্দ এবং গৌতম বিশ্বাস | ১০ |
| রোগ নিরাময়ে প্রাণায়াম / শিশু কিশোর-কিশোরীর সহজ প্রাণায়াম | তুষার শীল ও পরিতোষ হাজরা | ১৮ |
| সূর্য নমস্কার | অমরেন্দ্রনাথ দাস | ২২ |
| বাহ্যপূজা | স্বামী বিবেকানন্দ | ২৪ |
| বেদ রহস্য | শ্রী অরবিন্দ | ২৮ |
| মা দুর্গা সন্ধানে | মহাদেব চক্রবর্তী | ৩৫ |
| শ্রীশ্রী রামঠাকুর | অরুনাংশু হোর | ৪৬ |
| ধর্ম্মক্ষেত্র : কুরুক্ষেত্র | সুব্রত দাসগুপ্ত | ৪৯ |
| মাণ্ডুক্য উপনিষদ : ব্রহ্ম ও আত্মার অভিন্নতা (অভেদত্ব) | রাম কৃষ্ণ তালুকদার | ৫০ |
| শ্রীগীতার অন্তর্জ্ঞান ও প্রবাসী বাঙালির মানসিক যন্ত্রণা : পরিচয় সংকট, মানসিক স্বাস্থ্য ও পুনর্দিশা | সুমন ধর | ৫৬ |
| শ্রীমদ্ভগবদ্গীতার পুনর্জন্ম : আত্মার অনন্ত যাত্রা ব্যাখ্যা | বিদ্যুৎ মজুমদার | ৫৯ |
| সনাতন ধর্ম : চিরন্তন সত্য ও হিন্দুর জীবনদর্শন | ড. অসীম দে | ৬২ |
| উপনিষদের “ব্রহ্ম” গীতায় “পুরুষোত্তম” | রেখা পাঠক | ৬৩ |
| শ্রীশ্রী স্বামী সরূপানন্দ পরমহংসদেবের উপদেশ বাণী | সুনীল দে | ৬৭ |
| Lord Krishna and Arjuna’s Dialogue: My Learnings from the Gita | Dipannita Talukder | ৬৮ |
| সিন্ধু সভ্যতার ‘মহেঞ্জোদারো’ এবং রাখালদাস বন্দ্যোপাধ্যায় | স্বপন কুমার দেব | ৭১ |
| হত্যা করেও হত্যাকারী নয়? | শ্রী বুলবুল ভৌমিক | ৭৩ |
| মানবধর্ম্ম | ড. মহানামব্রত ব্রহ্মচারী | ৭৭ |
| কলিতে নামেই মুক্তি | স্বামী যুক্তানন্দ | ৮৭ |



**Publishers** : Bangladesh Canada Hindu Cultural Society
Bangladesh Canada Hindu Mandir
Toronto, Canada
16 Dohme Ave., Toronto, ON. M4B 1Y9
Phone: (416) 693-4444

**Published Date** : September 2025

**Cover** : **Sufala Printers**
Phone : +880 1715 295 834, Bangladesh

**Graphics & Printing** : **Sufala Printers**
49/4-A R K Mission Road
Dhaka-1203, Bangladesh
Cell: +880 1715 295843
Email: sufala.printers@gmail.com


বি: দ্রঃ এ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ, অন্যান্য লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

কৃতজ্ঞতা স্বীকার: সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যাঁরা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং সার্বিক সমর্থন দিয়েছেন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই কৃতজ্ঞতা।

PRIME MINISTER · PREMIER MINISTRE



I would like to convey my warmest greetings to everyone celebrating Durga Puja.

This special occasion brings family and friends together to pay homage to the goddess Durga. It is a time of hope and self-renewal, and a celebration of the triumph of light over darkness. It also offers a wonderful opportunity to learn more about Canada's vibrant Hindu community and to recognize its important contributions to our country.

I would like to thank the organizers for bringing this festival to the community and for celebrating the diversity that enriches our nation.

I wish you all a wonderful Durga Puja.

The Right Honourable Mark Carney, P.C., O.C., M.P.
Prime Minister of Canada

Ottawa
2025



Premier of Ontario - Premier ministre de l'Ontario

September 28 – October 2, 2025

**A MESSAGE FROM PREMIER DOUG FORD**

I'm pleased to extend warm greetings to everyone taking part in this year's Durga Puja celebrations, hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir.

Ontario is proud to be home to a vibrant Bangladeshi Hindu community whose traditions and values enrich our province. These organizations play a vital role in preserving cultural heritage through worship, festivals, education and community service.

These activities are a meaningful reflection of faith, unity and shared history. They offer an opportunity to honour ancestral traditions while inspiring future generations to carry forward a legacy of devotion and community spirit.

I commend the organizers, volunteers and all those involved for their dedication and contributions. Your efforts strengthen our province and reflect the best of Ontario's diversity.

Wishing you all a joyful and memorable celebration.

**Doug Ford**
**Premier**

CITY OF
TORONTO



# MESSAGE
# FROM THE MAYOR

It is my pleasure to extend greetings to everyone celebrating Durga Puja.

This five-day festival is an opportunity to gather with loved ones, community members and friends to celebrate the victory of good over evil.

I am pleased that festivals like these that honour the cultures and traditions that make our city unique, are taking place in Toronto.

Toronto's diverse communities greatly contribute to the rich, social, cultural and economic fabric of Toronto, forming an important part of the City of Toronto's motto: Diversity Our Strength.

On behalf of Toronto City Council, I hope you have a very memorable and enjoyable event.

Yours truly,

Olivia Chow
Mayor of Toronto

City Hall, 100 Queen Street West, 2nd Floor, Toronto, Ontario M5H 2N2
416-397-CITY (2489) mayor_chow@toronto.ca

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৫ উপলক্ষে
## নির্বাহী কমিটি ও বোর্ড অব ট্রাস্টির নিবেদন

বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির টরন্টো এবারও জাঁকজমকের সাথে মায়ের পূজা করছে। আসুন সবাই মায়ের পূজা করি।

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেন সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ॥

বছর ঘুরে সমাগত শারদীয় দুর্গোৎসব। শারদীয় শুভেচ্ছা ও প্রণাম জানাই সকল সদস্য, ভক্ত ও সুধীজনকে। মাতার আগমনের আনন্দে ভেসে যায় আমাদের সকল শোক, বেদনা আর হতাশা। আত্মীয় পরিজন আর বন্ধুদের সমাগমে আনন্দময় হোক আপনার গৃহ, আপনাদের আগমন আর অংশগ্রহণে মুখরিত হোক আমাদের সকলের মন্দির। সেইসাথে আমাদের মাঝে বিরাজমান হিংসা, লোব, ঘৃণা দূরীভূত হয়ে আমাদের সংসার, সমাজ হয়ে উঠুক আনন্দময়। আপনাদের আগমনে পূর্ণ হোক আমাদের সকলের আনন্দধাম এই মন্দির। আজকের পৃথিবীতে আমাদের উপর যে অন্যায়ের বিভীষিকা জ্বলে উঠেছে তা যেন অচিরেই শেষ হয়ে যায়। দুর্গামায়ের আগমনকে কেন্দ্র করে আসুন সবাই ভেদাভেদ ভুলে গিয়ে মায়ের পূজা করি, হিংসা আর বর্বরতা দেই জলাঞ্জলী, ক্ষমার মাঝে স্থান দেই বন্ধুত্বের, শ্রদ্ধা আর ভক্তির আসনে বসাই গুরুজনকে, ভালোবাসায় বেঁধে রাখি প্রিয়জনকে, আর লোভ-ক্ষোভ পরিত্যাগ করে প্রার্থনা করি মুক্তির জন্য।

একটা কথা উল্লেখ না করলেই নয়, আপনাদের সঠিক সহযোগিতায় মন্দির যেভাবে চলছে, আমাদের বিশ্বাস আগামী দিনগুলোতেও আপনাদের আন্তরিক সহযোগিতায় মন্দিরের সঠিক সমৃদ্ধি হবে। এই বিশাল আয়োজনে যে সকল সদস্য, ভক্ত, স্বেচ্ছাসেবী দিনরাত আন্তরিক সহযোগিতার হাত প্রসারিত করেছে, শ্রম ও আর্থিকভাবে সাহায্য করেছে তাদের সকলকে বোর্ড অব ট্রাস্টি-র পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মন্দির পরিচালনায় ও মন্দিরের সার্বিক উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করে ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে শারদীয় শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি।

"মা দুর্গা কি জয়, মা দুর্গা কি জয়"।

বিনীত
নির্বাহী কমিটি ও বোর্ড অব ট্রাস্টি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৫ উপলক্ষে
## সম্পাদকের নিবেদন

শরতের আকাশে পেঁজা তুলোর মতো মেঘ। কাশবনের দোলায় মন নেচে ওঠে। আর বাতাসে ভেসে আসে এক চেনা আনন্দের গন্ধ। আমরা বুঝি, মা আসছেন। বাঙালির শ্রেষ্ঠ উৎসবের আগমনী সুর।

আবার এর মধ্যেই যখন আমরা কান পাতি, বৃহত্তর পৃথিবী জুড়ে এক গভীর বিষাদের সুরও যেন তার সঙ্গে মিশে যায়। আজ মানবসভ্যতা এক অদ্ভুত সময়ের মধ্যে দিয়ে চলেছে। দিগন্তরেখায় উৎসবের রোশনাইয়ের পাশে কোথাও যেন জমে উঠছে আশংকার মেঘ। ক্ষমতার আস্ফালন আজ মনুষ্যত্বকে এক কঠিন পরীক্ষার সামনে দাঁড় করিয়েছে। খবরের কাগজে বা বৈদ্যুতিক গণমাধ্যমে প্রতিদিন দেখছি বহু মানুষ তাদের শিকড় থেকে বিচ্ছিন্ন হচ্ছেন। নিস্পাপ শৈশব আতঙ্কে লীন হয়ে যাচ্ছে। পরিচিত জনপদগুলো পরিণত হচ্ছে ধ্বংসস্তূপে। এই যে সম্মিলিত হাহাকার, এই যে বিশ্বাসের সংকট, তা কোনো একটি নির্দিষ্ট ভূখণ্ডের নয়, বরং সমগ্র বসুন্ধরার। প্রযুক্তির শিখরে পৌঁছেও মানুষ যেন একে অপরের প্রতি বিশ্বাস হারাচ্ছে। সহমর্মিতার বদলে জন্ম নিচ্ছে সংশয়। উৎসবের আনন্দও যেন এক অব্যক্ত যন্ত্রণায় বিদ্ধ। এই বিপর্যস্ত সময়ে দাঁড়িয়ে আমরা যেন এক সম্মিলিত উদ্বেগের ভাগীদার। আমাদের প্রার্থনা তাই আর্তি হয়ে ওঠে– শান্তি আসুক, শুভবুদ্ধির উদয় হোক।

এই সার্বিক অস্থিরতা আর অনিশ্চয়তার মাঝে মৃন্ময়ী প্রতিমায় চিন্ময়ী মায়ের আবাহন এক নতুন এবং গভীরতর অর্থ নিয়ে আসে। এই মাতৃ বন্দনা আজ আর কেবল এক চিরাচরিত প্রথা বা ধর্মীয় আচার নয়, এ যেন এক জরুরি আশ্রয় প্রার্থনা। দেবী দুর্গা শুধু দশপ্রহরণধারিণী, অসুরদলনী নন; তিনি জননী, তিনি আশ্রয়, তিনি সর্বভূতে বিরাজমান শান্তি। আজকের পৃথিবীতে যে 'মহিষাসুর' ক্ষমতার দম্ভে উন্মত্ত, যে আসুরিক শক্তি মানবিকতাকে গ্রাস করতে উদ্যত, তার বিনাশের জন্য আমরা আর কার কাছে যাবো? মা দুর্গার আগমন তাই শুধু উৎসবের সূচনা করে না, আমাদের অন্তরে শুভ ইচ্ছার প্রদীপ জ্বালিয়ে দেয়। তিনি আসেন আমাদের দুর্বলতাকে শক্তি জোগাতে। তিনি আসেন অন্ধকারের উৎস থেকে অমৃতের পথে নিয়ে যেতে। যখন চারপাশের বিভেদ আর বিদ্বেষ আমাদের ক্লান্ত করে তোলে, তখন মায়ের মণ্ডপে সম্মিলিত অঞ্জলি, কাঁধে কাঁধ মিলিয়ে উৎসবের আয়োজন– এসবই একতা-র এক অমোঘ বার্তা দেয়। সন্তানের সমস্ত ভয়, দুঃখ আর আর্তি নিয়ে মায়ের কাছে আশ্রয় খোঁজার এর চেয়ে উপযুক্ত সময় আর কী হতে পারে? শারদীয়া পূজা তাই আজ এক আনন্দ-উদ্‌যাপন শুধু নয়, বরং এক আত্মিক নিরাময়, এক সম্মিলিত প্রার্থনা– যেন মায়ের আগমনে এই ধরিত্রী সমস্ত হিংসা-ক্লেদ ও অপরাধ-গ্লানি থেকে মুক্ত হয়।

শরণাগতদীনার্তপরিত্রাণপরায়ণে।
সর্বস্যার্তিহরে দেবি নারায়ণি নমোঽস্তুতে ॥

বিনীত
সম্পাদক
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# DURGA PUJA – 2025 SUB COMMITTEES

**CO-ORDINATING SUB-COMMITTEE**
1. Bijit Roy
2. Ajoy Das
3. Nirmal Kar
4. Dilip K. Halder
5. Shubhash Roy
6. Rajat Paul
7. Praduyt Chakraborty
8. Sabyasachi Chowdhury
9. Chanchal Saha
10. Shebu Chowdhury
11. Ashoke Debnath
12. Satyabrata Purkayastha
13. Anup Roy
14. Anil Nath
15. Sajal Deb
16. Ramapada Paul

**PUJA MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Kinku Das/Ajoy Banik
1. Shyamal Bhattacharjee
2. Miton Parial
3. Nirmal Kar
4. Shimul Bhattacharjee
5. Ira Datta
6. Jhantu Debnath (Nirmal)
7. Chanchal Saha
8. Shyamoli Deb
9. Nabonita Choudhury
10. Rajat Paul
11. Sukla Debnath
12. Anita Sarker
13. Projoy Debnath
14. Ratnajit Bhattacharjee
15. Shommo Bhattacharjee

**PRASHAD MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Kajal Roy
1. Anil Nath
2. Sajal Deb
3. Pulak Dutta (Ashit)
4. Rajesh Pramanik
5. Mrithunjoy Saha
6. Gokul Biswas
7. Apu Das
8. Ashoke Dutta
9. Nakul Dey
10. Liton Roy
11. Paplu Das
12. Razon Moni Nath
13. Samir Lal Dutta
14. Vaskar Roy
15. Tublu Das
16. Benoy Majumder
17. Anirudda Bhadra (Omi)
18. Ramanuj Bhowmick
19. Manna Dey

**BHOG AND RITUAL SUB-COMMITTEE**
Convenor : Dilip K Saha
1. Nabonita Choudhury
2. Sukla Debnath
3. Biva Roy
4. Ira Datta
5. Subana Das
6. Chapala Nath
7. Namita Paul
8. Sanchita Roy
9. Jhantu Debnath (Nirmal)
10. Rima Datta
11. Krishna Dey
12. Gouri Dey
13. Borna Dutta
14. Shyamoli Deb
15. Shangamitra Dasgupta
16. Suparna Roy

**CULTURAL PROGRAM SUB-COMMITTEE**
Convenor : Taposh Deb
1. Paromita Sen Tinnie
2. Shubhash Roy
3. Sabyasachi Chowdhury
4. Nakul Dey
5. Shebu Chowdhury
6. Samir Lal Dutta
7. Imon Das
8. Projoy Debnath
9. DebashisDeb Chowdhury

**DECORATION (STAGE/PROTIMA) SUB-COMMITTEE**
Convenor : Rajesh Pramanik
1. Nihar Ranjan Deb
2. Mrithunjoy Saha
3. Mihir Das
4. Bikash Ghosh
5. Pulak Dutta (Ashit)
6. Benoy Majumder
7. Pankaj Mitra
8. Mihir Saha

**PUBLICATION SUB-COMMITTEE**
Convenor : Suman Dhar
1. Bimal Chowdhury
2. Ashis Das
3. Bulbul Bhowmik
4. Ram Krishna Talukder
5. Biswajit Mitra
6. DebashisDeb Chowdhury

**FINANCE SUB-COMMITTEE**
Convenor : Shamal Sarkar
1. Bikash Roy Chowdhury
2. Dilipk K. Halder
3. Biswajit Datta
4. Bidan Saha
5. Chayan Das
6. Palak Datta
7. Bilash Das
8. Ajoy Das
9. Sabyasachi Chowdhury
10. Biswajit Mitra
11. Prafulla Debnath
12. Bidan Paul
13. Saibal Chowdhury

**YOUTH AFFAIRS SUB-COMMITTEE**
Convenor : Druva Sharma
1. Rupayan Halder
2. Shoptodeep Purkayastha
3. Deepyaman Bhowmik
4. Dheeman Bhowmik

# কোথায় তর্পণ করলে কী ফল হয়?

স্বামী হরিময়ানন্দ এবং গৌতম বিশ্বাস

*ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে শুরু করে একপক্ষ কালকে বলে পিতৃপক্ষ। দক্ষিণায়নের শেষপক্ষ এটি। স্মৃতিকারদের মতে এই সময় পূর্বপুরুষদের তৃপ্তি বা শান্তিকামনার জন্য তিল দিয়ে তর্পণ করতে হয়। পিতৃপক্ষের শেষ অমাবস্যাকে বলে মহালয়া। মহান আলয় বা আশ্রয়। মহালয়াতেই পক্ষকালব্যাপী তিল তর্পণের সমাপ্তি। এই তর্পণ কোথায় করলে কী ফল লাভ হয় তা নিয়েই এবার প্রচ্ছদ নিবন্ধ। লিখেছেন **স্বামী হরিময়ানন্দ** এবং **গৌতম বিশ্বাস**।*



## পিতৃপক্ষ ও দেবীপক্ষ

স্বামী হরিময়ানন্দ

আকাশে মেঘের ঘনঘটা ধীরে ধীরে ম্লান হয়ে আসছে। বৃষ্টি-ধোয়া গাছের পাতার রোদের ঝিকিমিকি। প্রভাতে ঘাসের ডগায় শিশির বিন্দুতে রামধনুর বিচিত্র শোভা। চারদিক পরিপূর্ণ। বাতাসে ভেসে আসছে শিউলির গন্ধ। ঢেউয়ের মতো বাতাসে দুলছে পুকুরের পদ্মফুল। কাশফুলেদের মাঝেও সাজসাজ রব। স্বর্গীয় সুষমায় সেজে ওঠা প্রকৃতিও যেন নন্দিত দৃষ্টিতে অপেক্ষা করছে তাঁর আগমনের। মর্ত্যলোক ও দেবলোকে চলছে আনন্দ-উৎসবের আয়োজন। পিতৃপক্ষ ও দেবীপক্ষের সন্ধিক্ষণ এসে উপস্থিত।

ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে শুরু করে একপক্ষ কালকে বলে পিতৃপক্ষ। দক্ষিণায়নের শেষপক্ষ এটি। স্মৃতিকারদের মতে এই সময় পূর্বপুরুষদের তৃপ্তি বা শান্তি কামনার জন্য তিল দিয়ে তর্পণ করতে হয়। প্রতিপদ থেকে পঞ্চমীর মধ্যে শ্রাদ্ধ করার উপযুক্ত সময়। আরও ভালো সময় ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত। একাদশী থেকে অমাবস্যা পর্যন্ত সব থেকে উপযুক্ত সময়। পিতৃপক্ষের শেষ অমাবস্যাকে বলে মহালয়া। মহান আলয় বা আশ্রয়। মহালয়াতেই পক্ষকাল ব্যাপী তিল তর্পণের সমাপ্তি। ওই দিন পার্বণ শ্রাদ্ধ করতে হয়। পর্ব বা বিশেষ উৎসবের দিনে যে শ্রাদ্ধ করা হয় তাকে বলে পার্বণ শ্রাদ্ধ। হিন্দুদের বিশ্বাস তিন পুরুষ আত্মা বাস করেন পিতৃলোকে। সেই কারণে শাস্ত্রে তিন পুরুষের শ্রাদ্ধের বিধান রয়েছে। পিতৃলোক হল মর্ত্য বা স্বর্গের মধ্যবর্তী লোক। পিতৃলোকের অধিপতি হলেন যমরাজ। ভাদ্র মাসের অমাবস্যা হল পিতৃপক্ষের সময়। পিতৃপক্ষের শুরুতে সূর্য তুলা রাশিতে প্রবেশ করে। এর এক মাস পর সূর্য বৃশ্চিক রাশিতে প্রবেশ করা পর্যন্ত সমস্ত আত্মা পিতৃলোকে বাস করেন।

পিতৃলোক হল মৃত পূর্বপুরুষদের বাসভূমি। আর একটি রয়েছে দেবলোক। বহু প্রাচীন এই বিশ্বাস, শুধু হিন্দুদের মধ্যে নয়, প্রায় সব মতের মধ্যে দেখা যায়। এর মূলে কিছু সত্য অবশ্যই রয়েছে। বিষয়টিকে আমরা বেদান্তের দৃষ্টিতেও দেখতে পারি। বিভিন্ন স্বর্গ বা লোক আর কিছুই নয়, আমাদের নিজস্ব চিন্তা ও মনের বিভিন্ন স্তর। আমরা যে স্থানে প্রবেশ করার উপযুক্ত অধিকার লাভ করি সেগুলিই এক-একটি লোক। সেই লোকগুলিতেই আমাদের ইচ্ছার পূরণ হয়। স্থূল থেকে সূক্ষ্ম নানা প্রকার অপূর্ণ বাসনা আমাদের মধ্যে রয়েছে। আমরা সেই ইচ্ছারা দ্বারা চালিত হই। মৃত্যুর পরও সুখ-কামনার নিবৃত্তি হয় না। সেই কামনাগুলো যেখানে পূরণ হতে পারে সেই অনুকূল স্থানে আমাদের গতি হয়। যদি সেই কামনা পার্থিব বা স্থূল জগতের বা ইন্দ্রিয় সুখের জন্য হয় তবে তা মৃত আত্মাকে আবার মর জগতে নিয়ে আসে। যদি সেই বাসনা সূক্ষ্ম-র হয় তা পূরণের জন্য অনুকূল লোকে যেতে হয়।

**মৃত্যুকে জয় করার ক্ষমতা আসে আমাদের যথার্থ স্বরূপকে জানতে পারলে। আমরা যে জন্ম-মৃত্যু রহিত, শাশ্বত, চৈতন্যস্বরূপ– এই বোধ যখন জন্মায় তখন আমরা মৃত্যুকে অতিক্রম করে যাই।**

মৃত্যুর পর কি আমাদের কোনও অস্তিত্ব থাকে যার উদ্দেশ্যে শ্রাদ্ধ বা তর্পণাদি করা হয়? হাজার হাজার বছর ধরে এই প্রশ্ন চলে আসছে মানুষের মনে। মৃত্যুর পরের অস্তিত্বের ধারণা কেবল হিন্দু নয়, অন্যান্য ধর্মের মধ্যেও দেখা যায়। উপনিষদের ঋষিরাও এই সব নিয়ে অনেক চিন্তাভাবনা করেছেন। চেষ্টা করেছেন এর যুক্তিসম্মত সমাধানের। আবার অনেক মানুষ আছেন যারা এই বিষয়টি এড়িয়ে গিয়েছেন। ভারতে প্রাচীন কাল থেকে জড়বাদী বা চার্বাকদের ধারণা আত্মা বলে কিছু নেই। দেহ ছাড়া আর কিছু নেই। দেহত্যাগ হওয়ার সঙ্গে সঙ্গে সব শেষ। ফলে ওই সব অবাস্তব চিন্তা না করে 'বাস্তব চিন্তা' করাই উচিত। 'খাও, পান

কর মজা কর।' অবশ্য এখন আধুনিক চার্বাকদের সংখ্যা ক্রমশঃ বেড়েই চলেছে।

মৃত্যু আসলে কী? মৃত্যু সম্পর্কে আমাদের নানা বিচিত্র ধারণা রয়েছে। অনেকে আবার এসব নিয়ে ভাবতেই চায় না। জীবন নিয়ে



এত গভীর আকর্ষণ যে, মৃত্যুরূপ সত্যকে ভাবতেই চায় না। এটি মানুষের পুরাতন একটি দুর্বলতা। মৃত্যু আমাদের জীবনে এমন এক সত্য যার থেকে দূরে সরে যেতে পারি না। একে অস্বীকার করা মূর্খতা। এড়িয়ে যাওয়া অসম্ভব। সশরীরে অমরত্ব লাভ ভ্রান্ত ধারণা। মৃত্যু জীবনের একটি অঙ্গ। মৃত্যু ছাড়া জীবন অসম্পূর্ণ। যে মুহূর্তে আমরা জন্মেছি, মৃত্যু সেই মুহূর্তেই শুরু হয়েছে। মৃত্যুহীন জীবন, ব্যথাহীন সুখ, অন্ধকারহীন আলো, অশুভহীন শুভ– কখনওই সম্ভব নয়। হয় আমাদের জন্ম-মৃত্যু দুটোকে গ্রহণ করতে হবে অথবা এ দুটোর ঊর্দ্ধে উঠতে হবে। মৃত্যু হল পরিবর্তন। অস্তিত্বের বিনাশ নয়। এই স্থানে, এই রূপে, এই সময়ে নেই। এর অর্থ অন্য স্থানে, অন্য রূপে, অন্য সময়ে নিশ্চয়ই বর্তমান। এতে ভয় পাওয়ার কিছু নেই।

মৃত্যুকে জয় করার ক্ষমতা আসে আমাদের যথার্থ স্বরূপকে জানতে পারলে। আমরা যে জন্ম-মৃত্যু রহিত, শাশ্বত, চৈতন্যস্বরূপ– এই বোধ যখন জন্মায় তখন আমরা মৃত্যুকে অতিক্রম করে যাই। তিনটি অবস্থা জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি। এই তিন অবস্থার ঊর্দ্ধে রয়েছে আর একটি অবস্থা যার নাম তুরীয়। সেই অবস্থার জ্ঞান হয় তখন। ব্রহ্মের প্রতীক ওঁ-কার সাধনার দ্বারা আত্মজ্ঞান লাভ করা যায়। একটি উপমার দ্বারা বললে হয়তো সহজ হবে।

একদিন একবিন্দু জল মহাসাগরের বুকে এসে পড়ল। নিজেকে সে আর তখন পৃথক করে ভাবতে পারছে না। নিজেকে ওই অবস্থায় দেখে সে কাঁদতে শুরু করল। মহাসাগর বিদ্রূপ করতে লাগল। কেন তুমি কাঁদছ? আমি জানি না, কখন তুমি আমার সঙ্গে যুক্ত হলে, তুমি তোমার সমস্ত ভাইবোনের সঙ্গে যুক্ত হলে। সকল জলবিন্দু নিয়েই তো আমি। তুমিও এখন সেই সমুদ্র। তুমি যদি আমার ত্যাগ করতে চাও তোমাকে মেঘের মধ্যে সূর্যকিরণ পর্যন্ত উঠতে হবে। সেখান থেকে তুমি একবিন্দু জল হয়ে তৃষিত পৃথিবীর বুকে আশীর্বাদ স্বরূপ নেমে আসবে।

বর্তমান বিজ্ঞানের যুগে মানুষের কাছে শ্রদ্ধা ও তর্পণ এই সব ধারণা অমূলক ও অর্থহীন বলে মনে হতে পারে। কিন্তু একটু ভেবে দেখলেই বুঝতে পারব, যে সামাজিক পরিবেশের মধ্যে আমরা রয়েছি সেখানে ক্রমশ আত্মকেন্দ্রিক ও বস্তুনির্ভর জীবনযাত্রায় অভ্যস্ত হয়ে পড়েছি ও পড়ছি। আমার চারদিকে এক দুর্ভেদ্য অহংকারের প্রাচীর তুলে দিয়েছি। বৃহৎ জগৎ থেকে বিচ্ছিন্ন হয়ে বড় একা হয়ে গিয়েছি। এই আত্মকেন্দ্রিকতা থেকে বেরিয়ে আসতে হলে আমাদের তাকাতে হবে অতীতের দিকে। ইতিহাস কেবল মৃত কাহিনি মাত্র নয়। আমাদের অতীতকে আমরা অস্বীকার করতে পারি না। বহুকাল ধরে চলে আসছে ভারতীয় ভাবনায়– "পিতা স্বর্গঃ পিতা ধর্মঃ পিতাহি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্বদেবতাঃ।" এই কথাগুলো ভুলে গিয়েছি বলে আজ আমাদের সমাজে পিতামাতা ও পুত্রকন্যা পরস্পরের প্রতি ভক্তিশ্রদ্ধা ও ভালোবাসার দৃঢ় বন্ধন শিথিল হয়ে যাচ্ছে।

শ্রাদ্ধ অনুষ্ঠানে মৃতদের উদ্দেশ্যে নানা জিনিস, খাদ্য দ্রব্যাদি নিবেদন করার নিয়ম। মনে হতে পারে কী প্রয়োজন তাদের ওই সব জিনিসের? মৃতদের তো আর দেহ-ইন্দ্রিয় নেই যে তার দ্বারা এসব বিষয় ভোগ করবে। মৃতদের প্রয়োজনের থেকে অনেক বেশি প্রয়োজন আমাদের। 'শ্রদ্ধা' থেকে এসেছে 'শ্রাদ্ধ'। শ্রাদ্ধ অনুষ্ঠানে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করা হয় মৃত আত্মাদের। তাছাড়া শ্রাদ্ধের সময় যে সব জিনিস দান করা হয়, তা গ্রহণ করেন কোনও না কোনও দরিদ্র মানুষ। আমরা যেন অতীতকে কখনও অস্বীকার না করি। অতীতের ভিত্তিতে বর্তমান এবং বর্তমানের ভিত্তির ওপর গড়ে ওঠে ভবিষ্যৎ। আমরা রাজা, বাদশা নবাবদের বংশ তালিকা পাঠ করি। অথচ আমরা অনেকেই আমাদের নিজ বংশের গৌরব গাথা বা বংশ তালিকা নিয়ে মাথা ঘামাই না। নিজের বংশের তিন পুরুষের নাম অনেকের কাছেই অজানা পারলৌকিক ক্রিয়ার দ্বারা কেবল মৃতদের প্রতি নয়, গুরুজনদের প্রতিও শ্রদ্ধা ও যত্নের ভাব আসে।

এ কথা নিশ্চয়ই অস্বীকার করতে পারি না, আমরা সকলেই যে যেখানে রয়েছি আমাদের পূর্বপুরুষ, সমাজ, দেশ ও জাতির কাছে নানাভাবে ঋণী। সারা জীবন ধরে চেষ্টা করতে হয় তা পরিশোধ করতে। পিতৃপক্ষের একান্ত কর্তব্য হল তর্পণ। তর্পণ কথার অর্থ হল তৃপ্তি বিধান করা। পরলোকগত পিতা-মাতা, পিতামহ, মাতামহ সকলের উদ্দেশে অঞ্জলি ভরে জল দিয়ে তাঁদের আশীর্বাদ প্রার্থনা করা হয়। শুধু তাই



নয় পরিচিত অপরিচিত প্রিয় অপ্রিয় সকলের, এমনকী গাছপালা, পশুপাখি, কীটপতঙ্গ প্রভৃতি সকলের তৃপ্তি বিধানের জন্য অঞ্জলি দেওয়া হয়। 'সকলেতে আমি, আমাতে সকল'– এই সর্বব্যাপী ভাব প্রকাশ পেয়েছে তর্পণের ভেতর দিয়ে সমস্ত জগৎব্যাপী জীবের সঙ্গে একাত্ম বোধে উদ্বুদ্ধ হওয়ার প্রেরণা দেয় তর্পণ।

তিল ও জল দিয়ে সাধারণত তর্পণ করতে হয়। তিলে থাকে স্নেহ পদার্থ তেল, যা মাতৃস্নেহের প্রতীক। আর জল হল প্রাণের মূল

উপাদান। সেদিক থেকে দেখলে তর্পণ হল সর্বব্যাপী প্রাণশক্তির সঙ্গে মাতৃস্নেহের মহামিলনের শুভ মুহূর্ত।



পিতৃপক্ষ ও দেবীপক্ষের মাঝখানে রয়েছে 'মহালয়া'। এ যেন আমাদের জন্ম ও মৃত্যুর মাঝখানে দাঁড়িয়ে থাকা বর্তমান জীবন। দুটি অব্যক্ত ও অপ্রকাশের মাঝখানে একমাত্র প্রকাশ। ভালোভাবে বাঁচতে জানা আর ভালোভাবে মরতে জানা– একই কথা।

দেবী দুর্গার আগমন শরৎকালে। শরৎকালে দক্ষিণায়নে মধ্যে পড়ে। এ সময় দেবলোক থাকে নিদ্রিত। তাই দেবীর মহাপূজার আগে বোধন বা জাগরণ করতে হয়। শরৎকালের বোধন তাই অকাল বোধন। মনে হতে পারে মহামায়াও তাহলে কখনও জেগে থাকেন আবার কখনও ঘুমিয়ে থাকেন। আসলে এই ঘুমিয়ে থাকা মায়ের নিদ্রা নয়। এই নিদ্রা আমাদের। আমরা আত্ম চেতনায় নিদ্রিত। আমরা জেগে রয়েছি কামে, ক্রোধে, লোভে। মোহনিদ্রা ছেড়ে আত্মশক্তিতে জেগে ওঠার নামই বোধন।

দেবীপক্ষের তাৎপর্য হল মনের প্রস্তুতি। যে মন নিয়ে সংসারের নানা কাজে ব্যস্ত রয়েছি, সেই সংসার মলিন মন নিয়ে মাতৃ আরাধনা করা যায় না। সেই মনের প্রস্তুতি হয় দেবীপক্ষে। অহং সর্বস্ব মনকে মার্জনা করতে হয় যাতে করে পরিণামে তা সমর্পণের যোগ্য হয়ে ওঠে।

দেবী দুর্গার আরাধনা হয় ঘটে, নবপত্রিকাতে ও প্রতিমাতে। বিভিন্ন পুরাণে পাওয়া যায় দেবীর রূপের বর্ণনা। দেবতারা নিজেদের তেজ দান করে সর্বময়ী দেবীর রূপ দিলেন। দেবীমাহাত্ম্যে সেই রূপগ্রহণের বর্ণনা অপূর্ব ও অদ্ভুত। সে বর্ণনায় দেবীর তেজোময়ী রূপের ভাবনা। সমস্ত দেবতার তেজ একত্র হয়ে আদি অন্ত পর্বতের মতো বহ্নিমান হয়ে উঠল। সে তেজ যে কী আকার নেবে সে বিষয়ে দেবতারা তখনও জানতেন না। আকাশ জোড়া সে এক জ্যোতির্ময়ী নারীমূর্তি। তিনি দুর্গা, তিনি অম্বা। তাঁর মাথার মুকুট আকাশ পর্যন্ত বিস্তৃত। পৃথিবী কাঁপছে তাঁর পদভারে। অট্টহাসির শব্দে দিগন্ত প্রতিধ্বনিত হতে লাগল। তুমুল অট্টহাসিতে চমকে উঠলেন মহিষাসুর।

সর্বব্যাপী মাকে যিনি অন্তরে ও বাহিরে উপলব্ধি করেন তিনিই শ্রেষ্ঠ মাতৃসাধক। মা, তুমিই পৃথিবী, জল, অগ্নি, বায়ু আকাশ। তুমি মন, অহংকার, মহৎ ও প্রকৃতি। আবার তুমিই সেই আত্মা ও পরম তত্ত্ব। মাগো, তোমার পরে আর কী বা আছে? কিন্তু সেই দুর্লভ উপলব্ধি সকলের হয় না। জ্ঞান-ভক্তি-বিবেক আমরা সকলে চাইতে পারি না। আমরা চাই 'রূপং দেহি, জয়ং দেহি, যশো দেহি, দ্বিষো জহি'। এই সকাম প্রার্থনার দ্বারা যেমন জাগতিক বস্তু লাভের আকাঙ্ক্ষা রয়েছে। নিষ্কাম সাধকের এই প্রার্থনা আর এক ভিন্ন অর্থ নিয়ে আসে। মা, আমার আধ্যাত্মিক রূপ দাও, আধ্যাত্মিক জয় ও যশ দাও। কী সেই আধ্যাত্মিক রূপ, জয় ও যশলাভ? মহামায়া জগজ্জননীর চিন্তা যেন ঘণীভূত হয়ে সাকার হয়ে ওঠে আমার মধ্যে। আধ্যাত্মিক ক্ষেত্রে যে সব শত্রু– কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য এই সব শত্রুদের ওপর যেন বিজয় লাভ করতে পারি। আর অধ্যাত্মিক অনুভূতি লাভে যেন শ্রেষ্ঠ স্থান লাভ করি। ভগবতী দুর্গার দশ হাত দশ দিকের প্রতীক। দশ হাতে দশ প্রকার অস্ত্র ধারণ করে সমস্ত দিক-দিগন্ত সমাচ্ছন্ন করে রেখেছেন। অসুরিক শক্তির বিনাশ করছেন। সেই মহাশক্তি কখনও মাতারূপে আবার কখনও কন্যারূপে পূজিতা হন। তিনি বিরাজ করেন সকল নারীর মধ্যে। তাই তো কুমারী পুজোর আয়োজন। সুপ্ত ও বিক্ষিপ্ত মাতৃ শক্তিকে কেন্দ্রীভূত করে জগৎ কল্যাণের কাছে লাগানোর নামই বোধন বা জাগরণ। কোনও ভেদাভেদ নেই, কোনও জাতিবিচার নেই– সকলেই একাকার মহামিলনের উৎসবে।

মা মহামায়া, জগজ্জননী আদ্যাশক্তি যে নামেই বলি না কেন তিনি আছেন চিরকাল এই জগৎ জুড়ে। সৃষ্টির আদি থেকেই সেই



মাতৃশক্তি সঙ্গে আছেন। আমরা সকলেই সেই সৃষ্টির মধ্যে, কেউ সৃষ্টিছাড়া নই। মহাকালের চক্রে ঘুরতে ঘুরতে আমরা এগিয়ে চলেছি। চলেছি কোনও অসীম অনন্তের সন্ধানে। ধনী নির্ধন পণ্ডিত মুর্খ সকলেই চলেছে জীবনের লক্ষ্যে। কোথা থেকে এলাম এ রহস্য অজ্ঞাত। কিন্তু আমাদের অস্তিত্বকে অস্বীকার করতে পারি না। আমি আছি, আমি আছি। এই 'কাঁচা আমি'টার গণ্ডি পেরিয়ে মাতৃ সাধক বলতে চায় 'আমি ও আমার'-এর পরিবর্তে 'মা ও মায়ের'। যা কিছু আছে সবই মা, মা ছাড়া আর কিছু নেই। 'সর্বরূপময়ী দেবী সর্বং দেবীময়ং জগৎ'। তখন সন্তান অবাক বিস্ময়ে দেখে বিশ্ব চরাচর জুড়ে একই সত্তা– মাতৃসত্তা।

ভক্তি অর্ঘ্য সাজিয়ে মাটির মাকে সাধক পরিণত করে চিন্ময়ী বিশ্ব জননীতে। বিশ্ব জননী হলেন সমস্ত শক্তির আধার। তিনি অরূপ হয়েও মাটির পৃথিবীতে রূপ ধারণ করে আসেন। সেই মায়ের পায়ে শ্রীরামকৃষ্ণ সমস্ত সাধনার ফল সমর্পণ করে দিয়েছিলেন। স্বামী বিবেকানন্দ সেই মহামায়া ভগবতীকে 'জ্যান্তদুর্গা' বলে প্রণাম করেছেন। আজ দেবীপুজার পুণ্যলগ্নে সেই অসুরবিমর্দিনী মহামায়াকে আবাহন করি। হে দেবী! কেবল প্রতিমাসে নয় তুমি এস আমার নিভৃত হৃদয় কন্দরে। প্রার্থনা করি 'প্রসীদ ত্বং মাতঃ'– মা, তুমি প্রসন্ন হও।

## পিতৃপক্ষে তর্পণ কোথায় কোথায় করলে সংসার সুখের হয়

গৌতম বিশ্বাস

হিন্দুদের বিশ্বাস ইহলোক যেমন বাস্তব তেমন পরলোকও সত্য। ইহলোকে যে মানুষ মায়ার দ্বারা পরিচালিত হয়ে সংসারে প্রতিপালিত হয়েছে– শিশু থেকে যুবক, প্রৌঢ়ত্ব থেকে বৃদ্ধাবস্থায় পৌঁছে কালের নিয়মে গতপ্রাণ হয়েছে। সংসারের খেলা শেষ করে সে চলে গেছে অন্য এক ভুবনে। সেই জগতের দিনযাপনের ছবি আমাদের জানা নেই। কিন্তু সেই অবিনশ্বর আত্মার অস্তিত্বও আমরা মানি বলেই পরলোকবাসী পিতৃমাতৃকুলকে আহ্বান করে জল দান করি। পরলোকবাসী সেই জল গ্রহণ করে কৃতার্থ হয়ে ঊর্ধ্বগতি লাভ করেন। আর আমাদের জন্য রেখে যান মঙ্গলহিতকর অমোঘ আশিস। সনাতন হিন্দুধর্ম এত উদার, এত সর্বজনীন যে, পরলোকগত প্রিয়জন শুধু নয়, অচেনা-অপরিচিত, অধার্মিক, সকল জীবের জন্য উদার আহ্বান জানায়– এসো, অতৃপ্তকে তৃপ্ত করে ধন্য হও– আব্রহ্মস্তম্ভ পর্যন্তং জগৎ তৃপ্যতু!

বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য, স্কন্দপুরাণ ও বৌদ্ধধর্মগ্রন্থের পাতায় পাতায় পিতৃ-মাতৃ তর্পণ ও পিণ্ডদানের কথা উল্লেখ রয়েছে। পিতৃ পক্ষে তর্পণ ও পিণ্ডদানের প্রকৃষ্ট স্থান হল গয়া। বিহারের গয়া ছাড়াও তর্পণ ও পিণ্ডদানের কথা উল্লেখ রয়েছে বিভিন্ন ধর্মগ্রন্থে। উত্তরাঞ্চলের বদ্রীনারায়ণ মন্দিরের নিচ দিয়ে প্রবাহমানা অলকানন্দার তীরে নারদশিলায়, রাজস্থানের পুষ্করের ব্রহ্মা সরোবরে, ভগবান বিষ্ণুর সুদর্শন চক্রে বিদীর্ণ হয়ে সৃষ্ট নৈমিষারণ্যের পাতালগঙ্গায় (চক্রতীর্থ) এবং তামিলনাড়ুর রামেশ্বর শিব-শক্তির অধিষ্ঠান অগ্নিতীর্থে। এছাড়াও গঙ্গাজল দিয়ে গঙ্গার তীরেও তর্পণ করা যায়। এটা অনেকটা গঙ্গাজলে গঙ্গাপুজোর মতো। গঙ্গা ভিন্ন অন্য কোনও তীর্থের জল দিয়ে যদি তর্পণ করতে হয়, তাহলে সেই তীর্থের নামের সঙ্গে 'উদকং' বলতে হয়। যেমন, নর্মদা নদীর জল হলে বলতে হবে– 'সতিলনর্মদোদকং'। গয়া, বদ্রীনারায়ণ, পুষ্কর, নৈমিষারণ্য এবং রামেশ্বর ভারতবর্ষের এই পাঁচটি জায়গায় তর্পণ ও পিণ্ডদান করা অতি সৌভাগ্যের ব্যাপার। কিন্তু সবার পক্ষে ওই সব জায়গায় সচরাচর যাওয়া সম্ভব হয় না, তাই অনেকেই গঙ্গায় কিংবা পরিষ্কার জলাশয়ে তিলতর্পণ ও পিণ্ডদান করেন।

পিতৃগণকে আহ্বান করে পিতৃতীর্থযোগে নিম্নোক্তরূপে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করে মন্ত্রোচ্চারণ সহকারে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, পিতামহী, প্রপিতামহী, এই নয়জনের প্রত্যেককে যথাক্রমে তিনবার অঞ্জলি দিতে হয়। তারপর পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী এই দ্বাদশ পুরুষের মধ্যে যাঁরা জীবিত থাকবেন তাঁদের বাদ দিয়ে উর্ধতন পুরুষকে ধরে দ্বাদশ সংখ্যা পূর্ণ করতে হয়। তর্পণ দ্বিবিধ। নিতয্ ও স্নানাঙ্গ। স্নান না করে তর্পণ করলে তাকে নিত্য তর্পণ বলে আর স্নানান্তে তর্পণ করলে তাকে স্নানাঙ্গ তর্পণ বলে। সকালে স্নানান্তের পর তর্পণ করা উচিত। প্রথমে সূর্য প্রণাম তারপর শাস্ত্রোক্ত নিয়মানুসারে তর্পণ করার সময় অনামিকা অঙ্গুলিতে কুশের অঙ্গুরীয় ধারণ করতে হয়। স্নান করে কপাল, বক্ষদেশ, কণ্ঠ, কর্ণযুগল, বাহুযুগল, নাভিদেশ প্রভৃতি স্থানে গঙ্গামাটি দিয়ে তিলক কেটে পিতৃ তর্পণ করতে হয়। যাঁর পিতা জীবিত, তিনি কেবল ললাটে তিলক ধারণ করবেন। এরপর তর্পণ করা শুরু হয়। তর্পণ করার আগে মন্ত্র এইভাবে বলতে হয়–

ওঁ বিষ্ণুরোম অমুকগোত্রঃ পিতা অমুক দেবশর্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা। মহিলাদের ক্ষেত্রে অমুক গোত্রা মাতা অমুকদেবী ইত্যাদি। এরপরে ওই একই নিয়মে বিমাতা, পিতৃব্য, মাতুল, ভ্রাতা, ভগিনী, পিতৃতুল্য, মাতৃতুল্য ব্যক্তিদের উদ্দেশে একবার অঞ্জলিভরে জল নিয়ে তর্পণ করতে হয়। এছাড়াও বন্ধু, প্রিয়জনদের উদ্দেশ্যে এই একই নিয়মে তর্পণ করা যায়। শেষে পিতৃস্তুতি– ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্মঃ পিতাহি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রিয়ন্তে সর্বদেবতাঃ। তারপর পিতৃ প্রণাম করতে হয়– পিতৃণ্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কামাফলাভিসন্ধৌ প্রদানশক্তাঃ। সকলেপ্সিতানাং, বিমুক্তিদা যেহনভিসংহিতেযু ॥

অনেকে মহালয়ার পনেরো দিন আগে প্রতিপদ থেকে পিতৃ তর্পণ করেন। এই সময় পিণ্ডদানও করা যায়। পিণ্ডদানের কথা উঠলে প্রথমেই মনে পড়ে গয়ার কথা। তাই শুরুতেই গয়া দিয়েই শুরু করে চারটি স্থানের পিণ্ডদানের কথা আলোচনা করব।



বায়ু ও স্কন্দপুরাণে গয়াক্ষেত্রকে গয়াপুরী, গয়াশীর প্রভৃতি নামে উল্লেখ করা হয়েছে। আবার প্রাচীন বৌদ্ধগ্রন্থে গয়াসীস, গয়া-কাশ্যপ প্রভৃতি নামের উল্লেখ রয়েছে। তবে মোগল সম্রাট আকবরের সভাসদ আবুল ফজলের বিবরণীতে ব্রহ্মগয়া নামটির উল্লেখ রয়েছে। যা নাকি গয়ার প্রকৃত নাম। সেই প্রাচীনকাল থেকেই গয়া হিন্দুদের একটি পবিত্র তীর্থস্থান।

তবে এখনও তীর্থভ্রমণ করতে গেলে বিশেষত কুম্ভমেলা দর্শন ও গয়াতে পিণ্ডদান করতে গেলে, প্রমেই ভারত সেবাশ্রম সঙ্ঘের কথাই সবার আগে সব বাঙালি মনে করেন। স্বরাজপুরী রোডের ওপর ভারত সেবাশ্রম সঙ্ঘের আশ্রম।

ভারত সেবাশ্রম সঙ্ঘ প্রতিষ্ঠা করেছিলেন স্বামী প্রণবানন্দজী। পিতৃপুরুষের পিণ্ডদানের জন্য পৃথিবীর সকল হিন্দুকেই গয়াতে আসতে হয়। স্বামী প্রণবানন্দজীও এসেছিলেন তাঁর পিতার কাজ করার জন্য। সে সময় তিনি পাণ্ডাদের হাতে খুবই অত্যাচারিত হয়েছিলেন। তখন থেকেই তিনি মনে মনে ঠিক করেছিলেন সুযোগ পেলে এই ব্যবস্থার পরিবর্তন করবেন। সুযোগও এল এর কয়েক বছর পরেই। সে সময় বিহারি পাণ্ডা বনাম বাঙালি তীর্থযাত্রীদের যুদ্ধ লেগেই থাকত। তখন বেঙ্গলি সেটলারস অ্যাসোসিয়েশন তীর্থযাত্রীদের সুরক্ষার জন্য স্বামী প্রণবানন্দজীকে গয়ায় একটি আশ্রম প্রতিষ্ঠা করার জন্য আহ্বান জানালেন। ১৯২৪ খ্রিস্টাব্দে

তিনি গয়ায় আশ্রম প্রতিষ্ঠা করলেন। সেদিন থেকেই বাঙালি তথা ভারতবাসীরা গয়ায় গিয়ে নির্বিঘ্নে ভারত সেবাশ্রম সঙ্ঘের মাধ্যমে পিণ্ডদান করতে পারেন। পিণ্ডদানের পর আশ্রমে থাকা ও ভোজনের ব্যবস্থাও আশ্রম কর্তৃপক্ষ করেন। অনেকের মতে, গয়াতীর্থ সংস্কারের জন্যই স্বামী প্রণবানন্দজী মানুষের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবেন।

আমার মায়ের মৃত্যুর বছরখানেক পর তর্পণ ও পিণ্ডদান করার জন্য আমিও গয়াতে গিয়েছিলাম। আর গয়াতে একমাত্র বাঙালিদের থাকার জায়গা হল স্বামী প্রণবানন্দ প্রতিষ্ঠিত ভারত সেবাশ্রম সঙ্ঘের আশ্রম।

সকাল আটটা নাগাদ আশ্রমের পাণ্ডাজির নির্দেশ মতো টাঙা চড়ে সকলে ফল্গুনদীতে গেলাম। নদী তো নয়, যেন মরুভূমি। জলের বদলে শুধু বালি আর বালি। আমাদের দেখে একটি ছেলে হাজির হল। বলল, এক ঘটি জল দশ টাকা। সকলে তাতেই রাজি। জল ছাড়া তো আর তর্পণ ও পিণ্ড দেওয়া সম্ভব নয়। ছেলেটি শাবল দিয়ে এক ফুট খুঁড়তেই ফল্গুর ধারা দেখা পাওয়া গেল। মাটির ঘটিতে জল ভরে নিয়ে এলাম ফল্গু নদীতটে। সেখানে কুশাসনে বসে ঘৃতপ্রদীপ জ্বেলে, কুশের আংটি ধারণ করে শুরু হয় মাতৃ-পিতৃশ্রাদ্ধ। সধবা রমণীদের তিল ও কুশ ব্যবহার নিষিদ্ধ। সে জন্য সধবা মহিলারা কুশাসনে বসে, কুশের আংটি পরে তিলদান ও পিণ্ডদান করেন না। কুশের পরিবর্তে দুর্বা এবং তিলের পরিবর্তে যব ব্যবহার করেন। কুশাসনের পরিবর্তে মহিলাদের পশম কিংবা কাপড়ের আসনে বসতে দেওয়া হয়। আমাদের সঙ্গে দু'জন মহিলাও পিণ্ডদানের জন্য এসেছিলেন।

যে কোনও পুজো ও শ্রাদ্ধের যেমন নিয়ম আছে, মন্ত্রপাঠ আছে, তেমনই তর্পণ ও পিণ্ডদানের কিছু কিছু নিয়ম আছে। মৃত পরমাত্মীয়দের অক্ষয় শান্তি কামনায় 'গয়ায়াং গয়াশিরসি ফল্গুতীর্থে পিণ্ডদানকর্ম' করা হয়। একে একে দেবতর্পণ, মনুষ্যতর্পণ, ঋষিতর্পণ, যমতর্পণ, পিতৃকুল, মাতৃকুলের মৃত আত্মীয়স্বজনদের প্রতি সপিণ্ড, সতিল জলাঞ্জলি দেওয়া হল। ভীষ্মতর্পণ, সামান্যতর্পণ, রামতর্পণ, লক্ষ্মণতর্পণ এবং মৃত আত্মীয়দের আহ্বান, প্রণাম ও পিণ্ডদানের কাজ-কর্ম বিভিন্ন জায়গায় করতে হয়। সময় লাগে প্রায় ঘণ্টা তিনেক। মন্ত্রে বলা হয়–'তস্য নিষ্ক্রমণার্থায় মাতৃপিণ্ডং দদাম্যহম।' সেখানকার ক্রিয়াকর্মাদি শেষ হলে নারায়ণের পাদপদ্ম দর্শন করে সেখানেও আরেক প্রস্থ পিণ্ডদান করতে হয়।

এই বিষ্ণুপাদ মন্দিরই গয়ার প্রাণকেন্দ্র। কৃষ্ণপ্রস্তর দ্বারা নির্মিত শ্রীবিষ্ণুমন্দিরটি ইন্দোরের মহারানি অহল্যাবাই ১৭৬৮ খ্রিস্টাব্দে নয় লক্ষ টাকা দিয়ে তৈরি করেছিলেন। স্বর্ণকলস ও স্বর্ণপতাকা শোভিত মন্দির গর্ভে শ্রীবিষ্ণুপাদপদ্ম বিরাজমান। ৫৮ বর্গফুট জায়গা জুড়ে মন্দিরটি বিস্তৃত। যেখানে বিষ্ণুপদচিহ্ন রয়েছে, তার উপর পিরামিডের মতো অষ্টকোণবিশিষ্ট হয়ে চূড়া উঠে গেছে। যার উচ্চতা একশো ফুট। চূড়ার উপরিভাগ এক মন সোনা দিয়ে নির্মিত। মন্দিরের দ্বার রূপো দিয়ে মোড়া। চরণচিহ্ন এক ফুটের একটু বেশি। পদচিহ্নের আঙুল উত্তরাভিমুখে। বিষ্ণুপাদপদ্মের চারদিক এক ফুট উঁচু পাথরের বেষ্টনী দেওয়া। বেষ্টনীর ভিতর দিক রুপো দিয়ে মোড়া। শ্রীবিষ্ণুপাদপদ্মের উপর একটি কলসীতে জল ও দুধ থাকে। সেখান থেকে সারাক্ষণই পবিত্র ফল্গুর জল ও দুধের ধারা পড়ছে পাদপদ্মের উপর।

পাশের নাটমন্দিরে বসে পিণ্ড তৈরি করে একটি পাত্রে সেগুলি তুলে শ্রীবিষ্ণুপাদপদ্ম মন্দিরে আনা হয়। শেষে গয়াক্ষেত্রে গয়াশিরে শ্রীবিষ্ণুপাদপদ্মের ওপর একটি একটি করে পিতৃকুল ও মাতৃকুলের প্রয়াত প্রয়াতার উদ্দেশে সতিল সপিণ্ড উৎসর্গ করলাম। প্রতিটি পিণ্ডের সঙ্গেই নিবেদিত হয় ফল্গুতীর্থোদক অঞ্জলি। এই তীর্থে পিতৃ কুল ও মাতৃকুল ছাড়াও পরিচিত-অপরিচিত জানা-অজানা মৃত ব্যক্তির উদ্দেশে পিণ্ড প্রদান করা হয়। যাঁরা উভয় কুলে এখনও গতিলাভ করতে পারেননি বা বন্ধু-বান্ধবরা এবং অপরিচিত ব্যক্তি যাঁরা উদ্ধার হয়নি তাঁদের উদ্দেশেও পিণ্ডদান করা যায়। এমনকী দাঁত ওঠার আগেই যাদের মৃত্যু হয়েছে অথবা গর্ভবাসে, তাদেরও আত্মার শান্তির জন্য পিণ্ড দেওয়া যায়। যারা আগুনে দগ্ধ হয়ে মারা গেছে, অগ্নিসংস্কার করা সম্ভব হয়নি, যারা বজ্রাঘাতে বা চোরের দ্বারা নিহত হয়েছে, যারা বনে দাবদাহে কিংবা বনের পশুদের দ্বারা আক্রমণে নিহত হয়েছে তাদেরও উদ্ধারের জন্য গয়ার শ্রীবিষ্ণুপাদপদ্মে পিণ্ডদান করা যেতে পারে। এমনকী স্বর্গে, অন্তরীক্ষে, পৃথিবীতে বান্ধবগণের মধ্যে কেউ অবস্থান করেন, মৃত্যুর পর অগ্নিদ্বারা সৎকার হয়নি, প্রেতরূপে অবস্থান করেন তাঁদের সকলের জন্য পিণ্ডদান করা যেতে পারে। সকল তীর্থযাত্রীদের কাছে এই বিষ্ণুপদই পরম বস্তু। এখানে পিণ্ডদান করলে মাতৃকুল ও পিতৃপুরুষের মৃত আত্মার শান্তি লাভ হয়। যিনি পিতৃকুল ও মাতৃকুলের উদ্দেশে পিণ্ডদান করেন, মৃত আত্মাদের শান্তি লাভে তাঁর সংসারেও শান্তি নেমে আসে। যে কাজ এত দিন নানা বাধায় বাধাপ্রাপ্ত হচ্ছিল, সেগুলি তখন অনায়াসে সফল হতে থাকে।

এভাবেই ফল্গুনদীতে, প্রেতপর্বতে, শ্রীবিষ্ণুপাদমন্দিরে এই একই নিয়মে 'সতিল ফল্গু তীর্থোদকং পিণ্ড' প্রদান করা হয়। যাঁদের অপঘাতে মৃত্যু হয়েছে তাঁদের পিণ্ড দেওয়া হয় প্রেতশিলায়। একটি টাঙা ভাড়া করে সেখানে যেতে হয়। গয়ার বামনিঘাট থেকে প্রায় পনেরো কিলোমিটার দূরে প্রেতশিলা। বহু লোকই প্রেতশিলায় আসেন পিণ্ডদান করতে। পাহাড়ের পাদদেশে রয়েছে ব্রহ্মকুণ্ড। পিণ্ডদানকারীরা ব্রহ্মকুণ্ডের জল ঘটি ভরে পাহাড়ে ওঠেন। অসমর্থ দুর্বল যাত্রীদের জন্য এখানে ডুলির ব্যবস্থাও আছে। আমার ক্রিয়াকর্ম তাড়াতাড়ি শেষ হওয়ায় প্রেতশিলা দেখার সুযোগ পেয়েছিলাম।

প্রেতশিলায় সকলেই সারিবদ্ধভাবে দাঁড়িয়ে মৃত আত্মীয়দের প্রেতাত্মাদের উদ্দেশে জলতর্পণ করেন। পাহাড়ের শুরুতেই ভূতনাথ আর মা কালীর বিগ্রহ। এছাড়া সিঁড়ির দু'পাশেই অজস্র পাথরের দেবদেবীর মূর্তি। আগে পাহাড়ে ওঠার কোনও সিঁড়ি ছিল না। পাহাড়ের ধাপের উপর উঠে অতি কষ্টে ৫৫০ ফুট উঠতে হত। বর্তমানে ওঠার জন্য সিঁড়িপথ হয়েছে। পর্বতশীর্ষে ভগবান ব্রহ্মার প্রস্তরময় পদচিহ্ন আছে।

সেখানে এক বিকটদর্শনা কালীমূর্তি আছে। পর্বতশীর্ষের মধ্যখানে প্রাচীর দিয়ে ঘেরা ব্রহ্মার পদচিহ্ন। কারও কারও অভিমত, ব্রহ্মার লিপি। এক সময় স্থানটি সোনা দিয়ে মোড়া ছিল। বর্তমানে সেসব আর নেই। যাই হোক, ব্রহ্মার পদচিহ্নের ওপরই পিতৃকুল, মাতৃকুলের উদ্দেশে পিণ্ডদান করা হয়। পিণ্ড তৈরি হয় পঞ্চগব্য (গোময়, গোমূত্র, ঘৃত, দধি, দুগ্ধ) ও ছাতু দিয়ে পিণ্ডের ওপর ফুল দেওয়া বিধেয়।

প্রেতশিলা পাহাড়ের পাদদেশে রয়েছে সতী, নিগ্র ও সুখ এবং পাহাড়ের ওপরে যম মন্দিরের কাছে রাম নামের একটি কুণ্ড আছে।

কথিত আছে– শ্রীরামচন্দ্র এই রামকুণ্ডে স্নান করেছিলেন। আশ্বিন মাসে পিতৃপক্ষ উপলক্ষে বহু মানুষ প্রেতশিলায় আসেন। ধামিন ব্রাহ্মণরা প্রেতশিলায় পিণ্ডদানের কাজ করেন।

প্রেতপর্বতের ওপর একটি বিষ্ণু মন্দির আছে। মন্দিরে অধিষ্ঠিত কালো কষ্টিপাথরের বিষ্ণুমূর্তি। এই বিগ্রহের চারপাশে বহু ফটো রাখা। যাঁদের অপঘাতে মৃত্যু হয়েছে তাঁদের পিণ্ডদান করে উদ্ধার হওয়ার কামনার্থে প্রিয়জনদের ফটো বিষ্ণুমন্দিরে রেখে যান। এরকম কোনও শাস্ত্রীয় নিয়ম বা নীতি নেই, তবুও ভক্তি আর বিশ্বাসের ওপর ভর করেই প্রিয়জনের মুক্তি কামনা আর সংসারের মঙ্গলকামনায় এটা করেন।

শ্রীব্রহ্মার চরণপদ্মে পিণ্ডদান করে যেতে হয় শ্রীবিষ্ণুমন্দিরে।

এই প্রসঙ্গে গয়াসুরের কথা না বললেই নয় তাই জানালাম। গয়াসুর ছিলেন অত্যন্ত বলশালী ও বৈষ্ণব। তাঁর বিশাল দেহ ছিল একশো পঁচিশ যোজন। তিনি কোলাহল পর্বতে কয়েক হাজার বছর ধরে নিঃশ্বাস বন্ধ করে তপস্যায় নিমগ্ন ছিলেন। তপস্যায় তুষ্ট হয়ে ভগবান বিষ্ণু তাঁর কাছে গিয়ে বললেন, 'তোমার তপস্যায় আমি তুষ্ট হয়েছি। তুমি আমার কাছে কী বর কামনা কর?'

গয়াসুর বললেন, 'হে ভগবান! আপনি যদি আমার তপস্যায় তুষ্ট হন তাহলে এই বর দিন যাতে আমাকে যাঁরা স্পর্শ করবে তাঁরা সঙ্গে সঙ্গে পবিত্র হয়ে বৈকুণ্ঠধামে গমন করবেন।'

তাঁর কথা শুনে বিষ্ণু বললেন, 'তথাস্তু'।

ফলে ব্রহ্মলোক, শিবলোক, বিষ্ণুলোক ও যমপুরী জনশূন্য হয়ে গেল। সকলেই গয়াসুরকে স্পর্শ করে বৈকুণ্ঠে গমন করতে লাগলেন।

এই ঘটনায় যমরাজ এবং ইন্দ্র প্রমাদ গুনলেন। তাঁরা তখন ব্রহ্মার কাছে গেলেন। ব্রহ্মা তাঁদেরকে নিয়ে ভগবান বিষ্ণুর কাছে গেলেন। সব শুনে বিষ্ণু ব্রহ্মাকে বললেন, আপনি গয়াসুরের কাছে গিয়ে যজ্ঞের জন্য তাঁর দেহ প্রার্থনা করুন। বিষ্ণুর কথামতো দেবতারা গয়াসুরের কাছে গেলেন। তাঁদের দেখে গয়াসুর সকল দেবতাকে প্রণাম করে বললেন, 'আজ আমার জন্ম ও কঠোর তপস্যা সার্থক হল। স্বয়ং ব্রহ্মা আমার কাছে এসেছেন এটা যে আমার কাছে পরম সৌভাগ্যের। বলুন ভগবান, আপনাদের জন্য আমি কী করতে পারি।' ব্রহ্মা বেশি কথা না বাড়িয়ে গয়াসুরকে আসল কথা ব্যক্ত করলেন–সমগ্র পৃথিবী ভ্রমণ করেও যজ্ঞ করার মতো উপযুক্ত জায়গা খুঁজে পাওয়া গেল না। বিষ্ণুর বরে একমাত্র তোমার দেহ-ই যথার্থ শুদ্ধ ও পবিত্র। তাই যজ্ঞের জন্য তোমার দেহ আমাকে দান কর।

গয়াসুর ব্রহ্মার কথা শুনে অত্যন্ত প্রীত হয়ে বললেন, এই দেহ আপনাদের দ্বারাই পবিত্র হয়েছে। অতএব এই শরীরের ওপর সম্পূর্ণ অধিকার আপনাদের আছে। আপনারা এই শরীরের ওপর যজ্ঞ করলে আমি অত্যন্ত আনন্দিত হব।' এই বলে তিনি কোলাহল পর্বতের নৈঋত দিক আশ্রয় করে উত্তরে মাথা ও দক্ষিণে পা দুটি রেখে ভূমিতে শয়ন করলেন। গয়াসুরের শরীরের ওপর শুরু হল যজ্ঞ। যজ্ঞ হলেও গয়াসুরের শরীর অচল হল না। গয়াসুরের দেহ সচল থাকল। তখন স্বয়ং গদাধর বিষ্ণু ক্ষীরোদসাগর থেকে উঠে এসে ঐ শিলার ওপর অবস্থান করে নিজের গদার আঘাতে গয়াসুরের দেহ নিশ্চল করে তাঁর মাথার উপর নিজের শ্রীপাদপদ্ম রেখে গয়াসুরকে বর দিলেন–

'যাবৎ পৃথ্বী পর্ব্বতাশ্চ যাবচ্চন্দ্রার্কতারকাঃ।
তাবচ্ছিলায়াং তিষ্ঠন্তু ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরা ॥
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্য যানি তানি বৈ ॥
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্তু তে।'

যতদিন পর্যন্ত পৃথিবী, পর্বত, চন্দ্র, সূর্য, নক্ষত্র থাকবে ততদিতন পর্যন্ত ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও অন্যান্য দেবতাগণ এই শিলায় অধিষ্ঠিত থাকবেন। পাঁচ ক্রোশ গয়াক্ষেত্র ও এক ক্রোশ মাত্র গয়াশির। এর মধ্যে সমস্ত তীর্থ বিদ্যমান থেকে মানবের মঙ্গলবিধান করবে। এখানে যাঁর হিতার্থে সপিণ্ড শ্রাদ্ধ করা হবে তাঁর দেহ ব্রহ্মলোকে স্থান পাবে।

সেই থেকে গয়াসুরের নামে গয়াধাম এবং শ্রীবিষ্ণুর চরণচিহ্নের নাম হল শ্রীগদাধর পাদপদ্ম। গয়াসুরের প্রার্থিত বরে গয়ার সমস্ত তীর্থে স্নান, তর্পণ ও পিণ্ডদানে মানবকুলে উদ্ধার হয়। গদাধর স্বয়ং বিশ্বভুবনের সকল মানুষের পাপ নাশ করেন। নৈমিষ, পুষ্কর, গঙ্গা, প্রয়াগ, বারাণসী, স্বর্গ, ভূতল এবং অন্তরীক্ষ থেকেও দেবতারা এসে সবসময় মানুষের হিতসাধন করেন।

প্রবাদ আছে, ব্রহ্মা স্বয়ং গদাধর মন্দিরে গদাধরের মূর্তি প্রতিষ্ঠা করেছিলেন। গদাধর ঘাটের পাথর বাঁধানো সিঁড়ি দিয়ে নামলেই ফল্গুর বালি। বালি খুঁড়লেই জল। মনে হয় যেন ভগবান বিষ্ণুর শরীরের সুগন্ধে ভরপুর ফল্গুনদী।

গয়ার বিষ্ণুমন্দিরে রোজ পুজো দিতে আসেন কমপক্ষে ১০০০ তীর্থযাত্রী। একাদশী, পিতৃপক্ষে, কার্তিকী পূর্ণিমার মতো বিশেষ বিশেষ দিনগুলিতে এই সংখ্যা কয়েক হাজারে গিয়ে পৌঁছায়। আর আশ্বিনের পিতৃপক্ষে বিষ্ণুপদে পিণ্ড দেবার জন্য দুই লক্ষের অধিক মানুষ আসেন নিজ আত্মীয়দের মুক্তি কামনার্থে।

প্রতিটি মানুষের পিতৃমাতৃঋণ থাকে। তাই পিতৃপক্ষে গয়াধামে পিতৃমাতৃলোককে আবাহন করে সতিল পিণ্ডদান করে কিছুটা হলেও মানুষেরা ঋণমুক্ত হয়। পিতামাতার আদেশ পালন করা পুত্রের প্রথম ঋণ। পিতামাতা বৃদ্ধ হলে তাঁদের দেখাশোনা, সেবাশুশ্রূষা ও ভোজন করানো হল দ্বিতীয় ঋণ। আর পিতামাতার সদ্‌গতির জন্য গয়ায় পিণ্ডদান করা হল তৃতীয় ঋণ। তাই পিতৃপক্ষ উদ্‌যাপন গয়ার সবচেয়ে বড় উৎসব। পুত্রের কাছ থেকে পিণ্ডদান গ্রহণ করার জন্য মৃত প্রেতরা পিতৃপক্ষে আকুল হয়ে পৃথিবীর খুব কাছে এসে থাকেন। পিতৃপক্ষ তাই ঋণমুক্তির উৎসব। এই প্রসঙ্গে রামায়ণে রাজা দশরথের কথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না। রাজা দশরথ কীভাবে পুত্রের হাতে পিণ্ডগ্রহণের জন্য অধীর হয়ে অপেক্ষা করেছিলেন। কিন্তু সময় মতো পুত্র পিণ্ড দিতে না পারার জন্য তিনি কন্যারূপী পুত্রবধূর হাতেই পিণ্ড গ্রহণ করেন। সেই কথাই এবার জানাচ্ছি– দশরথের আদেশে শ্রীরামচন্দ্র, সীতা ও লক্ষ্মণ বনবাসে গমন করেন। তাঁরা কিছুকাল গয়ার ফল্গুনদীর তীরে বনবাস করেছিলেন। সেই সময়েই পিতা দশরথের শ্রাদ্ধের সময় উপস্থিত হল। রামচন্দ্র ভ্রাতা লক্ষ্মণকে শ্রাদ্ধের প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী আনতে পাঠালেন। কিন্তু শ্রাদ্ধের সময় প্রায় সমাগত অথচ লক্ষ্মণ তখনও পর্যন্ত শ্রাদ্ধের উপকরণ নিয়ে উপস্থিত হয়নি তাই ভাইয়ের খোঁজ স্বয়ং রঘুনাথও সীতাদেবীকে রেখে নির্গত হলেন।

সীতাদেবী তখন একাকিনী। তিনি চিন্তা করতে লাগলেন, শ্রাদ্ধের সময় অতিক্রান্ত হতে চলেছে অথচ স্বামী ও দেবর লক্ষ্মণ

উপস্থিত হননি। তিনি চিন্তা করে কোনও কূল-কিনারা করতে পারছেন না। এদিকে আর কিছুক্ষণের মধ্যেই রাক্ষসী কাল আরম্ভ হবে। তখন আর শ্রাদ্ধকার্য করা যাবে না এই ভেবে মা জানকী ফল্গুনদীতে বিধিমতো স্নান করে প্রদীপ জ্বালিয়ে হাতের কাছে যা সম্বল ছিল তাই দিয়েই স্বামীর পিতৃগণকে পিণ্ডদান করলেন। পিণ্ডদান করা মাত্র আকাশবাণী হল, 'আজ আমরা পরিতৃপ্ত হলাম, তুমিও ধন্য হলে।' সেই সময় আকাশবাণীর সঙ্গে সঙ্গে নানা অলংকারে সজ্জিত কয়েকটি হাত জনকনন্দিনী দেখতে পেলেন, হাতগুলি তখন পিণ্ড গ্রহণেচ্ছু থাকার জন্য অঞ্জলিবদ্ধ অবস্থায় ছিল। সীতাদেবী আকাশবাণী শুনে এবং অঞ্জলিবদ্ধ হাতগুলি দেখে জিজ্ঞাসা করলেন, 'আপনারা কারা উপস্থিত হয়ে আমার হাত থেকে পিণ্ড গ্রহণ করলেন দয়া করে জানাবেন?' তখন অদৃশ্য থেকে পুনরায় উচ্চারিত হল, 'আমি তোমার শ্বশুর, আমার নাম দশরথ। তোমার দ্বারা শ্রাদ্ধকর্ম সফল হয়েছে, আমরা আজ পরিতৃপ্ত।' তখন জানকী বললেন, 'হে পিতা, আপনারা যে আমার হাতে পিণ্ড গ্রহণ করেছেন এ কথা আপনার পুত্র কিছুতেই বিশ্বাস করবেন না।' তখন দশরথ অদৃশ্য থেকে বললেন, 'হে নিষ্পাপ কন্যা, তুমি এ বিষয়ে কতকগুলি সাক্ষী রেখে দাও যাতে রাম এসে তোমার কথা বিশ্বাস করে।' সেই কথা শুনে জনকদুহিতা ফল্গুনদী, ধেনু, অগ্নি ও কেতকী ফুলকে সাক্ষী মানলেন। এর পরের ঘটনা হল, রামচন্দ্র সেখানে ফিরে এসে পিতৃদেবের উদ্দেশে পিণ্ডদান করতে গেলে সীতাদেবী বললেন, শ্রাদ্ধের সময় অতিবাহিত হয়ে যাওয়ায় আমি বাধ্য হয়ে পিণ্ডদান করেছি এবং স্বয়ং শ্বশুরদেব আমার হাত থেকে পিণ্ড গ্রহণ করে পরিতৃপ্ত হয়েছেন। তখন শ্রীরাম ভাই লক্ষ্মণকে শুনিয়ে বললেন, 'আমরা শাস্ত্রমতো আহ্বান করেও পিতার দর্শন পাইনি, আর সীতা বিনা আহ্বানেই পিতার দর্শন পেয়েছেন।' এই বলে দুই ভাইয়ে হাসাহাসি করতে থাকলেন। তখন সীতা বললেন, 'হে রঘুনন্দন, আপনি আমাকে উপহাস করলেও এই বিষয়ে চারজন সাক্ষী আছে যাঁরা আমার দেওয়া পিণ্ডদান প্রত্যক্ষ করেছেন। তাঁরা হলেন ফল্গুনদী, ধেনু, অগ্নি ও কেতকী ফুল।' কিন্তু রামচন্দ্র যখন ওই চারজন সাক্ষীকে জিজ্ঞাসা করলেন তখন তাঁরা নিরুত্তর থাকলেন। এই অবস্থায় সীতাদেবী লজ্জায় ও দুঃখে মাথা নত করে নীরব থাকলেন। তাঁর মুখ থেকে আর কোনও বাক্য নিঃসৃত হল না। শুধু দু'চোখ থেকে নেমে এল ফল্গুধারা।

তখন রাম আবার নতুন করে শ্রাদ্ধের প্রস্তুতি করে পিতৃগণকে আহ্বান করতে লাগলেন। তখন সূর্যমণ্ডল থেকে আকাশবাণী হল, 'হে বৎস, তুমি কী জন্য পুনরায় আমাদের আহ্বান করছ। তোমার পত্নী জানকী আমাদের পরিতৃপ্ত করেছে। সুতরাং পুনরায় শ্রাদ্ধ করার আর কোনও প্রয়োজন নেই।' সেই সময় শুধু বটবৃক্ষ এর সত্যতা স্বীকার করেছিলেন।

জনকনন্দিনী সীতা তখন রাগে, দুঃখে ও অভিমানে ওই চার মিথ্যাবাদীকেই অভিশাপ দিয়ে বললেন, 'হে ফল্গুনদী, মিথ্যাচার করার জন্য আজ থেকে তুমি পাতালে প্রবাহিত হবে।' কেতকী ফুলকে জানকী বললেন, 'হে কেতকী ফুল, অসত্য ভাষণের জন্য তুমি সর্বদা শিবের অপ্রিয় হবে।' তারপর গোরুকে বললেন, 'হে নিষ্পাপে, মুখ দিয়ে মিথ্যা কথা বলার জন্য তোমার মুখ অপবিত্র হবে কিন্তু তোমার পুচ্ছদেশ হবে অতি পবিত্র।' অগ্নিকে বললেন, 'মিথ্যা ভাষণের জন্য তুমি দেবতাদের মুখ স্বরূপ হয়েও আজ থেকে সর্বভক্ষক হবে।'

অক্ষয়বটকে আশীর্বাদ করে বললেন, 'শীতকালে উষ্ণ হবে, গ্রীষ্মেতে শীতল' তিনি এও বললেন, 'ডালে ডালে হবে তব পল্লব বিস্তর। সুশীতল রাখিবে, যে যাবে তব তলে। সর্বদা আনন্দে রবে নিজ পাত্র ফলে।'

মহিলারা পিণ্ডদানও করতে পারেন। সেই রামায়ণী যুগ থেকে মহিলাদের পিতৃ-মাতৃ তর্পণ করার প্রা চলে আসছে।

প্রতিটি হিন্দুর কাছে গয়া মহাতীর্থ হিসেবে প্রসিদ্ধ। শুধু ভারতবর্ষ থেকে নয় ভারতের বাইরে থেকেও বহু লোক পিতৃপক্ষে পিণ্ড দিতে আসেন। শুধু হিন্দু নয় অন্য ধর্মাবলম্বীরাও গয়ায় এসে প্রিয়জনের মুক্তি কামনায় পিণ্ড অর্পণ করেন।

**বদ্রীনাথ**

বদ্রীনাথেও বহু তীর্থযাত্রী পিণ্ড ও তর্পণ করেন।

বদ্রীনাথ মন্দিরে ঢোকার মুখেই তপ্তকুণ্ড, প্রহ্লাদকুণ্ড ও নারদকুণ্ড। এই তিনটিতেই সাধারণত তীর্থযাত্রীরা স্নান করেন। এছাড়াও সেখানে আরও দুটি কুণ্ড আছে। যেমন কূর্মধারা ও ঋষিগঙ্গা। পাণ্ডাদের বললেই তারা সানন্দে দেখিয়ে দেয়। এই পঞ্চকুণ্ডের মতো এখানে পঞ্চশিলা আছে। যেমন নারদশিলা, বরাহশিলা, গরুড়শিলা, মার্কণ্ডেয় শিলা ও নৃসিংহশীলা।

এই পঞ্চগঙ্গার জল মাথায় দিয়ে পঞ্চশিলা দর্শন করে অলকানন্দার তীরে ব্রহ্মকপাল-এ পিতৃতর্পণ ও পিণ্ড দান করেছি। যেহেতু মা তখনও সুস্থ শরীরে তাই বদ্রীনারায়ণ থেকে গর্ভধারিণীর স্মরণ করে তাঁর অনুমতি নিয়ে পিতৃদেবের পিণ্ডদান করলাম। পঞ্চশিলার দর্শন করতে বেশিদূর যাওয়ার প্রয়োজন হয় না। শ্রীশ্রীবদ্রীনারায়ণের মন্দিরের নিচেই শিলাগুলির অবস্থান। এই শিলাগুলি দর্শন করলে জীবেরা সমস্ত পাপনাশ হয়ে বিষ্ণুলোকে গমন করে।

**ব্রহ্মকপাল**

বদ্রীনারায়ণ মন্দিরের উত্তরদিকে তপ্তকুণ্ড থেকে মাত্র মিনিট চারেকের দূরত্বে অলকানন্দার তীরে এই তীর্থ অবস্থিত। কথিত আছে, পিতৃকুল, মাতৃকুল ও মৃত আত্মীয়স্বজনের উদ্দেশে পিণ্ডদান করলে গয়া থেকে আটগুণ অধিক ফল লাভ হয়। এখানকার পৌরাণিক কাহিনী হল, দেবাদিদেব মহাদেব একদিন প্রজাপতি ব্রহ্মার কাছে গেলেন। ব্রহ্মা সেই সময় নিজ কন্যার রূপে মুগ্ধ হয়ে মৈথুনে আসক্ত। ব্রহ্মার সেই কাণ্ড দেখে বিস্মিত হয়ে মহাদেব তাঁকে বারংবার বিরত হতে বললেন। কিন্তু ব্রহ্মা তাঁর সমস্ত নিষেধ অগ্রাহ্য করলে মহাদেব তখন ক্রোধান্বিত হয়ে ব্রহ্মার পঞ্চম শিরটি ত্রিশূলবিদ্ধ করলেন। কিছুতেই ব্রহ্মার মুণ্ডটিকে ত্রিশূল থেকে মুক্ত করতে না পেরে শিব চিন্তিত হয়ে বিষ্ণুর শরণ নিলেন। ভগবান বিষ্ণু শিবকে বললেন, 'হে শিবসুন্দর, সর্বশ্রেষ্ঠ তপোভূমি উত্তরাখণ্ডের অন্তর্গত বদ্রীক্ষেত্রে তুমি যাও, সেখানকার স্থানমাহাত্ম্যেই তোমার ত্রিশূল থেকে ব্রহ্মার পঞ্চম শিরটি কুণ্ডের পার্শ্বে পতিত হয়ে যাবে। তারপর কুণ্ডে স্নান করে তোমার ব্রহ্মহত্যার পাপ দূর করবে। বিষ্ণুর নির্দেশে শিব বদ্রীক্ষেত্র অর্থাৎ বদ্রীতীর্থে গিয়ে গুপ্তকুণ্ডের পাশে গেলেন। সেখানে পৌঁছানো মাত্র ব্রহ্মার পঞ্চম মস্তকটি ত্রিশূল থেকে আপনা-আপনি খসে পড়ল। তারপর তিনি কুণ্ডে স্নান করলেন। যেখানে ব্রহ্মার পঞ্চম মস্তকটি ত্রিশূল থেকে আপনা-আপনি খসে পড়েছিল সেই জায়গাটিই বর্তমানে ব্রহ্মকপাল নামে পরিচিত। আর

যে কুণ্ডে স্নান করে শিব ব্রহ্মহত্যার পাপ থেকে মুক্তি পেলেন সেই স্থানটির নাম ব্রহ্মকুণ্ড। এই বিশ্বাসের প্রতি আস্থা রেখে বহু লোকই জড়ো হয়েছেন ব্রহ্মকুণ্ডের জল মাথায় দেওয়ার জন্য। আমিও সেই দলে লাইন দিয়ে কুণ্ডের পবিত্র জল মাথায় দিলাম। কুণ্ডের পাশে সারি সারি বোতল। জল বিক্রি হচ্ছে। যাঁর যত ইচ্ছা সেইমতো পর্যটক-ভক্তরা বাড়ির জন্য জল নিয়ে যাচ্ছেন।

**পুষ্কর**

গয়া, বদ্রীনারায়ণের মতো পুষ্করেও পিণ্ডদান করার রীতি আছে।

সৃষ্টির আদিতে অদ্বিতীয় পরমপুরুষ যখন ব্রহ্মাকে সৃষ্টি করলেন তখন চারিদিকে শুধু জল আর জল, এই অন্তহীন মহাসলিলের মাঝে একটি পদ্মের ওপর বসে তিনি ভাসছেন। পদ্মের মৃণালটি এক নীলজ্যোতির্ময় পুরুষের নাভিকুণ্ড থেকে উত্থিত। সেই নীলজ্যোতির্ময় অলৌকিক পুরুষের মুখ থেকে বৈদবাণী হল– তপঃ, তপঃ অর্থাৎ তপস্যা কর। তখন ব্রহ্মা তপস্যায় নিমগ্ন হলেন। কথিত, তার সেই তপস্যা থেকেই নাকি এই ধরণীর সৃষ্টি। তপস্যান্তে একটি যজ্ঞ করবেন বলে স্থির করেছেন ভগবান ব্রহ্মা। নানা জায়গা ঘুরে, শেষ পর্যন্ত তিনি পবিত্র ভূমি পুষ্করকেই বেছে নিলেন।

ব্রহ্মা সরোবরের তিনদিক পাহাড় দিয়ে ঘেরা, মনে হয় যেন প্রকৃতিদেবী এর শুচিতা রক্ষা করার জন্যই এই ব্যবস্থা করেছেন। এই জলাশয়ের মধ্যখানে একটি ছোট দ্বীপ আছে। বলা হয়, সেখানেই রয়েছে ব্রহ্মার সাধনস্থল। সরোবরের পাড় থেকে একটি ছোট শিবমন্দিরও চোখে পড়ে। এই জায়গাটি একদিকে যেমন ব্রহ্মার যোগতীর্থ, অন্যদিকে তীর্থরাজ। তাই এখানকার পবিত্র নির্মল জলে স্নান করলে ঊষর মরুস্থলীর ক্লান্তি নিমিষেই দূর হয়ে মন অত্যন্ত শান্তি লাভ করে। আমিও স্বচ্ছ, গভীর প্রাণসলিলে ডুব দিয়ে অনন্ত প্রেম সাগরের অবগাহনের স্বাদ পেয়ে ধন্য হয়েছি। আমি প্রশস্ত শ্বেতপাথরের বাঁধানো ঘাটে গর্ভধারিণী মায়ের বাৎসরিক পারলৌকিক ক্রিয়াদি, পিতা-মাতার পিণ্ডদান এবং স্বর্গীয় আত্মীয়স্বজনের আত্মার শান্তির উদ্দেশে তর্পণ করে বহুদিনের বাসনা পূরণ করেছি।

পৃথিবীতে একমাত্র পুষ্করেই আছে ব্রহ্মার মন্দির। তাই পুজো, তর্পণ ও পিণ্ডদান পর্ব শেষ করে প্রথমেই পুজো ও দর্শন করতে গেলাম ব্রহ্মার মন্দির।

**নৈমিষারণ্য**

কলিযুগ সমাগত দেখে প্রজাপতি মনু ভগবান শ্রীবিষ্ণুকে জিজ্ঞাসা করেন, কলিযুগে ধর্মশ্রেষ্ঠ হয়ে ধর্মের বিলোপ ঘটবে। তখন মুনি-ঋষিগণ কোথায় তপস্যা করবেন? ভগবান বিষ্ণু বলেন, 'আমি সুদর্শন চক্র পৃথিবীতে নিক্ষেপ করছি, যে স্থলে এই চক্র এক নিমেষ-কাল ঘূর্ণিপাক খেয়ে পুনরায় আমার হাতে ফিরে আসবে সেই স্থলই হবে তপস্যার জন্য অনুকূল এবং সেই স্থানের পরিমণ্ডলকে ঘিরে সদা জাগ্রত থাকবে ধর্ম। মনু তাঁর দিব্যদৃষ্টিতে দেখতে পেলেন ভগবান বিষ্ণুর সুদর্শন চক্র পৃথিবীতে প্রবেশ করে এক বিশেষ জায়গায় এক নিমেষকাল চক্রাকারে ঘুরে পুনরায় ভগবানের হাতে ফিরে এল। সুদর্শন চক্রের প্রচণ্ড গতিতে পৃথিবীপৃষ্ঠ বিদীর্ণ হওয়ার জন্য সেখানে পাতাল গঙ্গা উৎসারিত হয়ে ভূপৃষ্ঠে প্রবাহিত হতে থাকল। সেই জলধারার নামই হল ধেনুমতী নদী। যা বর্তমানের গোমতী নদী। সেই সঙ্গে সৃষ্টি হল গোলাকার এক জলাধার বা কুণ্ড। এরই নাম চক্রতীর্থ। সতীপীঠ ললিতা মাতা মন্দিরের দক্ষিণে। এই চক্রতীর্থই হল পৃথিবীর শ্রেষ্ঠ পিতৃতীর্থ। এই তীর্থের জল পিতৃপুরুষের উদ্দেশে তর্পণ করলে পরমগতি লাভ করেন। চক্রতীর্থের কুণ্ডটিই হল ধেনুমতী নদীর উৎস। যেমন ত্র্যম্বকেশ্বরের ব্রহ্মগিরি পর্বতে গোদাবরী নদীর উৎস, অমরকণ্টকে নর্মদা ও শোন নদীর উৎস তেমনি চক্রতীর্থ ধেনুমতী নদীর উৎসস্থল। দেবতারাও এই স্থানকে পরম ভক্তিভরে শ্রদ্ধা করেন।

**রামেশ্বরম**

লঙ্কা অভিযানের আগে শিবভক্ত রাবণকে পরাজিত করার জন্য এখানে দশরথ নন্দন শ্রীরামচন্দ্র শিবের পূজা দিয়েছিলেন। শ্রীরামের পূজাস্থলেই গড়ে উঠেছে আজকের রামনাথ স্বামী মন্দির। মন্দিরে তিনটি গোপুরমের মধ্যে সব থেকে বড়টি হল ১২৬ ফুট উঁচু। সিংহদ্বার দিয়ে মন্দিরে প্রবেশের পর রয়েছে ৩৮৫০ ফুট লম্বা বিশ্বের দীর্ঘতম অলিন্দ। দু'ধারে অপূর্ব কারুকার্য করা ১২০০টি স্তম্ভ। এর ভাস্কর্য দেখে স্তম্ভিত হয়ে যেতে হয়। আদ্যাস্তোত্রে পীঠস্থানের বন্দনায় বলা হয়েছে–

'সেতুবন্ধনে রামেশ্বরী পুরুষোত্তমে বিমলা'

আদ্যাস্তোত্রর মতো সেতুবন্ধে পীঠদেবীর নাম রামেশ্বরী বলা হয়েছে।

দ্বাদশ শিবলিঙ্গ রামেশ্বর মন্দির থেকে ৩৯ কিলোমিটার দূরে দ্বীপের পূর্বপ্রান্তে ধনুষ্কোটি। রামের সেতুবন্ধন নাকি সেখানেই হয়েছিল। সেতুবন্ধন করার আগে রাম সেখানে মা দুর্গা ও শিবের পুজো দিয়েছিলেন। অটোও রিজার্ভ যাতায়াত করে। সমুদ্র স্নান (অগ্নিতীর্থ) ও রামেশ্বর মন্দিরের ২২ তীর্থের জল দিয়ে স্নান করে ধনুষ্কোটিতে গেলাম পিণ্ডদানের উদ্দেশ্যে।

রামস্বামী মন্দিরের মধ্যে বাইশটি তীর্থ আছে। এগুলি এক একটি কুণ্ড। এক জায়গায় নয়। তবে একটির থেকে অন্যটির দূরত্ব খুব বেশি নয়। কোনওটি তিরিশ ফুট আবার কোনওটি হয়তো পাঁচশো ফুট দূরে। সবগুলিই রামেশ্বর মন্দির চত্বরের মধ্যেই। এদের আকার এবং পরিধির বিভিন্নতা লক্ষ করি। কোনওটি কুয়োর মতো, কোনওটি চৌবাচ্চার আকারে আবার পুকুরের আকারেও একটি কুণ্ড আছে। সমুদ্রের এত কাছে হওয়া সত্ত্বেও কুণ্ডগুলির জল কিন্তু নোনা নয় বরং অন্য জলের থেকে অধিক মিষ্টি। জলের তাপের বিভিন্নতা অনুভব করি। তবে জল উষ্ণ নয়। গরম গরম ভাব।

কথিত আছে শ্রীকৃষ্ণ এখানকার রুদ্রকুণ্ডে স্নান করে মাতুল কংস হত্যার পাপ থেকে মুক্তি পেয়েছিলেন। তর্পণ করে মন্দিরের তিন মাইল দূরে হনুমান স্থাপিত গন্ধমাদন পর্বত, সাচ্চি হনুমান মন্দির, পঞ্চমুখী হনুমান মন্দির, লক্ষ্মণ তীর্থ, সীতা তীর্থ, ভাসমান পাথর, নটরাজ মন্দির, ভদ্রকালী মন্দির, উজ্জয়নী মহাকালীর মন্দির প্রভৃতি মন্দির দর্শন শেষ করে ফিরে চললাম কলকাতার উদ্দেশে। তাই ফিরে যাওয়ার সময় সুউচ্চ ইন্দিরা গান্ধী সেতুতে উঠে গাড়ি থেকে নেমে পড়ি। পিছনে ফেলে আসা রামেশ্বর দ্বীপকে আরও একবার ভালো করে দেখে নিলাম। এ দেখায় যেন কোনও তৃপ্তি নেই, তবুও যে মন মানে না। তাই যাত্রাপথে যতক্ষণ পারি তাকে স্মরণ করে বলেছি– 'তত্তোয়ং স্পৃশ্য, রাজেন্দ্র সর্বপাপৈঃ প্রমুচ্যতে।' ❑

# রোগ নিরাময়ে প্রাণায়াম / শিশু কিশোর-কিশোরীর সহজ প্রাণায়াম

তুষার শীল ও পরিতোষ হাজরা



## রোগ নিরাময়ে প্রাণায়াম

তুষার শীল

পাতঞ্জল যোগসূত্রে প্রাণায়াম সম্বন্ধে সাধন পাদের ৪৯নং শ্লোকটি হল– 'তস্মিন সতি শ্বাসপ্রশ্বাসযোগিতিবিচ্ছেদঃ প্রাণায়মঃ' অর্থাৎ নিয়মিত আসন করার পর শরীর আসনে পোক্ত হলে, শ্বাস প্রশ্বাস ও তাদের গতির যে রোধ এবং নিয়ন্ত্রণ তা হল প্রাণায়াম। আমরা জানি, বায়ু গ্রহণ হল শ্বাস আর ত্যাগ হল প্রশ্বাস। এছাড়াও নেওয়া এবং ছাড়ার ভিতরেও একটা ক্রিয়া রয়েছে তা হল কুম্ভক। অর্থাৎ প্রাণায়াম অনুযায়ী শ্বাস নেওয়ার পর ভিতরে শ্বাস আটকে রাখা বা সম্পূর্ণ শ্বাস ছেড়ে দেওয়ার পরেও শ্বাস আটকে রাখা যায়, এ হল কুম্ভক। এই কুম্ভকটিকে 'সহিত কুম্ভক' বলা হয়। প্রাণায়ামে শ্বাস নেওয়াটাকে বলা হয় পুরুক শ্বাস ছেড়ে দেয়াটিকে বলা হয় রেচক, তাই সহিত কুম্ভক বলতে শ্বাস নিয়ে শ্বাস আটকে রাখা বা রেচকান্ত সহজ কথায় ছেড়ে দিয়ে শ্বাস আটকে রাখা– এককথায় আর শ্বাস না নেওয়া। সেটিই হল 'সহিত কুম্ভক'। আর একটি কুম্ভক রয়েছে তা হল 'কেবলি কুম্ভক'– এর অর্থ রেচক পূরক ছাড়াই সহজভাবে বায়ুকে ধারণ করা। আবার হটযোগ প্রদিপীকা গ্রন্থে প্রাণায়ামকে 'কুম্ভক'রূপে বর্ণনা করা হয়েছে। এখানে ৮টি প্রাণায়াম উল্লেখ করা হয়েছে, যথাসূর্যভেদ প্রাণায়াম, উজ্জায়ী, শীৎকারী, শীতলী, ভস্ত্রিকা, ভ্রামরী, মুর্ছা ও প্লাবণী।

**ক) সূর্যভেদ প্রাণায়াম :** যে কোনও ধ্যানাসনে (সিদ্ধাসন, পদ্মাসন, বজ্রাসন, গোমুখাসন) বসে যে প্রাণায়ামই করুন না কেন অবশ্যই শিড়দাঁড়া সোজা রেখে বসবেন। যাঁদের হাঁটু বা কোমরে ব্যথা রয়েছে চেয়ারে বসেও করতে পারেন। তবে যোগীরা বলেন, প্রথমে কিছুক্ষণ নাকের বাম নাসারন্ধ্র অর্থাৎ চন্দ্র নাড়ি দিয়ে যতটা পারবেন শ্বাস টেনে নেবেন পরমুহূর্তেই ডান নাসারন্ধ্র দিয়ে রেচক অর্থাৎ ছেড়ে দেবেন। কেউ কেউ বলেন এরপরেই নাকের ডানদিক দিয়ে পূরক অর্থাৎ শ্বাস নেবেন এবং বাঁদিক দিয়ে ছেড়ে দেবেন। যাকে বলে, অনুলোম বিলোম। এইভাবেই কিছুক্ষণ ক্রিয়াটি করার পর সূর্যভেদ প্রাণায়ামটি অভ্যাস করবেন, এই সময় শুধুমাত্র ডান নাসারন্ধ্র দিয়ে শ্বাস নেবেন বাঁদিক দিয়ে ছাড়বেন। যতটা সময় ধরে নেবেন, চেষ্টা করবেন ততটা সময়েই শ্বাস ছাড়ার। যোগীরা অবশ্য শ্বাস নেওয়ার পর ভিতরে শ্বাসটা ধরে রেখে দেন যাকে আমরা কুম্ভক বলি। তবে এই কুম্ভক ব্যাতিরেকেই প্রাণায়াম অভ্যেস করুন। এতে একই উপকার পাবেন। এই শ্বাস নেওয়া ছাড়ার জন্য আঙুলগুলিকে ব্যবহার করতে হবে। তাই আর রূপটি কেমন হবে সেটি এখন বলছি। ডানহাতের অনামিকা ও কনিষ্ঠা– এই দুই আঙুল দিয়ে বাম নাসারন্ধ্র আর বৃদ্ধাঙ্গুল দিয়ে ডান নাসারন্ধ্রের উপর আলগা করে রাখবেন। যখন নাকের ডানদিক দিয়ে শ্বাস নেবেন বুড়ো আঙুলটি আলগা করে দেবেন ও তার সঙ্গে সঙ্গে অনামিকা ও কনিষ্ঠা আঙুল দ্বারা বাম নাসারন্ধ বন্ধ করে রাখবেন। ছাড়ার সময় বুড়ো আঙুলটি দিয়ে ডানদিকটি চেপে রেখে বাঁ নাসারন্ধ্র থেকে কনিষ্ঠা ও অনামিকাকে উঠিয়ে নেবেন যাতে শ্বাস ছাড়তে পারেন। এভাবে আবার ডানদিকে নিয়ে বাঁদিকে ছাড়বেন। পারলে ৫/১০ মিনিট বা সাধ্যমতো সময়কাল করুন। শাস্ত্র অনুসারে সূর্যভেদ প্রাণায়ামে শরীর সবল হয়, বাত রোগ, পেটের কৃমি, শরীরের অতিরিক্ত মেদ, হজম ক্রিয়ার গণ্ডগোল, কফদোষ, নাকের নানান ব্যাধি যথা– পলিপ, রক্ত পড়া, বিভিন্ন রোগ দূর করে।

**উজ্জয়ী প্রাণায়ামে কফরোগ ও শীতলী প্রাণায়ামে পিত্তদোষ দূর হয়। এই প্রাণায়ামটি যেন শরীরের এয়ার কন্ডিশন মেশিন, শরীরকে ঠাণ্ডা রাখে, ক্ষুধা, তৃষ্ণা দূর করে।**

**খ) উজ্জয়ী প্রাণায়াম :** শ্রীমদ্‌স্বামী শিবানন্দ সরস্বতীর বর্ণনা অনুযায়ী এই প্রাণায়ামটিতে শরীরের প্রাণ শক্তি বৃদ্ধি পায়। আগের আসনের ন্যায় বসে উভয় নাসারন্ধ্র দিয়ে সশব্দে দম ভরে শ্বাস নিয়ে 'জলন্ধর বন্ধ' অর্থাৎ মাথা নীচু করে গলার থুতনি চেপে রেখে বস্তি প্রদেশের স্নায়ুগুলি এককথায় পায়ুদ্বারা ও জেনিটাল অরগ্যানগুলিকে সাধ্যমতো টেনে রাখতে হবে

১০/১৫ সেকেন্ড। তারপরে মাথা সোজা করে নিয়ে ডান নাসারন্ধ্র চেপে রেখে বাঁদিক দিয়ে শ্বাস ছেড়ে দিন। অবশ্যই তখন ডান নাকের ছিদ্র অর্থাৎ ডানদিকে বুড়ো আঙুল দিয়ে বন্ধ করে রাখবেন। এভাবে এই প্রাণায়ামটি ১৫-২০ বার অভ্যেস করুন।

**উপকারিতা :** সর্দি, কাশি, কফরোগ, হাঁপানি মানসিক শান্তি ফেরাতে এই প্রাণায়ামটি খুবই সাহায্য করে, শুধু তাই নয় অকালবাধ্যক্য রোধ করে।

আবার কেউ কেউ শ্বাস নেওয়ার সঙ্গে সঙ্গে কণ্ঠকূপকে টেনে নিতে শেখান এই উজ্জয়ী প্রাণায়ামে।

শাস্ত্রে বলা রয়েছে চলতে চলতে বা দাঁড়িয়ে উজ্জয়ী কুম্ভক বা প্রাণায়ামটি করা যায়।

**গ) শৎকারী :** দু'ঠোঁটের মাঝখানে জিভ সংলগ্ন রেখে মুখ দিয়ে শৎ শৎ বা সি সি শব্দ করতে করতে বাইরের বায়ু ভিতরে টেনে নিতে হবে। পরে ৫/১০ সেকেন্ড বায়ু আটকে রেখে অর্থাৎ কুম্ভক করে নাক দিয়ে শ্বাস ছেড়ে দিন। এভাবে ৪/৫ অথবা সাধ্যমতো বার করুন।

**উপকারিতা :** এই প্রাণায়াম নিয়মিত অভ্যাস করলে ক্ষুধা, তৃষ্ণা, নিদ্রা ও আলস্য জয় করা যায়। শুধু তাই নয় এই শৎকারী অভ্যেসে যোগী হন বলবান।

**ঘ) শীতলী :** যে কোনও ধ্যানাসন বা চেয়ারে বসে ঠোঁট একটু সরু করে দিয়ে অর্থাৎ শিস দেওয়ার মতো করে অধর ও ওষ্ঠ রেখে সেই ফাঁক দিয়ে জিভকে পাখির ঠোঁটের মতো একটু বার করে দিয়ে বাইরের বায়ু টেনে নিতে হবে। এবার ৫/১০ সেকেন্ড পরে মুখ বন্ধ করে নাক দিয়ে শ্বাস ছেড়ে দিন। যখন শ্বাস টানবেন তখন অনুভব করবেন যেন ঠাণ্ডা বাতাস টেনে নিচ্ছেন। ২/৫ বা সাধ্যমতো মিনিট অভ্যেস করবেন।

**উপকারিতা :** হটযোগ প্রদিপীকায় বলা রয়েছে প্লীহা, পিত্তজনিত রোগ, ক্ষুধা, তৃষ্ণা প্রভৃতি দূর হয়।

**ঙ) ভস্ত্রিকা :** ভস্ত্রিকা কথার অর্থ কর্মকারগণ অগ্নিতে দেওয়ার জন্য বা আগুনকে জ্বালিয়ে রাখবার জন্য যে যন্ত্রটি ব্যবহার করেন তার নাম ভস্ত্রিকা বা ভস্ত্রা, সহজ সরল কথায় হাঁপর। এই হাঁপর যন্ত্রে যেভাবে দ্রুত বায়ু পূরণ করা হয় এবং যেভাবে দ্রুত বায়ু শূন্য করা হয় এই প্রাণায়ামটিতেও তেমনই করা হয়ে থাকে। তাই এর নাম ভস্ত্রিকা প্রাণায়াম। পদ্মাসনে বসে না পারলে যে কোনও ধ্যানাসনে বা চেয়ারে বসে কিছুক্ষণ সশব্দে দু'নাসারন্ধ্র দিয়ে বায়ু টেনে নিতে হবে। তারপর সশব্দে বায়ু রোচন বা ছেড়ে দিতে হবে, মাঝে থুতনি গলায় চেপে রেখে পায়ুদ্বার-সহ বস্তিপ্রদেশ অংশকে ভিতর দিকে ৫/১০ সেকেন্ড টেনে রাখবেন। এই ক্রিয়াটিকে যোগীরা উদ্ঘাত ক্রিয়ারূপে বর্ণনা করেছেন। এবার করুন ভস্ত্রিকা অনামিকা ও কনিষ্ঠা আঙুল দিয়ে বাম নাসারন্ধ্র বন্ধ রেখে নাকের ডানদিকের ছিদ্র দিয়ে সশব্দে শাস টেনে নিন। এরপরে বুড়ো আঙুল দিয়ে ডান নাসারন্ধ্রও বন্ধ রেখে মূলবন্ধ, মহাবন্ধ মুদ্রা করে বস্তিপ্রদেশটিকে ভেতর দিকে টেনে রাখুন ৫/১০/১৫ বা সাধ্যমতো সেকেন্ড। এরপরে বাম নাসারন্ধ্র দিয়ে সশব্দে ভিতরের বায়ুকে বা এক কথায় শ্বাস ছেড়ে দিন। এবার আবার বাঁদিকের নাকের ছিদ্র দিয়ে শ্বাস টানুন সশব্দে এবং একইভাবে ক্রিয়াটি করুন, এককথায় ডানে নিয়ে বাঁয়ে ছাড়া আবার বাঁয়ে নিয়ে ডানে ছাড়া। মাঝে মূলবন্ধ ও মহাবন্ধ মুদ্রা করা। ২/৫/১০ বা সাধ্যমতো মিনিট করুন।

**উপকারিতা :** সূর্যভেদ প্রাণায়ামে বাত রোগ, অম্বল, অজীর্ণ, কফ রোগ দূর হয়। উজ্জয়ী প্রাণায়ামে কফরোগ ও শীতলী প্রাণায়ামে পিত্তদোষ দূর হয়। এই প্রাণায়ামটি যেন শরীরের এয়ার কন্ডিশন মেশিন, শরীরকে ঠাণ্ডা রাখে, ক্ষুধা, তৃষ্ণা দূর করে। ভস্ত্রিকা প্রাণায়ামে বায়ু-পিত্ত-কফ এই ত্রিধাতুকে সুষম রাখে। শরীর হয় উজ্জ্বল। চট করে রোগাক্রান্ত হতে দেয় না।



**চ) ভ্রামরী :** যে কোনও ধ্যানাসনে বসে দুটো কানের ছিদ্র দু'হাতের আঙুল দিয়ে বন্ধ করে যতটা সম্ভব শ্বাস টেনে নিয়ে ধীরে ধীরে ঠোঁট বন্ধ রেখে ভ্রমরের গুঞ্জনের ন্যায় গুণগুণ করতে করতে নাক দিয়ে বায়ু ছেড়ে দিন। শ্বাস নেওয়া ছাড়ার মাঝে ২/৫ সেকেন্ড কুম্ভক করতেও পারেন। বাংলার ঘরানায় ২ হাতের বুড়ো আঙুল দিয়ে দু'দিকের কানের ছিদ্র বন্ধ করুন এবার কনিষ্ঠা ও অনামিকা দিয়ে ঠোঁট বন্ধ রাখুন বাকি ২টি আঙুল কপালে রাখুন। ২/৫/১০ মিনিট করুন।

**উপকারিতা :** অস্থির মন স্থির হয়। মনের একাগ্রতা বাড়ায়। শ্রবণ শক্তি বৃদ্ধি করে। অন্যান্য প্রাণায়ামে যে সব উপকার পাওয়া যায় সেটিও পাওয়া যায়। মূর্চ্ছা প্রাণায়াম আগের প্রাণায়ামগুলির মতনই। আর প্লাবনী প্রাণায়ামে জলে ভেসে থাকা যায়। শোনা যায় প্রাণায়াম সিদ্ধ যোগী ত্রৈলঙ্গস্বামী এই প্রাণায়াম সহযোগে ৬ মাস কাল জলে ভেসে থাকতেন। আজকের যুগের চিকিৎসা বিজ্ঞান দেখতে পাচ্ছে প্রাণায়াম অভ্যাসের উপকারিতা। পরিমিত প্রাণায়াম রক্তে অক্সিজেনের মাত্রা বৃদ্ধি করে। ব্রেনের হিপ্পোক্যাম্পাসে কাজের ক্ষমতা বৃদ্ধি পায়। ফলে নতুন মেমরি সেল তৈরি হয়, ফলে স্মরণশক্তি বৃদ্ধি পায়। কর্টিজল হরমোন নিয়মিত প্রাণায়ামে সঠিকভাবে হয়। এই কর্টিজল হরমোন কিডনি অ্যাড্রেনাল কর্টেক্স থেকে বের হয়। যখন মানুষের উত্তেজনা বাড়ে বা স্ট্রেস হয় তখন কর্টিজল হরমোন বেড়ে যায়। কিন্তু প্রাণায়ামে এই হরমোন নিয়ন্ত্রিত হয় বলে উত্তেজনা প্রশমিত হয়। শরীরের টি সেল বাড়ে ফলে ইমিউনিটি বেড়ে যায়। এছাড়াও অনিদ্রা রোগ দূর করে নিয়মিত প্রাণায়ামে।

**ফুসফুসের উপর প্রভাব**

বছর তিনেক আগে যখন করোনা ভাইরাস হানা দিল, আমরাও হাড়েমজ্জায় বুঝলাম, সুস্থসবল ফুসফুস কতটা দরকার। এমনিতেই করোনায় যাঁরা সংক্রমিত হয়েছিলেন, তাঁরা সুস্থ হয়ে উঠলেও ফুসফুসের ওপর বেশ প্রভাব কিন্তু পড়েছে। সেই সঙ্গে বেড়ে চলা বায়ু দুষণের জেরে ফুসফুস আরও যেন ক্ষতিগ্রস্থ হচ্ছে।

সেই কারণে আরও জরুরি হয়ে পড়ছে ফুসফুসের যত্ন নেওয়া। আমরা কিন্তু একেবারে ছোট বয়স থেকেই কিছু অভ্যেসের মাধ্যমে সুস্থসবল ফুসফুস পেতে পারি। ছোট থেকেই যদি নিয়মিত প্রাণায়াম করতে পারি, তাহলে আমাদের ফুসফুস কিন্তু সুস্থসবল থাকতে পারে।

যোগ দর্শন অনুযায়ী, শ্বাসপ্রশ্বাস ক্রিয়াই প্রাণ। প্রশ্বাস নেওয়ার সময় আমরা অক্সিজেন নিচ্ছি, নিঃশ্বাস ছাড়ার সময় দূষিত কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করছি। এই শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়াটাই যদি আমাদের নিয়ন্ত্রণে থাকে, তাহলে আমাদের শরীরও অনেকদিন সুস্থসবল থাকবে।



ছোটদের খুব সহজভাবে এই প্রাণায়ামের অভ্যেস করানো যেতে পারে। তাদের সূর্যভেদ প্রাণায়াম, শীতলী প্রাণায়াম ইত্যাদি করানোর দরকার নেই। ওদের সঠিকভাবে বুকভরে প্রশ্বাস নেওয়া শেখাতে হবে। বাবু হয়ে বসে শিরদাঁড়া সোজা রাখতে হবে। তারপর লম্বা প্রশ্বাস নিয়ে আবার তা ছেড়ে দিতে হবে। কুম্ভক বা শ্বাস ধরে রাখার একেবারেই দরকার নেই।

বাচ্চাদের খেলার ছলেও প্রাণায়াম করানো যেতে পারে। তাদের বলুন, সোজাভাবে দাঁড়িয়ে দেহের সামনের দিকে মাটির সমান্তরালে হাত দু'টি তুলে ধরতে। এবার লম্বা শ্বাস নেওয়ার সময় হাত দুটি সমানভাবে দু'দিকে প্রসারিত করতে হবে। আবার লম্বাভাবে শ্বাস ছাড়ার সময় হাত আগের অবস্থায় ফিরিয়ে আনতে হবে।

আরও একটি উপায় হল, হাত সামনে না তুলে দু'পাশে রেখে সোজা ভাবে দাঁড়াতে হবে। লম্বা শ্বাস নেওয়ার সময় হাত দুটো মাথার উপরে তুলে আবার ছাড়ার সময় তা নামিয়ে ফেলতে হবে। বাচ্চারা খুব সহজেই এই প্রাণায়াম করতে পারে। হাঁটার সময়ও প্রাণায়াম হয়। ধরুন প্রথম তিন-চারটি স্টেপ শ্বাস নিলেন। পরের তিন, চার ধাপ শ্বাস ছাড়লেন। এতে ফুসফুসের কর্মক্ষমতা তো বাড়েই, সেই সঙ্গে ছোটদের একাগ্রতাও বাড়ে। আর বাড়ে স্মৃতিশক্তি।

কীভাবে? প্রাণায়ামের ফলে মস্তিষ্কের কর্টেক্সের স্তর আরও পুরু হয়। আমাদের স্মৃতি ধরে রাখার ক্ষমতাও বাড়ে। এছাড়া নিয়মিত প্রাণায়াম মস্তিষ্কের হিপ্পোক্যাম্পাসকেও প্রভাবিত করে। এই হিপ্পোক্যাম্পাস হল আমাদের মেমোরি সেন্টার। প্রাণায়াম কমায় স্ট্রেসও। এছাড়া বুকের বিভিন্ন মাংসপেশি ও শ্বাসকার্যে সহায়তাকারী স্নায়ুগুলির কার্যকারিতা বাড়ে। প্রাণায়ামের সঙ্গে সঙ্গে মৎস্যাসন, ভুজঙ্গাসন করতে পারলে আরও সুফল পাওয়া যায়।

শুধু ছোটরাই নয়, সকল বয়সিদেরই এইসব প্রাণায়াম করা উচিত। বড়দের দেখেই তো ছোটরা শিখবে। তবে মাঝে মধ্যে নয়, নিয়মিত প্রাণায়ামের মধ্যেই লুকিয়ে সুস্থ ফুসফুস তথা সুস্থ জীবনের চাবিকাঠি।

# শিশু কিশোর-কিশোরীর সহজ প্রাণায়াম

পরিতোষ হাজরা

● প্রাণায়াম কী?



● ● আমাদের যোগশাস্ত্রে শরীরকে সুস্থ রাখার ৮টি মূল স্তম্ভ বা পদ্ধতির একটি পদ্ধতির নাম প্রাণায়াম। এই পদ্ধতির মধ্যে দিয়ে শরীরের যে সমস্ত প্রধান অঙ্গ রয়েছে তাদের কার্যকারিতা বাড়ানো হয়। বিশেষ করে হার্ট এবং ফুসফুসকে শক্তিশালী করা যায় এই প্রক্রিয়ায়। প্রাণায়াম শব্দকে ভাঙলে আমরা পাই– প্রাণ এবং আয়াম। প্রাণ হল এক্ষেত্রে প্রাণশক্তি। আয়াম কথার অর্থ বৃদ্ধি বা বিস্তার। বায়ুমণ্ডলে যে অক্সিজেন রয়েছে তাকে শরীরে সঠিক পদ্ধতিতে প্রবেশ করানো হলে প্রাণশক্তির বিস্তার হয়। অর্থাৎ দেহ রোগমুক্ত ও আয়ুবৃদ্ধি হয়।

● কোন বয়স থেকে প্রাণায়াম করা যায়?

●● ৩ বছর বয়স থেকে শুরু করে আমৃত্যু প্রাণায়াম করা যায়।

● কোন কোন প্রাণায়াম থেকে শুরু করা উচিত?

● ● যোগদর্শনে প্রাণায়ামের বিভিন্ন ভাগ বা ধাপ আছে। সেগুলি যথাক্রমে পাশ্চাত্য প্রাণায়াম, সহজ প্রাণায়াম, কুম্ভক প্রাণায়াম বা লঘু প্রাণায়াম, বৈদিক প্রাণায়াম, রাজযোগ প্রাণায়াম। তবে আদর্শ নিয়ম অনুসারে প্রমে দরকার আসন অভ্যেস করা। এরপর ষঠকর্মের নেতি ও কপালভাতি এই দুটি পদ্ধতি অভ্যেস করা জরুরি। তৃতীয়ত নাড়িশুদ্ধি প্রাণায়াম করা উচিত। চতুর্থ পর্যায়ে থাকবে পাশ্চাত্য প্রাণায়াম। পঞ্চমত সহজ প্রাণায়াম, ষষ্ঠত কুম্ভক প্রাণায়াম বা লঘু প্রাণায়াম অভ্যেস করা জরুরি।

● প্রাণায়াম কখন করা যায়? খাবার পরে নাকি খালি পেটে?

●● সারাদিনে ৪ বার প্রাণায়াম করা যায়। সকাল, দুপুর, সন্ধ্যা ও রাতে। তবে এই নিয়ম সাধু-সন্তদের জন্য। গৃহবাসী মানুষ বা ছাত্র-ছাত্রীরা সকাল ও সন্ধ্যা অর্থাৎ দিনে ২ বার অভ্যেস করলেই যথেষ্ট। প্রাণায়ামের জন্য এই দুটি সময় অত্যন্ত উপযোগী। কারণ প্রাণায়াম করতে হয় খালি পেটে। সকালে হলেও তা খালি পেটে হচ্ছে। বিকেলে অভ্যেস করলেও তা খালি পেটেই করা হবে। কারণ সেক্ষেত্রেও দুপুরে আহারের পর ৩ ঘণ্টা অতিক্রান্ত হচ্ছে। আবার প্রাণায়াম শেষ করেই আহার করা উচিত নয়। অন্তত ৩০ মিনিট অপেক্ষা করতেই হবে।

● শিশুরা বা ছাত্ররা প্রাণায়াম করলে কী কী উপকার হতে পারে?

● ● দেখুন, প্রাণায়াম হল গুরুমুখী বিদ্যা। তাই একজন যোগাচার্য বা পশ্চিমবঙ্গ যোগ এবং ন্যাচারোপ্যাথি কাউন্সিলের অন্তর্ভুক্ত, রেজিস্ট্রিকৃত প্র্যাকটিসনারের কোনও একজন যোগাগুরুর অধীনে সঠিক উপায়ে প্রাণায়াম করলে তবে মিলবে সঠিক উপকার।

● গুরু নির্বাচন কেন জরুরি?

● ● প্রত্যেক মানুষের শরীরের শ্বাসের প্রবাহ ও শরীরের প্রকৃতি অনুসারে প্রাণায়াম নির্বাচন করতে হয়। অর্থাৎ একই প্রাণায়াম সকলের জন্য সঠিক নয়। ব্যক্তি বিশেষে প্রাণায়াম নির্বাচন করা উচিত।

● এমন কোনও সাধারণ প্রাণায়াম কি নেই যা সহজ এবং ছোটরাও করতে পারে?

● ● হ্যাঁ, নিজের থেকে শুরু করতে হলে কিছু প্রাণায়াম আছে যা করা যায়। সেগুলি নিয়েই কথা বলব। পাশ্চাত্য প্রাণায়াম যেমন অনেক ধরনের। আমরা প্রথমটি নিয়ে আলোচনা করব– সোজা হয়ে মাটির উপর দাঁড়ান। অর্থাৎ 'সাবধান' পজিশনে প্রমে স্থির হতে হবে। পা থাকবে পাশাপাশি। হাতের তালু থাকবে থাই-এর সঙ্গে লেগে। এবার শ্বাস নিতে নিতে দু'টি হাত মাথার উপরে তুলতে হবে। খেয়াল রাখুন কনুই যেন কান স্পর্শ করে থাকে। শ্বাস গ্রহণ শেষ হলে শ্বাস ছাড়তে ছাড়তে দুই হাত নামাতে হবে আগের অবস্থায়। এইভাবে চার থেকে পাঁচবার অভ্যেস করা যেতে পারে।

এবার সহজ প্রাণায়ামের অন্তর্ভুক্ত প্রম প্রাণায়ামটি ব্যাখ্যা করছি–



প্রমে দু'টি পা পাশাপাশি রেখে চিৎ হয়ে শুয়ে পড়ুন মাটি বা মাদুরের উপর। দু'টি হাত শরীরের পাশে ফেলে রাখুন। কোমরের কাছে থাক হাতের তালু। তালুর মুখ থাকবে উপরের দিকে। এবার শ্বাসগ্রহণ করতে করতে দু'টি হাত মাথার সঙ্গে সমান্তরালে নিয়ে আসুন। এবার শ্বাস ছাড়তে ছাড়তে দু'টি হাত পুনরায় আগের অবস্থায় নিয়ে আসুন। এইভাবে ২ থেকে ৩ মিনিট অভ্যেস করুন। এবার হাত দু'টিকে বিশ্রাম দিন। পা দু'টি জোড়া অবস্থায় রাখুন। এরপর শ্বাস নিতে নিতে ডান পা যতখানি সম্ভব উপরের দিকে তুলুন। আবার শ্বাস ছাড়তে ছাড়তে পা নামান। ফের বাঁ পা শ্বাস নিতে নিতে উপরের দিকে তুলুন ও শ্বাস ছাড়তে ছাড়তে নীচের দিকে নামান। এভাবে ২ থেকে ৩ মিনিট আসনটি অভ্যেস করুন।

কুম্ভক বা লঘু প্রাণায়ামের অনেক ধাপ আছে। এগুলির মধ্যে ভস্ত্রিকা প্রাণায়াম অভ্যেস করতে পারেন।

এক্ষেত্রে পদ্মাসনে বসে পেট, বুক ও থুতনি সোজা রেখে নাক দিয়ে জোরে জোরে বাতাস বের করে দিতে হবে। এই হল রোচক প্রক্রিয়া। পেটের বাতাস যখন শেষ হয়ে যাবে তখন আবার বাতাস গ্রহণ করতে হবে। এই হল পূরক প্রক্রিয়া।

● এই প্রাণায়ামগুলি কী কী উপকার করে?

● ● পাশ্চাত্য প্রাণায়ামগুলির উপকারগুলি যথাক্রমে–

ক) গভীরভাবে শ্বাস গ্রহণ করার ফলে শরীরে অনেক বেশি মাত্রায় অক্সিজেন ঢোকে। একইরকমভাবে শ্বাস ছাড়ার সময় কার্বন-ডাই-অক্সাইড শরীরের বাইরে বেরিয়ে যায়।

খ) ফুসফুস ও হার্ট সবল হয়। বিশুদ্ধ বায়ুগ্রহণে অক্সিজেনের মাত্রা বাড়ায় দেহের ক্ষতিকর উপাদানগুলি সেভাবে ক্ষতি করতে পারে না।

গ) শরীরে শ্লেষ্মাজনিত অসুখগুলি হ্রাস পায়।

সহজ প্রাণায়ামে–

ক) শরীরের উর্ধ্বাঙ্গ ও নিম্নাঙ্গের স্নায়ু সবল হয়। বিশেষ করে বয়স্কদের হাত ও পায়ে বাতের আক্রমণ প্রতিহত হয়।

খ) হৃদযন্ত্র ও ফুসফুসকে কার্যক্রম রাখে। বালক-বালিকাদের মধ্যে যখন তখন সর্দিকাশির আক্রমণ প্রতিহত হয়। কুম্ভক প্রাণায়ামের অন্তর্ভুক্ত ভস্ত্রিকা প্রাণায়ামের অভ্যেসে–

ক) শরীরে বায়ু, পিত্ত ও কফের সমতা বজায় থাকে। এই ত্রিধাতু সুষম থাকলে শরীর রোগগ্রস্ত হয় না।

আর সবশেষে একটা কথাই বলব, তা হল শরীর ও মনের উপরে প্রাণায়ামের প্রভাব রয়েছে। আমাদের মন সর্বদা বিচরণশীল। চিত্ত স্থির না করলে কোনও ব্যায়াম বা ধ্যান করা সম্ভব নয়। এই যে শরীর স্থির রেখে একটি নির্দিষ্ট পদ্ধতির উপর মনোনিবেশ করে ব্যায়াম করতে হচ্ছে, এর ফলে মনও একটি বিষয়ে নিবিষ্ট হওয়ার দক্ষতা অর্জন করছে। এর প্রভাব অবশ্যই মনের উপর পড়ে। ফলে পড়াশোনা করার সময় এদিক ওদিকে চিত্ত সরে না। নিবিষ্ট হয়ে পড়াশোনা ও যে কোনও কাজ করা সম্ভব হয়। ❑

---

*ধর্মক্ষেত্র ... ৪৯ পৃষ্ঠার বাকি অংশ*



**কর্ণবধ :** কর্ণবধ হচ্ছে এক দীর্ঘ পরিখার নাম যেখানে অর্জুন কর্ণকে বধ করার পূর্বে কর্ণের রথের চাকা আটকে গিয়েছিলো।

**পরাসর / দ্বৈপায়ন :** থানেশ্বর শহর থেকে ২৫ মাইল দক্ষিণে ব্যাসদেবের পিতা পরাসর মুনির আশ্রম। কুরুক্ষেত্র যুদ্ধের শেষে দুর্যোধন পলায়ন করে এখানের সরোবরে লুকিয়ে ছিলেন।

**চক্রব্যুহ :** থানেশ্বর শহর থেকে ৮ কিলোমিটার দক্ষিণে এই চক্রব্যুহ স্থান অবস্থিত। এই স্থানে অর্জুন ও সুভদ্রার ছেলে অভিমন্যুকে সপ্তরথী মিলে অন্যায়ভাবে নিহিত করেছিলো।

**দধিচি তীর্থ :** অনেককাল পূর্বে সরস্বতী নদীর তীরে দধিচি মুনির আশ্রম ছিল। অসুর দমনের জন্য দধিচি মুনি ইন্দ্রকে অস্ত্র তৈরির জন্য দেহের হাড় দান করার জন্য সেচ্ছায় প্রাণ ত্যাগ করেছিলেন। ❑

তথ্যসূত্র :

১। মহাভারত
২। ইউটিউব

# সূর্য নমস্কার

অমরেন্দ্রনাথ দাস



ভূ-পৃষ্ঠের সকল শক্তির উৎস সূর্য। প্রাচীনকালে মুনিঋষিরা মনে করতেন, সূর্যকে সন্তুষ্ট করতে পারলে তাঁরাও সকল শক্তির অধিকারী হবেন। সে কারণেই প্রণীত হয় সূর্যপ্রণাম ব্যায়াম। এর সকল ভক্তিমাগুলি প্রম থেকে শেষ পর্যন্ত একটি ছন্দময় গতিতে আবদ্ধ। প্রাচীনকাল থেকে মুনিঋষিরা যোগাভ্যাসের আগে ওয়ার্মিং আপ (শরীরকে যোগাভ্যাসের উপযোগী করে তোলা) করতেন। এই সময় যে ব্যায়ামগুলি অভ্যাস করা হতো, তাদের মধ্যে 'সূর্য নমস্কার' অন্যতম। এটি দেহের সমস্ত অঙ্গ এবং হৃদযন্ত্রের জন্য অত্যন্ত উপকারী। সূর্যপ্রণামের মাধ্যমে শারীরিক ও মানসিক দুই উপকারই মেলে।

● কেন করবেন সূর্য নমস্কার?

●● ব্যস্ততার যুগে সূর্য নমস্কার এমন একটি ব্যায়াম যার সাহায্যে খুব কম সময়ে সমস্ত দেহের জড়তা কাটানো সম্ভব। অল্প সময়ের মধ্যে দেহের সমস্ত অংশের কার্যকারিতা বৃদ্ধিতে সাহায্য করে সূর্য নমস্কার। মন ভালো থাকে। ক্লান্তি কমে। এ কারণেই কেবল ভারত নয়, বিদেশেও প্রসিদ্ধ সূর্য নমস্কার।

**সূর্যপ্রণাম হল ১২টি আসনের সমন্বয় ভঙ্গি। সঠিক নিয়ম ও মন্ত্রোচ্চারণের মাধ্যমে আসনগুলি করলে দ্রুত ফল মেলে।**

**● সূর্য নমস্কারের আদর্শ সময়?**

●● সূর্যপ্রণামের আদর্শ সময় সূর্যোদয়ের পরমুহূর্ত। তার জন্য রোজ সূর্যোদয়ের অন্তত আধঘণ্টা আগে ঘুম থেকে ওঠা প্রয়োজন। তারপর শান্ত চিত্তে সূর্যদেবকে সম্মান জ্ঞাপন করতে হবে। ভোর বেলায় খালিপেটে সূর্য নমস্কার করা সবচেয়ে ভাল।

**● কীভাবে করবেন সূর্য নমস্কার?**

●● সূর্যপ্রণাম হল ১২টি আসনের সমন্বয় ভঙ্গি। সঠিক নিয়ম ও মন্ত্রোচ্চারণের মাধ্যমে আসনগুলি করলে দ্রুত ফল মেলে।

**১. প্রাণায়াম :** প্রমে দু'পা জোড়া করে দু'হাত শরীরের দু'পাশে রেখে সোজা হয়ে দাঁড়াতে হবে। এরপর শ্বাস নেওয়ার সঙ্গে দু'দিক থেকে হাত তুলুন এবং শ্বাস ছাড়ার সময় দুই হাত বুকের কাছে নমস্কারের ভঙ্গিতে আনুন। সারা দেহ শিথিল করে উচ্চারণ করুন 'ওঁ মিত্রায় নমঃ'।

**উপকারিতা :** এই ভঙ্গি স্নায়ুতন্ত্রের নানান জটিলতা কমায়, দেহের ভারসাম্যের জন্য উপকারী। এটি মানসিক চাপ এবং উদ্বেগ দূর করতেও সাহায্য করে।

**২. হস্তোত্থানাসন :** এই আসন শুরু করুন ধীরে ধীরে শ্বাস ছেড়ে। এরপর শ্বাস গ্রহণ করার সময় দু'হাত উপরে তুলে পিছন দিকে নিয়ে যেতে হবে (মনে রাখবেন হাতের বাইসেপ যেন কানে ঠেকে)। পায়ের গোড়ালি থেকে হাতের আঙুলের ডগা পর্যন্ত স্ট্রেচ করতে হবে পিছনের দিকে। এরপর ধীরে ধীরে শ্বাস ছেড়ে সামনের দিকে আসুন। এই আসনের মন্ত্র 'ওঁ রবায়ে নমঃ'।

**উপকারিতা :** পেটের পেশিগুলি প্রসারিত করে। ফলে মেদ ঝরে। দৈহিক উচ্চতা বৃদ্ধিতে সাহায্য করে।

**৩. হস্তপদাসন :** হস্তোত্থানাসন ভঙ্গি থেকে শ্বাস ছাড়তে ছাড়তে মেরুদণ্ড সোজা রেখে কোমরের সাহায্যে সামনের দিকে ঝুঁকুন। এই আসনে বুক উরুতে এবং মুখ হাঁটু স্পর্শ করবে। দুই হাত মেঝেতে রাখতে হবে। হাঁটু সামান্য ভাঁজ হলেও সমস্যা নেই। উচ্চারণ করুন 'ওঁ সূর্যায় নমঃ'।

**উপকারিতা :** এটি মেরুদণ্ডকে প্রসারিত করে এবং নমনীয় করে তোলে। হ্যামস্ট্রিং, পা, কাঁধ এবং বাহুপেশিগুলিকে শক্তিশালী করতে সাহায্য করে।

**৪. অশ্ব সঞ্চালনাসন :** ডান হাঁটু মেঝেতে রেখে পা যতখানি সম্ভব পিছনের দিকে স্ট্রেচ করতে হবে। আর বাম পা থাকবে দুই তালুর ঠিক মাঝখানে। এই অবস্থায় নিতম্বের নীচের দিকে হালকা চাপ দিয়ে সামনের দিকে তাকিয়ে থাকতে হবে কিছুক্ষণ। এই আসনের মন্ত্র– 'ওঁ ভানভে নমঃ'।

**উপকারিতা :** পায়ের পেশি এবং মেরুদণ্ডকে শক্তিশালী করে। বদহজম এবং কোষ্ঠকাঠিন্য দূর করে।

**৫. পর্বতাসন :** শ্বাস ছাড়তে ছাড়তে এবার বাম পাকে ডান পায়ের মতোই পিছনে নিয়ে যেতে হবে। গোড়ালিকে যতটা সম্ভব মাটিতে রেখে নিতম্ব ও টেল বোনকে উপরের দিকে তুলতে হবে। সঙ্গে উচ্চারণ করুন 'ওঁ খাগায় নমঃ'।

**উপকারিতা :** এই ভঙ্গিমা শারীরিক গঠন উন্নত করে এবং মনকে শান্ত করে।

**৬. অষ্টাঙ্গ নমস্কার :** হাঁটু দু'টি মেঝেতে রাখুন। ধীরে ধীরে শ্বাস ছাড়ুন। শরীর সামনের দিকে এনে বুক, চিবুক মাটিতে ঠেকান। নিতম্ব সামান্য উপরের দিকে তুলতে হবে। দুই হাত, দুই পা, দুই হাঁটু, বুক, চিবুক– আটটি অঙ্গ মাটিতে রয়েছে বলে এই

আসন অষ্টাঙ্গ নমস্কার হিসেবে পরিচিত। এই আসন করার সময় 'ওঁ পূষণে নমঃ' উচ্চারণ করুন।

**উপকারিতা :** পিঠ এবং মেরুদণ্ডের নমনীয়তা বৃদ্ধি করে। টেনশন থেকে মুক্তি দেয়।

**৭. ভুজঙ্গাসন :** এবার হাত ও পা দু'টিকে একই জায়গায় রেখে বুক থেকে দেহের উপরিভাগ উপরে তুলতে হবে। সঙ্গে ধীরে ধীরে শ্বাস নিন। এই সময়ে দৃষ্টি থাকবে উর্ধ্বমুখী। 'ওঁ হিরণ্যগর্ভায় নমঃ' উচ্চারণ করুন এই সময়।

**উপকারিতা :** সারা দেহকে নমনীয় করে তোলে। মনকে শান্ত রাখে।

**৮. পর্বতাসন :** ভুজঙ্গাসন থেকে ধীরে ধীরে শ্বাস ছেড়ে নিতম্ব ও টেল বোনকে উপরের দিকে তোলার চেষ্টা করতে হবে। গোড়ালি যতটা সম্ভব মাটিতে রাখার চেষ্টা করতে হবে। এই আসনের সঙ্গে 'ওঁ মরীচায় নমঃ' মন্ত্রোচ্চারণ করতে হবে।



**উপকারিতা :** মেরুদণ্ডের রক্তপ্রবাহ বাড়ায়। হাত ও পায়ের পেডশিকে শক্তিশালী করে।

**৯. অশ্ব সঞ্চালনাসন :** পর্বতাসন থেকে ফের ৪নং আসনের মতো ভঙ্গি করতে হবে। তবে এবার ডান হাঁটুর পরিবর্তে বাম হাঁটু মেঝের উপর রেখে পা পিছনের দিকে স্ট্রেচ করতে হবে। ডান হাঁটু থাকবে দুই তালুর ঠিক মাঝখানে। এই আসনের মন্ত্র 'ওঁ আদিত্যায় নমঃ'।

**উপকারিতা :** পায়ের পেশিতে নমনীয়তা আসে। মেরুদণ্ডের জন্য উপকারী।

**১০. হস্ত পদাসন :** এবার শ্বাস ছাড়ার সঙ্গে বাম পাকে সামনের দিকে আনুন। হাতের তালু মেঝেতে রেখে ৩নং আসনের ভঙ্গিতে দাঁড়াতে হবে। এই আসনে উচ্চারিত হবে 'ওঁ সাবিত্রে নমঃ'।

**উপকারিতা :** দেহে রক্ত চলাচল বৃদ্ধি করে। শরীরের পেশির ক্ষমতা বাড়ায়।

**১১. হস্তোত্থানাসন :** শ্বাস গ্রহণের সঙ্গে সঙ্গে মেরুদণ্ডকে উপরের দিকে তুলতে হবে। তারপর ধীরে ধীরে প্রণামের ভঙ্গি করে পিছনের দিকে দেহকে স্ট্রেচ করুন। এই সময় 'ওঁ অর্কায় নমঃ' উচ্চারণ করুন।

**উপকারিতা :** নিঃশ্বাস, প্রশ্বাসের কার্যকারিতা বাড়ায়। ব্যথা কমাতে সাহায্য করে। হজম শক্তি বৃদ্ধি করে। ক্লান্তি দূর করে।

**১২. তারাসন :** এবার ধীরে ধীরে দম ছাড়তে ছাড়তে দুই হাত প্রণামের ভঙ্গিতে রেখে পা জেড়ো করে সোজা হয়ে দাঁড়ান শুরুর অবস্থানের মতো। এরপর ধীরে ধীরে হাত দু'টি নামিয়ে আনুন। সঙ্গে উচ্চারণ করুন 'ওঁ ভাস্করায় নমঃ'।

**উপকারিতা :** ঘুম ভালো হয়। স্ট্রেস কমায়। আবেগ, উদ্বেগ নিয়ন্ত্রণে আনে। লক্ষ্য স্থির করতে সাহায্য করে।

**মনে রাখবেন**

দিনে অন্তত দু'বার সূর্য নমস্কার করলে ভালো ফল মেলে। তবে তা অবশ্যই আপনার সামর্থ্য অনুযায়ী। চেষ্টা করুন প্রতিটি আসন অন্তত ৫ সেকেন্ড করে করার। তবে সূর্য নমস্কারের সব আসন আপনার জন্য প্রযেজ্য নাও হতে পারে। অনেক রোগের ক্ষেত্রে একাধিক আসন করা নিষিদ্ধ। তাই আসন নির্বাচনের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেওয়াই শ্রেয়। ❑

---

*সনাতন ধর্ম ... ৬২ পৃষ্ঠার বাকি অংশ*

**মহাভারতের** ধর্মরাজ যুধিষ্ঠিরের মতে, সনাতন ধর্মের মৌলিক উপাদান হলো :

- দয়া
- ক্ষমাশীলতা (ক্ষমা পরম ধর্ম)
- অনসূয়া (ঈর্ষা বা হিংসা থেকে মুক্ত)
- অনৃশংসতা (অন্যের প্রতি নিষ্ঠুরতা না দেখান)

তিনি বলেন, 'দয়া শ্রেষ্ঠ ধর্ম'। এই দয়ার নীতিই ব্যক্তিগত আচরণ থেকে শুরু করে রাষ্ট্রের শাসনব্যবস্থা পর্যন্ত বিস্তৃত। নৃশংসতা মানে শুধু মারামারি, কাটাকাটিই নয়, কাউকে মনে আঘাত দেওয়া বা অসম্মান করাও নৃশংসতা। উৎকট অসাম্য সহ্য করাও নৃশংসতা। তিনি বলেন, 'অবিনাশী নিত্যধর্মই সনাতন ধর্ম'।

**সনাতন ধর্ম : এক জীবন্ত জীবনদর্শন**

সনাতন ধর্ম কোনো একক মত নয়, এটি বহুমাত্রিক– তাতে আছে উপনিষদীয় জ্ঞান, বৈদিক আচরণ, পুরাণের কাহিনি, তন্ত্রের রহস্য, ভক্তির আবেগ এবং যোগের সাধনা। এর মূল সৌন্দর্য হলো– এটি পরিবর্তিত সময়েও নিজেকে নবরূপে প্রকাশ করতে পারে, অথচ তার চিরন্তন সত্যকে অক্ষুণ্ন রাখে।

আজও হিন্দুধর্মের বহু সূত্রে– আচার, জ্ঞানচর্চা, দর্শনচিন্তা এবং মানবিক নীতিতে 'এষ ধর্মঃ সনাতনঃ' বাক্যটি প্রাসঙ্গিক হয়ে রয়ে গেছে।

**উপসংহার : সনাতন ধর্ম– এক শাশ্বত যাত্রা**

'সনাতন ধর্ম' কোনো এক নির্দিষ্ট মত নয়; এটি এক বহমান নদী– যা যুগে যুগে নিজের রূপ পাল্টালেও কখনও নিজের উৎসকে বিস্মৃত হয়নি। এই ধর্ম কেবল বিশ্বাসের অবলম্বন নয়– এটি এক জীবন পদ্ধতি, এক নৈতিক সাধনা, এক অন্তর্জাগতিক অনুশীলন।

ড. রাধাকৃষ্ণনের মতে, 'ধর্ম হলো যা সমাজকে একত্র করে। যা বিভক্ত করে, তা ধর্ম নয়, অধর্ম।'

এই সূত্রেই 'সনাতন ধর্ম' এক অতল সত্য– যা সময়ের সীমা পেরিয়ে এক চিরন্তন আত্মপরিচয়ে পরিণত হয়েছে। ❑

# বাহ্যপূজা

[ ১০ই এপ্রিল, ১৯০০ খ্রিস্টাব্দ, আমেরিকার সান ফ্রান্সিস্কো শহরে প্রদত্ত বক্তৃতা ]

স্বামী বিবেকানন্দ

আপনাদের মধ্যে যাঁহারা বাইবেল পড়িয়াছেন, তাঁহারা জানেন ইহুদি জাতির সমগ্র ইতিহাস এবং চিন্তাধারার মূলে রহিয়াছেন দুই শ্রেণীর শিক্ষক– পুরোহিত ও ধর্মগুরুগণ। পুরোহিতগণ রক্ষণশীলতার এবং ধর্মগুরুগণ প্রগতিশীলতার প্রতীক। মোট কথা এই সমাজে ক্রমে ক্রমে গোঁড়া আনুষ্ঠানিকতা প্রবেশ করে, বাহ্য আচার সবকিছুকে অধিকার করিয়া বসে। প্রত্যেক দেশ এবং প্রত্যেক ধর্মের ক্ষেত্রেই ইহা সত্য। তারপর কয়েকজন সত্যদ্রষ্টা মহাপুরুষ নূতন দৃষ্টিভঙ্গি লইয়া আবির্ভূত হন। তাঁহারা নূতন ভাব ও নূতন আদর্শ প্রচার করেন এবং সমাজকে গতিশীল প্রচারিত ভাবসমূহের প্রতি এতো বেশি অনুরক্ত হইয়া পড়ে যে, ঐগুলি ছাড়া তাহারা অন্য কিছু দেখিতে পায় না। এই যুগের সর্বাপেক্ষা গোঁড়া প্রগতিশীল এবং উদার মতাবলম্বী প্রচারকগণও কয়েক বৎসরের মধ্যে সর্বাপেক্ষা গোঁড়া পুরোহিতে পরিণত হইবেন। আবার প্রগতিবাদী মনীষিগণও– কাহারও মধ্যে সামান্য প্রগতি দেখিলে উহার বিরুদ্ধাচরণ করিতে আরম্ভ করিবেন। তাঁহাদের চিন্তাধারা অতিক্রম করিয়া সমাজ অগ্রসর হউক– ইহা তাঁহারা চাহিবেন না। যাহা কিছু যেখানে চলিতেছে, ঐভাবে চলিলেই তাঁহারা সন্তুষ্ট।

প্রত্যেক দেশে প্রত্যেক ধর্মের প্রাথমিক নীতিগুলির মধ্যে যে শক্তি কাজ করে, তাহা ধর্মের বাহ্যরূপে প্রকাশিত হয়। ... নীতি বা গ্রন্থ, কতকগুলি নিয়ম, বিশেষ প্রকারে অঙ্গ-সঞ্চালন, দাঁড়ানো বা বসিয়া পড়া– এসবই উপাসনার পর্যায়ভুক্ত। অধিকসংখ্যক লোক যাহাতে ধারণা করিতে পারে, সেজন্য পূড়া স্থূলরূপ পরিগ্রহ করে। প্রত্যেক দেশের অধিকাংশ লোকই একটি ভাবকে কখনও ভাবরূপে পূজা করে না। ইহা এখনও সম্ভব হইয়া উঠে নাই। ভবিষ্যতে যেকোনো দিন হইবে, তাহাও মনে হয় না। এই শহরের কয় সহস্র ঈশ্বরকে একটি ভাবরূপে পূজা করিবার জন্য প্রস্তুত? অতি সামান্যই। মানুষ ইন্দ্রিয়গ্রাহ্য জগতে বাস করে, তাই ঐরূপ করিতে পারে না। মানুষকে আরও পূর্ব হইতে ধর্মভাব দিতে হইবে। তাহাকে স্থূলভাবে কিছু করিতে বলো : কুড়িবার উঠিতে এবং কুড়িবার বসিতে বলো, সে উহা বুঝিবে। তাহাকে এক নাসারন্ধ্র দিয়া শ্বাসগ্রহণ করিতে এবং অপর রন্ধ্র দিয়া নিঃশ্বাস ফেলিতে বলো– সে উহা বুঝিবে। নিছক ভাবগত আদর্শ মানুষ মোটেই গ্রহণ করিতে পারে না। ইহা তাহাদের দোষ নয়। ... ঈশ্বরকে ভাবরূপে পূজা করার শক্তি যদি তোমার থাকে, তবে উত্তম। কিন্তু এমন এক সময় ছিল, যখন তুমি উহা পারিতে না। ... লোকেরা যদি স্থূল বুদ্ধিসম্পন্ন হয়, তাহা হইলে ধর্ম সম্বন্ধে ধারণাগুলি অপরিণত এবং ধর্মের বহিরঙ্গগুলি স্থূল ও অমার্জিত হইয়া পড়ে। লোকেরা যদি মার্জিত ও শিক্ষিত হয়, তাহাদের বাহ্য অনুষ্ঠানগুলি আরও সুন্দর হয়। বাহ্য অনুষ্ঠানাদি থাকিবে, সেগুলি শুধু কালের প্রয়োজনে পরিবর্তিত হইবে।

ইহা আশ্চর্য যে, মুসলমান ধর্ম যেভাবে বাহ্যপূজার বিরুদ্ধাচরণ করিয়াছে, পৃথিবীতে অন্য কোনো ধর্ম কখনও সেরূপ করে নাই। ... চিত্র, স্থাপত্য বা সঙ্গীত– মুসলমানদের থাকিতে পারিবে না, কেননা এইগুলি বাহ্যপূজার সহায়ক। জনসাধারণের সঙ্গে পুরোহিতদের কখনও যোগাযোগ হইবে না, হইলেও পার্থক্যের সৃষ্টি হইবে। এইভাবে কোনো পার্থক্য নাই। কিন্তু তবু পয়গম্বরের দেহত্যাগের পর দুই শতাব্দী যাইতে না যাইতেই সাধু-সন্তের পূজা প্রবর্তিত হইলো। এইখানে সাধুর পায়ের অঙুষ্ঠ! ঐখানে তাঁহার গাত্রচর্ম! এইভাবে চলিতে লাগিল। বাহ্যপূজা আধ্যাত্মিক উন্নতির পথে অন্যতম সোপান এবং আমাদিগকে উহার মধ্য দিয়াই যাইতে হইবে।

সুতরাং বাহ্যপূজার বিরুদ্ধে জেহাদ ঘোষণা না করিয়া উহার যেটুকু ভালো, তাহা গ্রহণ করা উচিত, এবং অন্তর্নিহিত ভাবগুলি বিবেচনা করিয়া দেখা কর্তব্য। অবশ্য সর্বাপেক্ষা নিম্নস্তরের পূজা বলিতে গাছ-পাথরের পূজাই বুঝায়। প্রত্যেক অমার্জিত ও অশিক্ষিত ব্যক্তিই যেকোনো পদ্ধতি গ্রহণ করিয়া উহাতে নিজস্ব ভাব যোগ করিয়া দিবে, তাহাতেই তাহার সাহায্য হইবে। সে একখণ্ড অস্থি বা পাথর পূজা করিতে পারে। বাহ্যপূজার এই সকল অপরিণত অবস্থায় মানুষ কিন্তু কখনও পাথরকে পাথর হিসাবে বা গাছকে গাছ হিসাবেই পূজা করে নাই– সাধারণ বুদ্ধি দ্বারাই তোমরা এটুকু জানো। পণ্ডিতেরা অনেক সময় বলেন– মানুষ গাছ-পাথরের পূজা করিতো। এসবই অর্থহীন। মানবজাতি যে সকল নিম্নস্তরের পূজানুষ্ঠানের মধ্য দিয়া অগ্রসর হইয়াছে, বৃক্ষ-পূজা ঐগুলির অন্যতম। প্রকৃতপক্ষে কখনই মানুষ ভাব ছাড়া অন্য কিছুরই পূজা করে নাই। মানুষ ভাবস্বরূপ এবং ভাব ব্যতীত অন্য কিছুই অনুভব করিতে পারে না। দেহভাবে পূর্ণ মনুষ্য-মন সূক্ষ্মভাবকে জড়বস্তুরূপে উপাসনা করার মতো এতো বড় ভুল কখনও করিতে পারে না। এই ক্ষেত্রে মানুষ পাথর বা গাছকে ভাবরূপেই চিন্তা করিয়াছে। সে কল্পনা করিয়াছে যে, সেই পরম সত্তার কিছুটা এই পাথর বা গাছে রহিয়াছে এবং ইহাদের মধ্যে আত্মা আছেন। বৃক্ষপূজা এবং সর্পপূজা সর্বদা অঙ্গাঙ্গিভাবে জড়িত। জ্ঞান-বৃক্ষ আছে। বৃক্ষ অবশ্যই থাকিবে এবং সর্পের সহিতও বৃক্ষ কোনো না কোনোভাবে জড়িত থাকিবে। এগুলি প্রাচীনতম পূজা পদ্ধতি। সেখানেও দেখিবে, কোন বিশেষ প্রস্তর বা বিশেষ বৃক্ষই পূজিত হইয়াছে– পৃথিবীর যাবতীয় বৃক্ষ এবং যাবতীয় প্রস্তরকে পূজা করা হয় নাই।

**বাহ্যপূজা আধ্যাত্মিক উন্নতির পথে অন্যতম সোপান এবং আমাদিগকে উহার মধ্য দিয়াই যাইতে হইবে।**

বাহ্যপূজার উন্নততর সোপানে ঈশ্বরের বা পূর্বপুরুষদের প্রতিমূর্তিকে পূজা করা হয়। লোকে মৃত ব্যক্তিগণের প্রতিকৃতি এবং ঈশ্বরের কাল্পনিক প্রতিমা নির্মাণ করে। পরে তাহারা ঐগুলি পূজা করে।

আরও উন্নততর পূজা– মৃত সাধুসন্ত, সজ্জন বা সতী-সাধ্বীদের পূজা। লোকে তাঁহাদের দেহাবশেষ পূজা করে। তাহারা

ঐ দেহাবশেষের মধ্যে সাধু-মহাপুরুষগণের উপস্থিতি অনুভব করে এবং মনে করে যে, তাঁহারা তাহাদিগকে সাহায্য করিবেন। তাহারা বিশ্বাস করে যে, ঐ সাধুমহাপুরুষগণের অস্থি স্পর্শ করিলে তাহাদের রোগ সারিবে। দেহাস্থিই যে তাহাদিগকে নিরাময় করিবে তাহা নয়, দেহাস্থির মধ্য যিনি আছেন, তিনিই তাহাদের রোগ আরোগ্য করিবেন।

এসবই নিম্নাঙ্গের পূজা, তথাপি এগুলি পূজা। আমাদিগকে ঐগুলি অতিক্রম করিতে হইবে। বুদ্ধি-বিচারের দিক দিয়া দেখিলে শুধু ঐগুলি যথেষ্ট বলিয়া বোধ হয় না, কিন্তু অন্তরের দিক দিয়া আমরা এগুলি ছাড়িতে পারি না। যদি তুমি কোনো ব্যক্তির নিকট হইতে সাধু-মহাপুরুষদের প্রতিমূর্তিগুলি সরাইয়া লও এবং তাহাকে কোনো মন্দিরে যাইতে না দাও, তাহা হইলে সে মনে মনে ঐগুলি স্মরণ করিবে। সে উহা না করিয়া পারিবে না। একজন অশীতিবর্ষ বৃদ্ধ আমাকে বলিয়াছিলেন যে, ভগবানের বিষয় ভাবিতে গেলেই মেঘের উপর উপবিষ্ট দীর্ঘশ্মশ্রুবিশিষ্ট একজন বৃদ্ধ ছাড়া অন্য কাহারও কথা তাঁহার মনে উদিত হয় না। ইহা দ্বারা কি প্রতীত হয়? তাঁহার শিক্ষা সম্পূর্ণ হয় নাই। কোনো আধ্যাত্মিক শিক্ষাই তিনি পান নাই এবং মানসিক ভাব ছাড়া অন্য কিছু চিন্তা করিতে তিনি অক্ষম।

বাহ্য উপাসনার আরও একটি উন্নততর সোপান আছে– প্রতীক উপাসনা। বাহ্যবস্তু সেখানেও বর্তমান, কিন্তু তাহা বৃক্ষ প্রস্তর বা সাধু-মহাত্মাদের স্মৃতিচিহ্ন নয়। ঐগুলি প্রতীক। পৃথিবীতে সর্বপ্রকার প্রতীকই বর্তমান। বৃত্ত অনন্তের একটি মহৎ প্রতীক। ... ইহার পর সমচতুর্ভুজ; সুপরিচিত ক্রুশপ্রতীক এবং ইংরেজি S ও Z পরস্পরকে আড়াআড়িভাবে কাটিয়াছে– এরূপ দুইটি আঙুল প্রভৃতি রহিয়াছে।

কেহ দেহ মনে করে, এই প্রতীকগুলির কোনো সার্থকতা নাই। ... আবার কেহ কেহ অর্থহীন কোনো জাদুমন্ত্র চায়। যদি তুমি উহাদিগকে সহজ সরল সত্য কথা বলো, তবে উহারা গ্রহণ করিবে না। ... মানুষের স্বভাবই এই– তাহারা তোমাকে যত কম বুঝে, ততই তোমাকে ভালো ও বড় মনে করে। প্রত্যেক দেশে সব যুগেই এরূপ উপাসকেরা কতগুলি জ্যামিতিক চিত্র এবং প্রতীক দ্বারা বিভ্রান্ত হয়। একদা জ্যামিতি সকল বিজ্ঞানের মধ্যে শ্রেষ্ঠ ছিল। অধিকাংশ লোকই এই বিষয়ে অনভিজ্ঞ ছিল। তাহাদের বিশ্বাস ছিল, জ্যামিতিবিদ একটি সমচতুর্ভুজ অঙ্কিত করিয়া উহার চারিকোণে অর্থহীন জাদুমন্ত্রবিশেষ বলিলেই সমগ্র পৃথিবী ঘুরিতে শুরু করিবে, স্বর্গের দ্বার উন্মুক্ত হইবে এবং ভগবান অবতরণ করিয়া লাফাইতে থাকিবেন ও মানুষের ক্রীতদাস হইয়া পড়িবেন। দলে দলে এইরূপ উন্মাদ দিবারাত্র এ সকল একাগ্র মনে পড়ে। এসবই ব্যাধিবিশেষ। ইহাদের চিকিৎসক প্রয়োজন। দার্শনিকের জন্য এসব নয়।

আমি কৌতুক করিতেছি, কিন্তু এজন্য খুবই দুঃখিত। সমস্যাটি ভারতে অত্যন্ত গুরুতর। এইগুলি জাতির ধ্বংস, অবনতি এবং অবৈধ বলপ্রয়োগের লক্ষণ। তেজ, বীর্য, জীবনীশক্তি, আশা, স্বাস্থ্য এবং যাহা কিছু মঙ্গলকর তাহার লক্ষণই হইলো শক্তি। যতদিন শরীর থাকিবে, ততদিন দেহ, মন এবং বাহুতে বল থাকা আবশ্যক। এইসব অর্থহীন জাদুমন্ত্রবিশেষ দ্বারা অধ্যাত্মশক্তি অর্জনের চেষ্টা বিশেষ ভয়ের কারণ– ইহাতে জীবননাশের ভয়ও আছে। 'প্রতীক উপাসনা' বলিতে আমি ঐগুলি বলি নাই। কিন্তু এই প্রতীকোপাসনায় কিছু সত্য নিহিত আছে। কিছু সত্য ব্যতিরেকে কোনো মিথ্যাই দাঁড়াতে পারে না। কোনো বস্তুর বাস্তব সত্তা না থাকিলে উহার অনুকরণও হইতে পারে না।

বিভিন্ন ধর্মে প্রতীক পূজা বর্তমান। এমন সব প্রতীক আছে, যেগুলি সুন্দর, শক্তিপ্রদ, বলিষ্ঠ এবং ছন্দোময়। ভাবিয়া দেখ, লক্ষ লক্ষ লোকের উপর ক্রুশের কি আশ্চর্য প্রভাব! অর্ধচন্দ্ররূপ প্রতীকের কথা ধর। এই একটি প্রতীকের যে কি আকর্ষণী শক্তি, সে কথা চিন্তা করিয়া দেখ। পৃথিবীতে সর্বত্রই সুন্দর ও চমৎকার প্রতীকসমূহ বর্তমান। এই প্রতীকগুলি ভাব প্রকাশ করে এবং কতকগুলি বিশেষ মানসিক অবস্থার সৃষ্টি করে। সচরাচর প্রতীকগুলি বিশ্বাস ও ভালোবাসার প্রচণ্ড শক্তি স্ফুরণ করে।

প্রোটেস্টান্টদের সঙ্গে ক্যাথলিকদের তুলনা করিয়া দেখো। বিগত চারিশত বৎসরের মধ্যে এই দুইটি সম্প্রদায়ের কোনোটি হইতে অধিকসংখ্যক সাধক ও শহীদ জন্মগ্রহণ করিয়াছেন? ক্যাথলিকদের ধর্মানুষ্ঠানের অঙ্গীভূত আলোক, ধূপধুনা, মোমবাতি, যাজকদের পোশাক প্রভৃতির একটা স্বকীয় প্রভাব রহিয়াছে। প্রোটেস্টান্ট ধর্ম অতি শুষ্ক এবং গদ্যময়। প্রোটেস্টান্টরা অনেক বিষয়ে জয়যুক্ত হইয়াছে, কয়েকটি দিকে ক্যাথলিকদের অপেক্ষা অধিক পরিমাণে স্বাধীনতা দিয়েছে, সুতরাং তাহাদের ধারণাগুলি স্পষ্টতর এবং অধিকতর ব্যক্তিস্বাতন্ত্র্যভিত্তিক। এই পর্যন্ত ঠিক থাকিলেও তাহারা অনেক কিছু হারাইয়াছে। ... গির্জার মধ্যে চিত্রগুলির কথাই ধরা যাক। এগুলি কবিত্ব শক্তিকে ভাষা দিবার একটি প্রচেষ্টা, কবিতার যদি প্রয়োজন থাকে, তবে কেন আমরা উহা গ্রহণ করিব না? অন্তরাত্মা যাহা চাহিতেছে, তাহা অন্তরাত্মাকে দিবো না কেন? আমাদিগকে সঙ্গীতও গ্রহণ করিতে হইবে। প্রেসবিটেরিয়ানরা আবার সঙ্গীতেও বিরোধী, খ্রিস্টধর্মাবলম্বিগণের মধ্যে উহারা যেন মুসলমান। সমস্ত কবিতা ধ্বংস হউক! সমস্ত অনুষ্ঠান বিলুপ্ত হউক! তারপর তাহারা যে সঙ্গীত সৃষ্টি করে, সে সঙ্গীত ইন্দ্রিয়ের উপর প্রভাব বিস্তার করে। আমি দেখিয়াছি, কিরূপে তাহারা বক্তৃতামঞ্চের উপর আলোকের জন্য সমবেতভাবে চেষ্টা করে।

বহির্জগতে রূপায়িত কবিতায় ও ধর্মে অন্তঃকরণ পূর্ণ হউক। কেন না হইবে? বাহ্য উপাসনার বিরুদ্ধাচরণ করিতে পারে না– বারবার ইহা সমাজে জয়লাভ করিবে। ... ক্যাথলিকরা যাহা করে, তাহা যদি তোমার রুচিসম্মত না হয়, তবে ইহা অপেক্ষা আরও ভালো কিছু করো। কিন্তু আমরা আরও ভালো কিছু করিতেও পারিবো না, অথচ যে কবিত্ব পূর্ব হইতে বিদ্যমান, তাহাও গ্রহণ করিবো না– এটি এক ভয়ঙ্কর অবস্থা। জীবনে কবিত্ব থাকা একান্ত আবশ্যক। তুমি পৃথিবীতে একজন শ্রেষ্ঠ দার্শনিক হইতে পারো, কিন্তু দর্শনাস্ত্র জগতের শ্রেষ্ঠ কাব্য। ইহা শুষ্ক অস্থি নয়, ইহা সমস্ত বস্তুর সার। যাহা নিত্য সত্তা, তাহা দ্বৈতভাবাপন্ন যেকোনো অপেক্ষা অধিকতর কবিত্বপূর্ণ।

পাণ্ডিত্যের স্থান নাই। অধিকাংশের পক্ষেই পাণ্ডিত্য সাধন পথে একটি বাধা। ... একজন পৃথিবীর সমস্ত গ্রন্থাগারের যাবতীয় পুস্তক পড়িয়াও মোটেই ধার্মিক না হইতে পারে, আর একজন হয়তো

নিরক্ষর হইয়াও ধর্ম প্রত্যক্ষ অনুভব করিতে সমর্থ। নিজের প্রত্যক্ষ অনুভূতিতেই সমগ্র ধর্ম নিহিত। আমি যখন 'মনুষ্যত্ব-লাভের বা মানুষ গড়ার ধর্ম– এই শব্দ কয়টি ব্যবহার করি, তখন আমি ঐগুলি দ্বারা কোন পুস্তক, অনুশাসন বা মতবাদের কথা বুঝি না। যে ব্যক্তি সেই অনন্ত সত্তার এতোটুকুও তাহার অন্তরে অনুভব করিয়াছে বা ধারণা করিয়াছে, আমি তাহার কথাই বলি।

আমি সারাজীবন যাঁহার পদতলে বসিয়া শিক্ষালাভ করিয়াছি, যাঁহার কয়েকটিমাত্র ভাব শিক্ষা দিতে চেষ্টা করিতেছি, তিনি কোনোক্রমে তাঁহার নিজের নাম লিখিতে পারিতেন। আমি সমগ্র পৃথিবী পরিভ্রমণ করিয়াছি, কিন্তু সারা জীবনে আমি তাঁহার মতো আর একজনকেও দেখিলাম না। তাঁহার সম্বন্ধে ভাবিলে নিজেকে নির্বোধ বলিয়া মনে হয়, কেননা আমি বই পড়িতে চাই, অথচ তিনি কোনোদিনই বই পড়েন নাই। অন্যের উচ্ছিষ্ট তিনি কখনও গ্রহণ করিতে চাহিতেন না অর্থাৎ অন্যের চিন্তাধারাকে কোনোদিন নকল করিবার চেষ্টা করেন নাই। এই কারণে তিনি নিজেই নিজের বই ছিলেন। সারা জীবন জ্যাক (Jack) কি বলিল, জন (Jhon) কি বলিয়াছে– তাহাই বলিয়া আসিতেছি; নিজে কিছুই বলিলাম না। জন পঁচিশ বৎসর পূর্বে এবং জ্যাক পাঁচ বৎসর পূর্বে যাহা বলিয়াছে, তাহা জানিয়া তোমার কি লাভ হইয়াছে? তোমার নিজের কি বলিবার আছে, তাই বলো।

মনে রাখিও– পাণ্ডিত্যের কোনো মূল্য নাই। পাণ্ডিত্য সম্বন্ধে তোমাদের সকলেরই ধারণা ভুল। মনকে বলিষ্ঠ ও সুনিয়ন্ত্রিত করার মধ্যেই জ্ঞানের একমাত্র মূল্য। আমি অবাক হইতেছি যে, অনন্তকাল ধরিয়া এই গলাধঃকরণের দ্বারা আমাদের বদহজম হইতেছে না কেন? আমাদের এইখানেই থামিয়া যাবতীয় পুস্তক পুড়াইয়া ফেলা প্রয়োজন এবং নিজেদের অন্তরে চিন্তা করা কর্তব্য। তোমরা অনেক বিষয়ে কথা বলো এবং তোমাদের 'ব্যক্তি স্বাতন্ত্র্যকে হারাইবার আশঙ্কায় চঞ্চল হইয়া। ওঠ। এই অন্তহীন গলাধঃকরণের দ্বারা প্রতি মুহূর্তেই তোমরা ব্যক্তিত্ব হারাইতেছো। আমি যাহা শিক্ষা দিতেছি, তাহা যদি তোমাদের কেহ শুধু বিশ্বাস করে, তাহা হইলে আমি দুঃখিত হইবো; তোমাদের মধ্যে যদি স্বাধীন চিন্তাশক্তি উদ্দীপিত করিতে পারি, তবেই আমি বিশেষ আনন্দিত হইবো। ... আমার উদ্দেশ্য– নরনারীকে বলা, মেষগুলিকে নয়। 'নরনারী' বলিতে আমি 'মানুষ' বুঝি। তোমরা ক্ষুদ্র মানুষ নও যে, পথের নোংরা ন্যাকড়া টানিয়া আনিয়ায় খেলার পুতুল তৈরি করিবে।

এই জগৎ একটি শিক্ষার স্থান! মানুষ এই বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করিয়াছে। মি. ব্যাঙ্ক যাহা বলিয়াছেন, তাহা সে সবই জানে! কিন্তু ব্যাঙ্ক কিছুই বলেন নাই! খুশিমতো কাজ করিবার ক্ষমতা থাকিলে আমি অধ্যাপককে বলিতাম, 'বাহিরে যাও! তোমার কোনো প্রয়োজন নাই!' এই ব্যক্তি স্বাতন্ত্র্যবোধকে যেকোনো উপায়ে মনে রাখিবে! তোমার চিন্তা যদি ভুল হয় হউক, তুমি সত্য লাভ করিলে কি না করিলে তাহাতে কিছু আসে যায় না। মূল কথাটি হইলো– মনকে নিয়ন্ত্রিত করা। যে সত্য তুমি অপরের নিকট হইতে লইয়া গলাধঃকরণ করিবে, তাহা তোমার নিজস্ব হইবে না। আমার মুখে সত্য শুনিয়া তাহা শিক্ষা দিতে পারো না এবং আমার মুখে শুনিয়াও কোনো সত্য তুমি শিখিতে পারো না। কেহ কাহাকেও শিখাইতে পারে না। সত্য অনুভব করিয়া নিজ প্রকৃতি অনুযায়ী তাহা কার্যে পরিণত করিতে হইবে। ... নিজেদের পায়ের উপর দাঁড়াইয়া, নিজেদের চিন্তা করিয়া, নিজেদের আত্মা উপলব্ধি করিয়া, সকলকেই শক্তিমান হইতে হইবে। কারাগারে আবদ্ধ সৈনিকদের মতো একসঙ্গে উঠা, একসঙ্গে বসা, একই খাদ্য খাওয়া, একসঙ্গে মাথা নাড়িয়া অন্যের প্রচারিত মতবাদ গলাধঃকরণ করা প্রভৃতিতে কোনো ফল নাই। বৈচিত্র্যই জীবনের লক্ষণ। সমতাই (একই রকম চিন্তা করা) মৃত্যুর লক্ষণ।

একবার একটি ভারতীয় শহরে অবস্থানকালে এক বৃদ্ধ আমার নিকট আসিয়া বলিলো, 'স্বামীজী, আমার পথ নির্দেশ করুন।' আমি দেখিলাম যে, লোকটি আমার সম্মুখের টেবিলটির মতো একেবারে জড় হইয়া গিয়াছে; মানসিক এবং আধ্যাত্মিক দিক দিয়া তাহার প্রকৃত মৃত্যু হইয়াছিলো। আমি বলিলাম, 'তোমাকে যাহা নির্দেশ দিবো, তাহা পালন করিবে কি? তুমি কি চুরি করিতে পারো? তুমি মদ খাইতে পারো? মাংস খাইতে পারো?' লোকটি চিৎকার করিয়া বলিয়া উঠিলো, 'এ আপনি আমাকে কী শিক্ষা দিতেছেন?' আমি তাহাকে বলিলাম, 'এই দেওয়ালটি কি কখনও চুরি করিয়াছে? এ কি কখনও মদ খাইয়াছে? লোকটি উত্তর দিলো, 'না, মহাশয়।' – মানুষই চুরি করে, মদ খায়, আবার ঈশ্বরত্ব লাভ করে।

'বন্ধু, আমি জানি, তুমি একটি দেয়াল মাত্র নও। কিছু একটা করো! কিছু একটা করো!' আমি অনুভব করিয়াছিলাম, লোকটি চুরি করিলে তাহার আত্মা মুক্তির দিকে অগ্রসর হইবে। তোমাদের যে ব্যক্তিত্ব আছে, তাহা কিরূপে বুঝিবো? – তোমরা তো একসঙ্গে ওঠো, একসঙ্গে বসো এবং একই কথা বলো। ইহা মৃত্যুর পথ জানিবে। তোমাদের আত্মার জন্য কিছু করো। যদি ইচ্ছা হয়, তবে অন্যায় করো, কিন্তু একটা কিছু করো! আমাকে তোমরা এখন বুঝিতে না পারিলেও ক্রমে বুঝিতে পারিবে। আত্মা যেন বার্ধক্যগ্রস্ত হইয়াছে, উহার উপর মরিচা ধরিয়াছে। এই মরিচা ঘষিয়া মাজিয়া ছাড়াইতে হইবে, তবেই আমরা অগ্রসর হইতে পারিবো। জগতে এতো অন্যায় কেন, তাহা তোমরা এখন বুঝিতেছো! এই মরিচা হইতে নিজেদের মুক্ত করিবার জন্যই গৃহে ফিরিয়া এ বিষয়ে চিন্তা করো।

আমরা জাগতিক বস্তুর জন্য প্রার্থনা করি। কোনো উদ্দেশ্য সাধনের নিমিত্ত আমরা ব্যবসায়ী বুদ্ধি লইয়া ভগবানের পূজা করি। খাওয়া পরার জন্য আমরা প্রার্থনা করি। পূজা উত্তম। কিছু না করা অপেক্ষা কিছু একটা করা ভালো। 'নাই মামার চেয়ে কানা মামা ভাল।' অত্যন্ত ধনী এক যুবক রোগাক্রান্ত হইলো, অমনি সে আরোগ্যলাভের জন্য গরীবদের দান করিতে আরম্ভ করিলো। ইহা ভালো কাজ, কিন্তু ইহা ধর্ম নয়– আধ্যাত্মিকতা নয়, ইহা জাগতিক ব্যাপার। কোনটা জাগতিক এবং কোনটা জাগতিক নয়? যখন উদ্দেশ্যে ইহজীবন, এবং ভগবান সেই উদ্দেশ্য লাভের উপায়রূপে ব্যবহৃত হন, তখন তাহা জাগতিক। আবার যেখানে ঈশ্বর লাভই উদ্দেশ্য এবং জাগতিক জীবন সেই লক্ষ্যে পৌছিবার উপায়রূপে ব্যবহৃত হয়, সেখানেই আধ্যাত্মিক জীবনের আরম্ভ। সুতরাং যে ব্যক্তি এই জাগতিক জীবনে প্রাচুর্য কামনা করে, তাহার নিকট এই জীবনের স্থায়িত্ব তাহার ইপ্সিত স্বর্গ বলিয়া বিবেচিত হয়। সে পরলোকগত ব্যক্তিদের দেখিতে চায় এবং তাহাদের সহিত আবার সুখে দিন কাটাইতে চায়।

যে সকল মহিলা প্রেতাত্মাদের সম্মুখে আনিতে চেষ্টা করেন, তাঁহাদের মধ্যে একজন ছিলেন মিডিয়াম বা মাধ্যম। দেখিতে

দীর্ঘকার, তবু তিনি মাধ্যম। বেশ! এই মহিলা আমাকে খুবই পছন্দ করিতেন এবং তাঁহার নিকট যাইবার জন্য আমন্ত্রণ করিয়াছিলেন। প্রেতাত্মারা সকলেই আমার প্রতি বিনম্র ছিল। আমার অদ্ভুত অভিজ্ঞতা হইয়াছিলো। বুঝিতেই পারিতেছো, ইহা ছিল মধ্যরাত্রে প্রেতশক্তিবাদীদের বৈঠক। মাধ্যম বলিলো, '... আমি একজন প্রেতকে এখানে দাঁড়াইয়া থাকিতে দেখিতেছি। প্রেত আমাকে বলিতেছে যে, ঐ বেঞ্চের উপর একজন হিন্দু ভদ্রলোক বসিয়া আছেন।' আমি দাঁড়াইয়া উঠিয়া বলিলাম, 'তোমাকে এই কথা বলিবার জন্য কোনো প্রেতাত্মার সাহায্য প্রয়োজন হয় না।'

সেখানে একজন সুশিক্ষিত বুদ্ধিমান এবং বিবেচিত যুবক উপস্থিত ছিল। সে তাহার মাতাকে দেখিবার জন্য আসিয়াছিলো। মাধ্যম বলিলো, 'অমুকের মা এখানে আসিয়াছেন।' যুবকটি তাহার মায়ের বিষয় আমাকে বলিতেছিলো– তাহার মা মৃত্যুকালে খুবই ক্ষীণদেহ হইয়া পড়েন। কিন্তু পর্দার অন্তরাল হইতে যে মা বাহির হইলো, তোমরা যদি তাহাকে দেখিতে! যুবকটি কি করে, তাহা দেখিতে চাহিলাম আমি দেখিয়া বিস্মিত হইলাম যে, যুবকটি লাফাইয়া সেই প্রেতাত্মাকে আলিঙ্গন করিয়া বলিলো, 'মাগো, তুমি প্রেতলোকে গিয়া অপরূপ হইয়াছো!' আমি বলিলাম, 'আমি ধন্য যে, আমি এইখানে উপস্থিত আছি। এইসব ঘটনা মানুষের প্রকৃতি সম্বন্ধে আমার অন্তর্দৃষ্টি খুলিয়া দিয়াছে।'

বাহ্য উপাসনার প্রসঙ্গে আবার বলি, ইহজীবন এবং জাগতিক সুখের লক্ষ্যে উপনীত হইবার জন্য ঈশ্বরকে উপাসনা করা অতি নিম্নস্তরের পূজা। ... অধিকাংশ লোকই দেহের এই মাংসপিণ্ড এবং ইন্দ্রিয়ের সুখ অপেক্ষা উচ্চতর কোনো চিন্তা করিতে পারে না। এই বেচারারা এই জীবনেই যে সুখের সন্ধান করে, সে সুখ পাশব সুখ...। তাহারা প্রাণিখাদক। তাহারা তাহাদের সন্তান-সন্ততিদের ভালোবাসে। ইহাই কি মানুষের সব গৌরব? আমরা আবার সর্বশক্তিমান ঈশ্বরকে পূজা করি! কি জন্য? কেবল এইসব জাগতিক বস্তু পাইবার জন্য এবং সর্বদা ঐগুলিকে রক্ষা করিবার জন্য। ... ইহার অর্থ এই যে, আমরা এখনও পশুপক্ষীর জীবনের ঊর্ধ্বে উঠিতে পারি নাই। পশুপক্ষী অপেক্ষা আমরা মোটেই উন্নততর নই। আমরা উন্নততর কিছু জানিও না। আমাদিগকে ধিক! আমাদের আরও উচ্চতর শিক্ষা পাওয়া উচিত। পশুপক্ষীদের সহিত আমাদের তফাৎ এই যে, আমাদের মতো তাহাদের ঈশ্বর বলিয়া কিছু নাই। ... পশুদের মতো আমাদেরও পাঁচটি ইন্দ্রিয় আছে, কিন্তু তাহাদের ইন্দ্রিয়গুলি আরও তীক্ষ্ণ। একটি কুকুর যেরূপ তৃপ্তিসহকারে একখণ্ড হাড় চিবায়, আমরা একগ্রাস অন্ন তেমন তৃপ্তির সহিত খাই না। আমাদের অপেক্ষা তাহাদের জীবনে আনন্দ বেশি। সুতরাং আমরা পশুদের চেয়ে একটু নিকৃষ্ট।

তোমরা কেন এমন কিছু হইতে চাহিবে যাহাতে প্রকৃতির কোনো শক্তি তোমাদের উপর অধিকতর কার্যকরী হইবে? ইহা একটি বিশেষ গুরুত্বপূর্ণ চিন্তনীয় বিষয়। কি তোমাদের কাম্য– এই জীবন, ইন্দ্রিয়সুখ, এই শরীর অথবা অনন্তগুণে মহৎ এবং উচ্চতর কোনো কিছু বস্তু, এমন একটি অবস্থা যাহার কোনো চ্যুতি নাই, যেখানে কোনো পরিবর্তন নাই?

অতএব ইহা দ্বারা কি প্রতীত হয়? তোমরা বলো, 'হে প্রভু, অন্ন দাও, অর্থ দাও, আমার রোগ নিরাময় করো, ইহা করো, তাহা করো!' যখনই তোমরা এইরূপ প্রার্থনা করো, তখনই 'আমি জড়বস্তু, জড়জগৎই আমার লক্ষ্য'– এইভাবে নিজেদের সম্মোহিত করিয়া থাকো। প্রত্যেকবারই যখন তোমরা জাগতিক অভিলাষ পূরণের জন্য উদ্যোগী হও, ততবারই তোমরা বলিতে থাকো– 'আমরা জড়দেহ মাত্র, আমরা আত্মা নই...।'

ঈশ্বরকে ধন্যবাদ যে, এইগুলি সব স্বপ্ন মাত্র। ঈশ্বরকে ধন্যবাদ যে, এইগুলি অদৃশ্য হইয়া যাইবে। ঈশ্বরকে ধন্যবাদ যে, সৃষ্টিতে মৃত্যু– সেই মহান মৃত্যু আছে, যাহা সব ভ্রান্তি, সব স্বপ্ন, এই দেহবাদিতা, এই মর্মবেদনার অবসান ঘটাইয়া দেয়। কোনো স্বপ্নই চিরস্থায়ী হইতে পারে না– শীঘ্র অথবা বিলম্বে ইহা অবশ্যই শেষ হইবে। স্বপ্নকে চিরস্থায়ী করিতে পারে, এমন কেহ নাই। আমি ঈশ্বরকে ধন্যবাদ দিতেছি যে, তিনি এরূপ ব্যবস্থা করিয়াছেন। তবুও বলিবো, এই প্রকারের উপাসনার কিছুর জন্য প্রার্থনা করা ভালো। এই সোপানগুলি অতিক্রম করিয়া যাইতে হইবে। এগুলি প্রাথমিক শিক্ষা। মন ক্রমশঃ ইন্দ্রিয়, দেহ, এই জাগতিক ভোগ্যসুখের ঊর্ধ্বে কোনো বস্তুর বিষয় চিন্তা করিতে আরম্ভ করে।

মানুষ কিরূপে ইহা করে? প্রথমে মানুষ চিন্তাশীল হয়। তুমি যখন কোনো একটি সমস্যা চিন্তা করিতে থাকো, তখন সেখানে চিন্তারই এক অপূর্ব আনন্দ আসে, ইন্দ্রিয়ের ভোগসুখ বলিয়া কিছু থাকে না। ... এই আনন্দই মানুষকে মনুষ্যত্বের দিকে লইয়া যায়। ...একটি মহৎ ভাবের বিষয় চিন্তা করো। ... চিন্তা যতই গাঢ় হইবে এবং মন সংযত হইবে, তখন তোমার দেহের বিষয় আর মনে উদিত হইবে না। তোমার ইন্দ্রিয়গুলির কাজ বন্ধ হইয়া যাইবে। তখন তুমি সমস্ত দেহ জ্ঞানের ঊর্ধ্বে চলিয়া যাইবে। তখন ইন্দ্রিয়ের মধ্য দিয়া যাহা কিছু প্রকাশিত হইতেছিল, সবই ঐ একটিভাবে কেন্দ্রীভূত হইবে। ঠিক সেই মুহূর্তে তুমি পশু অপেক্ষা উন্নত। সেই সময় দেহাতীত এমন একটি অনুভূতি, এমন একটি প্রত্যক্ষ উপলব্ধি তুমি লাভ করিবে, যাহা কেহই তোমার নিকট হইতে কাড়িয়া লইতে পারিবে না। ... মনের লক্ষ্য সেখানে– ইন্দ্রিয়গ্রাহ্য জগতে নয়।

এইরূপে এই ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ হইতে আরম্ভ করিয়া তুমি অন্য অনুভূতির রাজ্যে একটু একটু করিয়া প্রবেশাধিকার লাভ করিবে। তখন এই জগৎ বলিয়া তোমার নিকট আর কিছুই থ াকিবে না। যখন তুমি সেই আত্মার একটু আভাস পাইবে, তখন তোমার ইন্দ্রিয়বোধ, তোমার ভোগাকাঙ্ক্ষা, তোমার দেহাসক্তি চলিয়া যাইবে। সেই ভাবরাজ্যের আভাস একের পর এক তোমার নিকট উদ্‌ঘাটিত হইবে। তোমার যোগ সম্পূর্ণ হইবে এবং আত্মা তোমার নিকট আত্মারূপেই প্রতিভাত হইবে। তখনই তুমি ঈশ্বরকে আত্মারূপে উপাসনা করিতে আরম্ভ করিবে। তখনই তুমি বুঝিতে পারিবে যে, উপাসনা কোনো স্বার্থসাধনের নিমিত্ত নয়। অন্তরের অন্তরে এই পূজা ছিল ভালোবাসা, যাহা অসীম হইয়াও সসীম; ঈশ্বরের পাদপদ্মে ইহা অন্তরের চিরন্তন আত্মনিবেদন– সর্বস্ব-অর্পণ। সেখানে কেবল 'তুমি', 'আমি' নই। 'আমি' পাণ্ডিত্যও কামনা করি না। আমি মুক্তি চাই না। সেখানে আমি ধন, সৌন্দর্য্য, এমনকি পাণ্ডিত্য কামনা করি না। আমি মুক্তি চাই না। যদি তোমার অভিপ্রেত হয়, তবে বিশ হাজার বার নরকে গমন করিবো। আমি কেবল একটি বস্তু কামনা করি : হে ঈশ্বর, তুমি আমার প্রেমাস্পদ হও। ❑

# বেদ রহস্য

## শ্রী অরবিন্দ

বেদসংহিতা ভারতবর্ষের ধর্ম্ম সভ্যতা ও অধ্যাত্মজ্ঞানের সনাতন উৎস। কিন্তু এই উৎসের মূল অগম্য পর্বতের গুহায় নিলীন, তাহার প্রথম স্রোতও অতি প্রাচীন ঘনকণ্টকময় অরণ্যে পুষ্পিত বৃক্ষলতা ও গুল্মের বিচিত্র (আবরণে) আবৃত। বেদ রহস্যময়। ভাষা, কথার ভঙ্গী, চিন্তার গতি অন্য যুগের সৃষ্টি, অন্য ধরনের মনুষ্যবুদ্ধিসম্ভূত। এক পক্ষের অতি সরল, যেন নির্ম্মল সবেগ পর্ব্বতনদীর প্রবাহ, অথচ এই চিন্তাপ্রণালী আমাদের এমনই জটিল বোধ হয়, এই ভাষার অর্থ এমনই সন্দিগ্ধ যে মূল চিন্তা ও ছত্রে ছত্রে ব্যবহৃত সামান্য কথাও লইয়া প্রাচীনকাল হইতে তর্ক ও মতভেদ চলিয়া আসিতেছে। পরম পণ্ডিত সায়নাচার্য্যের টীকা পড়িয়া মনে এই ধারণা উৎপন্ন হয় যে বেদের কখনই কোনও সংলগ্ন অর্থ ছিল না, নয় যাহা ছিল তাহা বেদের পরবর্তী ব্রাহ্মণরচনার অনেক আগে সর্ব্বগ্রাসী কালের অতল বিস্মৃতি-সাগরে নিমগ্ন হইয়াছিল।

সায়ন বেদের অর্থ করিতে গিয়া মহা বিভ্রাটে পড়িয়াছেন। যেন (কেহ) এই ঘোর অন্ধকারে মিথ্যা আলোকের পিছনে দাঁড়াইয়া বার বার আছাড় খায়, গর্ত্তে পঙ্কে ময়লা জলে পড়ে, হয়রান হইয়া যায়, অথচ ছাড়িতেও পারে না। আর্য্যধর্মের আসল পুস্তক, অর্থ করিতেই হয়, কিন্তু এমন হেঁয়ালির কথা, এমন রহস্যময় নানা নিগূঢ় চিন্তার জড়িত সংশেষণ যে সহস্র স্থলে অর্থই করা হয় না, যেখানে কোনও রকমেই অর্থ হয় সেখানেও প্রায়ই সন্দেহের ছায়া আসিয়া পড়ে। এই সঙ্কটে অনেক বার সায়ন নিরাশ হইয়া ঋষিদের মুখে এমন ব্যাকরণের বিরোধী ভাষা, এমন কুটিল জড়িত ভগ্ন বাক্যরচনা, এমন বিক্ষিপ্ত অসংলগ্ন চিন্তা আরোপ করিয়াছেন যে তাঁহার টীকা পড়িয়া এই ভাষা ও চিন্তাকে আর্য্য না বলিয়া বর্ব্বরের বা উন্মত্তের প্রলাপ বলিতে প্রবৃত্তি হয়। সায়নের দোষ নাই। প্রাচীন নিরুক্তকার যাস্কও তদ্রূপ বিভ্রাট করিয়াছেন আর যাস্কের অনেক পূর্ব্ববর্তী ব্রাহ্মণকারও বেদের সরল অর্থ না পাইয়া কল্পনার সাহায্যে Mythopoeic faculty-র আশ্রয়ে দুরূহ ঋক্‌গুলির ব্যাখ্যা করিবার বিফল চেষ্টা করিয়াছেন।

**দেহযুক্ত জীব যখন তাঁহার অন্তরে পরমেশ্বরের সহিত ক্রীড়া করেন, মন তাঁহার দত্ত জ্ঞানে পুলকিত হয়, হৃদয় তাঁহার প্রেমস্পর্শে আনন্দপুত হয়, বুদ্ধি মুহুর্মুহুঃ তাঁহার বাণী শ্রবণ করে ও প্রত্যেক চিন্তায় তাঁহারই প্রেরণা জ্ঞান হয়, ইহাই মানবশরীরে ভগবানের সহিত সালোক্য।**

ঐতিহাসিকেরা এই প্রণালী অনুসরণ করিয়া নানান কল্পিত ইতিহাসের আড়ম্বরে বেদের সুকৃত সরল অর্থ বিকৃত ও জটিল করিয়া ফেলিয়াছেন। একটি উদাহরণে এই অর্থবিকৃতির ধরণ ও মাত্রা বোঝা যাইবে। পঞ্চম মণ্ডলের দ্বিতীয় সুক্তে অগ্নির নিষ্পেষিত বা ছাপান (গুণ্ডিত) অবস্থা আর অতি-বিলম্বে তাহার বৃহৎ প্রকাশের কথা আছে। "কুমারং মাতা যুবতিঃ সমুব্ধং গুহা বিভক্তিন দদাতি পিত্রে।– কমেতং ত্বং যুবতে কুমারং পেষী বিভষি মহিষী জজান। পূর্বীহি গর্ভঃ শরদো ববর্ধহপশ্যং জাতং যদসূত মাতা।" ইহার অর্থ, "যুবতী মাতা কুমারকে ছাপান রাখিয়া গুহায় অর্থাৎ গুপ্ত স্থানে নিজ জঠরে বহন করেন, পিতাকে দিতে চান না। হে যুবতী, এই কুমার কে, যাহাকে তুমি সম্পিষ্ট হইয়া অর্থাৎ তোমার সঙ্কুচিত অবস্থায় নিজের ভিতরে বহন কর? মাতা যখন সঙ্কুচিত অবস্থা ছাড়িয়া মহতী হয়, তখন কুমারকে জন্ম দেন। অনেক বৎসর ধরিয়া গর্ভস্থ শিশু বৃদ্ধি পাইয়াছে, যখন মাতা তাহাকে প্রসব করিলেন, তখন তাহাকে দেখিতে পাইলাম।" বেদের ভাষা সর্বত্রই একটু ঘন, সংহত, সারবান, অল্প কথায় বিস্তর অর্থ প্রকট করিতে চায়, ইহা সত্ত্বেও অর্থের সরলতা, চিন্তার সামঞ্জস্যের হানি হয় না। ঐতিহাসিকেরা সুক্তের এই সরল অর্থ বুঝিতে পারেন নাই, যখন মাতা পেষী তখন কুমারং সমুব্ধং, মাতার সম্পিষ্ট অর্থাৎ সঙ্কুচিত অবস্থায় কুমারেরও নিষ্পিষ্ট অর্থাৎ ছাপান অবস্থা হয়, ঋষির ভাষা ও চিন্তার এই সামঞ্জস্য লক্ষ্য কিম্বা হৃদয়ঙ্গম করিতে পারেন নাই। তাঁহারা পেষী দেখিয়া পিশাচী বুঝিলেন, ভাবিলেন কোনও পিশাচী অগ্নির তেজ হরণ করিয়াছে, মহিষী দেখিয়া রাজার মহিষী বুঝিলেন, কুমারং সমুব্ধং দেখিয়া কোনও ব্রাহ্মণকুমার রথের চাকায় নিষ্পেষিত হইয়া মরিয়াছে ইহাই বুঝিলেন। এই অর্থে বেশ একটা লম্বা আখ্যায়িকাও সৃষ্টি হইল। ফলে সোজা ঋকের অর্থ দুরূহ হইয়া গেল, কুমার কে, জননী কে, পিশাচী কে, অগ্নির না ব্রাহ্মণকুমারের গল্প হইতেছে, কে কাহাকে কি বিষয়ে কথা বলিতেছে, সব গণ্ডগোল। সর্বত্রই এইরূপ অত্যাচার, অযথা কল্পনার দৌরাত্ম্যে বেদের প্রাঞ্জল অথচ গভীর অর্থ বিকৃত বিকলাঙ্গ হইয়া পড়িয়াছে, অন্যত্র যেখানে ভাষা ও চিন্তা একটু জটিল, টীকাকারের কৃপায় দুর্ব্বোধ্যতা ভীষণ অস্পৃশ্য মুক্তি ধারণ করিয়াছে।

স্বতন্ত্র স্বতন্ত্র ঋক্ বা উপমা কেন, বেদের আসল মর্ম্ম লইয়া অতি প্রাচীনকারেও বিস্তর মতভেদ ছিল। গ্রীসদেশীয় য়ুহেমেরের (Euhemeros) মতে গ্রীকজাতির দেবতারা চিরস্মরণীয় বীর ও রাজা ছিল, কালে অন্য প্রকার কুসংস্কারে ও কবির উদ্দাম কল্পনায় দেবতা বানাইয়া স্বর্গে সিংহাসনারূঢ় করা হইয়াছে। প্রাচীন ভারতেও য়ুহেমের-পন্থীর অভাব ছিল না। দৃষ্টান্ত স্বরূপ তাহারা বলিত আসলে অশ্বিদ্বয় দেবতাও নয়, নক্ষত্রও নয়, বিখ্যাত দুইজন রাজা ছিলেন, আমাদেরই মত রক্তমাংসের মানুষ, তবে যদি মৃত্যুর পরে দেবভাবাপন্ন হয়। অপরের মতে সবই Solar myth, অর্থাৎ সূর্য্য চন্দ্র আকাশ তারা বৃষ্টি ইত্যাদি বাহ্য প্রকৃতির বৃত্র মেঘ, বলও মেঘ, আর যত দস্যু দানব দৈত্য আকাশের মেঘ মাত্র, বৃষ্টির দেবতা ইন্দ্র এইসকল

সূর্য্যকিরণের অবরোধকারী জলবর্ষণে বিমুখ কৃপণ জলধরকে বিদ্ধ করিয়া বৃষ্টিদানে পঞ্চনদের সপ্তনদীর অবাধ স্রোতঃ-সৃজনে ভূমিকে উর্ব্বরা, আর্য্যকে ধনী ও ঐশ্বর্য্যশালী করিয়া তোলেন। অথবা ইন্দ্র মিত্র অর্য্যমা ভগ বরুণ বিষ্ণু সবাই সূর্য্যের নামরূপ মাত্র, মিত্র দিনের দেবতা, বরুণ রাত্রির, ঋবুগণ যাঁহারা মনে বলে ইন্দ্রের অশ্ব, অশ্বিদ্বয়ের রথ নির্মাণ করেন, তাঁহারাও আর কিছুই নন, সূর্য্যের কিরণ অপর দিকে অসংখ্য গোঁড়া বৈদিকও ছিল, তাহার কর্ম্মকাণ্ডী Ritualist। তাহারা বলে দেবতা মনুষ্যাকৃতি দেবতাই বটে, প্রাকৃতিক শক্তির সর্ব্বব্যাপী শক্তিধরও বটে, অগ্নি একসময়েই বিগ্রহবান দেবতা এবং বেদীর আগুন, পার্থিব অগ্নি, বাড়বানল ও বিদ্যুৎ এই তিন মূর্ত্তিতে প্রকটিত, সরস্বতী নদীও বটে দেবীও বটে, ইত্যাদি। ইহাদের দৃঢ় বিশ্বাস যে দেবতারা স্তবস্তুতিতে সন্তুষ্ট হইয়া পরলোকে স্বর্গদান, ইহলোকে বল, পুত্র, গাভী, অশ্ব, অন্ন ও বস্ত্র দান করেন, শত্রুকে সংহার করেন, স্তোতার বেআদবী নিন্দুক সমালোচকের মাথা বজ্রাঘাতে চূর্ণ করেন, ইত্যাদি শুভ মিত্রকার্য্য সম্পন্ন করিতে সর্ব্বদা ব্যস্ত হন। প্রাচীন ভারতে এই মতই প্রবল ছিল।

তথাপি এমন চিন্তাশীল লোকের অভাব ছিল না যাঁহারা বেদের বেদত্বে, ঋষির প্রকৃত ঋষিত্বে আস্থাবান ছিলেন, ঋক্‌সংহিতার আধ্যাত্মিক অর্থ বাহির করিতেন, বেদে বেদান্তের মূল তত্ত্ব খুঁজিতেন। তাঁহাদের মতে ঋষিরা দেবতার নিকট যে জ্যোতির্দান প্রার্থনা করিতেন, সে ভৌতিক সূর্য্যের নয়, জ্ঞান-সূর্য্যের, গায়ত্রী-মন্ত্রোক্ত সূর্য্যের, বিশ্বামিত্র যাঁহাকে দর্শন করিয়াছিলেন। এই জ্যোতি সেই "তৎসবিতুর্বরেণ্যং দেবস্য ভর্গঃ" এই দেবতা ইনি, "যো নো ধিয়ঃ প্রচোদয়াৎ," যিনি আমাদের সকল চিন্তা সত্যতত্ত্বের দিকে প্রেরিত করেন। ঋষিরা তমঃ ভয় করিতেন– রাত্রির নহে, কিন্তু অজ্ঞানের সেই ঘোর তিমির। ইন্দ্র জীবাত্ম বা প্রাণ; বৃত্র মেঘও নয়, কবিকল্পিত অসুরও নয়– যাহা আমাদের পুরুষার্থকে ঘোর অজ্ঞানের অন্ধকারে আবৃত করিয়া রোধ করে, যাহার মধ্যে দেবগণ অগ্রে নিহিত ও লুপ্ত হইয়া, (পরে) দেববাক্যজনিত উজ্জ্বল জ্ঞানালোকে নিস্তারিত ও প্রকট হন, তাহাই বৃত্র। সায়নাচার্য্য ইহাদের "আত্মবিদ" নামে অভিহিত করিয়া মাঝে মাঝে তাঁহাদের বেদব্যাখ্যার উলেখ করিয়াছেন।

এই আত্মবিদ্‌কৃত ব্যাখ্যার দৃষ্টান্তস্বরূপ রহূগণ পুত্রগোতম ঋষির মরু৷স্তোত্র (উল্লেখ) করা যায়। সেই সুক্তে গোতম মরুদগণকে আহ্বান করিয়া তাঁহাদের নিকট "জ্যোতি" ভিক্ষা করিয়াছেন–

যূয়ং তৎ সত্যশবস আবিষ্কর্ত্ত মহিত্বনা
বিধ্যতা বিদ্যুতা রক্ষঃ ৷৷
গৃহতা গুহ্যং তমো বিযাত বিশ্বমত্রিণম্
জ্যোতিষ্কর্ত্তা যদুশ্মসি ৷৷ ১-৮৬-৯, ১০

কর্ম্মকাণ্ডীদের মতে এই ঋক্‌দ্বয়ের ব্যাখ্যায় জ্যোতিকে ভৌতিক সূর্য্যেরই জ্যোতি বুঝিতে হয়। "যে রক্ষঃ সূর্য্যের আলোককে অন্ধকারে ঢাকিয়া ফেলিয়াছে, মরুদ্‌গণ সে রক্ষকে বিনাশ করিয়া সূর্য্যের জ্যোতি পুনঃ দৃষ্টিগোচর করুন।" আত্মবিদের মতে অন্যরূপ অর্থ করা উচিত, যেমন, "তোমরা সত্যের বলে বলী, তোমাদের মহিমায় সেই পরমতত্ত্ব প্রকাশিত হোক, তোমাদের বিদ্যুৎসম আলোকে রক্ষকে বিদ্ধ কর। হৃদ্‌রূপ গুহায় প্রতিষ্ঠিত অন্ধকার গোপন কর, অর্থাৎ সেই অন্ধকার যেন সত্যের আলোকবন্যায় নিগ্মন, অদৃশ্য হইয়া যায়। পুরুষার্থের সকল ভক্ষককে অপসারিত করিয়া আমরা যে জ্যোতি চাই, তাহা প্রকটিত কর।" এখানে মরুদ্‌গণ মেঘহন্তা বায়ু নহেন, পঞ্চপ্রাণ। তমঃ হৃদয়গত ভাবরূপ অন্ধকার, পুরনুষার্থের ভক্ষক ষড় রিপু, জ্যোতিঃ পরম তত্ত্বসাক্ষাৎরূপ জ্ঞানের আলোক। এই ব্যাখ্যায় আত্মতত্ত্ব, বেদান্তের মূলকথা, রাজযোগের প্রাণায়ামপ্রণালী একযোগে বেদে পাওয়া গেল।

এই গেল বেদে স্বদেশী বিভ্রাট। উনবিংশ শতাব্দীতে পাশ্চাত্য পণ্ডিতেরা কোমর বাঁধিয়া আসরে নামায় এই ক্ষেত্রে ঘোরতর বিদেশী বিভ্রাটও ঘটিয়াছে। সেই বন্যার বিপুল তরঙ্গে আমরা আজ পর্য্যন্ত হাবুডুবু খাইয়া ভাসিতেছি। পাশ্চাত্য পণ্ডিতেরা প্রাচীন নিরুক্তাকার ও ঐতিহাসিকদের পুরোন ভিত্তির উপরেই নিজ চকচকে নব কল্পনামন্দির নির্মাণ করিয়াছেন। তাঁহারা যাস্কের নিরুক্ত তত মানেন না, বালিন ও পেত্রগ্রাদে নবীন মনোনীত নিরুক্ত তৈয়ারি করিয়া তাহারই সাহায্যে বেদের ব্যাখ্যা করেন। সেই প্রাচীন ভারতবর্ষীয় টীকাকাদের Solar myth-এর বিচিত্র নবমূর্তি বানাইয়া, প্রাচীন রঙের উপর নূতন রং ফলাইয়া এই দেশের শিক্ষিত সম্প্রদায়ের চক্ষে ধাঁধা লাগাইয়াছেন। এই য়ূরোপীয় মতেও বেদোক্ত দেবতা বাহ্য প্রকৃতির নানা ক্রীড়ার রূপক মাত্র। আর্য্যেরা সূর্য্য চন্দ্র তারা নক্ষত্র ঊষা রাত্রি বায়ু ঝটিকা খাল নদী সমুদ্র পর্ব্বত বৃক্ষ ইত্যাদি দৃশ্যবস্তুর পূজা করিতেন। এই সকলকে দেখিয়া বিস্ময়ে অভিভূত বর্ব্বর জাতি এইগুলির বিচিত্র গতিকে কবির রূপকচ্ছলে স্তব করিত। আবার তাহারই মধ্যে নানা দেবতার চৈতন্যময় ক্রিয়া বুঝিয়া সেই শক্তিধরের সঙ্গে সখ্য স্থাপন ও তাঁহাদের নিকট যুদ্ধে বিজয়লাভ ধনদৌলত দীর্ঘজীবন আরোগ্য ও সন্ততি কামনা করিতেন, রাত্রির অন্ধকারে বড় ভীত হইয়া যাগযজ্ঞে সূর্য্যের পুনরুদ্ধার করিতেন। ভূতেরও আতঙ্ক ছিল, ভূত তাড়াইবার জন্য দেবতার নিকটে কাতরোক্তি করিতেন। যজ্ঞে স্বর্গলাভের আশা ও প্রবল (ইচ্ছা) ইত্যাদি ইত্যাদি প্রাগৈতিহাসিক বর্ব্বরের উচিত ধারণা ও কুসংস্কার।

যুদ্ধে বিজয়লাভ, যুদ্ধ কাহার সঙ্গে? ইঁহারা বলেন, পঞ্চনদনিবাসী আর্য্যজাতির সময় আসল ভারতবাসী দ্রাবিড়জাতির সঙ্গে, আর প্রতিবেশীদের মধ্যে যে যুদ্ধবিগ্রহ সতত ঘটিয়া আসে, সেই আর্য্যতে আর্য্যতে ভিতরের কলহ। যেমন প্রাচীন ঐতিহাসিক বেদের স্বতন্ত্র স্বতন্ত্র ঋক্ বা সূক্তকে আধার করিয়া নানান ইতিহাস গঠন করিতেন, ইঁহাদেরও ঠিক সেই প্রণালী। তবে বিচিত্র অতি-প্রাকৃতঘটনায় ভরা বিচিত্র গল্প না বানাইয়া, জার (জরপুত্র) বৃষ ঋষির সারথ্যে ব্রাহ্মণকুমারের রথচক্রে নিস্পেষণ, মন্ত্রপ্রয়োগে পুনর্জীবন দান, পিশাচীকৃত অগ্নিতেজের হরণ ইত্যাদি ইত্যাদি অদ্ভুত কল্পনা না করিয়া আর্য্য ত্রিৎসুরাজ সুদাসের সঙ্গে মিশ্রজাতীয় দশজন রাজার যুদ্ধ, একদিকে বশিষ্ঠ অপরদিকে বিশ্বামিত্রের পৌরোহিত্য, পর্ব্বতগুহানিবাসী দ্রাবিড় জাতির দ্বারা আর্য্যদের গাভী হরণ ও নদীর স্রোত বন্ধন, দেবশুনি সরমার উপমা-ছলে দ্রাবিড়দের নিকট আর্য্যদৌত্য বা রাজদূতী প্রেরণ, প্রভৃতি সত্য বা মিথ্যা সম্ভব

ঘটনা লইয়া প্রাচীন ভারতের ইতিহাস লিখিতে চেষ্টা করেন। এই প্রাকৃতিক ক্রীড়ার পরস্পরবিরোধী রূপকের আর তাহার সঙ্গে এই ইতিহাস সম্বন্ধী রূপকের মিল করিতে গিয়া পাশ্চাত্য পণ্ডিত-মণ্ডলী বেদের যে অপূর্ব্ব গোল করিয়া ফেলিয়াছেন, তাহা বর্ণনাতীত। তবে তাঁহারা বলেন না কি, আমরা কি করিব, প্রাচীন বর্ব্বর কবিদের মন গোলমেলে ছিল, সেই জন্যই এইরূপ গোঁজামিল করিতে হইয়াছে, আমাদের ব্যাখ্যা কিন্তু ঠিক, খাঁটি নির্ভুল। সে যাহাই হৌক, ফলে প্রাচ্য পণ্ডিতদের ব্যাখ্যায় বেদের অর্থ যেমন অসংলগ্ন গোলমেলে দুরূহ ও জটিল হইয়াছিল, পাশ্চাত্যদের ব্যাখ্যায় সেইরূপই রহিয়াছে। সবই বদলাইয়াছে, অথচ সবই সমান। টেমস, সেন (Seine) ও নেবা (Neva) নদীর শত শত বজ্রধর আমাদের মস্তকের উপর নব পাণ্ডিত্যের স্বর্গীয় সপ্তনদী বর্ষণ করিয়াছেন সত্য, তাঁহাদের কেহও বৃত্রকৃত অন্ধকার সরাইতে পারেন নাই। আমরা যেই তিমিরে, সেই তিমিরে।

**উপনিষদ্**

আমাদের ধর্ম্ম অতি বিশাল ও নানা শাখাপ্রশাখা শোভিত। তাহার মূল গভীরতম জ্ঞানে আরূঢ়, তাহার শাখাগুলি কর্ম্মের অতি দূর প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত। যেমন গীতার অশ্বত্থবৃক্ষ, ঊর্দ্ধমূল ও "অবাক শাখাঃ," তেমনই এই ধর্ম্ম জ্ঞান-প্রতিষ্ঠিত, কর্ম্মপ্রেরক। নিবৃত্তি তাহার ভিত্তি, প্রবৃত্তি তাহার গৃহ-ছাদ-দেওয়াল, মুক্তি তাহার চূড়া। মানবজাতির সমস্ত জীবন এই বিশাল হিন্দুধর্ম্ম-বৃক্ষের আশ্রিত।

সকলে বলে বেদ হিন্দুধর্মের প্রতিষ্ঠা, কিন্তু অল্প লোকেই সেই প্রতিষ্ঠার স্বরূপ ও মর্ম্ম অবগত আছে, প্রায়ই শাখাগ্রে বসিয়া আমরা দু-একটি সুস্বাদু নশ্বর ফলের আস্বাদে মজিয়া থাকি, মূলের কোনও সন্ধান রাখি না। আমরা শুনিয়াছি বটে যে বেদের দুই ভাগ আছে, কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড, কিন্তু আসল কর্ম্মকাণ্ড কি বা জ্ঞানকাণ্ড কি তাহা জানি না। আমরা মোক্ষমূলর'কৃত ঋগ্বেদের ব্যাখ্যা পড়িয়া থাকিতে পারি বা শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্তের বাঙ্গালা অনুবাদ পড়িয়া থাকিতে পারি, কিন্তু ঋগ্বেদ কি তাহা জানি না। মোক্ষমুলর ও দত্ত মহাশয়ের নিকট এই জ্ঞান পাইয়াছি যে ঋগ্বেদের ঋষিগণ প্রকৃতির বাহ্য পদার্থ বা ভূতসকলকে পূজা করিতেন, সূর্য্য চন্দ্র বায়ু অগ্নি ইত্যাদির স্তবস্তোত্রই সনাতন হিন্দুধর্ম্মের সেই অনাদ্যনন্ত অপৌরুষেয় মূল জ্ঞান। আমরা ইহাই বিশ্বাস করিয়া বেদের, ঋষিদের ও হিন্দুধর্ম্মের অবমাননা করিয়া মনে করি যে আমরা বড়ই বিদ্বান, বড়ই "আলোকপ্রাপ্ত"। আসল বেদে সত্য সত্য কি আছে, কেনই বা শঙ্করাচার্য্য প্রভৃতি মহাজ্ঞানী ও মহাপুরুষগণ এই স্তবস্তোত্রগুলিকে অনাদ্যনন্ত সম্পূর্ণ অভ্রান্তজ্ঞান বলিয়া মানিতেন, তাহার কোন অনুসন্ধান করি না।

উপনিষদই বা কি, তাহাও অত্যল্প লোক জানে। যখন উপনিষদের কথা বলি, আমরা প্রায়ই শঙ্কারাচার্য্যের অদ্বৈতবাদ, রামানুজের বিশিষ্টাদ্বৈতবাদ, মাধ্বের দ্বৈতবাদ ইত্যাদি দার্শনিক ব্যাখ্যার কথা ভাবি। আসল উপনিষদে কি লেখা রহিয়াছে, তাহার প্রকৃত অর্থ কি, কেন পরস্পরবিরোধী ষড়্ দর্শন এই এক মূল হইতে উৎপন্ন হইয়াছে, ষড়দর্শনের অতীত কোন্ নিগূঢ় অর্থ সেই জ্ঞানভাণ্ডারে লভ্য হয়, এই চিন্তাও করি না। শঙ্কর যে অর্থ করিয়া গিয়াছেন, আমরা সহস্র বর্ষকাল সেই অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, শঙ্করের ব্যাখ্যাই আমাদের বেদ, আমাদের উপনিষদ, কষ্ট করিয়া আসল উপনিষদকে পড়ে? যদি পড়ি, শঙ্করের ব্যাখ্যার বিরোধী কোন ব্যাখ্যা দেখিলে আমরা তখনই তাহা ভুল বলিয়া প্রত্যাখ্যান করি। অথচ উপনিষদের মধ্যে কেবল শঙ্করলব্ধ জ্ঞান নহে, ভূত বর্ত্তমান ভবিষ্যতে যে আধ্যাত্মিক জ্ঞান বা তত্ত্বজ্ঞান লব্ধ হইয়াছে বা হইবে, সেইগুলি আর্য্য ঋষি ও মহাযোগী অতি সংক্ষিপ্তভাবে নিগূঢ় অর্থ প্রকাশক শোকে নিহিত করিয়া গিয়াছেন।

উপনিষদ কি? যে অনাদ্যনন্ত গভীরতম সনাতন জ্ঞানের সনাতন ধর্ম্ম আরূঢ়মূল, সেই জ্ঞানের ভাণ্ডার উপনিষদ। চতুর্ব্বেদের সূক্তাংশে সেই জ্ঞান পাওয়া যায়, কিন্তু উপমাচ্ছলে স্তোত্রের বাহ্যিক অর্থ দ্বারা আচ্ছাদিত, যেমন আদর্শে মানবের প্রতিমূর্তি। উপনিষদ অনাচ্ছন্ন পরমজ্ঞান, আসল মনুষ্যের অনাবৃত অবয়ব। ঋগ্বেদের বক্তা ঋষিগণ ঐশ্বরিক প্রেরণায় আধ্যাত্মিক জ্ঞান শব্দ ও ছন্দে প্রকাশ করিয়াছিলেন, উপনিষদের ঋষিগণ সাক্ষাদ্দর্শনে সেই জ্ঞানের স্বরূপ দেখিয়া অল্প ও গম্ভীর কথায় সেই জ্ঞান ব্যক্ত করিলেন। অদ্বৈতবাদ ইত্যাদি কেন, তাহার পরে যত দার্শনিক চিন্তা ও বাদ ভারতে, য়ুরোপে, আসিয়ায় সৃষ্ট হইয়াছে, Nominalism, Realism, শূন্যবাদ, ডারউয়িনের ক্রমবিকাশ, কমতের Positvism, হেগেল, কান্ত, স্পিনোজা, শোপনহাওর Utilitarianism, Hedonism, সকলই উপনিষদের ঋষিগণের সাক্ষাদ্দর্শনে দৃষ্ট ও ব্যক্ত হইয়াছিল। কিন্তু অন্যত্র যাহা খণ্ডভাবে দৃষ্ট, সত্যের অংশমাত্র হইয়াও সম্পূর্ণ সত্য বলিয়া প্রচারিত, সত্য-মিথ্যা মিশ্রিত করিয়া বিকৃতভাবে বর্ণিত, তাহা উপনিষদে সম্পূর্ণভাবে, নিজ প্রকৃত সম্বন্ধে আবদ্ধ হইয়া, শুদ্ধ অভ্রান্তভাবে লিপিবদ্ধ হইয়াছে। অতএব শঙ্করের ব্যাখ্যায় বা আর কাহারও ব্যাখ্যায় সীমাবদ্ধ না হইয়া উপনিষদের আসর গভীর ও অখণ্ড অর্থগ্রহণে সচেষ্ট হওয়া উচিত।

উপনিষদের অর্থ গূঢ় স্থানে প্রবেশ করা। ঋষিগণ তর্কের বলে, বিদ্যার প্রসারে, প্রেরণার স্রোতে উপনিষদুক্ত জ্ঞানলাভ করেন নাই, যে গূঢ়স্থানে সম্যক জ্ঞানের চাবি মনের নিভৃত কক্ষে ঝুলান রহিয়াছে, যোগদ্বারা অধিকারী হইয়া সেই কক্ষে প্রবেশ করিয়া সেই চাবি নামাইয়া তাঁহারা অভ্রান্ত জ্ঞানের বিস্তীর্ণ রাজ্যের রাজা হইয়াছিলেন। সেই চাবি হস্তগত না হইলে উপনিষদের প্রকৃত অর্থ খুলিয়া যায় না। কেবল তর্কবলে উপনিষদের অর্থ করা ও নিবিড় অরণ্যে উচ্চ উচ্চ বৃক্ষাগ্র মোমবাতির আলোকে নিরীক্ষণ করা একই কথা। সাক্ষাদ্দর্শনই সূর্য্যালোক, যাহা দ্বারা সমস্ত অরণ্য আলোকিত হইয়া অনেষণকারীর নয়নগোচর হয়। সাক্ষাদ্দর্শন যোগেই লভ্য।

**উপনিষদে পূর্ণযোগ**

পূর্ণযোগ, নরদেহে দেবজীবন, আত্মপ্রতিষ্ঠিত, ভগবৎশক্তিচালিত পূর্ণলীলা যাহাকে আমরা মনুষ্যজন্মের চরম উদ্দেশ্য নির্দ্দেশ করিয়া প্রচার করি, এই সিদ্ধান্তের মূল ভিত্তি যেমনই কোনও বুদ্ধি-গঠিত নূতন চিন্তা নহে, তেমনই কোনও প্রাচীন পুঁথির হরফ, কোনও লেখা-শাস্ত্রের প্রমাণ বা দার্শনিক সূত্রের দোহাই তাহার নহে। ভিত্তি পূর্ণতর আধ্যাত্মজ্ঞান, ভিত্তি আত্মায় বুদ্ধিতে হৃদয়ে প্রাণে দেহে

ভাগবত সত্তার জ্বলন্ত অনুভূতি। এই জ্ঞান কিছু নূতন আবিষ্কার নয়, অতি পুরাতন, নিতান্ত সনাতেন। এই অনুভূতি বেদের প্রাচীন ঋষির, উপনিষদের সত্যদ্রষ্টা চরম জ্ঞানীর,– "সত্যশ্রুতঃ কবয়ঃ" যাঁহারা, তাঁহাদেরই অনুভূতি কলির পতিত ভারতের নৈরাশ্যঘেরা ক্ষুদ্রাশয়তায় ও বিফল প্রযত্ন প্রাণে নূতন শোনায় বটে,– যেখানে অধিকাংশই আধমানুষ হইয়া জীবনযাপন করিতে সন্তুষ্ট, পুরা মনুষ্যত্বের সাধনা ক'জন করে, সেখানে নরদেবত্বের কা কথা। কিন্তু এই আদর্শ লইয়াই আমাদের শক্তিধর আর্য্য পূর্ব্বপুরুষেরা জাতির প্রথম জীবন গঠন করিলেন। এই জ্ঞানসূর্য্যের উলাসভরা উষাকালে আত্মস্থ আনন্দবিহঙ্গের সোমরসপাবিতকণ্ঠে বেদগানের আহ্বানধ্বনি উঠিয়া বিশ্বদেবতার চরণপ্রান্তে পৌঁছিল। মনুষ্যের আত্মায়, মনুষ্যের জীবনে সর্ব্ববিধ দেবত্ব গঠন দ্বারা সেই অমর বিশ্বদেবের মহীয়সী প্রতিমূর্তি স্থাপন করার উচ্চাশা ছিল ভারত-সভ্যতার প্রথম বীজমন্ত্র। ক্রমশঃ সেই মন্ত্র ভুলিয়া যাওয়া, হ্রাস করা, বিকৃত করা, এই দেশের ও এই জাতির অবনতি ও দুর্গতির কারণ। আবার সেই মন্ত্র উচ্চারণ, আবার সেই সিদ্ধির সাধনা, পুনরুত্থান ও উন্নতি একমাত্র শ্রেষ্ঠপথ ও একমাত্র অনিন্দ্য উপায়। কেননা, ইহাই পূর্ণ সত্য,– যেমন ব্যষ্টির তেমনি সমষ্টির সাফল্য এইখানেই। মনুষ্যের সাধনা, জাতির গঠন, সভ্যতার সৃষ্টি ও ক্রমবিকাশ, এই সকলের গূঢ় তাৎপর্য্য ইহাই। অন্য যে সকল উদ্দেশ্যের পিছনে আমাদের প্রাণ ও বুদ্ধি ছুটিয়া হয়রান হয়, সে সকল গৌণ উদ্দেশ্য আংশিক, দেবতাদের সত্য অভিসন্ধির সহায় মাত্র। অন্য যে সকল খণ্ড-সিদ্ধি লইয়া আমরা উল্লসিত হই, সেই সকল কেবল পথের আরামগৃহ, মার্গস্থ পর্ব্বতশিখরে জয়পতাকা প্রোথিত করা। আসল উদ্দেশ্য আসল সিদ্ধি মনুষ্যের মধ্যে, কেবল কয়েকজন বিরল মহাপুরুষে নয়, সকলের মধ্যে, জাতিতে, বিশ্বমানবে ব্রহ্মের বিকাশ ও স্বয়ংপ্রকাশ, ভগবানের প্রকট শক্তিসঞ্চারণ, জ্ঞানময় আনন্দময় লীলা।

এই জ্ঞান, এই সাধনের প্রথম রূপ ও অবস্থা আমরা দেখিতে পাই ঋগ্বেদে।

ভারত-ইতিহাসের মুখেই আর্য্যধর্ম্ম মন্দিরের দ্বারস্থ স্তূপে খোদিত আদিলিপি। ঋগ্বেদই যে তাহার আদিম বাণী, সেকথা আমরা টিক নিঃসন্দেহে বলিতে পারি না, কারণ ঋগ্বেদের ঋষিগণও স্বীকার করেন যে তাঁহাদের অগ্রবর্তী যাঁহারা ছিলেন, আর্য্য জাতির আদি পূর্ব্বপুরুষেরা, "পূর্ব্বে পিতরো মনুষ্যা", এই পন্থা আবিষ্কার করিয়াছিলেন, তাঁহাদেরই দেবজীবনলাভের সাধনমার্গ পরবর্তী মানবের সত্যের ও অমৃতত্ত্বের পন্থা। তবে ইহাই বলেন, প্রাচীন ঋষিরা যাহা দেখাইয়াছিলেন নূতন ঋষিরাও তাহাই অনুসরণ করিতেছেন, যে দিব্য বাক্ উচ্চারণ করিয়াছিলেন পিতৃগণের সেই বাণীর প্রতিধ্বনি দেখিতে পাই ঋগ্বেদের মন্ত্র, অতএব ঋগ্বেদে এই ধর্ম্মের যে স্বরূপ দেখিতে পাই তাহাকেই তাহার আদিরূপ বলা যায়। ইহারই অতি মহৎ অতি উদার রূপান্তর উপনিষদের জ্ঞান, বেদান্তের সাধনা। বেদের বৈশ্বদেব্য জ্ঞান ও দেবজীবন সাধনা, উপনিষদের আত্মজ্ঞান ও ব্রহ্মপ্রাপ্তির সাধনা দুইটি সমনয়-ধর্ম্মের উপর প্রতিষ্ঠিত– বিশ্ব-পুরুষ ও বিশ্বশক্তির নানা দিক, ব্রহ্মের সকল তত্ত্বকে একত্র করিয়া বৈশ্বদেব্য, সর্ব্বম্ ব্রহ্মের অনুভূতি ও অনুলীশন তাহার মূল কথা। তাহার পরে বিশ্লেষণের যুগ আরম্ভ হয়। সত্যের একটি একটি খণ্ড দর্শন লইয়া বেদান্তের পূর্ব্ব ও উত্তর মীমাংসা, সাংখ্য যোগ ন্যায় বৈশেষিক বিভিন্ন সাধনা সৃষ্টি করে; শেষে খণ্ড দর্শনের খণ্ড লইয়া অদ্বৈতবাদ, দ্বৈতবাদ, বিশিষ্ট্যাদ্বৈতবাদ, বৈষ্ণব শৈব পুরাণ তন্ত্র সমন্বয়ের চেষ্টাও কোনও দিন থামে নাই, গীতায়, তন্ত্রে, পুরাণেও সেই চেষ্টা দেখি, প্রত্যেকে কতকটা কৃতার্থও হইয়াছে, অনেক নূতন অধ্যাত্ম অনুভূতিও অর্জ্জন করা হইয়াছে, তবে বেদ উপনিষদের তুল্য ব্যাপকতা আর পাই না। ভারতের আদিম আধ্যাত্ম-বাণী যেন বুদ্ধির অতীত কোনও সর্ব্বব্যাপী উজ্জ্বল জ্ঞানালোক হইতে উদ্ভূত, যাহোক অতিক্রম করা দূরের কথা, যেখানে পৌঁছানও বুদ্ধিপ্রধান পরবর্তী যুগদের অসাধ্য বা কঠিন হইয়া যায়।

**ঈষ উপনিষদ ১**

ঈশ উপনিষদের সোজা অর্থ গ্রহণ করার এবং তাহার নিহিত ব্রহ্মতত্ত্ব আত্মতত্ত্ব ও ঈশ্বরতত্ত্ব হৃদয়ঙ্গম করার পক্ষে প্রধান অন্তরায় শঙ্করাচার্য্যের প্রচারিত মায়াবাদ আর এই উপনিষদের উপর শঙ্কর-প্রণীত ভাষ্য। সাধারণ মায়াবাদ নিবৃত্তির একমুখী প্রেরণা ও সন্ন্যাসীর প্রশংসিত কর্ম্মবিমুখতার সহিত ঈশ উপনিষদের সম্পূর্ণ বিরোধ, শ্লোকগুলির অর্থকে টানিয়া হিঁচড়াইয়া উল্টা অর্থ সৃষ্টি না করিলে এই বিরোধের সমাধান করা অসম্ভব। যে উপনিষদের লেখা আছে–

কুর্ব্বনেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ

আর লেখা আছে

না কর্ম্ম লিপ্যতে নরে

যে উপনিষদ সাহস করিয়া বলিয়াছে

অন্ধং তমঃ প্রবিশন্তি যে অবিদ্যামুপাসতে
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ

আরও বলিয়াছে

অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা

আর ইহাও বলিয়াছে

সম্ভূত্যামৃতমশ্রুতে,

সেই উপনিষদের সঙ্গে মায়াবাদ ও নিবৃত্তি-পথের মিল হইবে কি প্রকারে? শঙ্করের পরে যিনি দাক্ষিণাত্যে অদ্বৈত মতের প্রধান নিয়ন্তা, সেই বিদ্যারণ্য ইহা বুঝিয়াই এই বারটি প্রধান উপনিষদের তারিকা হইতে নির্ব্বাচন করিয়া তাহারই স্থানে নৃসিংহতালীয় উপনিষদকে বসাইয়া দিয়াছেন। শঙ্করাচার্য্য প্রচলিত বিধানকে উল্টাইয়া সেইরূপ দুঃসাহস করেন নাই। তিনি বুঝিলেন, ইহা শ্রুতি, মায়াশ্রুতির প্রতিপাদ্য তত্ত্ব, অতএব এই শ্রুতির প্রকৃত অর্থও মায়াবাদের অনুকূল ভিন্ন প্রতিকূল হইতে পারে না।

নিংড়াইলে নিশ্চয় প্রকৃত লুক্কায়িত অর্থ অর্থাৎ মায়াবাদ-যন্ত্রণায় বাধ্য হইয়া বাহির হইয়া আসিবে। এই উপলব্ধির বশীভূত হইয়া শঙ্করাচার্য্য ঈশ উপনিষদের ভাষ্য প্রণয়ন করিয়াছেন।

দেখা যাক একদিকে শাঙ্কর ভাষ্য কি বলে আর অপর দিকে সত্য সত্য উপনিষদই কি বলে। উপনিষৎকার ঈশ্বরতত্ত্ব ও জগৎ তত্ত্বকে প্রথমেই পরস্পরের সম্মুখ করিয়া মিলাইয়া এই দুইটির মূল সম্বন্ধ নির্দ্দেশ করিলেন।

ঈশা বাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ ইহার সোজা অর্থ "ঈশ্বরের বাস করিবার অর্থে এই সকল বিদ্যমান, যাহা কিছু জগতীর মধ্যে জগৎ" অর্থাৎ গমনশীলার মধ্যে গমনশীল। ইহা সহজে বোঝা যায় যে বিশ্ববিকাশে দুইটি তত্ত্ব প্রকটিত হয় স্থানু ও জগতী, নিশ্চল সর্ব্বব্যাপী নিয়ামক পুরুষ ও গমনশীলা প্রকৃতি, ঈশ্বর ও শক্তি। স্থাণুকে যখন ঈশ্বর নাম দেওয়া হইয়াছে, তখন বুঝিতে হইবে যে পুরুষ ও প্রকৃতির সম্বন্ধ এই যে, জগতী ঈশ্বরের অধীন, তাঁহা দ্বারা নিয়ন্ত্রিত, তাঁহার ইচ্ছায় প্রকৃতি সকল কর্ম্ম করেন। এই পুরুষ শুধু সাক্ষী ও অনুমন্তা নয়, জ্ঞাতা ঈশ্বর, কর্ম্মের নিয়ন্তা, প্রকৃতি কর্ম্মের নিয়ন্ত্রী নহে, নিয়তি মাত্র, কর্ত্রী বটে কিন্তু কর্ত্তার অধীনে, পুরুষের আজ্ঞাবহ হইয়া তাঁহার কার্য্যকারিণী শক্তি।

তাহার পর ইহাই দেখা যায় যে, এই জগতী শুধু গমনশীলা শক্তি, শুধু জগৎকরণস্বরূপ তত্ত্ব নয়, সে জগৎরূপেও বর্ত্তমান। জগতী শব্দের সাধারণ অর্থপৃথিবী, তবে এখানে খাটে না। "জগত্যাম্ জগৎ" এই দুই শব্দের সংযোগে উপনিষৎকার ইঙ্গিত করিয়াছেন যে দুইটির ধাতুগত অর্থ এখানে উপেক্ষণীয় নহে। তাহার উপর জোর দেওয়াই তাঁহার উদ্দেশ্য। এই অর্থ গমন বা গতি।

জগতী যদি পৃথিবীই হয়, তাহা হইলে বুঝিতে হইবে, এই সকল যাহা কিছু গমনশীলা পৃথিবীতে গমনশীল হয়, অর্থাৎ যত মনুষ্য, পশু, কীট, পাখী, নদ, নদী ইত্যাদি। এই অর্থ বড় অসম্ভব। উপনিষদের ভাষায় সর্ব্বমিদম্ শব্দে সর্ব্বত্রই জগতের যাবৎ বস্তু লক্ষিত হয়, পৃথিবীর নয়। অতএব জগতী শব্দে বুঝিতে হইবে জগৎরূপে প্রকটিত গমনশীলা শক্তি, জগৎ শব্দে যত কিছু প্রকৃতির গতির একটা গতি, হয় প্রাণীরূপে অথবা পদার্থরূপে বিদ্যমান। বিরোধ হয় ঈশ্বর ও জগতের যা-কিছু, এই দুইটির মধ্যে। যেমন ঈশ্বর স্থানু, প্রকৃতি বা শক্তি গমনশীলা, সর্ব্বদা কর্ম্মে ও জগৎব্যাপী গতিতে ব্যাপৃত, সেইলুপ জগতে যাহা কিছু আছে তাহাও গতির একটি ক্ষুদ্র জগৎ, তাহাও সর্ব্বদাই প্রতি মুহূর্তে সৃষ্টিস্থিতি-প্রলয়ের সন্ধিস্থল, চঞ্চল, নশ্বর, স্থাণুর বিপরীত। একদিকে ঈশ্বর, একদিকে পৃথিবী ও পৃথিবীতে যাহা কিছু জঙ্গম, ইহাতে সেই নিত্য বিরোধ ফুটে না। একদিকে স্থাণু ঈশ্বর, অপর দিকে চঞ্চলা প্রকৃতি ও তাহার সৃষ্ট জগতের মধ্যে প্রকৃতির অধিকৃত যাহা কিছু আছে,– যাবতীয় অস্থায়ী বস্তু, এই সর্ব্বজনলক্ষিত নিত্য-বিরোধ লইয়া উপনিষদের আরম্ভ। এই বিরোধেরও সমাধান কোথায়? এই দুই তত্ত্বের পূর্ণ সমাধান বা কি।

এই বিরোধ ও তাহার সমাধানের উপর সমস্ত উপনিষদ গঠিত। পরে ঈশ্বর কি আর জগৎ কি তাহার বিচার করিতে গিয়া উপনিষৎকার তিনবার তাহাই অন্যপ্রকারে উত্থাপন করিয়াছেন। প্রথম ব্রহ্মের বেলায় পুরুষ ও প্রকৃতির বিরোধ অনৈজদ্ একং মনসো জবীয়ঃ... তদ্ এজতি তন্নৈজতি– এই কয়টি শব্দে তিনি বুঝাইয়াছেন যে দুইটি ব্রহ্ম, পুরুষও ব্রহ্ম, প্রকৃতি আর প্রকৃতিরূপী জগৎও ব্রহ্ম। তাহার পর আত্মার কথায়, ঈশ্বর ও যাহা কিছু জগতের তাহাদের বিরোধ। আত্মাই ঈশ্বর, পুরুষ...

**ঈশ উপনিষদ ২**

ঈশ উপনিষদ পূর্ণযোগ-তত্ত্ব ও পূর্ণ আধ্যাত্মসিদ্ধি-পরিচায়ক, অল্পেতে বহু সমস্যা সমাধানকারী, অতি মহৎ অতল গভীর অর্থে পরিপূর্ণ শ্রুতি। আঠার শ্লোকে সমাপ্ত কয়েকটি ক্ষুদ্রাকার মন্ত্রে জগতের ততোধিক মুখ্য সত্য ব্যাখ্যাত। এইরূপ ক্ষুদ্র পরিসরে অনন্ত অমূল্য সম্পত্তি– infinite riches in a little room- শ্রুতিতেই পাওয়া যায়।

সমন্বয়-জ্ঞান, সমন্বয়-ধর্ম্ম, বিপরীতের মিলন ও একীকরণ এই উপনিষদের প্রাণ। পাশ্চাত্য দর্শনে একটি নিয়ম আছে যাহাকে Law of contradication বলে, বিপরীতের পরস্পর বহিষ্করণ বলা যায়। দুইটি বিপরীত সিদ্ধান্ত একসঙ্গে টিকিতে পারে না, মিলিত হইতে পারে না, দুইটি বিপরীত গুণ এক সময়ে এক স্থানে এক আধারে এক বস্তুর সম্বন্ধে যুগপৎ সত্য হইতে পারে না। এই নিয়ম অনুসারে বিপরীতের মিলন ও একীকরণ হইতে পারে না। ভগবান যদি এক হন, তিনি হাজার সর্ব্বশক্তিমান হউন বহু হইতে পারেন না। অনন্ত কখন সান্ত হয় না। অরূপের রূপ হওয়া অসাধ্য, যে সরূপ হইল তাহার অরূপত্ব বিনষ্ট হয়। ব্রহ্ম যে এক সময়েই নির্গুণ ও সগুণ, উপনিষদ যেমন ভগবানের সম্বন্ধে বলে যে তিনি "নির্গুণো গুণী", এই সিদ্ধান্তকেও এই যুক্তি উড়াইয়া দেয়। ব্রহ্মের নির্গুণত্ব, অরূপত্ব, একত্ব, অনন্তত্ব যদি সত্য হয়, তাহার সগুণত্ব, সরূপত্ব, বহুত্ব, সান্ততা মিথ্যা, 'ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা" মায়াবাদীর এই সর্ব্বধ্বংসী সিদ্ধান্ত এই দার্শনিক নিয়মের চরম পরিণতি। ঈশ উপনিষদের দ্রষ্টা ঋষি প্রতিপদে এই নিয়মকে দলন করিয়া প্রতি শ্লোকে তাহার যেন অসারত্ব ঘোষণা করিয়া বৈপরীত্যের মধ্যে বিপরীত তত্ত্বের গুপ্ত হৃদয়ে মিলন ও একীকরণের স্থান বাহির করিয়া চলিতেছেন। গতিশীল জগৎ ও স্থাণু পুরুষের একত্ব, পূর্ণ ত্যাগে পূর্ণ ভোগ, পূর্ণ কর্ম্মে সনাতন মুক্তি, ব্রহ্মের গতি মধ্যেই চিরস্থাণুত্ব, চিরন্তন স্থাণুত্বে অবাধ অচিন্ত্য গতি, অক্ষর ব্রহ্ম ও ক্ষর জগতের একত্ব, নির্গুণ ব্রহ্ম ও সগুণ বিশ্বপুরুষের একত্ব, যেমন অবিদ্যায় তেমন বিদ্যায় পরম অমরত্ব লাভের অভাব, যুগপৎ বিদ্যা অবিদ্যা সেবনে অমরত্ব, জন্মচক্রঘুরণেও নয়, জন্মবিনাশেও নয়, যুগপৎ সম্ভূতি ও অসম্ভূতির সিদ্ধিতে পরম মুক্তি ও পরম সিদ্ধি, এইগুলিই উপনিষদের উচ্চকণ্ঠে প্রচারিত মহাতথ্য।

দুর্ভাগ্যবশতঃ উপনিষদের অর্থ লইয়া অনর্থক গোল করা হইয়াছে। শঙ্করাচার্য্য উপনিষদের প্রধান প্রায় সর্ব্বজনস্বীকৃত টীকাকার, কিন্তু এই সকল সিদ্ধান্ত যদি গৃহীত হয়, শঙ্করের মায়াবাদ অতল জলে ডুবিয়া যায়। মায়াবাদের প্রতিষ্ঠাতা দার্শনিকদের মধ্যে অতুল্য অপরিমেয় শক্তিশালী। যমুনানদী স্বপথত্যাগে অনিচ্ছুক হওয়ায় তৃষিত বলরাম যেমন লাঙ্গলাকর্ষণে তাহাকে টানিয়া হিঁচড়াইয়া চরণপ্রান্তে হাজির করিয়া দিলেন, শঙ্করও গন্তব্যস্থলের পথে এই মায়াবাদনাশী উপনিষদকে পাইয়া তাহার অর্থ টানিয়া হিঁচড়াইয়া স্বমতের সহিত মিলাইয়া ছাড়িয়া দিয়াছেন। তাহাতে উপনিষদের কি দুর্দ্দশা হইয়াছে, দুয়েকটি দৃষ্টান্তে বোঝা যায়।

উপনিষদে বলা আছে যাহারা একমাত্র অবিদ্যাকে উপাসনা করে, তাহারা ঘোর অন্ধকারে পতিত হয়, আবার যাহারা একমাত্র বিদ্যাকে উপাসনা করে, তাহারা যেন আরও গাঢ় অন্ধকারে প্রবেশ করে। শঙ্কর বলেন, বিদ্যা ও অবিদ্যা এই স্থলে সাধারণ অর্থে আমি বুঝিব না, বিদ্যার অর্থ এখানে দেববিদ্যা। উপনিষদে বলা আছে, "বিনাশের মৃত্যুং তীর্ত্বা সম্ভবেনামৃতমশ্নুতে" অসম্ভূতি দ্বারা মৃত্যুকে জয় করিয়া সম্ভূতি দ্বারা অমরত্ব ভোগ করিব। শঙ্কর বলেন, পড়িতে হয় "অসম্ভূত্যামৃতং", বিনাশের অর্থ এখানে জন্ম। দ্বৈতবাদী একজন টীকাকার ঠিক এইভাবে "তত্ত্বমসি" কথা পাইয়া বলেন, "অতৎত্বমসি" পড়িতে হইবে। শঙ্করের পরবর্তী একজন প্রধান মায়াবাদী আচার্য্য অন্য উপায় অবলম্বন করিয়াছেন, ঈশ উপনিষদকে মুখ্য প্রমাণস্বরূপ উপনিষদের তালিকা হইতে বহিষ্কৃত করিয়া নৃসিংহোত্তরতাপনীয়কে তাহার স্থলে 'প্রমোট' (promote) করিয়া চরিতার্থ হইলেন। বাস্তবিক এইরূপ গায়ের জোরে স্বমত স্থাপনের প্রয়োজন নাই। উপনিষদ অনন্ত ব্রহ্মের অনন্ত দিক, কোন একমাত্র দার্শনিক মতের পরিপোষক নয় দেখায় বলিয়া সহস্র দার্শনিক মত এই এক বীজ হইতে অঙ্কুরিত হইয়াছে। প্রত্যেক দর্শন অনন্ত সত্যের এক একটি দিক বুদ্ধির সম্মুখে শৃঙ্খলিতভাবে উপস্থিত করে। অনন্ত ব্রহ্মের অনন্ত বিকাশ, অনন্ত ব্রহ্মে পৌঁছিবার পথও অগণ্য।

**পুরাণ**

পূর্ব্ব প্রবন্ধে উপনিষদের কথা লিখিয়াছি এবং উপনিষদের প্রকৃত ও সম্পূর্ণ অর্থ বুঝিবার প্রণালী দেখাইয়াছি। উপনিষদ যেমন হিন্দুধর্ম্মের প্রমাণ, পুরাণও প্রমাণ, শ্রুতি যেমন প্রমাণ, স্মৃতিও প্রমাণ, কিন্তু একদরের নহে। শ্রুতি ও প্রত্যক্ষ প্রমাণের সঙ্গে যদি স্মৃতির বিরোধ হয়, তাহা হইলে স্মৃতির প্রমাণ গ্রহণীয় নহে। যাহা যোগসিদ্ধ দিব্যচক্ষুপ্রাপ্ত ঋষিগণ দর্শন করিয়াছেন, অন্তর্য্যামী জগদ্গুরু তাঁহাদের বিশুদ্ধ বুদ্ধিকে শ্রবণ করাইয়াছেন, তাহাই শ্রুতি। প্রাচীন জ্ঞান ও বিদ্যা, যাহা পুরুষপরম্পরায় রক্ষিত হইয়া আসিয়াছে, তাহাই স্মৃতি। শেষোক্ত জ্ঞান অনেকের মুখে অনেকের মনে পরিবর্তিত, বিকৃতও হইয়া আসিতে পারে, অবস্থান্তরে নূতন নূতন মত ও প্রয়োজনের অনুকূল নূতন আকার ধারণ করিয়া আসিতে পারে। অতএব স্মৃতি শ্রুতির ন্যায় অভ্রান্ত বলা যায় না। স্মৃতি অপৌরুষেয় নহে, মনুষ্যের সীমাবদ্ধ পরিবর্ত্তনশীল মত ও বুদ্ধির সৃষ্টি।

পুরাণ স্মৃতির মধ্যে প্রধান। উপনিষদের আধ্যাত্মিক তত্ত্ব পুরাণে উপন্যাস ও রূপকাকারে পরিণত হইয়াছে, তাহার মধ্যে ভারতের ইতিহাস, হিন্দুধর্ম্মের উত্তরোত্তর বৃদ্ধি ও অভিব্যক্তি, পুরাতন সামাজিক অবস্থা, আচার, পূজা, যোগসাধন, চিন্তাপ্রণালীর অনেক আবশ্যক কথা পাওয়া যায়। ইহা ভিন্ন পুরাণকার প্রায় সকলে হয় সিদ্ধ, নয় সাধক; তাঁহাদের জ্ঞান ও সাধনলব্ধ উপলব্ধি তাঁহাদের রচিত পুরাণে লিপিবদ্ধ হইয়া রহিয়াছে। বেদ ও উপনিষদ হিন্দুধর্মের আসল গ্রন্থ, পুরাণ সেই গ্রন্থের ব্যাখ্যা। ব্যাখ্যা আসল গ্রন্থের সমান হইতে পারে না। তুমি যে ব্যাখ্যা কর আমি সেই ব্যাখ্যা নাও করিতে পারি, কিন্তু আসল গ্রন্থ পরিবর্ত্তন বা অগ্রাহ্য করিবার কাহারও অধিকার নাই। যাহার বেদ ও উপনিষদের সঙ্গে মিল হয় না, তাহা হিন্দুধর্ম্মের অঙ্গ বলিয়া গৃহীত হইতে পারে না, কিন্তু পুরাণের সঙ্গে মিল না হইলেও নূতন চিন্তা গৃহীত হইতে পারে। ব্যাখ্যার মূল্য ব্যাখ্যাকর্ত্তার মেধাশক্তি, জ্ঞান ও বিদ্যার উপরে নির্ভর করে। যেমন, ব্যাসদেবের রচিত পুরাণ যদি বিদ্যমান থাকিত, তাহার আদর প্রায় শ্রুতির সমান হইত; তাহার অভাবে ও লোমহর্ষণ রচিত পুরাণের অভাবে যে অষ্টাদশ পুরাণ বিদ্যামান রহিয়াছে, তন্মধ্যে সকলের সমান আদর না করিয়া বিষ্ণু ও ভাগবত পুরাণের ন্যায় যোগসিদ্ধ ব্যক্তির রচনাকে অধিক মূল্যবান বলিতে হয়, মার্কণ্ডেয় পুরাণের মত পণ্ডিত অধ্যাত্মবিদ্যাপরায়ণ লেখকের রচনাকে শিব বা অগ্নিপুরাণ অপেক্ষা গভীর জ্ঞানপূর্ণ বলিয়া চিনিতে হয়। তবে ব্যাসদেবের পুরাণ যখন আধুনিক পুরাণগুলির আদিগ্রন্থ, এইগুলির মধ্যে যেটি নিকৃষ্ট তাহাতেও হিন্দুধর্ম্মের তত্ত্বপ্রকাশক অনেক কথা নিশ্চয় রহিয়াছে, এবং যখন নিকৃষ্ট পুরাণও জিজ্ঞাসু বা ভক্ত যোগাভ্যাসরত সাধকের লেখা, তখন রচয়িতার স্বপ্রয়াস-লব্ধ জ্ঞান ও চিন্তাও আদরণীয়।

বেদ ও উপনিষদ হইতে পুরাণকে স্বতন্ত্র করিয়া বৈদিক ধর্ম্ম ও পৌরাণিক ধর্ম্ম বলিয়া ইংরাজীশিক্ষিত লোক যে মিথ্যা ভেদ করিয়াছে, তাহা ভ্রম ও অজ্ঞান-সম্ভূত। বেদ ও উপনিষদের জ্ঞান সর্ব্বসাধারণকে বুঝায়, ব্যাখ্যা করে, বিস্তারিতভাবে আলোচনা করে, জীবনের সামান্য সামান্য কার্য্যে লাগাইবার চেষ্টা করে বলিয়া পুরাণ হিন্দুধর্ম্মের প্রমাণের মধ্যে গৃহীত। যাঁহারা বেদ ও উপনিষদ ভুলিয়া পুরাণকে স্বতন্ত্র ও যথেষ্ট প্রমাণ বলিয়া গ্রহণ করেন, তাঁহারাও ভ্রান্ত তাহাতে হিন্দুধর্ম্মের অভ্রান্ত ও অপৌরুষেয় মূল বাদ দেওয়ার ভ্রম ও মিথ্যাজ্ঞানকে প্রশ্রয় দেওয়া হয়, বেদের অর্থ লোপ পায়, পুরাণের প্রকৃত অর্থও লোপ পায়। বেদের উপর পুরাণকে প্রতিষ্ঠিত করিয়া পুরাণের উপযোগ করিতে হয়।

**গীতার ধর্ম্ম**

যাঁহারা গীতা মনোযোগপূর্ব্বক পড়িয়াছেন, তাঁহাদের মনে হয়ত এই প্রশ্ন উঠিতে পারে যে ভগবান শ্রীকৃষ্ণ বার বার যোগ শব্দ ব্যবহার করিয়াছেন ও যুক্তাব্যবস্থার বর্ণনা করিয়াছেন; কই সাধারণ লোকে যাহাকে যোগ বলে, তাহার সঙ্গে তাহার মিল ত হয় না; শ্রীকৃষ্ণ স্থানে স্থানে সন্ন্যাসের প্রশংসা করিয়াছেন, অনির্দ্দেশ্য পরব্রহ্মের উপাসনায় পরম গতিও নির্দ্দিষ্ট করিয়াছেন, কিন্তু তাহা অতি সংক্ষেপে সাঙ্গ করিয়া গীতার শ্রেষ্ঠাংশে ত্যাগের মহত্ত্ব ও বাসুদেবের উপর শ্রদ্ধায় ও আত্মসমর্পণে পরমাবস্থাপ্রাপ্তি বিবিধ উপায়ে অর্জুনকে বুঝাইয়াছেন। ষষ্ঠ অধ্যায়ে রাজযোগের কিঞ্চিৎ বর্ণনা আছে, কিন্তু গীতাকে রাজযোগাখ্যাপকগ্রন্থ বলা যায় না। সমতা, অনাসক্তি, কর্ম্মফলত্যাগ, শ্রীকৃষ্ণে সম্পূর্ণ আত্মসমর্পণ, নিষ্কাম কর্ম্ম, গুণাতীত্য ও স্বধর্ম্মসেবাই গীতার মূলতত্ত্ব। এই শিক্ষাকেই ভগবান পরম জ্ঞান ও গূঢ়তম রহস্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন। আমাদের বিশ্বাস গীতাই জগতের ভাবীধর্ম্মের সর্ব্বজনসম্মত শাস্ত্র হইবে। কিন্তু গীতার প্রকৃত অর্থ সকলের হৃদয়ঙ্গম হয় নাই। বড় বড় পণ্ডিত ও শ্রেষ্ঠ মেধাবী তীক্ষ্ণবুদ্ধি লেখকও ইহার গূঢ়ার্থ গ্রহণে অক্ষম। একদিকে মোক্ষপরায়ণ ব্যাখ্যাকর্ত্তা গীতার মধ্যে অদ্বৈতবাদ

ও সন্ন্যাসধর্ম্মের শ্রেষ্ঠতা দেখিয়াছেন, অপরদিকে ইংরাজ-দর্শনসিদ্ধ বঙ্কিমচন্দ্র গীতায় কেবলমাত্র ধীরভাবে কর্তব্যপালনের উপদেশ পাইয়া সেই অর্থই তরুণমণ্ডলীর মনে ঢুকাইবার চেষ্টা করিয়াছেন। সন্ন্যাসধর্ম্ম উৎকৃষ্ট ধর্ম্ম, সন্দেহ নাই, কিন্তু সে ধর্ম্ম অল্পসংখ্যক লোক আচারণ করিতে পারে। সর্ব্বজন সম্মত ধর্ম্মে এমন আদর্শ ও তত্ত্বশিক্ষা থাকা আবশ্যক যে সর্ব্বসাধারণে তাহা স্ব স্ব জীবনে ও কর্ম্মক্ষেত্রে উপলব্ধি করিতে পারে, অথচ সেই আদর্শ সম্পূর্ণ আচরণ করায় অল্পজনসাধ্য পরমগতি প্রাপ্ত হইবে। ধীরভাবে কর্তব্যপালন উৎকৃষ্ট ধর্ম্ম বটে, তবে কর্ত্তব্য কি, এই জটিলসমস্যা লইয়া ধর্ম্ম ও নীতির যত বিভ্রাট। ভগবান বলিয়াছেন, গহনা কর্ম্মণো গতিঃ, কি কর্ত্তব্য, কি অকর্ত্তব্য, কি কর্ম্ম, কি অকর্ম্ম, কি বিকর্ম্ম, তাহা নির্ণয় করিতে জ্ঞানীও বিব্রত হইয়া পড়েন, আমি কিন্তু তোমাকে এমন জ্ঞান দিব যে তোমার গন্তব্যপথ নির্দ্ধারণের বেগ পাইতে হইবে না, কর্ম্মজীবনের লক্ষ্য ও সর্ব্বদা অনুষ্ঠেয় নিয়ম এককথায় বিশদরূপে ব্যাখ্যাত হইবে। এই জ্ঞানটা কি, এই লাখ কথার এক কথা কোথ ায় পাইব? আমাদের বিশ্বাস গীতার শেষ অধ্যায়ে ভগবান যেখানে তাঁহার সর্ব্বগুহ্যতম পরম বক্তব্য অর্জুনের নিকট বলিতে প্রতিশ্রুত হন, সেইখানেই এই দুর্লভ অমূল্য বস্তু অনেষণ করিলে পাওয়া যায়। সেই সর্ব্বগুহ্যতম পরম কথা কি?

মন্মনা ভব মদ্ভক্তো মদযাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োহসি মে ॥
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥

এই দুটি শ্লোকের অর্থ এক কথায়ই ব্যক্ত হয়, আত্মসমর্পণ। যিনি যত পরিমাণে শ্রীকৃষ্ণের নিকট আত্মসমর্পণ করিতে পারেন, তাঁহার শরীরে তত পরিমাণে ভগবদ্দত্ত শক্তি আসিয়া পরম মঙ্গলময়ের প্রসাদে পাপমুক্ত ও দেবভাবপ্রাপ্ত করে। সেই আত্মসমর্পণের বর্ণনা প্রথম শোকার্দ্ধে করা হইয়াছে। তন্মনা তদ্ভক্ত তদ্‌যাজী হইতে হয়। তন্মনা অর্থাৎ সর্ব্বভূতে তাঁহাকে দর্শন করা, সর্ব্বকালে তাঁহাকে স্মরণ করা, সর্ব্বকার্য্যে ও সর্ব্বঘটনায় তাঁহার শক্তি, জ্ঞানও প্রেমের খেলা বুঝিয়া পরমানন্দে থাকা। তদ্ভক্ত অর্থাৎ তাঁহার উপর সম্পূর্ণ শ্রদ্ধা ও প্রীতি স্থাপন করিয়া তাঁহার সহিত যুক্ত থাকা। তদ্‌যাজী অর্থাৎ ক্ষুদ্র মহৎ সর্ব্বকর্ম্ম শ্রীকৃষ্ণ উদ্দেশ্যে যজ্ঞরূপে অর্পণ করা এবং স্বার্থ ও কর্ম্মফলে আসক্তি ত্যাগ করিয়া তদর্থে কর্ত্তব্যকর্ম্মে প্রবৃত্ত হওয়া। সম্পূর্ণ আত্মসমর্পণ মানুষের পক্ষে কঠিন, কিন্তু অল্পমাত্র চেষ্টা করিলে স্বয়ং ভগবান অভয়দানে গুরু, রক্ষক ও সুহৃদ্ হইয়া যোগপথে অগ্রসর করাইয়া দেন। স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ। তিনি বরিয়াছেন এই ধর্ম্ম আচরণ করা সহজ ও সুখপ্রদ। বাস্তবিকই তাহাই অথচ সম্পূর্ণ আচারণের ফল অনির্ব্বচনীয় আনন্দ, শুদ্ধি ও শক্তিলাভ। মামেবৈষ্যসি অর্থাৎ আমাকে প্রাপ্ত হইবে, আমার সহিত বাস করিবে, আমার প্রকৃতি প্রাপ্ত হইবে। এই কথায় সাদৃশ্য, সালোক্য ও সাযুজ্য ফলপ্রাপ্তি ব্যক্ত হইয়াছে। যিনি গুণাতীত তিনিই ভগবানের সাদৃশ্যপ্রাপ্ত। তাঁহার কোনও আসক্তি নাই, অথচ তিনি কর্ম্ম করেন, পাপমুক্ত হইয়া মহাশক্তির আধার হন ও সেই শক্তির সর্ব্বকার্য্যে আনন্দিত হন। সালোক্যও কেবল দেহপতনান্তর ব্রহ্মালোকগতি নয়, এই শরীরেও সালোক্য হয়। দেহযুক্ত জীব যখন তাঁহার অন্তরে পরমেশ্বরের সহিত ক্রীড়া করেন, মন তাঁহার দত্ত জ্ঞানে পুলকিত হয়, হৃদয় তাঁহার প্রেমস্পর্শে আনন্দপুত হয়, বুদ্ধি মুহুর্মুহুঃ তাঁহার বাণী শ্রবণ করে ও প্রত্যেক চিন্তায় তাঁহারই প্রেরণা জ্ঞান হয়, ইহাই মানবশরীরে ভগবানের সহিত সালোক্য। সাযুজ্যও এই শরীরে ঘটে। গীতায় তাঁহার মধ্যে নিবাস করার কথা পাওয়া যায়। যখন সর্ব্বজীবে তিনি, এই উপলব্ধি স্থায়ীভাবে থাকে, ইন্দ্রিয়সকল তাঁহাকেই দর্শন করে, শ্রবণ করে, আঘ্রাণ করে, আস্বাদন করে, স্পর্শ করে, জীব সর্ব্বদা তাঁহার মধ্যে অংশভাবে থাকিতে অভ্যস্ত হয়, তখন এই শরীরেও সাযুজ্য হয়। এই পরমগতি সম্পূর্ণ অনুশীলনের ফল। কিন্তু এই ধর্ম্মের অল্প আচরণেও মহতী শক্তি, বিমল আনন্দ, সুখপূর্ণ শুদ্ধতা লাভ হয়। এই ধর্ম্ম বিশিষ্টগুণসম্পন্ন লোকের জন্য সৃষ্ট হয় নাই্ ভগবান বলিয়াছেন, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, পুরুষ, স্ত্রী, পাপাযোনিপ্রাপ্ত জীবসকল পর্য্যন্ত তাঁহাকে এই ধর্ম্ম দ্বারা প্রাপ্ত হইতে পারে। ঘোর পাপীও তাঁহার শরণ লইয়া অল্পদিনের মধ্যে বিশুদ্ধ হয়। অতএব এই ধর্ম্ম সকলের আচরণীয়। জগন্নাথের মন্দিরে জাতিবিচার নাই। অথচ ইহার পরমগতি কোনও ধর্ম্মনির্দ্দিষ্ট পরমাবস্থার ন্যূন নয়। ❑

---

*কলিতে ... ৮৭ পৃষ্ঠার বাকি অংশ*

পাপ থেকে মুক্তি পাবে। তাঁর দেহ-মন শুদ্ধ হবে। নারদ, সর্বধর্ম পরিত্যাগ-জনিত যে পাপ তাও সদ্য বিনষ্ট হবে। এই নামের উচ্চারণে মানুষের সদ্যমুক্তি ঘটবে। এই হলো উপনিষদ-বেদের উপদেশ।

স্বামী প্রণবানন্দজী নিজে যেমন নাম-সঙ্কীর্তন খুব ভালোবাসতেন, তেমনি অন্যদেরও নাম সঙ্কীর্তন গাইতে উৎসাহিত করেছেন। যখন তিনি ব্রহ্মচারী বিনোদ তখন বাজিতপুরে আশ্রম-কুটিরে তাঁর সঙ্গী তরুণ ও যুবকদের নিয়ে ঘণ্টার পর ঘণ্টা নাম সঙ্কীর্তন গেয়েছেন। পরবর্তীকালে সঙ্ঘের কেন্দ্রগুলিতে বিশেষ অনুষ্ঠান ছাড়াও প্রাত্যহিক নাম-সঙ্কীর্তনের প্রবর্তন তাঁরই ইচ্ছায়। তিনি জগদ্বাসীর কল্যাণে **"ওঁ হর গুরু শঙ্কর শিব শম্ভো"** তারকব্রহ্ম শ্রীশ্রীশিবনাম প্রচার করেছেন।

**এই নাম-কীর্তন প্রসঙ্গে তাঁর বক্তব্য– "নাম-কীর্তনে অতি সহজে মন ভগবদ্ভাবে নিমগ্ন হয়। ইহা ছাড়া মনুষ্য, পশুপাখি, কীট-পতঙ্গ প্রভৃতি সকলেরই কীর্তনশ্রবণে মহাকল্যাণ হয়। ধ্যানজপে শুধু নিজের উপকার হয়।"** ❑

কলিসন্তরণ উপনিষদ থেকে

### অসংলগ্ন সংলাপ

# মা দুর্গা সন্ধানে

মহাদেব চক্রবর্তী

শরৎকালে দুর্গাপূজা উপলক্ষে বৈচিত্র্যময় আনন্দানুষ্ঠান আমাদের সমাজে খুবই বড় ব্যাপার। নানা সমস্যাপীড়িত মানুষের জীবনে উৎসবের অবশ্যই প্রয়োজন। এই কানাডাতে খৃষ্টমাসের উৎসবে অনেক ইহুদীকে উৎসাহভরে যোগ দিতে দেখি। কারণ, জীবনের একঘেঁয়েমী থেকে, ক্ষণিকের তরে হলেও, ত্রাণ পাবার চেষ্টা। জীবনের সমস্যাগুলোকে সাময়িকভাবে ভোলার জন্যে উৎসব চাই, তা সে যে উপলক্ষেই হোক না কেন। তাই দুর্গোৎসবের সামাজিক মূল্য অনেক, এই কানাডাতেও।

এ প্রসঙ্গে কিছু প্রশ্ন স্বাভাবিকভাবেই মনে আসে। মা দুর্গাকে কিভাবে কোথা থেকে পাওয়া গেলো? শারদীয়া দুর্গাপূজার ইতিহাস, ভূগোল কি? দুর্গা প্রতিমার অর্থ কি? মা দুর্গার সাথে মহিষাসুর পূজা পায় কেন? সেও কি দেবতাশ্রেণীর?

মা দুর্গাকে নিয়ে প্রশ্ন অনেক। তাঁর সাঙ্গপাঙ্গ সম্বন্ধেও প্রশ্ন কিছু কম নেই। উত্তর পাওয়া দুরূহ। ধর্ম ব্যবসায়ীরা (পুরুৎ-পাণ্ডা-গুরুদেব-স্বামীজীরা) অর্থ/প্রতিপত্তি লাভের প্রয়াসে ব্যস্ত। গবেষণা করে সঠিক উত্তর লাভের আয়াস তাঁদের পোষায় না। প্রশ্ন করলে তাঁরা তাদের অজ্ঞতাকে ধূর্ততা দিয়ে ঢেকে বিজ্ঞতা দেখিয়ে ধাপ্পা দেন। এ অনেক দেখেছি। ধর্মের নামে যাদের উপর তাদের আধিপত্য, সেই 'পুণ্যলোভী' জনতাদের ঠকিয়ে অর্থ-প্রতিপত্তি লাভ করা যে সোজা, তাদের মন যে অনুসন্ধিৎসু নয়, যুক্তি বিচার করে কিছু জানার-বোঝার, চেষ্টার তাদের সে উৎসাহ নেই, তা তারা ভালোই জানেন। তবে কিছু লোক সংসারে আছে, যাদের পুণ্যার্জনের থেকে জ্ঞানার্জনেই আগ্রহ বেশি, তাদের জন্য কিছু তথ্য এখানে উপস্থিত করার চেষ্টা করি, যার ভিত্তিতে মা দুর্গার ইতিহাস, ভূগোল কিছুটা জানা সম্ভব হতে পারে।

> **গলায় বা কাঁধে একটা পৈতে ঝুলিয়ে নিলেই কায়স্থ-সদগোপ-চণ্ডালরাও তথাকথিত উচ্চবর্ণো ব্রাহ্মণ হয়ে যেতে পারে এক নিমেষেই।**

দুর্গাদেবীর বিভিন্ন নামের মধ্যে কিছু রহস্যের সমাধান পাওয়া যেতে পারে। মা দুর্গার অনেক নাম। উমা, পার্বতী, গৌরী, বিশালাক্ষী, অপরাজিতা, শিবানী, রুদ্রাণী, কালী, ভুবনেশ্বরী, মহাদেবী, ইত্যাদিও বাইরে আছে– অপর্ণা, নগ্নশ্বরী, পর্ণশবরী, উচ্ছিষ্ট চণ্ডালিনী, চণ্ডী, কাত্যায়নী, বিন্ধবাসিনী ইত্যাদি।

আর্যাস্তবে আছে– 'শবরৌঃবর্বরৈঃচৈবপুলিন্দৈশ্চ দ্বারা সুপূজিতা' আমাদের দুর্গা দেবী। অর্থাৎ শক্তির দেবী দুর্গা শবর, বর্বর এবং পুলিন্দদের দ্বারা সুপূজিতা।

অভিধানে শবর অর্থে– (১) পত্র পরিধান ম্লেচ্ছ জাতিবিশেষ। 'শবরাঃপত্র পরিধানাঃ' (অমরকোষটীকা)। (২) অসভ্য জাতি, কিরাত-পুলিন্দাদি। (৩) (কিরাতরূপী) শিব। (দুর্গার এক নাম 'কিরাতিনী')। বর্বর অর্থে– অনার্য জাতি, নীচজন, পামর, অসভ্য, মূঢ়, মূর্খ, কাণ্ডজ্ঞানহীন ইত্যাদি।

পুলিন্দ অর্থে,– অসভ্য ম্লেচ্ছ জাতিবিশেষ, চণ্ডাল ভেদ; তজ্জাতীয় লোক। দেবী তাহলে মূলত কাদের ভেবে দেখুন।

ড. দীনেশচন্দ্র সেন তাঁর 'বৃহৎবঙ্গ' গ্রন্থে লিখেছেন– "বাংলার মুচি, হাড়ি প্রভৃতি নিম্নশ্রেণীর ব্যক্তিরা এককালে শক্তির উপাসক ছিল। ...বৌদ্ধযুগে শক্তির এবংবিধ পূজা ক্রমশঃ বিলুপ্ত হয়, শেষে মুচির হাতে পৌরহিত্যের ভার পড়ে– শূন্যপুরাণের দুই একটি কথায় উহাই অনুমিত হয়। 'দুর্গাকে' কখনও 'হাড়ির মেয়ে' বলা হয়, হাড়ির বাড়িতে বাদ্য না বাজিলে দুর্গাপূজা কোনো কোনো স্থানে আরম্ভই হইতো না, এরূপ জনশ্রুতিও আছে।...এখনও কোনো স্থানের কালী মন্দিরে হাড়িরাই পূজার পাণ্ডা। দিনাজপুরের কোনো কোনো স্থানে এরূপ পৌরহিত্যের দৃষ্টান্ত পাওয়া যায়।"

ড. রমেশচন্দ্র মজুমদার সম্পাদিত 'বাংলাদেশের ইতিহাস' (দ্বিতীয় খণ্ড, মধ্যযুগ) গ্রন্থের ত্রয়োদশ পরিচ্ছেদ (ধর্ম ও সমাজ) থেকে কিছু উদ্ধৃত করি,– "বঙ্গীয় স্মৃতিকারগণ দুর্গাপূজায় শূদ্রের অধিকার স্বীকার করিয়াছেন। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য এই যে, বর্ণাশ্রম বহির্ভূত ম্লেচ্ছগণ হিন্দুর অপর কোন পূজাপার্বণের অধিকারী না হইলেও দুর্গাপূজায় তাহাদিগকে অধিকার দেওয়া হইয়াছে।"

এখানে অধিকারের অর্থ, পৌরহিত্যের অধিকার।

অধ্যাপক জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় 'পঞ্চোপাসনা' গ্রন্থে লিখেছেন,– "মহাভারত পরিশিষ্ট হরিবংশের বিষ্ণুপর্বস্থ তৃতীয় অধ্যায়ে উদ্ধৃত আর্যাস্তব দেবী পরিচিতি সম্বন্ধে বিশেষ গুরুত্বপূর্ণ।... স্তবকর্তা দেবীর জননী, ভগিনী ও কুমারী রূপগুলির এবং তাহার বৈদিক প্রতিরূপের বিশ্লেষণের সঙ্গে সঙ্গে তাঁহার অন্যতম বিশিষ্ট প্রকাশ যে বহু অনার্য জাতি পূজিত দেবীরূপের মধ্যে বর্তমান ইহা সুস্পষ্টভাবে স্বীকার করিয়াছেন। পর্বতগুহায়, নদীতীরে ও বনমধ্যে তিনি শবর, বর্বর, পুলিন্দ প্রভৃতি অনার্য জাতিগণের দ্বারা পূজিত; তিনি বিন্ধ্যবাসিনী, তাঁহার বাসস্থান কুক্কুট, ছাগল, মেষ, সিংহ, ব্যাঘ্রাদি পশুগণের দ্বারা পূর্ণ; ময়ূরপুচ্ছ তাঁহার অন্যতম লাঞ্ছন। প্রসঙ্গত বলা আবশ্যক যে, অন্যত্র তিনি অপর্ণা নামে বিখ্যাত; অপর্ণার অর্থ যিনি এমনটি পত্রবল্কলাদি পর্যন্ত পরিধেয়বিহীন। অর্থাৎ যিনি বিবসনা। তাঁহার অন্যত্র প্রদত্ত নামত্রয়– শবরী, পর্ণশবরী ও নগ্নশবরী তাঁহাকে অনার্য শবর জাতির ইষ্টদেবীরূপে চিহ্নিত করে। পর্ণশবরী অর্থে শবরদের দ্বারা পূজিত দেবী, যাঁহার পরিধেয় মাত্র পত্র।...নগ্নশবরী

অর্থে দিগ্বসনা শবরী দেবীকেই বুঝায়। বরাহ পুরাণের এক অংশে (২৮, ৩৪) তিনি কিরাতিনী নামে আখ্যাত হইয়াছেন; কিরাতগণ ভারতবর্ষের উত্তর ও উত্তরপূর্ব প্রান্তের অধিবাসী আর্যেতর জাতি।"

মহাভারতের রচনার শুরু হাজার আড়াই বছর আগে, গৌতম বুদ্ধের সময়ে। প্রায় আটশ' বছর মহাভারতের রচনাকাল। রামায়নের রচনার শুরু সম্রাট অশোকের কিছু পরে, হাজার দুয়েক বছর আগে, প্রায় চারশ বছর রামায়ণের রচনাকাল। মহাভারতের আদি লেখক কৃষ্ণদ্বৈপায়ন, ব্যাসদেব। রামায়ণের আদি লেখক বাল্মীকি। দুই গ্রন্থেই একাধিক লেখকের রচনা স্থান পেয়েছে। মনুসংহিতাও হাজার দুই বছর আগের রচনা। এই তিনগ্রন্থের কোনোটাতে মূর্তিপূজার বা শক্তিপূজার কোনো উল্লেখ নেই। দুর্গা, কালীর কোনো উল্লেখই নেই গ্রন্থত্রয়ে। যুধিষ্ঠির, অর্জুন, রামচন্দ্র কর্তৃক যে দুর্গাপূজার উল্লেখ আমরা পাই মহাভারত-রামায়ণে, তা প্রক্ষিপ্ত। খৃষ্টীয় চতুর্থ-পঞ্চম শতাব্দীর আগে দুর্গাপূজা চালু হয়নি। খৃষ্টীয় সপ্তম শতাব্দীর আগে কালীপূজা চালু হয়নি। দুর্গাপূজার কথা মহাভারত-রামায়ণে ঢোকানো হয়েছে পঞ্চম শতাব্দীর পরে জনসাধারণকে প্রভাবিত করার উদ্দেশ্যে।

রাবণবধের জন্য অগস্ত্যমুনির নির্দেশে রামচন্দ্র সূর্যের স্তব করেছিলেন। দুর্গাপূজা নয়। স্তবের নাম– 'আদিত্যহৃদয় স্তব'।

দুর্গা, কালী কেউই বৈদিক দেবী নন। সিন্ধু উপত্যকার সভ্যতা থেকেও তারা আসেননি। প্রতিমা গড়ে পূজা করার ধারণা আমরা পেয়েছি বিদেশীদের কাছ থেকে। দুর্গা, কালী শক্তির দেবীর ধারণাও পেয়েছি বিদেশীদের কাছ থেকে। হাড়ি , ডোম, বাগদী, চাঁড়াল, শবর, বর্বর, পুলিন্দ, নিষাদ ইত্যাদি যারা সমাজে অন্ত্যজ, আমাদের কাছে অচ্ছুৎ, তাদের মারফৎ।

বর্তমান যুগে যেসব দেবদেবী পূজা পান, তাঁদের মধ্যে স্বরস্বতী আর বিষ্ণু বাদে কেউই বৈদিক দেবতা নন। বৈদিক সাহিত্যে 'দুর্গা', 'কালী', শব্দের উল্লেখ পাওয়া যায়। কিন্তু তাদের দেবীরূপে বৈদিক যুগে মেনে নেয়া হয়েছে এমন প্রমাণ নেই। সিন্ধু উপত্যকার (হরপ্পা, মহেঞ্জদারোর) বা বৈদিক যুগের দেবী যদি তাঁরা হন, তাহলে খৃষ্টপূর্ব ভারতের ইতিহাসে তাদের উল্লেখ পাওয়া যায় না কেন? হাজার, হাজার বছর লুপ্ত থেকে খৃষ্টীয় শতাব্দীতে এসে তাদের আত্মপ্রকাশ রহস্যময় নয় কি? বিষ্ণু, সরস্বতীর ক্ষেত্রে তাতো ঘটেনি। তারা বৈদিক যুগ থেকে হাজার হাজার বছর ধরে প্রকাশিত থেকেই তো এ যুগে এসেছেন। অধ্যাপক শশিভূষণ দাশগুপ্ত 'ভারতের শক্তি-সাধনা ও শাক্তসাহিত্য' গ্রন্থে লিখেছেন– "দেবীপূজারূপে শাক্তধর্মকে খৃষ্টীয় চতুর্থ শতক হইতে দ্বাদশ শতক পর্যন্ত বাংলাদেশে একটি গৌণ ধর্ম বলিয়াই মনে হয়।" "দুর্গাপূজা ঠিক কখন হইতে বাংলাদেশে প্রচলিত সেকথা একেবারে নিশ্চিত করিয়া বলা যায় না; তবে খৃষ্টীয় চতুর্দশ, পঞ্চদশ ও ষোড়শ শতকে রচিত কতকগুলি দুর্গাপূজার বিধান পাইতেছি।"

এখানে 'বাংলাদেশ' অর্থে বাংলাভাষীদের দেশ। রাজনৈতিক বাংলাদেশ নয়, পূর্ব পূর্ব-পাকিস্তান নয়।

শবরদের দুর্গাপূজা উপলক্ষে শাবরোৎসব আমাদের পুজোৎসবের অঙ্গ। এ বিষয়ে ঐ 'পঞ্চোপাসনা' গ্রন্থ থেকে উল্লেখ করি।

"দেবীর শবর বর্বরাদি অনার্য জাতির দ্বারা পূজিত রূপের কথা আগে বলা হইয়াছে। শূলপাণি তাঁহার দুর্গোৎসব বিবেকে কালিকাপুরাণ হইতে শারদীয় দুর্গোৎসবে অনুষ্ঠিতব্য শাবরোৎসব নামক এক বিধি সম্পর্কিত কয়েকটি শ্লোক উদ্ধৃত করিয়া ইহার কথ াই বলিয়াছেন...।" "দশমীর দিবস শ্রবণানক্ষত্রে শাবরোৎসবের সহিত দেবীর বিসর্জন করিবে।... সুন্দর বস্ত্রে সজ্জিতা কুমারী ও বেশ্যা এবং নর্তকগণ সঙ্গে লইয়া শঙ্খ, তুরী, মৃদঙ্গ এবং পটহের শব্দ করিতে করিতে নানাবিধ বস্ত্রের ধ্বজা উড়াইয়া খই এবং ফুল ছড়াইতে ছড়াইতে ধুলি কর্দম নিক্ষেপ করতঃ নানা ক্রীড়া কৌতুক ও মঙ্গলাচারণপূর্বক ভগলিঙ্গাদিবাচক গ্রাম্য শব্দ উচ্চারণ ও তাদৃশ শব্দবহুল গান এবং তাদৃশ অশ্লীল বাক্যালাপ করিয়া বিসর্জন সময়ে ক্রীড়া করিবে।"

ইহার পরের দুইটি শ্লোকে পুরাণকার বলিয়াছেন যে, 'সেই দিবস (অর্থাৎ বিজয়া দশমীর দিন) যদি কোনো মনুষ্য নিজের উপর অপর কর্তৃক অশ্লীল ব্যবহার না করা– ভালোবাসে এবং অপরের উপর অশ্লীল ব্যবহার করিতে না চাওয়া তবে ভগবতী ক্রুদ্ধ হইয়া তাহাকে শাপ প্রদান করিয়া গমন করেন।' রঘুনন্দনও বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জন সম্পর্কে এই শবরোৎসবের কথা বলিয়াছেন। তিনি বলিতেছেন, 'ততো ধুলি কর্দমবিক্ষেপ ক্রীড়াকৌতুক মঙ্গল ভগলিঙ্গাভিধানং ভগলিঙ্গপ্রণীত পরাক্ষিপ্ত পরাক্ষেপকরূপং শাবরোৎসবং কুর্মাৎ।"

পূর্বোল্লিখিত 'বাংলাদেশের ইতিহাস' গ্রন্থে আছে,–

"বঙ্গীয় স্মৃতিনিবন্ধসমূহে বিবিধ দশমীকৃত্যের মধ্যে শাবরোৎসবের ব্যবস্থা আছে। এই ব্যবস্থানুসারে জনগণ পরস্পরকে অশ্রাব্য ভাষায় গালাগালি করিবে। যে এইরূপ গালাগালি অপরকে করিবেনা এবং যাহাকে অপরে গালাগালি করিবেনা, তাহারা উভয়েই দেবীর বিরাগভাজন হইবে। 'শাবরোৎসব' শব্দটির তাৎপর্য বিশ্লেষণ প্রসঙ্গে জীমূতবাহন বলিয়াছেন যে, ইহাতে শবরের ন্যায় সমস্ত শরীর পত্রাদি দ্বারা আবৃত ও কর্দমলিপ্ত করিয়া গীত ও বাদ্য করিতে হয়।"

(শূলপাণি মহামহোপাধ্যায় নবদ্বীপবাসী ছিলেন। জন্ম আনুমানিক ১৩৭৫-৮০ খৃষ্টাব্দে। নব্যস্মৃতির প্রবর্তক। ন্যায় ও মীমাংসাদর্শনে অসামান্য পণ্ডিত। রঘুনাথ শিরোমনি তাঁর দৌহিত্র। রঘুনন্দন ভট্টাচার্য ১৬শ শতাব্দীতে ছিলেন, নবদ্বীপে। প্রখ্যাত স্মার্ত পণ্ডিত। মুসলমান আমলে হিন্দু সমাজকে বিপর্যয় থেকে রক্ষা করার জন্য– 'অষ্টবিংশতিতত্ত্বস্মৃতি গ্রন্থ' রচনা করেন। স্মৃতিশাস্ত্রে তাঁরও অবদান অনেক।

জীমূতবাহন মহামহোপাধ্যায় খুবসম্ভব দ্বাদশ-ত্রয়োদশ শতকে জীবিত ছিলেন। অগাধ পাণ্ডিত্যের অধিকারী জীমূতবাহন অন্তত তিনখানা গ্রন্থ রচনা করেছিলেন,– কালবিবেক, ব্যবহারমাতৃকা এবং দায়ভাগ। কালবিবেক গ্রন্থ ব্রাহ্মণ্য ধর্মের নানা পূজানুষ্ঠান, আচার ইত্যাদি আলোচিত স্মৃতিশাস্ত্র। 'দায়ভাগ' তাঁর সর্বশ্রেষ্ঠ গ্রন্থ। আজও এই গ্রন্থ মিতাক্ষরা-বহির্ভূত হিন্দু সমাজে দায় বা উত্তরাধিকার, সম্পত্তি-বিভাগ এবং স্ত্রী-ধন সম্পর্কে একতম সুবিখ্যাত ও সুপ্রতিষ্ঠিত গ্রন্থ। স্বামীর মৃত্যুর পর স্ত্রী তার সম্পত্তির

অধিকার পেত এই 'দায়ভাগ' অনুসারে। তাই সতীদাহ প্রথার চল হয়েছিলো। বিশেষ করে ভারতের অরাজক অবস্থায় অষ্টাদশ শতাব্দীতে সে প্রথার বাড়াবাড়ি ঘটে বাংলায়।)

দুর্গাপূজার অন্যতম প্রধান অংশরূপে শবরোৎসবের বিধান লক্ষ্যণীয়। মা দুর্গার নামে প্রকাশ্যে কদর্য, অশ্লীলভাবে যৌনাচারের অভিব্যক্তি, কুমারী ও বেশ্যাকে সমভাবে এইসব অশ্লীলতার অঙ্গীভূত করাও লক্ষ্যণীয়।

অন্য কোনো দেবতার (দেব, দেবীর) পূজায় এ ধরনের কদাচারের উল্লেখ নেই কোনো শাস্ত্রে। শুধু দুর্গাপূজার বিধানেই এই কদর্যাচরণ পূজারীতি। দেবীর অভিশাপের ভয় দেখিয়ে বাধ্য করা হয়েছে কুৎসিৎ পূজারীতি পালনে।

এই কুরুচিপূর্ণ, জঘন্য কাণ্ড-কারবার দেবীপূজার অঙ্গ কেন? কুমারী ও বেশ্যা সমপর্যায়ে কেন এই শবরোৎসবে?

উত্তর খুঁজতে অনেক দূরে যেতে হবে। ভারতের বাইরে মধ্যপ্রাচ্যে হয়তো এর উত্তর মিলতে পারে কিছু। আমাদের বৈষ্ণবী আচার ও সহজিয়াদের সাধনা পদ্ধতি ও তান্ত্রিক রীতিনীতির মধ্যেও হয়তো উত্তর পাওয়া যেতে পারে। মধ্যপ্রাচ্যে প্রাচীন যুগে এক মাতৃরূপা শক্তির দেবী ছিলেন। বিভিন্ন নাম তার, –ইস্তার, আস্তার্তে, আস্তোরেথ, ইনানা, আইসিস ইত্যাদি। প্রায় সবকিছুরই দেবী ছিলেন তিনি। কোথাও তিনি নগ্ন, কোথাও আচ্ছাদিত। যুদ্ধে বিজয়কামীদের দেবী তিনি, বেশ্যাবৃত্তিতে সাফল্যকামী নারীদের দেবীও তিনি। কুমারীরা তার মন্দিরে গিয়ে পুরোহিতের সাহায্যে, না হলে অন্য পুরুষের সাহায্যে নিজেদের কুমারীত্ব বিসর্জন দিয়ে দেবীর প্রসাদলাভ হলো বলে মনে করতো।

এবিষয়ে Will Durant-এর লেখা 'Our oriental Heritage' বই থেকে কিছু উদ্ধৃতি করি।

'Ishtar (Astarte to the Greeks, Ashtoreth to the Jews) interests us not only as analogue of the Egyptian Isis and prototype of the Grecian Aphrodite and the Roman Venus, but as the formal beneficiary of one of the strangest of Babylonian customs…It is impossible to find much harmony, from a modern point of view, in the attributes and functions of Ishtar; she was the goddess of war as well as of love, of prostitutes as well as of mothers, she called herself a 'compassionate courtesm'; she was represented sometimes as a bearded bisexual deity, sometimes as a nude female offering her breats to suck;…'

"As Ishtar-Myhitta received in sacrifice the virginity of her girl-devotes at Babylon, so the women who honored Astarte at Bybles had to give up their long stresses to her,or surrender themselves to the first stranger who solicited hteir love in the precincts of the temple…"

অপ্রাসঙ্গিক হলেও ঐ বই থেকে আরো কিছু উল্লেখ করি।–

"…Finally there was Moloch (i.e. King), the terrible God to whom the Phoenicians offered living childness as burnt sacrifices; at canthage, during a siege of the city (307 B.C.), two hundred boys of the best families wereburned to death on the altar of this fiery divinity." গঙ্গাসাগরের সন্তান বিসর্জনের কথা ভাবুন।

মা দুর্গার ধারণা যদি মধ্যপ্রাচ্য থেকেই এসে থাকে, তাহলে শবর, পুলিন্দ, হাড়ি, ডোম ইত্যাদিরা সে ধারণা পেল কি করে? উত্তরের জন্য ইতিহাসের পাতা উল্টাতে হবে। এখানে বলে রাখি, মহিষাসুরের কল্পনার ভিত্তি-আলেকজাণ্ডার দি গ্রেট (Alexander The Great) কি করে? আরও উত্তর হয়তো ইতিহাসের পাতায় আছে। এসব নিয়ে পরে আলোচনা করা যাবে। এখন অন্য কথায় আসা যাক।

আগে যে তিন মহাপণ্ডিতের উল্লেখ করা হয়েছে, জীমূতবাহন (অর্থ– মেঘ, বাহন, ইন্দ্র), শূলপানি (অর্থ– শিবঠাকুর; হস্তে শূল ধারণ করেন বলে), রঘুনন্দন, এঁদের বিধান অনুসারেই আমাদের বাঙালী হিন্দু সমাজের সব ক্রিয়াকর্ম– জন্মের আগে থেকে মৃত্যুর পরে অবধি। এই বিধানগুলি পৌরাণিক যুগ প্রভাবিত। বৈদিক যুগের সাথে প্রায় সম্পর্করহিত। আমাদের অষ্টাদশ পুরাণ এবং ততোধিক উপপুরাণ সবই রচিত হয়েছে খৃস্টীয় শতাব্দীতে। সামান্য কিছু ভাল পুরাণের রচনাকাল হিন্দুযুগে। হিন্দুযুগের শেষ থেকে মুসলমান আমলভরে অনেক পুরাণ, উপপুরাণ লেখা হয়েছে। সবই নিকৃষ্ট, মতলবে লেখা। 'পুরাণ' সম্পর্কে সুপণ্ডিত অমলকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর 'পৌরাণিকা' (বিশ্বকোষ হিন্দুধর্ম) গ্রন্থে লিখেছেন,– "…বৈদিক ধর্ম ও পুরাণ প্রচারিত ধর্ম অতি পৃথক।" "পুরাণ যেন সাময়িক লোকাচার আশ্রয়ী।" "যে নিষ্ঠা ও ক্ষুরধার তর্কবুদ্ধি হিন্দুদর্শন গড়ে তুলেছিলো সেই নিষ্ঠা, সতর্কতা ও সাবধানতার অভাব পুরাণে প্রতিচ্ছত্রে ছড়িয়ে রয়েছে।" পুরাণগুলি "এক একটি ভক্তসম্প্রদায়ের মন রাখতে লেখা। আখড়ার নিজস্ব প্রচার পুস্তক। শিবপুরাণে শিবই একমাত্র দেবতা; দর্শনের একেশ্বরবাদ দৃষ্টিভঙ্গি নয়, অনুগ্রহ লাভের চেষ্টায় আরাধ্য দেবতাকে গাছে তোলা। বৈষ্ণব পুরাণেও অনুরূপ; সর্বত্রই একই সুর; নিরন্ন বেকার পাড়ায় রাজনৈতিক দাদাকে যেন স্তব করছে। অতি অক্ষম লেখকের পঙ্গু চিন্তাধারার স্বাক্ষর এই পুরাণগুলি। প্রতিটি পুরাণে পুনরাবৃত্তি এবং রামায়ণ ও মহাভারতের কাহিনীর চর্বিত চর্বণ। নিজের মৌলিকত্ব দেখাতে গিয়ে বহু বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। বেশিরভাগ সাহিত্যই মূল্যহীন। নানা কিছুর নীরস তালিকা" (পুরাণগুলি ব্যাসদেবের লেখা বলা হয়; যদিও তা অসম্ভব।)

"অনেকে বলেন পুরাণ লোকশিক্ষার বাহন হিসাবে কাজ করেছিলো। এখানে লোক অর্থে মুষ্টিমেয় সংস্কৃত ভাষাজানা পণ্ডিত। ভারতীয় মনীষা দ্বিতীয় বৃহৎকথা বা আর একটি দশকুমারচরিত না লিখে পুরাণের চর্বিতচর্বণের মাধ্যমে তৃপ্তি পেয়েছিল; এর কারণ পুরাণের সঙ্গে আখড়া বা মঠের সম্পর্ক ছিলো আর ছিল যজমানের দাক্ষিণ্য। পুরাণে ইতিহাসের ছিটেফোঁটা আছে কিনা সন্দেহ;…।

প্রাচীন রাজবংশ হিসাবে আসমুদ্র হিমাচল ভারতবর্ষে সূর্যবংশ ও চন্দ্রবংশ (যদুবংশ মিলে) বাদে অন্য কোনো রাজবংশ ছিল না– এটি অবিশ্বাস্য। দৃষ্টিভঙ্গীর চরম দৈন্য, পুরাণে ভূগোল যা আছে তা সবটাই গণ্ডগোল।"

শংকরাচার্যের জীবনকাল বত্রিশ বছর, ৭৮৮ থেকে ৮২০ খৃষ্টাব্দ। তাঁর জন্ম বর্তমান কেরলা প্রদেশের কালাতি গ্রামে, এক ব্রাহ্মণ পরিবারে। গ্রামের অধিবাসীরা প্রায় সবাই ছিলো খৃষ্টান। খৃষ্টধর্ম তাঁর জন্মের সাতশ বছর আগেই কেরলায় প্রতিষ্ঠা লাভ করেছিলো। ইসলাম ধর্মও তাঁর জন্মের একশ বছর আগেই কেরলার অধিবাসীদের প্রভাবিত করেছে। এই দুই ধর্মই একেশ্বরবাদী। (রিলিজিয়ন আর ধর্ম এক নয়। কিন্তু রিলিজিয়ন অর্থে ধর্ম হয়ে গেছে বা চলে গেছে আমাদের ভাষায়।) বহুদেবদেবীর পূজা হিন্দুধর্মে। ফলে ধর্মীয় বিরোধ ঘটতে লাগলো। সব দেবদেবীই যে একেশ্বরের বিভিন্ন রূপ, হিন্দুধর্ম যে মূলতঃ একেশ্বরবাদী অর্থাৎ অদ্বৈতবাদী, এই তত্ত্ব প্রচার করলেন শংকরাচার্য বড় হয়ে। তিনি ছিলেন মহাপ্রতিভাবান পণ্ডিত। তৎকালে নিরীশ্বর বৌদ্ধ সমাজ পতনের মুখে। সম্রাট অশোকের পৃষ্ঠপোষকতা লাভের পর তারা সম্রাট কনিষ্কের কাছ থেকে বিশেষ পৃষ্ঠপোষকতা লাভ করে। মাঝখানে ব্রাহ্মণ সম্রাট পুষ্যামিত্রসুঙ্গের রাজত্বে তাদের দুর্দিন গেছে। ব্রাহ্মণ্যধর্ম তখন আধিপত্য করেছে। কনিষ্কের অনেক পরে গুপ্তসাম্রাজ্য। তখন আবার ব্রাহ্মণদের আধিপত্য। সে সময়ে এলো হূনদের আক্রমণ। হূনরা বৌদ্ধদের ধনসম্পদ লুট করলো। বহুভাগে বিভক্ত বৌদ্ধ ধর্মে ব্যাভিচার বাড়লো। বৌদ্ধসমাজ তখন ক্ষয়িষ্ণু হলেও সাম্যবাদী অর্থাৎ জাতবিচারহীন ছিল। তাদের প্রভাবে ভারতে জাতবিচার প্রবল হতে পায়নি। শংকরাচার্যের সাথে বিতর্কে বৌদ্ধপণ্ডিতরা পরাজিত হলো। ফলে ব্রাহ্মণ্যধর্মের উত্থান ও বৌদ্ধসমাজের পতন ত্বরান্বিত হলো। প্রায় সারা ভারত থেকে বিতাড়িত হয়ে বৌদ্ধ ধর্ম বিহার-বাংলা-আসামে আশ্রয় পেয়ে কাটাল তুর্কীদের আগমন অবধি।

বৌদ্ধ সমাজের পতনের সাথে হিন্দুসমাজে জাতবিচারের উত্থান ঘটলো দ্রুতগতিতে। ফলে হিন্দু সমাজের পতন শুরু হলো।

কবির ভাষাকে একটু ঘুরিয়ে দিয়ে বলি,–

যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিলযে নীচে,
পশ্চাতে রাখিলে যারে সে তোমারে পশ্চাতে টানিছে।
অজ্ঞানের অন্ধকারে আড়ালে ঢাকিলে যারে
তোমার মঙ্গল ঢাকি গড়িলো সে মোর ব্যবধান।
অপমানে হতে হলো তাহাদের সবার সমান।

যে জাতবিচার বৈদিক যুগে একেবারেই ছিলো না, বৌদ্ধসমাজের পতনের পর পৌরাণিক যুগে সেই জাতবিচার প্রবলভাবে কুৎসিত আকার ধারণ করলো। তার সাথে বৃদ্ধি পেল ব্রাহ্মণ্য আধিপত্য। সমাজের অধঃপতন ঘটলো। এই অধঃপতিত সমাজের সাহিত্য পুরাণগুলি সুযোগ পেয়ে এই ব্রাহ্মণ সম্প্রদায় মহান সনাতন ধর্মকে সাধারনের হিন্দু রিলিজিয়নে রূপায়িত করতে প্রয়াসী হলেন নিজেদের স্বার্থে।

প্রায় সহস্রবর্ষব্যাপী অধঃপতিত এই সমাজের উন্নতির লক্ষণ দেখা দিল উনবিংশ শতাব্দীতে, ইংরাজের সংস্পর্শে এসে।

হাজার দুই বছর আগে রচিত বাল্মীকি রামায়ণে আছে,–

দশরথের পুত্রেষ্টি যজ্ঞ উপলক্ষে "অনন্তর বশিষ্ঠ সুমন্ত্রকে আহ্বানপূর্বক কহিলেন, সুমন্ত্র! এই পৃথিবীতে যে-সমস্ত ধার্মিক রাজা আছেন, তাহাদিগকে এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং বহুসংখ্য শূদ্রকে তুমি নিমন্ত্রণ করিয়া আইস।" "যজ্ঞস্থলে ব্রাহ্মণ, শূদ্র, তপস্বী ও সন্ন্যাসীসকল ভোজন করিতে লাগিলেন।" "যিনি সাঙ্গোপাঙ্গ বেদ অধ্যয়ন না করিয়াছেন, রাজা দশরথের এই অশ্বমেধ যজ্ঞে এমন কোন ব্রাহ্মণই ব্রতী হন নাই। এই সমস্ত ব্রাহ্মণের মধ্যে সকলেই ব্রতপরায়ণ ও বহুদর্শী ছিলেন।" বোঝা গেল, দু'হাজার বছর আগেও (খাঁটি) ব্রাহ্মণ্য সমাজে জাতবিচার তেমন ছিল না; যদিও বিভিন্ন জাতি ছিল। হিন্দু সমাজের পতনের ফলে জাতবিচারের বৃদ্ধি। অধ্যাপক রমেশচন্দ্র মজুমদার (Dr. R.C. Majumdar) ঐতিহাসিক। তাঁর লেখা 'Ancient India' বইয়ের একুশ অধ্যায়ে, Degradation of Hindu Society পড়লে হিন্দু সমাজের অধোগতি সম্পর্কে জানবেন ভালো করে।

ড. শশিভূষণ দাশগুপ্ত 'ভারতের শক্তিসাধনা ও শাক্ত সাহিত্য' গ্রন্থে লিখেছেন,– "মহাভারতে পার্বতী উমাকেও স্বতন্ত্রা, স্বপ্রধানা দেবীরূপে পাই না, শিবপত্নীরূপেই সেখানে তাহার পরিচয়। মহাভারতের পরিশিষ্টরূপে পরিগণিত 'খিল হরিবংশে' যে দেবী দুর্গার উল্লেখ পাওয়া যায় তিনি তখনও ব্রাহ্মণ্যধর্মের মধ্যে দৃঢ় প্রতিষ্ঠা লাভ করিতে পারিয়াছিলেন বলিয়া মনে হয় না; তখন পর্যন্ত মদ্যমাংস বলিপ্রিয়া দেবী শবর, পুলিন্দ এবং বর্বরগণ কর্তৃকই পূজিতা। পার্বতী উমার সহিত অভিন্নতা লাভ করিয়াই ব্রাহ্মণ্যধর্মে তাঁহার দৃঢ়প্রতিষ্ঠা লাভ বলিয়া মনে হয়। পৌরাণিক যুগেই এই মিলন সংঘটিত হইয়াছে।

উনবিংশ শতাব্দীতে (বিদ্যাসাগর, বঙ্কিম, রমেশদত্তের যুগে, বাংলার তথা ভারতের নব জাগরণের যুগে) বাল্মীকি রামায়ণের বঙ্গানুবাদ করেছিলেন হেমচন্দ্র ভট্টাচার্য, বিদ্যারত্ন। তিনি লিখেছেন,–

"অতিরিক্ত পত্র"। মূল রামায়ণে রাবণবধের সময় দুর্গাপূজার কোনো কথা নাই, কিন্তু পুরাণান্তরে তাহা আছে। আমরা সেই অংশটুকু অনুবাদ করিয়া এই স্থলে সন্নিবেশিত করিয়া দিলাম।

পূর্বে রামের প্রতি অনুগ্রহ এবং রাবণবধের জন্য ব্রহ্মা রাত্রিকালে মহাদেবীর উদ্বোধন করিয়াছিলেন। দেবী দুর্গা বিনিদ্র হইয়া যথায় রাম সেই লঙ্কায় আশ্বিনের শুক্লপক্ষে আগমন করিলেন এবং স্বয়ং অন্তর্হিত হইয়া রাম ও লক্ষ্মণকে যুদ্ধে প্রবর্তিত করিয়াছিলেন। এই যুদ্ধ সপ্তাহকালব্যাপী হইয়াছিলো। এই সপ্তাহ মধ্যে তিনি রাক্ষস ও বানরের মাংস-শোণিত পরম তৃপ্তি লাভ করিয়াছিলেন। পরে সপ্তম রাত্রি অতীত হইলে নবমীতে মহামায়া জগন্ময়ী রামের দ্বারা রাবণকে বিনষ্ট করিলেন। যখন দেবী স্বয়ং এই যুদ্ধকেলি নিরীক্ষণ করেন, এই আট রাত্রি সর্বলোক পিতামহ ব্রহ্মা দেবগণের সহিত তাঁহার পূজা করিয়াছিলেন। পরে রাবণ বিনষ্ট হইলে তিনি নবমীতে তাঁহার বিশেষ পূজা এবং দশমীতে বিসর্জন করিলেন।"

'পুরাণান্তরে'র নাম: কালিকাপুরাণ ও বৃহদ্ধর্মপুরাণ। রচনাকাল, –দ্বাদশ ও চতুর্দশ শতাব্দী। দুটো পুরাণই, আরো অনেক পুরাণের মতো, পতনোন্মুখ যা পতিত হিন্দু সমাজের সাহিত্য; বঙ্গদেশে রচিত। দুটোই উপপুরাণ।

মূল রামায়ণে কোনো দেবী (দুর্গা, কালী ইত্যাদি) পূজার উল্লেখ নাই। তবে সীতা বনবাস যাত্রাপথে গঙ্গা ও যমুনা পার হবার সময় নদীদ্বয়কে পূজা মানত করেছিলেন। গঙ্গার মধ্যস্থলে নৌকা করে গিয়ে নদীকে প্রণাম করে বলেছিলেন, "... রাম ভালোয় ভালোয় পৌঁছিলে এবং রাজ্য পাইলে আমি ব্রাহ্মণগণকে দিয়া তোমারই প্রীতির উদ্দেশ্যে তোমাকে অসংখ্য গো ও অশ্বদান করিবো, সহস্র কলস সুরা ও পলান্ন দিবো...।" ভেলায় চড়ে যমুনার মধ্যস্থলে গিয়ে যমুনাকে প্রণাম করে বলেছিলেন, "...যদি আমার স্বামী সুমঙ্গলে ব্রতপালন করিয়া অযোধ্যায় প্রত্যাগমন করিতে পারেন, তাহা হইলে সহস্র গো ও শতকলস সুরা দিয়া তোমার পূজা করিবো।..."

মূল রামায়ণ রচনার বহুশত বৎসর পরে পুরাণের মধ্যে দুর্গা পূজার কথা পাওয়া যাচ্ছে। তাও ব্রহ্মা পূজা করছেন রামকে বিজয়ী করার জন্য। পঞ্চদশ শতাব্দীতে রচিত কৃত্তিবাসী রামায়ণে রাম নিজে দুর্গা পূজা করছেন। তবে রামের এই দুর্গা পূজা করাটা কৃত্তিবাসের রচনা কিনা তা নিয়ে পণ্ডিতদের সন্দেহ আছে। 'জয়' নামক আদি মহাভারতে, আদি রামায়ণে (এমনকি 'বেদ' এও) পরে ব্রাহ্মণ্য সম্প্রদায় স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে অনেক কিছু ঢুকিয়েছেন। প্রক্ষিপ্ত করেছেন, ইংরেজিতে বললে 'ইন্টার পোলেট' করেছেন। কৃত্তিবাসের রামায়ণেও অনেক কিছুই প্রক্ষিপ্ত। রামের দুর্গাপূজাও প্রক্ষিপ্ত বলে পণ্ডিতদের ধারণা।

মূল রামায়ণে যুদ্ধেও প্রস্তুতি করতেই শরৎকাল পেরিয়ে গেছিলো। হেমন্তকালের আগে যুদ্ধ শুরু হয়নি। মূল রামায়ণে কোথাও বলে না যে, যুদ্ধ সপ্তাহব্যাপী হয়েছিলো। মা দুর্গার কাণ্ড-কারবারও অদ্ভুত। রাম, রাবণ, শত্রুপক্ষ, মিত্রপক্ষ বিবেচনা না করে 'মদ্যমাংস বলি প্রিয়া'দেবী দুর্গা সপ্তাহকাল ধরে "রাক্ষস ও বানরের মাংস-শোণিতে পরম তৃপ্তিলাভ' করলেন। অথচ মূল রামায়ণে বলে, বিশল্যকরণীর প্রভাবে সব মৃত বানর পুনর্জীবিত হলো। মৃত রাক্ষসদের সমুদ্রের জলে ফেলে দেয়া হত বলে তাদের উপর বিশল্যকরণীর কোনো প্রভাব পরলো না।

কপিরাইট বা লেখকস্বত্ত্ব এ যুগের ব্যাপার। সে যুগে লেখকস্বত্ত্ব কারো চিন্তায় আসেনি। একজনের 'ভাব' বা আইডিয়া বা লেখা চুরি করে দিব্যি চালিয়েছেন অনেকে সে যুগে। পুরাণগুলো তার ভালো উদাহরণ। কুম্ভীলকতা বা প্লেজারিজম এর অনেক নিদর্শন পাবেন 'কালিকাপুরাণে', মহাকবি কালিদাসের রচনা (কুমারসম্ভব) থেকে হুবুহু নকল করে অনেক কিছুই কালিকাপুরাণে বসিয়ে দেয়া হয়েছে। পণ্ডিতদের মতে, পঞ্চম শতাব্দী বা তার আগে কালিদাস বর্তমান ছিলেন, পরে নয়। আর কালিকাপুরাণের রচনাকাল তার ছয়/সাতশত বৎসর পরে; হয়তো আরো পরে। এই কালিকাপুরাণ মতে দুর্গাপূজার চল বেশি।

প্রখ্যাত ঐতিহাসিক ড. নীহাররঞ্জন রায় তাঁর 'বাঙালির ইতিহাস' গ্রন্থে লিখেছেন, "...বাঙালি ব্রাহ্মণদের বেশি নরতাত্ত্বিক আত্মীয়তা দেখা যায় বাঙালি বৈদ্য ও কায়স্থদের সঙ্গে। বস্তুত, বাঙালি ব্রাহ্মণ-বৈদ্য-কায়স্থ জনতত্ত্বের দিক হইতে একই গোষ্ঠীর লোক বলিলে কিছু অবৈজ্ঞানিক কথা বলা হয় না।... আশ্চর্যের বিষয় সন্দেহ নাই, বাঙালি ব্রাহ্মণদের সঙ্গে গাঙ্গেয় ভারতের ব্রাহ্মণদের জনতাত্ত্বিক আত্মীয়তা বাঙালি ব্রাহ্মণদের আত্মীয়তা মধ্য ভারতীয় অব্রাহ্মণদের সঙ্গে বেশি।...বাঙালি ব্রাহ্মণ-বৈদ্য-কায়স্থ বর্ণের লোকেরা একটি বিশেষ ঐক্যবদ্ধ জনগোষ্ঠীর প্রতিনিধি এবং জনতত্ত্বের দিক হইতে তাহারা একই গোষ্ঠীবদ্ধ।...সদগোপের সঙ্গে কায়স্থদের তো কোনোই পার্থক্য নাই।..."

"নমঃশূদ্রদের সম্বন্ধে নরতাত্ত্বিক পরিমিতি গণনার ফলাফল একটু চাঞ্চল্যকর,... উত্তরভারতের বর্ণ-ব্রাহ্মণদের সঙ্গে বাঙালি ব্রাহ্মণ-বৈদ্য-কায়স্থদের চেয়েও বাঙালি নমঃশূদ্রদের আত্মীয়তা বেশি। অথচ এই নমঃশূদ্রেরা আজ সমাজের একেবারে নিম্নতম স্তরে। আমরা তাহাদের চণ্ডাল বা চাঁড়াল বলিয়া জানি, এবং বৃহদ্ধর্মপুরাণ রচনার কালেই ইহারা অন্ত্যজ শ্রেণীভুক্ত। এই সামাজিক তথ্যের সঙ্গে নরতত্ত্ব প্রমাণগত তথ্যের যুক্তির ও ইতিহাসসম্মত ব্যাখার কোনো সম্বন্ধ এখনও কিছু খুঁজিয়া পাওয়া যায় নাই।

চতুর্দশ শতাব্দীতে রচিত এই বৃহদ্ধর্ম পুরাণ এবং তার সমসাময়িককালে রচিত বৃহন্নন্দি-কেশ্বর ও নন্দিকেশ্বর পুরাণমতের আমাদের দুর্গাপূজা হয়। তবে এইসব পুরাণের পূজাপদ্ধতি কালিকাপুরাণ বা দেবী পুরাণের পূজা পদ্ধতির তুলনায় একটু দীর্ঘ।

বোঝা গেল, গলায় বা কাঁধে একটা পৈতে ঝুলিয়ে নিলেই কায়স্থ-সদগোপ-চণ্ডালরাও তথাকথিত উচ্চবর্ণো ব্রাহ্মণ হয়ে যেতে পারে এক নিমেষেই।

হিন্দুসমাজের অধঃপতনের সূচনার সময় অষ্টম শতাব্দীতে দেবীপূরাণ নামে উপপুরাণের রচনা। দেবীপুরাণ মতেও দুর্গাপূজা হয়। এই দেবীপুরাণে চণ্ডাল, পুক্কস প্রভৃতি অন্ত্যজ জাতকে দুর্গা পূজার অধিকার অন্যদের সাথে সমানভাবেই দেয়া হয়েছে। বলা হয়েছে, দুর্গাপূজা বা দেবীপূজায় 'উচ্চতর নির্গুণ ব্যক্তি অপেক্ষা গুণবান শূদ্রও শ্রেয়।'

কালিকাপুরাণ বা বৃহদ্ধর্ম পুরাণে এ ধরণের উদার মনোভাব পাওয়া যাবেনা। 'কারণটা' ঐ রচনাকালের মধ্যে নিহিত। কালিকাপুরাণ / বৃহদ্ধর্মপুরাণ রচনাকালে হিন্দু সমাজ অনেক বেশি অধঃপতিত। ব্রাহ্মণ্য আধিপত্য (হিন্দুসমাজের উপরে) অনেক বৃদ্ধি পেয়েছে ততদিনে; নাস্তিকধর্মী বৌদ্ধ সমাজের পতনের পর থেকে।

দেবীপুরাণমতে দুর্গাপূজায় বিজয়া দশমীর দিন 'উচ্ছিষ্ট চণ্ডালিনী'র পূজার বিধান আছে,– "ওঁ উচ্ছিষ্টচণ্ডালিন্যৈ নমঃ" বলে।

আমাদের অধঃপতিত সমাজের সহজ বর্ণনা বিবেকানন্দের (স্বামীজীর) ভাষায়,– আমরা এখন বৈদান্তিকও নই, পৌরাণিকও নই, তান্ত্রিকও নই, আমরা এখন কেবল "ছুৎ মার্গী", আমাদের ধর্ম এখন রান্নাঘরে ভাতের হাঁড়ি আমাদের ঈশ্বর, আর ধর্মমত- "আমায় ছুঁয়ো না, ছুঁয়ো না, ছুঁয়ো না আমি মহাপবিত্র!"... হে হরি! যে দেশের বড় বড় মাথাগুলো আজ দু'হাজার বৎসর খালি বিচার

করছে, ডান হাতে খাবো কি বাম হাতে, ডান দিক থেকে জল নেবো কি বাঁ থেকে... তাদের অধোগতি হবে না তো কার হবে?... যে দেশে কোটি কোটি মানুষ মহুয়ার ফুল খেয়ে থাকে, আর দশ বিশ লাখ সাধু আর ক্রোরদশেক ব্রাহ্মণ ঐ গরীবের রক্ত চুষে খায়, আর তাদের উন্নতির কোনো চেষ্টা করে না সে কি দেশ না নরক! সে ধর্ম, না পৈশাচ নৃত্য! স্বামীজীর তিরোধানের শতাধিক বৎসর পরেও সেই পৈশাচনৃত্য থেমেছে বলে মনে হয় না।

স্বামীজী আবেগের বশে 'দু'হাজার বৎসর' বলেছিলেন। 'হাজার বৎসর' বললেই ঠিক হতো।

শংকরাচার্য সম্বন্ধে আগে যা বলা হয়েছে, তার সাথে স্বামী প্রভবানন্দরচিত 'The spiritual Heritage of India' বই থেকে কিছু যোগ করা উচিত মনে করি। স্বামী প্রভবানন্দ পাদটীকায় লিখছেন,-

"To an Indian scholor, A.V. Sankaranarayana Rao, I owe the following recent statement: 'The date of Sankara has not been definitely arrived at and is still a matter of controversy. It is the consensus of openion that he lived after Bhafavan Buddha. The dates assigned to him vary from sixth century BC to eighth century AD. The traditional dateis kaliyuga 2593 or 509 BC. It has been generally accepted by many modern historians that he lived between 788 and 820 AD. This has been more less supported by the investigations made by prof. Max miller and Prof. Macdonell as well as by Prof. Keith and Dr. Bhandankar. Prof. Telang, on the basis of a reference to Purna Varman, the Buddhist King of Magadha, in the sutra Bhasya of Sankara, p…that he must have lived in the sixth century AD.' (Prabuddha Bharata, November, 1957)." শংকরাচার্য ষষ্ঠ শতাব্দীতে যদি জীবিত থেকে থাকেন, তাহলে ইসলাম ধর্ম সম্পর্কে তাঁর পক্ষে জানা সম্ভব হয়নি। ইসলাম ধর্ম সপ্তম শতাব্দীতে সৃষ্ট। তাঁর পক্ষে জানা সম্ভব ছিল শুধু খৃষ্টানদের একেশ্বরবাদ। স্বল্পসংখ্যক একেশ্বরবাদী ইহুদী বাস করে কেরালায় কোচিনের দিকে। তারা খৃষ্টধর্ম সৃষ্টির অনেক আগে থেকেই বাস করছে। খৃষ্টান/মুসলমানদের মতো ধর্মান্তরিত করার চেষ্টা ইহুদীদের নেই, তাদের সাথেও শংকরাচার্যের পরিচয় হয়ে থাকতে পারে।

অমলকুমার বন্দ্যোপাধ্যায়ের লেখা 'পৌরাণিকা' বা 'বিশ্বকোষ হিন্দুধর্ম' গ্রন্থে আছে,– "শংকরের অবদান বৌদ্ধধর্মকে উৎখাত করা, পূর্বমীমাংসামত খণ্ডন করা এবং অদ্বৈতবেদান্তের প্রতিষ্ঠা করা। এই মতে অদ্বৈত নির্গুণ ব্রহ্মই একমাত্র সত্য। জ্ঞানে ব্রহ্মস্বরূপতা / মুক্তিলাভ হয়। বিরুদ্ধবাদীরা একে প্রচ্ছন্ন বৌদ্ধ বলে থাকেন।" কারণ "Sankara's Brahman is not really different from the 'Void' of or the Nirvana of Mahayana Buddhim, a fact well recognized by his opponents, who called him a crypto-buddhist"- A.L. Basham (Historian).

হিন্দু সমাজের প্রায় সহস্র বর্ষব্যাপী অধঃপতনের জন্য শুধু ব্রাহ্মণ্য সম্প্রদায়কে দায়ী করা অনুচিত। দায়ী পুরো বর্ণ হিন্দুসমাজ। ইংরেজীতে বলে, ...। লোকেরা যেমন, তাদের সমাজ সরকারও তেমন। যোগ্যতা অনুযায়ী লোকেরা তাদের প্রাপ্য লাভ করে। হিন্দু সমাজের নানা ক্রিয়াকর্মে (পূজা, শ্রাদ্ধ ইত্যাদিতে) উচ্চশিক্ষিত লোকেরা (ডাক্তার, ইঞ্জিনিয়ার, এমএসসি, পিএইচডি ডিগ্রিধারীসমেত) বিনা প্রশ্নে, কোনো দ্বিধা না করে ধর্মের নামে ধাপ্পাবাজী, পুরুতী বুজরুকী এ যুগেও সহজে মেনে নেন, দেখতে পাই।

এ প্রসঙ্গে রবিঠাকুরের 'কালান্তর' প্রবন্ধমালা থেকে কিছু উদ্ধৃত করি– "মুসলমান আমলের বাংলা সাহিত্যের প্রতি দৃষ্টি করলে দেখা যায় যে, অবাধে অন্যায় করবার অধিকারই যে ঐশ্বর্যের লক্ষণ এই বিশ্বাসটা কলুষিত করেছে তখনকার দেবচরিত্র কল্পনাকে। তখনকার দিনে যেমন অত্যাচারের দ্বারা প্রবল ব্যক্তি আপন শাসন পাকা করে তুলতো, তেমনি করে অন্যায়ের বিভীষিকায় দেবদেবীর প্রতিপত্তি আমরা কল্পনা করেছি। সেই নিষ্ঠুর বলের হার-জিতটাই তাঁদের শ্রেষ্ঠতা-অশ্রেষ্ঠতার প্রমাণ হতো। ধর্মের নিয়ম মেনে চলবে সাধারণ মানুষ। সেই নিয়মকে লঙ্ঘন করবার দুর্দম অধিকার অসাধারণের।... তখন ব্রাহ্মণকে বলেছে ভূদেব, তার দেবত্বে মহত্ত্বের অপরিহার্য দায়িত্ব নেই, আছে অকারণ শ্রেষ্ঠতার নিরর্থক দাবি। এই অকারণ শ্রেষ্ঠতা ন্যায়-অন্যায়ের উপরে; তার প্রমাণ দেখি স্মৃতিশাস্ত্রে, শূদ্রের প্রতি অধর্মাচরণ করবার অব্যহত অধিকার।"

"যেখানে দুই পক্ষ লইয়া কারবার সেখানে দুই পক্ষের শক্তির যোগেই শক্তির উৎকর্ষ, দুই পক্ষের দুর্বলতার যোগে চরম দুর্বলতা। অব্রাহ্মণ যখনই জোরহাতে অধিকারহীনতা মানিয়া লইল, ব্রাহ্মণের অধঃপতনের গর্তটা তখনই গভীর করিয়া খোঁড়া হইলো। সবল দুর্বলের পক্ষে যতবড় শত্রু, দুর্বল সবলের পক্ষে তার চেয়ে কম বড় শত্রু নয়।"

"মনে রাখা দরকার, ধর্ম আর ধর্মতন্ত্র এক জিনিস নয়। ও যেন আগুন আর ছাই। ধর্মতন্ত্রের কাছে ধর্ম যখন খাটো হয় তখন নদীর বালি নদীর জলের উপর মোড়লি করিতে থাকে। তখন স্রোত চলে না, মরুভূমি ধু ধু করে, তার উপরে, সেই অচলতাটাকে লইয়াই মানুষ যখন বুক ফোলায় তখন গণ্ডস্যোপরি বিস্ফোটক। ধর্ম বলে, মানুষকে যদি শ্রদ্ধা না কর তবে অপমানিত ও অপমানকারী কারো কল্যাণ হয় না। কিন্তু ধর্মতন্ত্র বলে, মানুষকে নির্দয়ভাবে অশ্রদ্ধা করিবার বিস্তারিত নিয়মাবলী যদি নিখুঁত করিয়া না মানো, তবে ধর্মভ্রষ্ট হইবে। ধর্ম বলে, জীবকে নিরর্থক কষ্ট যে দেয় সে আত্মাকেই হনন করে। কিন্তু ধর্মতন্ত্র বলে, যত অসহ্য কষ্টই হোক, বিধবা মেয়ের মুখে যে বাপ-মা বিশেষ তিথিতে অন্নজল তুলিয়া দেয় সে পাপকে লালন করে। ধর্মবলে অনুশোচনা ও কল্যাণ কর্মের দ্বারা অন্তরে বাহিরে পাপের শোধন। কিন্তু ধর্মতন্ত্র বলে, গ্রহণের দিনে বিশেষ জলে ডুব দিলে, কেবল নিজের নয়, চৌদ্দ পুরুষের পাপ-উদ্ধার। ধর্ম বলে, সাগর-গিরি পার হইয়া পৃথিবীটাকে দেখিয়া লও, তাতেই মনের বিকাশ। ধর্মতন্ত্র বলে, সমুদ্র যদি পারাপার

করো তবে খুব লম্বা করিয়া নাকে খত দিতে হইবে। ধর্ম বলে, যে মানুষ যথার্থ মানুষ, সে যে ঘরেই জন্মাক পূজনীয়। ধর্মতন্ত্র বলে, যে মানুষ ব্রাহ্মণ সে যত বড়ো অভাজনই হোক, মাথায় পা তুলিবার যোগ্য। অর্থাৎ মুক্তির মন্ত্র পড়ে ধর্ম, আর দাসত্বের মন্ত্র পড়ে ধর্মতন্ত্র।"

"স্ব-ধর্মরত শূদ্রের সংখ্যাই ভারতবর্ষে সবচেয়ে বেশি, তাই একদিক থেকে দেখতে গেলে ভারতবর্ষ শূদ্রধর্মের জড়ত্বের ভারাকর্ষণে ভারতের সমস্ত হিন্দু সম্প্রদায়ের মাথা হেঁট হয়ে আছে।..."

বর্ণ হিন্দুদের থেকে সংখ্যায় অনেক অনেক বেশি শূদ্রর ভারতে। মনগড়া শাস্ত্রের দোহাই দিয়ে তাদের মূর্খ, অজ্ঞ ও অন্ত্যজ করে রাখা হয়েছে বর্ণ হিন্দু সমাজের স্বার্থে। দ্বিতীয় মহাযুদ্ধের আগে শুনতাম, আমাদের বাঙালি সমাজে মাত্র দুটো জাত, –ব্রাহ্মণ আর শূদ্র। কায়স্থ, বৈশ্য ইত্যাদি জাতরাও শূদ্র। পরে দেখেছি, এই শূদ্ররা অর্থবান হলে অন্য কথা।

তখন তাদেও উঁচুজাতের মর্যাদা লাভ হতো ধর্মব্যবসায়ীদের কাছে। হিন্দুসমাজে অন্ত্যজ হাড়ি, ডোম, চাঁড়াল, চামার ইত্যাদি জাতের ধর্মকর্মের পুরোহিত ওদেরই একজন। তাকে বলে 'ডোমপণ্ডিত'। ওদের মধ্যে অনেকে বর্তমানে বিত্তশালী হয়েছে। তাই অনেক পুরুৎবামুন এখন ডোমপণ্ডিতকে সরিয়ে ওদের যজমান করতে সচেষ্ট।

বছর তিরিশেক আগে ভারতের আয়কর বিভাগ বারাণসীর (কালীর) মনিকর্ণিকা শ্মশানঘাটের প্রধান চণ্ডালকে ধরেছিলো আয়কর ফাঁকি দেবার অভিযোগে। তার কাছে তল্লাসী করে কয়েক কোটি টাকা পাওয়া গেছিলো নগদে। যে সমাজে তার ঠাঁই নেই, সেই সমাজের জন্যে নাকি সে আয়কর দিতে বাধ্য!

মেথর, চামার, হাড়ি, ডোম, চণ্ডাল ইত্যাদি অন্ত্যজরা সংখ্যায় বিশাল। এছাড়াও আছে কোল, ভীল, মুণ্ডা, হো শবর, পুলিন্দ, পুক্কশ, ইত্যাদি প্রায় সাড়ে চারশো বিভিন্ন গোষ্ঠীর মানুষ, যাদের আমরা অন্ত্যজ অর্থাৎ শূদ্র মনে করি! এদের সবাইকে অর্থহীনভাবে আমরা 'আদিবাসী' বলে থাকি।

এই তথাকথিত 'আদিবাসী'দের কাছে আমাদের বর্ণ হিন্দুসমাজ বহুভাবে ঋণী। ঋণের ফিরিস্তি শুনলে মাথা ঘুরে যাবে। তাই বোধ হয় ঋণ স্বীকারে বর্ণ হিন্দুদের আপত্তি। হাড়ি, ডোম ইত্যাদিদের কাছেও আমরা যথেষ্ট পরিমাণে ঋণী। সে সমাজে তারা স্থান পায়না, সেই বর্ণ হিন্দু সমাজকে রক্ষা করতে তারা যুদ্ধে প্রাণ দিয়েছে। (আগে ডোম, বাগে ডোম, ঘোড়া ডোম সাজে, ইত্যাদি ছেলেভুলানো ছড়া এই ডোম সৈন্যদের নিয়ে)। পারস্য সম্রাটের জন্য যুদ্ধ করতে গিয়ে তারা মধ্যপ্রাচ্য থেকে শক্তির দেবীর পূজার ধারণা ভারতে নিয়ে এসেছিল আড়াই হাজার বছর আগে, বুদ্ধের সময়ে। শক্তির দেবী (দুর্গা, কালী ইত্যাদি)ও পূজা ওদের মধ্যেই ছিল, পরে ওদের কাছ থেকে নিয়ে ওদেরই প্রথায় 'মদ্যমাংস বলিপ্রিয়া' দেবীর পূজা করে, ওদের কাছে আমাদের ঋণ অস্বীকার করার চেষ্টায় পুরাণ, ইত্যাদি 'ধর্মতন্ত্র' গ্রন্থে নানা গালগল্প ফাঁদা হয়েছে।

'বাঙালির ইতিহাস' গ্রন্থে ড. নীহাররঞ্জন রায় লিখেছেন,–

"এ তথ্য সর্বজনস্বীকৃত যে, আর্য-ব্রাহ্মণ্য বা বৌদ্ধ, জৈন ইত্যাদি সম্প্রদায়ের ধর্মকর্ম, শ্রাদ্ধ, বিবাহ, জন্ম, মৃত্যু প্রভৃতি সংক্রান্ত বিশ্বাস, সংস্কার ও আচারানুষ্ঠান, নানা দেবদেবীর রূপ ও কল্পনা, আহার-বিহারের ছোঁয়াছুঁয়ি অনেক কিছুই আমরা সেই আদিবাসীদের নিকট হইতে আত্মসাৎ করিয়াছি। বিশেষভাবে হিন্দুর জন্মান্তরবাদ, পরলোক সম্বন্ধে ধারণা, প্রেততত্ত্ব, পিতৃ তর্পণ, পিণ্ডদান, শ্রাদ্ধাদিসংক্রান্ত অনেক অনুষ্ঠান, আভ্যুদায়িক ইত্যাদি সমস্তই আমাদেরই প্রতিবাসীর এবং আমাদের অনেকেরই রক্তস্রোতে বহমান সেই আদিবাসী রক্তের দান। হিন্দুর ধর্মকর্মের গোড়ায় একথাটা না জানিলে অনেকখানিই অজানা থাকিয়া যায়।"

ঐ গ্রন্থে অন্যত্র লিখেছেন,– "শ্রাদ্ধের সঙ্গে জড়িত বৃষকাষ্ঠ ও তাহার বিসর্জন, রান্নার পর কাক ডাকিয়া হবিষ্যান্ন খাওয়ানো, পিণ্ডদান প্রভৃতি সমস্তই আমরা আহরণ করিয়াছি আমাদেরই প্রতিবেশী শবর-পুলিন্দ-কিরাত-সাঁওতাল-মুণ্ডা-কোল-ভিলদের নিকট হইতে। মঙ্গলানুষ্ঠানের প্রারম্ভে আভ্যুদায়িক অনুষ্ঠানে মৃত পূর্ব-পুরুষদেও স্মরণ ও তাঁহাদের পূজা ইঁহাদেও ধ্যান-ধারণা হইতেই আহৃত।

বাংলাদেশের বিবাহানুষ্ঠানে হোম, সম্প্রদান ও সপ্তপদীগমন ছাড়া যে-সব স্ত্রী-আচার, লোকাচার প্রভৃতি প্রচলিত তাহাও মূলতঃ এই কৌম সমাজেরই দান।

এই আদিমতম ধর্মকর্ম ও ধ্যান-ধারণার উপরই বাংলার বৈদিক ও পৌরাণিক ব্রাহ্মণ্য এবং অবৈদিক বৌদ্ধ, জৈন প্রভৃতি ধর্মের প্রতিষ্ঠা ও প্রসার।"

(কোম = tribe, কৌম = tribal, জন = people, নবগোষ্ঠী/ নর = race)

লক্ষণীয় ড. নীহার রায় লিখেছেন "আত্মসাৎ করিয়াছি"। অভিধানে 'আত্মসাৎ করা'র অর্থ,– স্বহস্তগত করা, হরণ করা; অন্যায় বা অসৎ উপায়ে গ্রহণ করা; হাতান misappropriate। ছোটবেলায় বিদ্যাসাগরের 'দ্বিতীয় ভাগ' এ পড়েছি– 'না বলিয়া পরের দ্রব্য লইলে চুরি করা হয়।' তাহলে আমাদের তথাকথিত সভ্য, ভদ্র বর্ণহিন্দুসমাজ চৌর্যবৃত্তিসমর্থক!

'বাংলার সামাজিক ইতিহাস' গ্রন্থে ড. অতুল সুর লিখেছেন,– "বস্তুত ব্রাহ্মণ্যধর্মের অনেককিছু পূজা-পার্বণের অনুষ্ঠান যেমন– দুর্গাপূজার গাজন প্রভৃতি এবং আনুষ্ঠানিক কর্মে চাউল, কলা, কলাগাছ, নারিকেল, সুপারি, পান, সিঁদুর, ঘট, আলপনা, শঙ্খধ্বনি, উলুধ্বনি, গোময় ও পঞ্চগব্যেও ব্যবহার ইত্যাদি সবই আদিম অধিবাসীদের থেকে গৃহীত হয়েছিলো। তাদের কাছ থেকে আরও গৃহীত হয়েছিরো আটকৌড়ে সুবচনী পূজা, শিশুর জন্মের পরষষ্ঠী পূজা, বিবাহে গাত্রহরিদ্রা। পানখিলি, গুটিখেলা, স্ত্রী-আচার, লাজ বা খই ছড়ানো, দধিমঙ্গল, লক্ষ্মীপূজার সময় লক্ষ্মীর ঝাঁপি স্থাপন ইত্যাদিও আচার যা বর্তমানকালেও বাঙালি হিন্দু পালন করে থাকে। এসবই তো প্রাক-আর্যসংস্কৃতির অবদান।"

ভারতে ভাষাগোষ্ঠী তিন। ১. আর্যভাষাগোষ্ঠী। সংস্কৃত, ফার্সি, ল্যাটিন, গ্রীক, গথিক, জার্মান, কেলটিক ইত্যাদি ইন্দো-ইউরোপীয় ভাষা আর্যভাষাগোষ্ঠীর অন্তর্গত। (আর্য কোনো নরগোষ্ঠীর নাম নয়। 'আর্য' শব্দের মূল অর্থ কৃষি-ব্যবসায়ী।) ২. দ্রাবিড় ভাষাগোষ্ঠী, তামিল, তেলেগু, কর্ণাটকী, মালায়ালাম এবং দক্ষিণ ভারতে ও উত্তর সিংহলে ব্যবহৃত অন্যান্য আদিবাসী-ভাষা এই দ্রাবিড় ভাষাগোষ্ঠীর অন্তর্গত। ৩. অষ্ট্রিক ভাষা-গোষ্ঠী। পূর্বভারত, মধ্যভারত, পশ্চিম ভারত ও উত্তর ভারতে ছড়িয়ে থাকা আদি-অষ্ট্রেলিয় বিভিন্ন নরগোষ্ঠীদের ভাষাগুলি এই অষ্ট্রিক ভাষাগোষ্ঠীর অন্তর্গত।

এই আদি অস্ট্রেলীয় বিভিন্ন নরগোষ্ঠীদের আমরা আদিবাসী বলি। এদের কাছে অনেক উপকৃত হলেও আমরা এদের অবহেলা করি। এরা সবাই আমাদের কাছে অন্ত্যজ, শূদ্র, হাড়ি, ডোম, চাঁড়াল, চামার, মেথর ইত্যাদির মতোই। যদিও রক্তের সম্পর্কে এইসব অন্ত্যজরা আমাদেও জ্ঞাতি ভাই, বোন। বিচিত্র সমাজিক বিচার হিন্দুদের!

ড. নীহাররঞ্জন রায়ের 'বাঙালির ইতিহাস' গ্রন্থে আছে,–

"...আনাম, মালয়, তাইলঙ, খাসিয়া, কোল (অথবা মুণ্ডা), সাঁওতাল, নিকোবর, মালাক্কা প্রভৃতি ভূমির বিচিত্র বিভিন্ন অধিবাসীরা যেসব ভাষায় কথা বলে, তাইলঙ ও খুমের গোষ্ঠীর প্রাচীন সাহিত্য যেসব ভাষায় রচিত সেই ভাষাগুলি একই পরিবারভুক্ত। এই সুবৃহৎ সুবিস্তৃত ভাষা-পরিবারের পুরাতন নাম অস্ট্রো-এশীয়, আধুনিক নামকরণ অস্ট্রিক।"

"... এই অস্ট্রিক ভাষা একসময় মধ্যভারত হইতে আরম্ভ করিয়া সাঁওতাল ভূমি, আসাম, নিম্ন-ব্রহ্ম, মালয়, আনাম, নিকোবর দ্বীপপুঞ্জ প্রভৃতি সমস্ত ভূ-খণ্ডে বিস্তৃত ছিল। লক্ষ্যণীয় ইহাই যে, এই সমস্ত ভূ-খণ্ডই একসময়ে আদি-অস্ট্রেলীয়দের বাসভূমির অন্তর্ভুক্ত ছিল।... কোল-মুণ্ডা খুব সম্পন্ন গোষ্ঠী; সাঁওতাল, মুণ্ডারী, ভূমিজ, হো, কোড়ো, অসুরী, খাড়িয়া, জুয়াং, শবর, গদর, প্রভৃতি সকল বুলিই এই গোষ্ঠীর এবং মধ্যভারতের পূর্বভাগ জুড়িয়া এইসব বুলিভাষী লোকদের বাস। আশ্চর্যেও বিষয়, ইহারা সকলেই আদি-অস্ট্রেলীয়, এই কারণেই অনুমান হয়, আদি অস্ট্রেলীয়দের ভাষাই হয়তো ছিল যাহাকে আমরা এখন বলিতেছি অস্ট্রিক।"

"...প্রাকৃত-সংস্কৃত হয় অস্ট্রিকরূপে, নাহয় সংস্কৃত প্রাকৃতের ছদ্মবেশে, বিশুদ্ধ প্রাকৃত-সংস্কৃত ভাষায় ও প্রাদেশিক ভাষাগুলিকে এমন অসংখ্য শব্দ ঋগ্বেদ হইতে আরম্ভ করিয়া আজ পর্যন্ত প্রচলিত আছে, এমন ব্যকরণ ও পদ রচনারীতি আছে যাহা মূলে অস্ট্রিক ভাষা হইতে গৃহীত, এবং এই গ্রহণ সুপ্রাচীনকাল হইতে আরম্ভ করিয়া অপেক্ষাকৃত আধুনিক কাল পর্যন্ত চলিয়া আসিয়াছে... ।"

"আসামে ও বাংলাদেশে এক কুড়ি, দুই কুড়ি, তিন কুড়ি, চার কুড়িতে (বিশ বা বিংশ নয়) একপণ, অর্থাৎ ৮০টায় একপণ গণনার রীতি প্রচলিত আছে। হাটেবাজারে পান, সুপারি, কলা, বাঁশ, কড়ি এমনকি ছোটমাছ ইত্যাদি দ্রব্যও এখনও এইভাবে গণনা করিয়া ক্রয়-বিক্রয় করা হয়। এই কুড়ি শব্দটি এবং এই গণনারীতি দুটোই অস্ট্রিক। ...আবার কুড়ি গোণ্ড বা গণ্ডতে এক পণ (=৮০), এও অস্ট্রিক ভাষারই গণনা। অর্থাৎ এক গোণ্ড বা গণ্ডতে চার সংখ্যা।...বাংলার প্রাচীন জনপদ বিভাগের মধ্যে পুণ্ড্র-পৌণ্ড্র, তামলিপ্তি-তাম্রলিপ্তি-দামলিপ্তি এবং বোধহয় গঙ্গা (নদী) ও ব্রহ্ম– এই দুটি নামও এই একই অস্ট্রিক গোষ্ঠীর ভাষার দান। কপোতাক্ষ ও দামোদর, অন্ততঃ এই দুটি নদীর নামও কোল কব-দাক এবং দাম-দাক হইতে গৃহীত। কোন দা বা দাক = জল এবং দা বা দাক হইতেই সংস্কৃত উদক।..."

"অস্ট্রিক ভাষা হইতে যেমন, ঠিক তেমনই দ্রাবিড় ভাষা হইতেও আর্যভাষা সংস্কৃতে-প্রাকৃতে-অপভ্রংশে অনেক শব্দ, পদরচনা ও ব্যাকরণরীতি ইত্যাদি ঢুকিয়া পড়িয়াছে।" "শ্মশান-প্রান্তর-পর্বতের রক্তদেবতা একান্তই দ্রাবিড়ভাষীদের শিবন যাহার অর্থ লাল বা রক্ত এবং শেম্মু যাহার অর্থ তাম্র; ইনিও ক্রমে রূপান্তরিত হইয়া আর্যদেবতা রুদ্রের সঙ্গে এক হইয়া যান। পরে শিবন = শিব, শেম্মু = শম্ভু, রুদ্র = শিব এবং মহাদেবে রূপান্তর লাভ করেন।"

'পূজন', 'পূজা', 'পুষ্প' দ্রাবিড় শব্দ। আমাদের দেবদেবীরা (স্বরস্বতী ও বিষ্ণু বাদে) কেউই বৈদিক নন। তাঁদেও পূজা পদ্ধতিও অবশ্যই বৈদিক নয়। পূজা পদ্ধতি দ্রাবিড়দের কাছ থেকে শেখা।

বাংলায় কথা বলতে কোনো শব্দের জমজকরণ, যেমন চা-টা, কুলি-টুলি, মুটে-টুটে, গাড়ি-টারি, ঘর-টর, ফল-টল, পয়সা-টয়সা ইত্যাদি অস্ট্রিক বাচনভঙ্গী থেকে আমরা পেয়েছি। বাংলা ভাষায় অস্ট্রিক শব্দ সুপ্রচুর। আমাদের সামাজিক জীবনে অস্ট্রিকভাষীদের প্রভাব যে কত বিস্তৃত এবং গভীর, তার বিবরণ আগেই দেয়া হয়েছে। আমাদের দৈনন্দিন জীবনে, ভাষায়, গণনা পদ্ধতিতে, সামাজিক ক্রিয়াকর্মে অস্ট্রিকভাষীদের অর্থাৎ অন্ত্যজ আদিবাসীদের প্রভাব অতীব সুস্পষ্ট। যদিও আমাদের কাছে তারা শূদ্র / ম্লেচ্ছ/ অপাঙক্তেয়।

আলেকজাণ্ডারের গ্রীক সৈন্যদের সাথে কোলদের (আদিবাসী) যুদ্ধ হয়েছিল। কোল বিধ্বংসী যুদ্ধের উল্লেখ আছে শ্রীশ্রীচণ্ডীতে। আদি-অস্ট্রেলীয়দের একটা বড় অংশ কোল গোষ্ঠী। সাঁওতাল, মুণ্ডা, হো, কুর্কু, শবর, গদব, ভীল ইত্যাদি এই গোষ্ঠীর অন্তর্গত। অতীতে এরা দেশের জন্যে যুদ্ধ করেছে হাড়ি, ডোম, চণ্ডাল ইত্যাদিদের সাথে হাত মিলিয়ে। ব্রাহ্মণের নেতৃত্বে গেরিলা যুদ্ধ করে এরা আলেকজাণ্ডারের গ্রীক সৈন্যবাহিনীকে ভারত থেকে বিতাড়িত করে দেশকে শত্রুমুক্ত করেছিলো। ব্রাহ্মণ শিক্ষিত সম্প্রদায় বরাবরই। নেতৃত্ব দেবার ক্ষমতা তাদের স্বাভাবিক। দেশকে রক্ষা করতে সেকালে একাধিকবার ব্রাহ্মণের ব্রহ্মতেজ প্রকাশ পেয়েছে। গুপ্ত সাম্রাজ্যের সময় এই অন্ত্যজ সম্প্রদায়ের সৈন্যদের সাহায্যে তারা হুনদের বিতাড়িত করেছেন ভারত থেকে। আলেকজাণ্ডার এই ব্রাহ্মণদের উৎপাতে ক্ষেপে গিয়ে তাদের ধরতে পারলেই পুড়িয়ে মারতেন। ব্রাহ্মণরা স্থির হয়ে পুড়ে মরতো একটি কাতর শব্দ না করে। দেখে গ্রীকরা অবাক!

এরকম এক জীবন্ত ব্রাহ্মণ দগ্ধ করার ঘটনাকে গুরুত্ব দিয়ে বর্ণনা করেছেন এক গ্রীক ঐতিহাসিক 'আররিয়ান'। পুরো নাম, Flavivs Arrianvs Xenophon; খৃষ্টাব্দ নব্বই এর আগে থেকে খৃষ্টাব্দ একশ আশির আগে অবধি তিনি ছিলেন এ পৃথি

বীতে। আলেকজাণ্ডারের মৃত্যুর প্রায় সাড়ে চারশো বছর পরে তিনি 'The Campaigns of Alexander' নামে ঐতিহাসিক গ্রন্থ রচনা করেন। তিনি অবশ্য গ্রীক ভাষায় লিখেছিলেন। ইংরেজি ভাষা তখন গজায়নি। বর্তমান যুগে অনুবাদক বইয়ের নাম ইংরেজিতে দিয়েছেন। ঐতিহাসিক লিখছেন,– "...everyone else, however, felt nothing but astonishment to see calanus give not the smallest sign of shrinking form the flames". বলা যায় (রবীন্দ্রনাথের 'বন্দীশিবির' কবিতার শেষের দিকের পংক্তির অনুকরণে), –স্থির হয়ে ব্রাহ্মণ পুড়িল না করি একটি কাতর শব্দ। Calanus নামটা গ্রীকদের দেয়া।ব্রাহ্মণের আসল নাম কি ছিল জানার উপায় নেই। গ্রীকরা তাদের ইতিহাসে চন্দ্রগুপ্ত মৌর্যকে উল্লেখ করেছে স্যাণ্ড্রাকোটাস (Sandracottus) নামে, ঝিলম নদীকে Hydaspes, রাবী নদীকে Hydraotes, বিপাশা নদীকে Hyphasis নামে।

আলেকজাণ্ডারের সময় গ্রীকরা ব্রাহ্মণদের জানতো জ্ঞানী ব্যক্তি বা দর্শনশাস্ত্রের অধ্যাপক বলে (Wise men/ Teachers of Philosophy); তাই Calanus, the Indian wise man বলে এই ব্রাহ্মণকে উল্লেখ করেছেন গ্রীক ঐতিহাসিক।

Calanus ব্রাহ্মণ সম্বন্ধে ঐতিহাসিক আরো লিখছেন,

"…on the way to the pyre where he was to meet his death he made his farewells to Alexander's Personal friends, but refused to speak any word of the sort to Alexander himself, saying that he would give him bis greetings when they met in Babylon, At the time nobody paid much attention to this incident; but when, later on, Alexander died in Babylon, all who had been present on the occasion remembered what Calanus had said, and realized that this words were inspired by some mysterious foreknowledge of Alexander's death."

বর্তমান ইরাক অঞ্চলের নাম শ'খানেক বছর আগেও ছিল মেসোপটেমিয়া। অতীত যুগে এক অংশ ব্যবিলন, অন্য অংশ সুমের। দুই নদীর মধ্যবর্তী দেশ বলে নাম তার 'মেসোপটেমিয়া' বরাবরই। ইংরেজিতে কাকে বলে 'নেশন' আর কাকে বলে 'ট্রাইব' তা পরিষ্কার নয় আমার কাছে। বাংলায় নেশন অর্থে নেশন, জাতি; ট্রাইব অর্থে আদিবাসী, আদিজাতি, উপজাতি, গোত্র, কোম। বাঙালিরা কি একটা নেশন, একটা জাতি না উপজাতি? ভারতীয়রা কি একটা জাতি, একটা নেশন? বৈচিত্র্যময় ভারতে বহুধরণের লোকের বাস। চেহারায়, গাত্রবর্ণে, খাদ্যবিচারে ও বৈচিত্র্যে, ভাষায়, ধর্মানুষ্ঠানিক প্রথায়, পোশাকে তারা একে অন্যের থেকে আলাদা। তারপরেও কি তারা এক নেশন, এক জাতি? কতগুলি ট্রাইব বা কোম এর সমষ্টি নয়? এত বৈচিত্র্য সত্ত্বেও যদি ভারতীয়রা, ক্যানাডিয়ানরা, আমেরিকান বা রাশিয়ানরা এক একটা 'জাতি' বা নেশন হতে পারে, তাহলে সেই নেশনের মধ্যে তথাকথিত 'আদিবাসী'দের স্থান হয় না কেন? তাদের আলাদা করে ট্রাইব বলার কারণ কি? আপনার, আমার এবং আরো বহুকোটি লোকের পূর্বপুরুষ বহু হাজার বছর আগে থেকেই ভারতে বাস করছে। অতএব আমরা সকলেই ভারতের আদিবাসী।

কতগুলি কোম বা ট্রাইবের সমষ্টিতে একটা নেশন গড়ে ওঠে হয়তো। বৃটিশনেশন (ইংরেজ জাতি), জার্মান নেশন এবং ইউরোপের আরো অনেক নেশনই ট্রাইব বা কোম সমষ্টি নিয়ে গড়ে উঠেছে। আজ থেকে হাজার দেড়েক বছর আগেও ইউরোপে বহু বর্বর জাতি বাস করতো। গ্রীক-রোমানরা সুসভ্য ছিল। কিন্তু ইংরেজ, জার্মান ইত্যাদি ছিল বর্বর। কৌম বা ট্রাইবাল সমাজের ভিত্তিতেই জাতি বা নেশন গড়ে উঠেছে ভারতে, ইউরোপে।

অধ্যাপক Brian Tierney এবং Sidney Painter-এর লেখা ইউরোপের ইতিহাস গ্রন্থ "Western Europe in The Middle Ages 300-1475 থেকে কিছু উদ্ধৃত করি। ইউরোপের উন্নতির মূলে কি কি উপাদান আছে, তার ব্যাখ্যা দিতে গিয়ে লিখছেন,– "…We can now turn to the third important factor, the barbarian cultures of the Calts and Germans. These cultures were "primitive" in the sense that they lacked many of the refinement of clamical civilization. But primitive societies often produce vigorous art and literature, and primitive cistp,aru ;aw, although it may seem unreasonable to us, can provide effective principles for maintaining the stability and coherion of a society, In all these spheres, the Vitality of the barbarian peoples made major contributions to the later growth of medieval civilization."

স্কুলজীবনে পড়েছি,– "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'। শিশুদের প্রাণোচ্ছলতা মাতৃক্রোড়েও লক্ষ্যণীয়। সভ্যতার কলুষিতার আওতার বাইরে প্রকৃতির কোলে বাস করা বন্যদের প্রাণোচ্ছলতাও তেমনি সুপ্রচুর। সে যুগের সাহিত্যে (মহাভারত, রামায়ণে) তার প্রমাণ পাওয়া যায়। অসভ্য, বর্বর, বন্যকোম যে অসাধ্য সাধন করতে পারে, জ্ঞানে, কর্মে, রণনৈপুণ্যে যে কত মহান হতে পারে, তার বিবরণ মহাভারতে কিছু আছে, রামায়ণে অনেক বেশি আছে।

তক্ষশীলার বিষ্ণুগুপ্ত আমাদের কাছে চাণক্য ও কৌটিল্য নামে পরিচিত। এই মহান ব্রাহ্মণের কর্মদক্ষতা ও ক্ষুরধার কূটনৈতিক বুদ্ধির সাহায্যে পৃথিবীর সর্বাপেক্ষা শক্তিশালী সাম্রাজ্য, মৌর্য্য সাম্রাজ্য প্রতিষ্ঠা লাভ করেছিলো সেযুগে। চন্দ্রগুপ্ত মৌর্য্য সে সাম্রাজ্যের প্রথম সম্রাট। কৌটিল্যরচিত 'অর্থশাস্ত্র' পুস্তক সাম্রাজ্য রক্ষা ও পরিচালনায় অপরিহার্য ছিল সে যুগে। 'অর্থশাস্ত্রে' বলা হয়েছে, এই রণনিপুণ, বনবাসী কোমদের যুদ্ধকালে স্বপক্ষে নিতে, যুদ্ধ জয়ে এরা কার্যকারী।

সম্রাট চন্দ্রগুপ্তের পৌত্র সম্রাট অশোকের শিলালিপিতে এই বনবাসী কোমদের সম্বন্ধে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে, প্রিয়দর্শী (যিনি সকলকে প্রীতির চক্ষে দেখেন) সম্রাট অশোক এই বনবাসী কোমদের ভালো চান, তাই তাদের সংশোধন করতে চান। তবে সম্রাট একাধারে সহানুভূতিশীল ও শক্তিশালী।

কোমরা যদি সম্রাটের কথা না শোনে, (সম্রাটের রাজ্যে উপদ্রব করার জন্য) অনুশোচনা না করে, তবে তাদের কতল করা হবে অর্থাৎ শেষ করে দেয়া হবে।

অতীতে, গৌতম বুদ্ধের সমকালে ভারতের পশ্চিম অংশ, বর্তমান পাকিস্তান অঞ্চল এবং পূর্ব পাঞ্জাবের কিছু অংশ পারস্যসম্রাট জয় করেন। সুদূর অতীত থেকে সেই সময় অবধি পারস্য-সাম্রাজ্য ছিল সর্ববৃহৎ সাম্রাজ্য। সেই সাম্রাজ্যের সামান্য অংশ (বিংশতিতম) ছিল পশ্চিম ভারতের বিজিত ভূ-খণ্ড। কিন্তু সেই সাম্রাজ্যের রাজস্বের এক তৃতীয়াংশের যোগান দিতো এই সামান্য বিংশতিতম অংশ তাও স্বর্ণরেণু দিয়ে। এ যুগের হিসাবে তার মূল্য কোটি ডলারের অনেক উপরে।

পারস্য দেশের উত্তরে ছিল 'সিদিয়ান' নামে এক দুর্ধর্ষ, নৃশংস উপজাতি। পরে এদের 'শক' নামে আমরা জেনেছি। এরা পারস্যের উত্তর সীমান্তে বড়বেশি উৎপাত করতো। পারস্য সম্রাট 'দারিউস' (রাজত্বকাল-খৃষ্টপূর্ব ৫২২-৪৮৬) ঠিক করলেন, এদের শায়েস্তা করতে হবে। তার সাথে সাম্রাজ্য বিস্তারেরও শখ হলো তাঁর। অতঃপর বিশাল সৈন্যবাহিনী নিয়ে দারিউস ঈপ্সিত অভিযানে বেরুলেন। ভারত থেকে সুপ্রচুর ভাড়াটে সৈন্য, সে সৈন্যবাহিনীতে যোগ দিল। ভারতীয় সৈন্যেও সংখ্যা ছিল বহুসহস্র।

মিশর, গ্রীস ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের রীতিনীতি, দেবদেবীর পূজা পদ্ধতি, নানা ধরণের আচার-অনুষ্ঠান প্রত্যক্ষ করার সুযোগ হল এই ভারতীয়দের।

কৃষিভিত্তিক সমাজে মাতৃপূজার চল বহুকালের। মধ্যপ্রাচ্য ও ভূমধ্যসাগর অঞ্চলে তার বিস্তৃতি ছিল ব্যাপক। ইনানা, আস্তার্তে, আস্তোরেথ ইত্যাদি নামে সে মাতৃপূজার কথা আগে বলা হয়েছে। ক্যানানে (বর্তমান 'ইসরায়েল' অঞ্চলে) 'একেশ্বরবাদী' ইহুদীরা একাধিক দেবদেবীর পূজা করতো। তার মধ্যে প্রধান ছিলেন,– আস্তোরেথ। আস্তার্তে দেবীর সাথে দেবদাসী প্রথা/ বেশ্যাবৃত্তির আধিক্য ঘটায় আস্তার্তে দেবী ইহুদী ভাষায় 'আস্তোরেথ' হলেন। বাইবেলের প্রাচীন অংশে অর্থাৎ ওল্ড টেষ্টামেন্টে বা 'পুরাতন নিয়মে' বিশেষভাবে এই আস্তোরেথ দেবীর পূজার নিন্দা করা হয়েছে। কিন্তু কে মানে! ভারতীয় সৈন্যরা ছিল তথাকথিত 'আদিবাসী' বা 'অনার্য' সম্প্রদায়ের। তথাকথিত 'আর্য' সম্প্রদায়ের 'বেদ' ও বৈদিক কাণ্ডকারবার তাদের পছন্দ ছিল না গোড়া থেকেই। বেদের প্রতিবাদে তন্ত্রেও সৃষ্টি গৌতম বুদ্ধের আগেই। গৌতমবুদ্ধ ও মহাবীর জৈন 'বেদ' ও বৈদিক ক্রিয়াকাণ্ডের বিরুদ্ধে প্রবল প্রতিবাদ জানালেন আড়াই হাজার বছর আগে। তারও অনেক আগে থেকেই বৈদিক পুরুষদেবতাদের তুচ্ছ করে শক্তির দেবতারূপে স্ত্রী দেবতার আরাধনা, তান্ত্রিকমতে, ভারতে চালু হয়ে গেছে। বেদজ্ঞানহীন ও বৈদিক ক্রিয়াকাণ্ড বহির্ভূত ও তন্ত্র প্রভাবিত এই ভারতীয় সৈন্যরা সহজেই মধ্যপ্রাচ্যের মাতৃদেবী পূজার পদ্ধতি গ্রহণ করল। (এ যুগে আমাদের ধর্মানুষ্ঠানে তন্দ্রের প্রভাবই বেশি।)

তারপর তাদের যেতে হলো 'সিদিয়ান' বা 'শক'দের বিরুদ্ধে লড়তে। সে লড়াইয়ের ফলে তারা অদ্ভূত কিছু দেখলো।

এই শকদের বাস ছিল ঘোড়া-বলদে টানা 'ঘরে'র মধ্যে, আমাদের পাল্কীগাড়ি বা ইংরেজিতে 'ওয়াগন' এর মধ্যে। বলদে এরা ঘুরে বেড়াতো। এক জায়গায় স্থিতিলাভ এদের স্বভাবে ছিল না। 'Our Oriental Heritage' বইয়ে Will Durant পাদটীকায় এদের সম্বন্ধে লিখছেন,– Hippocrates tells us that.. "their women, so long as they are virgins, ride, shoot, throw the javelin while mounted, and hight with their enemies. They do not lay aside their virginity until they have killed three of their enemies…. A woman who takes to herself a husband no longer rides, unless she is compelled to do so by a general expedition. They have no right breast; for while they are yet babies their mothers make ret-hat a bronge instarment constructed for this very purpose and apply it to the right breast and cauterize it, so that the growth is arrested, and all its strength and bulk are direxted to the right shoulder and right arm."

এই শকদেও ঘাঁটি ছিল কৃষ্ণ সাগর এলাকার ইউক্রেন অঞ্চলে। পারস্য সাম্রাজ্যের সীমানা ছিল ক্যাস্পিয়ান সাগর অবধি। শকরা কোথা থেকে হঠাৎ ইউক্রেনের দিকে এলো, তা সঠিক জানা নেই। এদের গৃহ ছিল বলদে টানা বা ঘোড়ায় টানা চার/ছয় চাকাওয়ালা 'ওয়াগন' গাড়ি। এরা ছিল দক্ষ স্বর্ণকার। সোনার জিনিস খুব ভালো তৈরি করতো। গ্রীকদের সাথে এদেও কেনা-বেচা চলতো। এদের ভয়ে মোঙ্গলরাই ইউরোপের দিকে এগোতো না।

যুদ্ধে প্রথম শত্রু নিধনের পর তার রক্তপান অবশ্য কর্তব্য ছিল এই শকদের। অতীব ক্ষিপ্রতার সাথে ছিন্ন মুণ্ড শত্রুর রক্তপান করতে হতো, ধড় মাটিতে পরে যাবার আগে। শত্রুর মুণ্ড (একাধিক) গলায় ঝুলিয়ে বা হাতে নিয়ে মৃতদেহগুলির উপর নৃত্য করে আনন্দ প্রকাশ করতো। অন্যান্য (কর্তিত) অঙ্গ-প্রত্যঙ্গ প্রদর্শিত করে উল্লাসে এইভাবে নৃত্য হতো। যুদ্ধনিপুণা স্তনবতী শক নারীরাও কম যেত না এ ব্যাপারে। শত্রুর রক্ত পান, মুণ্ড প্রদর্শনী নৃত্য ইত্যাদি তারাও করতো পুরুষদের মতোই।

নিহত শত্রুর মাথার খুলি ছিল পানপাত্র। নিকট সম্পর্কের লোকও শত্র হতো মতবিরোধ হলে। বাপ-ভাইয়ের মাথার খুলিরও উল্লেখ পাওয়া যায়।

নিরাভরণ খুলিতে তারা পান করতো না। সোনার অভাব তাদের ছিল না। খুলিগুলো স্বর্ণে ভূষিত হয়ে পানপাত্রে পরিণত হতো।

কেশসমেত শত্রুর মাথার খুলির ছাল (চর্ম) ছাড়িয়ে নিয়ে তারা হাত মোছার রুমাল করতো, অঙ্গে ধারণ করতো। এগুলো ছিল তাদের বীরকর্মের নিদর্শন। এই শত্রুরা সামনা-সামনি যুদ্ধ না করে গেরিলা যুদ্ধপন্থায় বিপক্ষকে হয়রান করতো। সম্রাট দারিউস সাতশো হাজার সৈন্য নিয়েও এদের পরাস্ত করতে পারেননি। পরাজয়ের গ্লানি নিয়ে ফিরতে হয়েছিল তাঁকে।

ভারতীয় সৈন্যরাও স্বদেশে ফিরলো। তাদের বৈদিক ক্রিয়াকর্ম প্রতিবাদী তান্ত্রিক পদ্ধতিতে নতুন দেবীপ্রধানা হলেন। শকদের কাণ্ড-কারবার তারা যা দেখেছিলো, তা দেবীর রূপ, গুণ, কার্যকলাপের

সাথে যুক্ত হলো তাদের কল্পনায়। মূর্তি গড়ে পূজার পদ্ধতি, যা তারা দেখে এসেছিলো, চালু হল তাদের মধ্যে। সে মূর্তিপূজার পদ্ধতি ব্রাহ্মণ্য সমাজে স্থান পেতে অনেক শতাব্দী লেগেছে।

অনেকের ধারণা, তন্ত্র বা তান্ত্রিক মানে কাপালিক পন্থা। এ ধারণা অবশ্যই ভুল। কাপালিকরা চরমপন্থী। ওদের বাদ দিয়ে তান্ত্রিক সাধনা সাধারণের জন্য। তন্ত্রের প্রভাবে বৈষ্ণব ধর্মে রাধা। পুরুষদেবতার তুলনায় স্ত্রীদেবতা সংখ্যায় অনেক বেশি আমাদের সমাজে। এরকম হবার কারণ, তন্ত্রের প্রভাব।

আলেকজাণ্ডারের সৈন্যদের বিরুদ্ধে গেরিলা যুদ্ধ করতে যাবার আগে ব্রাহ্মণরা হোমযজ্ঞ করতো। রণকৌশলী বিভিন্ন কোম সম্প্রদায় (যাদের আমরা পরে হাড়ি, ডোম, চণ্ডাল ইত্যাদি নাম দিয়ে অন্ত্যজ করেছি।) তাদের শক্তির দেবীর মূর্তরূপ তাদের পন্থায় পূজা করতো। গেরিলা যুদ্ধেও উৎপাতে হয়রান হয়ে আলেকজাণ্ডার ভারত ত্যাগ করলেন। গেল ব্যবিলনে। সেখানে তিন দিনের রোগে (জ্বরে) হঠাৎ মারা গেলেন। ভারতে গেরিলা যোদ্ধারা ভাবল তাদের দেবী জাগ্রতা। নইলে এতো সহজে আলেকজাণ্ডার মরলো কেন?

আলেকজাণ্ডার তার মাতার কাছ থেকে জেনেছিলেন, দেবকুলে তার জন্ম। সে যুগে অনেকের মতোই তিনি পারস্যের সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবান ছিলেন। পারস্যে এসে তিনি পারস্যের আদব-কায়দা গ্রহণ করলেন। তাদের মতো পোশাক পরলেন, তাদের অগ্নি-উপাসনার ধর্ম গ্রহণ করলেন। পরে ভারতে প্রবেশ করলেন। পারস্যবাসীদের প্রধান দেবতা ছিলেন 'আহুর মাজদা', অসুর মহান, অসুর আলোকিত। সেই সূত্রে দেবকুলজাত আলেকজাণ্ডারও অসুর হলেন।

ঋগ্বেদের প্রথম অর্দ্ধেকাধিক অংশে অসুর অর্থে দেবতা, অসুরত্ব অর্থে দেবত্ব। ('অসুর' থেকে 'সুর' শব্দ এসেছে। 'সুর' থেকে 'অসুর' হয়নি।) বৈদিক যুগে ইন্দ্রকে দেবতা মানা নিয়ে মতবিরোধ হয়। ফলে একদল ঋষি ইরানে (পারস্যে) চলে যান। সেখানে 'অসুর'কে তারা মহান রেখে 'দেব' অর্থে নিকৃষ্ট কিছু করলেন বিরোধিতার রেশ ধরে। ভারতে ঋষিরা 'দেব'-এর মহান অর্থই রাখলেন, কিন্তু 'অসুরে'র অর্থ নিয়ে গোলমাল বাধালেন। ঋগ্বেদের পরবর্তী অংশে 'অসুর' অর্থে কখন দেবতা, কখন নিকৃষ্ট কিছু। বর্তমানে আমরা 'অসুর' অর্থে যা বুঝি, দলাদলির ফলে সে যুগে পারস্যে 'দেব' অর্থেও তাই বুঝতো। বিরোধিতার ফলে সহজ অর্থ জটিল হলো।

'মহিষ' অর্থে বিরাট, প্রভূত বলশালী আলেকজাণ্ডার অসুর (দেবতা) হয়ে ভারতে এসে 'মহিষাসুর' হলেন। এই অগ্নিপূজক মহিষাসুর আলেকজাণ্ডারের অনুকরণে আমাদের মোষ-অসুর মহিষাসুর ও 'পুরাণ'কারের কল্পনায় অগ্নিপূজক হয়েছে। অসুর আদতে দেবতা, তাই মহিষাসুর পূজা পায়। বিষ্ণু স্বেচ্ছায় সিংহরূপ ধরে মা দুর্গার বাহন হয়েছিলেন। তাই সিংহও পূজা পায়। ❑


মা দুর্গা সকলের মঙ্গল করুক

**Honesty is My Main Policy**



**Cell : 416 721 1497**

**E-mail : mitonkanti@yahoo.ca**

**MITON KANTI PARIAL**

**M. Com., Smrititirtha**

- **Mortgage Agent & Real Estate Sales Person**
- **Accountant and Tax Return Preparer**
- **Hindu Priest and Pandit**

# শ্রীশ্রী রামঠাকুর

অরুনাংশু হোর*

(পূর্ব প্রকাশিতের পর)

পার্বত্য চট্টগ্রামে প্রয়োজন মতো একখণ্ড জমি পাওয়ার পর তাঁর আশ্রিত ভক্তদের অনেকেরই ইচ্ছা হয়েছিলো বাংলা বৈশাখ মাসে অক্ষয়তৃতীয়ার শুভ দিনে যেন কৈবল্যধাম উদ্বোধন করা হয়। কিন্তু শ্রীশ্রীঠাকুর ঘোষণা করলেন যে, আশ্রম উদ্বোধন করা হবে শনিবার, ১৯৩০-এর ২৬শে জুলাই (বঙ্গাব্দ ১৩৩৭, ১০ই শ্রাবণ)। কারণ, কয়েকজন শিষ্যের অনুমান– আধ্যাত্মিক অন্তর্দৃষ্টি দিয়ে শ্রীশ্রীঠাকুর আগেই দেখতে পেয়েছিলেন যে, ১৯৩০-এর ১৮ই এপ্রিল চট্টগ্রাম বিদ্রোহ হবে এবং তারপরই তার প্রতিক্রিয়া হিসেবে ঘটতে থাকবে ব্রিটিশ সরকারের নির্দেশে ভয়াবহ সব নিপীড়নের ঘটনা। সেই কারণেই, তাঁর আশ্রিতেরা যাতে প্রতিকূল পরিস্থিতি এড়িয়ে যেতে পারে, তিনি তাই তারিখটা পিছিয়ে দিয়েছিলেন।

চট্টগ্রাম বিদ্রোহের কয়েকদিন পরে শ্রী উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বাংলাদেশের ফরিদপুরে গিয়েছিলেন শ্রীশ্রীরামঠাকুরের সঙ্গে দেখা করার উদ্দেশ্যে এবং একদিন ভোরে তিনি প্রণাম করার সঙ্গে সঙ্গে শ্রীশ্রীঠাকুর তাঁকে বলেন, 'চলুন, আজ রাতেই আমরা কলিকাতায় যাই'। উপেনবাবু রাজি হলেন কিন্তু ঠাকুরের প্রস্তাবের তাৎপর্য বুঝতে পারলেন না। ওদিকে, আগের দিন রাতে একজন পুলিশ ইন্সপেক্টর গুলিতে নিহত হওয়ায় শহরের পরিস্থিতি তখন অত্যন্ত অস্থির, উত্তপ্ত। পরেরদিন রাতে উপেনবাবুকে নিয়ে ঠাকুর কোলকাতায় পৌঁছে এন্টালীতে ডাক্তার নরেন ব্রক্ষ্মচারীর বাড়িতে ওঠেন। কাকভোরে পুলিশ নরেনবাবুর বাড়িতে হানা দেয় এবং প্রত্যেককে জেরা করা শুরু করে। ঠাকুরও নিষ্কৃতি পাননি। পুলিশ উপেনবাবুকে লর্ড সিন্হা রোডের কুখ্যাত কেন্দ্রীয় দফতরে নিয়ে যায়। যাওয়ার আগেই উপেনবাবু বাড়ির উপরতলায় উঠে ঠাকুরের সঙ্গে দেখা করেন। ঠাকুর তাঁকে বলেন, 'পাপ না করিলে তাপ লাগে না, আপনি ত' কোনো পাপ করেন নাই; চিন্তা করিবেন না, আপনি নির্বিঘ্নে ফিরিয়া আসিবেন'। ডাক্তার নরেন ব্রক্ষ্মচারী সঙ্গে যান। একদিনের হয়রানির পর ডেপুটি কমিশনারের সামনে হাজির করা হলে, উপেনবাবুকে দু-তিনটি প্রশ্ন করা হয়। উত্তর শুনে সন্তুষ্ট হয়ে ডেপুটি কমিশনার উপেনবাবুকে অযথা অসুবিধার মধ্যে ফেলার জন্য পুলিশ অফিসারকে তিরস্কার করেন এবং বিকেল পাঁচটায় উপেনবাবু অক্ষত অবস্থাতেই নরেনবাবুর এন্টালীর বাড়িতে ফিরে আসেন।

১৯৩৮ সালে এক শীতের সন্ধ্যায় শ্রীহরেন্দ্রকুমার সিংহের যদুনাথ মল্লিক লেনের বাড়ির ছাদে শ্রীশ্রীঠাকুরের একনিষ্ঠ ভক্ত তুলসীদাস গঙ্গোপাধ্যায়, হরেনবাবু এবং আরও কয়েকজনকে সঙ্গে নিয়ে ঠাকুর পায়চারি করছিলেন। তাঁর দুচোখ নিবদ্ধ ছিল আকাশের সব তারার ওপর। হঠাৎ তিনি বলে উঠলেন, "কুরুক্ষেত্রের যুদ্ধের সময় যে তারাগুলি উঠেছিলো সেই তারাগুলি আবার উঠিতেছে –অনেক লোক ধ্বংস হইবে"। (উৎস : শ্রীতুলসীদাস বন্দ্যোপাধ্যায় রচিত শ্রীশ্রীঠাকুরের সঙ্গে)। তাঁর ভবিষ্যদ্বাণী ফলে গিয়েছিলো, ১৯৩৯ সালে শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ; অভূতপূর্ব গণহত্যা হয়েছিলো, হয়েছিলো অভাবিত ও অপরিকল্পনীয় ধ্বংসলীলা। এমনি এক প্রেক্ষাপটে ফেণী শহরের একটা বাড়িতে ১৯৪৫ সালে ৬ই আগষ্ট সকালবেলায় ঠাকুর হঠাৎ বিলাপ করে বলে উঠলেন 'হায়!হায়! সব শেষ হইয়া গেল'। বস্তুত, সেই অভিশপ্ত দিনটিতে হিরোশিমার ওপর ফেলা হয়েছিলো পারমাণবিক বোমা। তাঁর আধ্যাত্মিক অন্তর্দৃষ্টি দিয়ে শ্রীশ্রীঠাকুর তা দেখেছিলেন। আমাদের এই গ্রহে কোনো ঘটনাই শ্রীশ্রীঠাকুরের চেতনা বা অন্তর্দৃষ্টির অগোচরে ঘটতে পারেনি। ১৯৪৫ সালের সেপ্টেম্বর মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হবার পর শ্রীশ্রীঠাকুরের এক শিষ্য তাঁকে যুক্তি দিয়ে বুঝিয়ে বলেন, স্বাস্থ্য পুনরুদ্ধার করার জন্য তিনি যেন কিছু সময় নির্দিষ্ট একটা জায়গায় থেকে বিশ্রাম নেন। শ্রীশ্রীঠাকুরের উত্তর ছিল, যে সময় চলছে তাতে তাঁর কোনো বিরাম তিনি দেখতে পাচ্ছেন না। ঠাকুর বলেন, তিনি ঝড়ো বাতাসে উড়তে থাকা একটা খড়কুটো মাত্র। নির্দিষ্ট কোনো একটি জায়গায় তাঁর থাকার ব্যাপারটা নির্ভর করছে সেই ঝড়ো হাওয়ার খেয়ালখুশির ওপর। এরপরেই ১৯৪৬-এ শুরু হয় ভয়াবহ সাম্প্রদায়িক দাঙ্গা; প্রমাণিত হয় ঠাকুরের ভবিষ্যদ্বাণীর সত্যতা। (উৎস : অখিলচন্দ্র রায় রচিত শ্রীশ্রীঠাকুর)। কোনো ঘটনা ঘটার আগেই তা দেখতে পাওয়ার ও সে বিষয়ে ভবিষ্যদ্বাণী করার শ্রীশ্রীঠাকুরের অদ্ভুত ক্ষমতা ছিল। ১৯৪৮-এ ৩০শে জানুয়ারি বিকেলে গান্ধী হত্যার সময় আগে শ্রীশ্রীঠাকুর হঠাৎ কয়েকবার বলে ওঠেন, গান্ধীর পুনর্জন্ম হবে না। (উৎস : শ্রীমতি বীণাপাণি সেনগুপ্ত রচিত প্রচ্ছন্নাবতার শ্রীরামঠাকুর প্রসঙ্গে)।

**দুঃখই মানুষকে মহৎ করে ঈশ্বরকে কাছে এনে দেয়। জীবন সম্পর্কে বিচার বিশ্লেষণ করার চেতনা এনে দেয়। প্রকৃত জ্ঞান এবং আত্মচেতনার দ্বার খুলে দেয়।**

শ্রীশ্রীঠাকুর গেরুয়া পরতেন না। তাঁর মাথা জটাজুটমণ্ডিত ছিল না, চিমটে-কমণ্ডলুও হাতে নিয়ে চলতেন না। বরং তাঁর পরনে থাকতো সাদা পাড়হীন ধূতী, সামান্য একটি সাদা নিমা, আর কখনও কখনও একটি সাধারণ সাদা চাদর। তাঁর গলায় থাকতো তুলসীর মালা। ঠাকুরের অলৌকিক শক্তির কথা লিখে শেষ করা যাবে না। একবার এক মহোৎসবে প্রসাদ বিতরণের পরে দেখা গেল শ্রীশ্রী ঠাকুর তখনও না খেয়েই আছেন, জলটুকুও স্পর্শ করেননি। কারণ জিজ্ঞাসা করাতে ঠাকুর বলেছিলেন, "এখনও একজন অভুক্ত রয়ে গেছেন। তাকে ফেলে কী করে খাই"। খোঁজ নিয়ে দেখা গেল

ছাদের ওপর একটা পাগল বসে আছে। তারপর ওই পাগলকে প্রসাদ দেয়া হয় আর সে তখন পরম ভক্তিভরে সেই প্রসাদ নিয়ে ঠাকুরের দিকে সহাস্যে কিছুক্ষণ তাকিয়ে এক নিমিষে কোথায় যেন মিলিয়ে গেল। ঠাকুরও তখন সামান্য কিছু ফলমুল গ্রহণ করলেন।

একবার একটি ছোট ডিঙ্গি নৌকো করে ঠাকুরকে নিয়ে তাঁর কয়েকজন ভক্ত মুন্সীগঞ্জ থেকে নারায়ণগঞ্জ যাচ্ছিলেন। তখন ছিল বর্ষাকাল। হঠাৎ প্রচণ্ড বাতাস আর বৃষ্টি শুরু হলে ঢেউয়ের দোলায় সেই ডিঙ্গি নৌকোটি ভীষণভাবে কাঁপতে শুরু করলো। ঝড়ের বেগ বেড়ে যাওয়াতে নৌকোর ওপর বড় বড় ঢেউ আছড়ে পড়তে লাগলো। ভক্তদের ভয়ে মুখ শুকিয়ে গেল। শুধু তাই নয়, নৌকোর মাঝিও ভয়ে অত্যন্ত বিব্রত হয়ে পড়েছিলো। সেই অবস্থায় শ্রীশ্রীঠাকুর সহাস্যে বলেছিলেন, "ঢেউগুলো হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বলে আমাদের নৌকোকে ধাক্কা দিচ্ছে"। এই বলে ঠাকুর গুণগুণ করে গান গাইতে শুরু করলেন। সবাই প্রাণের আশা ছেড়েই দিয়েছিলো। কিন্তু দেখা গেল মিনিট পনেরো পরে ঝড় বৃষ্টি সব থেমে গেছে। ভক্তরা তখন নিজেদের ভুল বুঝতে পেরে অত্যন্ত লজ্জিত হয়ে পড়েছিলেন। স্বয়ং কাণ্ডারী যাদের সাথে ছিলেন তাঁর প্রতি অটুট বিশ্বাস ও নির্ভরতা না রাখতে পারা মুর্খতারই পরিচায়ক।



একবার জনৈক ভদ্রলোক এসে বললেন, আপনাদের ঠাকুরকে কাল নবাবপুর রোডে (ঢাকা) মালিটোলার ওখানে দেখে এলাম। কথাটা কেউ বিশ্বাসই করতে পারলো না। কারণ সবাই জানতো যে ঠাকুর আগেরদিন ময়মনসিংহে তাঁর এক ভক্ত সতীনবাবুর বাসায়ই সারাদিন ছিলেন। অনেক অবস্থায় ঠাকুর ভক্তদের বাড়িতে চাদর মুড়ি দিয়ে নিশ্চল অবস্থায় শুয়ে থাকতেন। তাতে ভক্তরা বুঝতে পারতেন যে ঠাকুর আসলে সেখানে আর নেই। কোনো গুরুতর প্রয়োজনে বা কাউকে দীক্ষা দেয়ার জন্যে চলে গেছেন।

শ্রীশ্রীঠাকুর বলেছেন, দুঃখই মানুষকে মহৎ করে ঈশ্বরকে কাছে এনে দেয়। জীবন সম্পর্কে বিচার বিশ্লেষণ করার চেতনা এনে দেয়। প্রকৃত জ্ঞান এবং আত্মচেতনার দ্বার খুলে দেয়। তিনি বলতেন, নিজ কর্তব্যে অবহেলা করতে নেই। কর্ত্তব্যে ত্রুটি হলে ভগবান অসন্তুষ্ট হন। কর্মও একটি যোগ। এটিও ঈশ্বরের কর্ম। সেখানে ফাঁকি দিলে ঈশ্বরপ্রাপ্তি হয় না। শ্রীশ্রী ঠাকুর আমাদের জীবনযাত্রাপথে সব আত্মজিজ্ঞাসা দ্বিধা-দ্বন্দ্ব ও সিদ্ধান্তহীনতা নিরসনে অনেক অমৃতবাণী দিয়ে গেছেন। তার থেকে পাঠকদের জন্যে সামান্য কয়েকটি বাণী উল্লেখ করছি।

১) গুরু প্রসন্ন হয়ে যা দেন তাই প্রসাদ। প্রসাদ যখন যে অবস্থায় পাওয়া যায়, তাই গ্রহণ করতে হয়। গুরু আশ্রিতজনকে নামামৃত প্রদান করেন।

২) চাল-ডালের খিচুড়ী দিয়ে মহোৎসব হয়না। দশ ইন্দ্রিয়, একাদশ মন নিয়ে মহোৎসব করবেন। তবেই শান্তি পাওয়া যায়। যেখানে ভেদাভেদ থাকে সেখানে মহোৎসব হয় না। মহোৎসব হচ্ছে মহামিলন। সব বর্ণের, রূপের, গন্ধের আর রসের মিলনোৎসব হচ্ছেই মহোৎসব।

৩) শুধু পৈতে দিলেই ব্রাহ্মণ হওয়া যায় না। সত্যনিষ্ঠাই ধর্মের স্তম্ভ। একমাত্র সত্যাশ্রয়ীই ব্রাহ্মণ হতে পারেন। লৌকিক জাত বিচার তার বন্ধন হতে পারে না।

৪) কেবল নামের আশ্রয় নিয়ে পড়ে থাকলে সবই হয়। অন্য কোন উপায় নেই। নামই সত্য, নামই নিত্য, নামই মহামন্ত্র। নামই মনকে স্থির করতে পারে। নাম দিয়ে সব পুজো করতে হয়। নামের মালা জপ করলে শ্যামকে অর্থাৎ শান্তিকে পাওয়া যায়।

৫) সংসার মায়াময়। জীব অনর্থক শঙ্কার কারণে চিন্তার তরঙ্গে কষ্ট পায়। সংসারে যত অভাব, ততই শান্তি। তাই ভগবানের উপর সব ভার সঁপে দিয়ে কাজ করে যাবেন, প্রারব্ধ কেটে যাবে। বাজে চিন্তা করবেন না। লোভ আর আসক্তির অধীন হলে সংসারের বন্ধন ঘোচেনা। জয় পরাজয়, লাভ ক্ষতি, সুখ দুঃখ, ভালো মন্দ, ন্যায় অন্যায়ের দিকে লক্ষ্য না রেখে উপস্থিত কর্তব্য কাজ করে যাবেন।

৬) দিবানিশি হরির নামে রত থাকলে আপনা হতেই তিনি উদ্ধার করবেন। কারো ভালো-মন্দ কেউ দিতে পারে না। প্রারব্ধ কর্মই ভাগ্যে ফলিত হয়। প্রারব্ধের জন্যে উৎকণ্ঠা রাখতে নেই। সব অবস্থার ভোগ গ্রহণ করাই পরমপদ।

৭) চিন্তা করিবেন না, প্রারব্ধের ভোগ শেষ করে দিতে পারলেই সংসারের গতি-অগতি ঘুচে যাবে। ভগবানকে আশ্রয় করে থাকবেন, তিনিই সব মঙ্গল করবেন। ভগবানের উপর সব ভার দিয়ে কাজ করে যাবেন। প্রারব্ধ কেটে যাবে।

৮) একমাত্র লক্ষ্যবস্তু একেশ্বর শ্রীভগবানের সাধনায় দেহমন নিয়োগের সুযোগ যে ধামে মেলে তাহাই কৈবল্যধাম। ইহাই নিধন ক্ষেত্র। এই ধামই মহাতীর্থ –তীর্থরাজ। এই ধামে নিত্য অনুষ্ঠিত হয় হরি গুণগান, কীর্ত্তন ও শ্রবণ। এখানে হয় নামকীর্ত্তন –কলির শ্রেষ্ঠভজন।

৯) সংসারে মান অভিমান ছেড়ে সবার সাথে বন্ধুত্ব, আপ্যায়তা, সরলতাভাব রক্ষা করাই পরম হিতকারী। সহিষ্ণুতা দিয়ে সবার সব দোষ ক্ষমা করে নিরপেক্ষ। নির্জন, চিন্তা-ভাবনা রহিত করে থাকতে থাকতে জগতের ঋণ মুক্ত হয়ে পরম শান্তিতে চিরকাল থাকা যায়।

১০) ভগবান আর নাম একই বস্তু। নাম করতে ভালো লাগুক কিংবা বিরক্তি লাগুক, নাম করে যাবেন। নামের ফল অবশ্যই পাবেন। নামের মাধ্যমেই সর্বতীর্থ দর্শন ও সর্বঋণের মুক্তি ঘটে।

শ্রীশ্রীঠাকুর কখনও কৈবল্যনাথ, কখনও সত্যনারায়ণ, কখনও সত্যপীর, কখনও শ্রীকৃষ্ণ, কখনও গৌরাঙ্গ মহাপ্রভু, কখনও শ্রীহরিরূপে প্রকাশিত হয়েছেন ভক্তগনের দিব্যচোখে। কালী, দুর্গা কিংবা শিবরূপেও তাঁকে কোনো কোনো ভক্ত দর্শন করেছেন। শ্রীশ্রীঠাকুর একটা চিঠিতে লিখেছিলেন, মানুষ নিজ নিজ ভাগ্যানুসারে মনের দ্বারা প্রকৃতিতে আকৃষ্ট হয়ে ভাগ্যফল ভোগ করে। এই ভাগ্যের ফলদাতা একমাত্র ভগবান, অন্য কারো কোনো অধিকার নেই। ঠাকুর বার বার বলে গেছেন, মন ছেড়ে প্রাণের আশ্রয়ে থাকতে হবে। সেখানেই অপার শান্তি, নিরবিচ্ছিন্ন আনন্দ। তিনি এও বলেছিলেন, “আইছিলাম শ্রীনিবাস, উলুবনে মুক্তা ছড়াইয়া গেলাম, যদি কেহ কুড়াইয়া লইতে পারে লউক”। তিনি এও বলেছিলেন, “আসিয়াছিলাম শ্রীধর ঠাকুর, ভাবিয়াছিলাম কিছু দিয়া যাইব কিন্তু কেহ নিলনা। রাইখ্যা গেলাম, যদি কোন ভাগ্যবান কুড়াইয়া লয়। যতবার আইছি, ঐ একই নাম ধইরা আইছি”। ❑

ঋণ :

১) রাম ঠাকুররর কথা – ড. ইন্দুভূষণ বন্দোপাধ্যায়। পি. আর. এস.

২) শ্রীশ্রীঠাকুর রামচন্দ্রদেব – শ্রী শুভময় দত্ত

৩) সাধু দর্শন ও সৎসঙ্গ – ড. গোপীনাথ কবিরাজ পদ্মবিভূষণ

৪) শ্রীশ্রী রাম ঠাকুর – শ্রীশ্রী কৈবল্যধাম, যাদবপুর, কলকাতা।

৫) শ্রীশ্রী কৈবল্যধাম – চট্টগ্রাম

৬) শ্রীগুরু শ্রীশ্রীরামঠাকুর – রোহিণী কুমার মজুমদার।

৭) ভারতের সাধক – শঙ্করনাথ রায়

৮) শ্রীশ্রী রাসস্থলী, কুমিল্লা।

[ * অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সেন্টেনিয়াল কলেজ, টরন্টো ]

*DrivingSchool.com.bz*
*Tel: 416-756-1044*

আমাদের সেবাসমূহ–

- আপনাকে একজন ক্যানাডিয়ান মানের দক্ষ ড্রাইভার তৈরি করা
- ড্রাইভিং টেকনিকসমূহ আপনার কাছে স্ফটিকস্বচ্ছ ও সহজ করা
- ন্যূনতম সময় ও অর্থ ব্যয়ে টরন্টো থেকে লাইসেন্স পেতে সহযোগিতা করা
- আপনার প্রার্থীত সময়ে টেষ্ট বুকিং দেয়া

ব্যবস্থাপনায়:
**অজয় বনিক**
**ব্যস্ত সড়কে উপযুক্ত প্রশিক্ষণই আমাদের প্রকৃত বন্ধু**
নিরাপদ ড্রাইভিং শেখার অন্যতম প্রতিষ্ঠান

**Mr. Ajoy**
**416-756-1044**



# ধর্ম্মক্ষেত্র : কুরুক্ষেত্র

সুব্রত দাসগুপ্ত

কুরুক্ষেত্র নামটি শুনলেই কৌরব ও পাণ্ডবদের মধ্যে সেই সময়কার বিশ্বযুদ্ধের কথা মনে পড়ে। আরও মনে পড়ে সেই যুদ্ধে শ্রীকৃষ্ণ কর্তৃক হঠাৎ যুদ্ধবিমুখ অর্জুনকে তাঁর বিশ্বরূপ দর্শন করান এবং শ্রীমদ্ভগবদ্গীতার বর্ণিত উপদেশ প্রদান করে অর্জুনকে যুদ্ধ করার পরামর্শ দান করেন। এই কুরুক্ষেত্র বর্তমান ভারতের রাজধানী দিল্লির উত্তরে হারিয়ানা প্রদেশের শোনপথ, আমিন ও পানিপথ নামক ৩টি জেলার অংশ। কুরুক্ষেত্র যা যুদ্ধভূমি বলে সেই প্রাচীনকাল থেকে প্রচলিত, বর্তমানে তার একটি অংশ পানিপথে অন্তত ৩টি প্রামাণিক যুদ্ধ হয়েছে যা ইতিহাসের পাতায় লেখা আছে। ঈষৎ পূর্ববর্তী যুগে এই স্থানের নাম ছিল স্থান্বীশর বা থানেশ্বর। পূর্বে এই কুরুক্ষেত্র "ব্রহ্মক্ষেত্র", "ভৃগুক্ষেত্র" "আর্যবর্ত" এবং "সমস্তপঞ্চক" নামে পরিচিত ছিল। পরে এটি 'কুরুক্ষেত্র'রূপে খ্যাতিলাভ করে মহারাজ কুরুর জন্য। মহারাজ কুরু যিনি পাণ্ডবদের এক অন্যতম পূর্বপুরুষ এই ভূমি কর্ষণ করে এই ভূমিকে পারমার্থিক এক মহান কেন্দ্রে পরিণত করেছিলেন। পুরাণে বর্ণিত আছে যে অবতার পুরুষ পরশুরাম ত্রেতা ও দ্বাপর যুগের সন্ধিক্ষণে একুশবার পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করে তাদের তাদের রক্তে সমস্তপঞ্চকে ৫টি রক্তের জলাশয় তৈরি করে তাঁর পিতার হত্যার প্রতিশোধ নিয়েছিলেন।

**শ্রীমদ্ভগবদ্গীতা, মহাভারত, বিভিন্ন উপনিষদ ও পুরাণসমূহে কুরুক্ষেত্রের ধর্মীয় গুরুত্বের বর্ণনা করা হয়েছে। শাস্ত্রে এই স্থানটি ধ্যান ও মনোসংযমের আলয়রূপে বর্ণনা করা হয়েছে।**

মহাভারতের তথ্য অনুসারে এই স্থানেই অনুষ্ঠিত হয়েছিলো ১৮ দিনব্যাপি পাণ্ডব ও কৌরবদের মধ্যে সেই সময়কার মহাযুদ্ধ অথবা বিশ্বযুদ্ধ। এই যুদ্ধে অংশ নিয়েছিলো সেই সময়কার প্রায় সবদেশের রাজা ও মহারাজাগণ। যুদ্ধে অংশগ্রহণকারী রথী, মহারথী, অশ্বারোহী, হস্তিবাহিনী, পদাতিক সৈন্যসহ প্রায় ৪০ লক্ষ যোদ্ধা। যোদ্ধা ছাড়াও বাহিনীর সঙ্গে যুক্ত ছিল বাদকদল, পন্য ও খাদ্য সামগ্রী বহনের মানুষ ও পশু, পশুচালিত যান, পাচক, কবিরাজ। চিকিৎসক দল, নওদী, বেশ্যা ইত্যাদি। সেনাপতি ও অন্যান্য বড় যোদ্ধাদের জন্য ব্যক্তিগত পরিচর্যার লোক। এই বিশাল সমাবেশের জন্য কুরুক্ষেত্র কি উপযুক্ত স্থান ছিল? বলা হয়েছে জল সরবরাহের জন্য ছিল কয়েকটি জলাশয় ও নদী, জ্বালানী কাঠ সরবরাহের জন্য বন। বলা হয়েছে যুদ্ধ বিস্তৃতি ছিল ৫ যোজন ব্যাপি। যোজনের হিসাব নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ৪ হাত | = | ১ ধনু |
| ২০০ ধনু | = | ১ গব্যুতি |
| ৪ গব্যুতি | = | ১ যোজন |
| ১ যোজন | = | ৩২০০০ হাত / ১৬০০০ গজ |
| অর্থাৎ ৫ যোজন | = | ৪৫.৫ মাইল (প্রায়) |
| | = | ৭৩ কি.মি. প্রায় |

বোঝা যাচ্ছে ৪০ লক্ষ যোদ্ধা ও আনুসাঙ্গিক লোকজন ও পশুর জন্য জায়গার পরিমান নেহাত কম ছিল না। এবার দেখা যাক অক্ষৌহিনী বলতে সংখ্যায় কী বুঝায় এবং তার বিন্যাস কী রকম ছিল? বর্তমান যুগে যে রকম সাধারণ সৈন্য থেকে জেনারেল পর্যন্ত সেনাবাহিনীর পদবিন্যাস আছে সেরকম অক্ষৌহিনীর পদবিন্যাস দেওয়া হলো।

১ পত্তি = ১ রথ, ১ হাতি, ৩ অশ্ব, ৫ পদাতিক
৩ পত্তি = ১ সেনামুখ
৩ সেনামুখ = ১ গুল্ম
৩ গুল্ম = ১ গণ
৩ গণ = ১ বাহিনী
৩ বাহিনী = ১ পৃতনা
৩ পৃতনা = ১ চুমু
৩ চুমু = ১ অনাকিনী
১০ অনাকিনী = ১ অক্ষৌহিনী
২১ হাজার ৮৭০ রথ
২১ হাজার ৮৭০ হাতি
৬৫ হাজার ৬১০ অশ্ব
১ লক্ষ ৯ হাজার ৩৪০ পদাতিক

যেহেতু হাতি ও রথের জন্য ১ জন করে চালক ও যোদ্ধা প্রয়োজন তাই ১ অক্ষৌহিনীতে আছে মোট ২ লক্ষ ১৮ হাজার ৭ শত করে যোদ্ধা।

মহাভারত বর্ণিত যুদ্ধের সহস্র সহস্র বছর পূর্বেও এই স্থানটি বৈদিক সভ্যতার পূর্ণ মহিমার বিকশিত হওয়ার কেন্দ্রভূমি। শ্রীমদ্ভগবদ্গীতা, মহাভারত, বিভিন্ন উপনিষদ ও পুরাণসমূহে কুরুক্ষেত্রের ধর্মীয় গুরুত্বের বর্ণনা করা হয়েছে। শাস্ত্রে এই স্থানটি ধ্যান ও মনোসংযমের আলয়রূপে বর্ণনা করা হয়েছে। শাস্ত্রে আরও বলা হয়েছে যে মানুষ সেখানে যুদ্ধরত অবস্থায় অথবা তপশ্চর্য্য সম্পাদন করার সময় মারা যাবেন তিনি স্বর্গলাভ করবেন।

**কুরুক্ষেত্রে দর্শনীয় স্থান :**

**জ্যোতিস্বর :** এই জ্যোতিস্বরেই পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ গীতা বর্ণনা করেছিলেন। এই স্থানটি একটি বড় বৃক্ষের নীচে শ্বেত পাথরের রথ দ্বারা চিহ্নিত। জ্যোতিস্বর স্থানটি কুরুক্ষেত্র শহর থেকে পাঁচ মাইল দূরে অবস্থিত।

**ব্রহ্মসরোবর :** বলা হয় থাকে যে ব্রহ্মা এইখানেই এই সরোবর করেছিলেন। সূর্যগ্রহণের সময় প্রাচীন ঐতিহ্য অনুসারে শতসহস্র তীর্থযাত্রী এখানে স্নানের জন্য আগমন করেন।

**বানগঙ্গা :** বানগঙ্গা বা ভীষ্মকুণ্ড নামে পরিচিত এই স্থানটি কুরুক্ষেত্র থেকে তিন মাইল দূরে অবস্থিত। কুরুক্ষেত্র যুদ্ধের সময় পাণ্ডবদের পিতামহ ভীষ্ম এখানে শরশয্যায় শায়িত ছিলেন।

*(বাকি অংশ ২১ পৃষ্ঠায় দেখুন)*

॥ ওঁ তৎ সৎ ব্রহ্মণে নমঃ ॥

# মাণ্ডূক্য উপনিষদ : ব্রহ্ম ও আত্মার অভিন্নতা (অভেদত্ব)

রাম কৃষ্ণ তালুকদার

মাণ্ডুকোপনিষদে ওঁ-কারের স্বরূপ ব্যাখ্যা করে অত্যন্ত পরিচ্ছন্নভাবে সরাসরি ব্রহ্ম ও আত্মার অভিন্নতা নিরূপণ করা হয়েছে। মহাত্মা শঙ্করাচার্যের পরমগুরু আচার্য গৌরপাদ মাণ্ডুক্য উপনিষদের একটি অনবদ্য অদ্বৈতকারিকা রচনা করেন। এই কারিকায় অদ্বৈতবাদের যুক্তিপূর্ণ ব্যাখ্যা আছে। কারিকা এক ধরণের গ্রন্থ বিশেষ। এ কারিকামতে, ব্রহ্ম বা আত্মা ছাড়া আর অন্য কিছুর অস্তিত্ব নেই। এখানে দ্বিতত্ত্বের কোনো প্রসঙ্গ নেই। শঙ্করাচার্য অদ্বৈতবাদকে সুসঙ্গতভাবে প্রতিষ্ঠা করে মাণ্ডুক্য উপনিষদের ভাষ্য রচনা করেন।

এ উপনিষদে ওঙ্কার অবলম্বনে ব্রহ্মোপদেশ প্রদান করা হয়েছে। ঋগ্বেদ হতে 'অ', যজুর্বেদ হতে 'উ' এবং সামবেদ হতে 'ম'–এই 'অউম' মিলিতভাবে ওঁ-কার হয়েছে। অ-কার হলো ঋগ্বেদাত্মক প্রথম মাত্রা, উ-কার হলো যজুর্বেদাত্মক দ্বিতীয় মাত্রা, আর ম-কার হলো সামবেদাত্মক তৃতীয় মাত্রা। আত্মার পাদসমূহই ওঙ্কারের মাত্রা এবং ওঙ্কারের মাত্রাসমূহই আত্মার পাদ। ওঁ-কারের যেমন অ, উ, ম –এ তিনটি মাত্রা আছে, জীবেরও তেমনি দৈনন্দিন জীবনে জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি –এ তিন প্রকার অবস্থা হয়। ব্রহ্মের অবস্থাত্রয় হলো বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ নামক পাদত্রয়। ওঙ্কারের তিনটি মাত্রা অ, উ, ম এবং জীবের তিন প্রকার অবস্থা জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি সমতুল্য। এ পাদত্রয়ের অতীত অমাত্রিক পাদই তুরীর পাদ এবং এ অদ্বৈত তুরীয় ব্রহ্মই আত্মার যথার্থ স্বরূপ। আর ব্রহ্ম সর্বব্যাপক হয়েও জীবের হৃদয়ে থেকে কিভাবে কাজ করছেন তা উপলব্ধি করা এবং ব্রহ্ম ও আত্মার অভিন্নতা নিরূপণ করা ভিন্ন অন্য কোনো কথা এ উপনিষদে নেই।

**সুষুপ্ত আত্মার নিকট সমস্ত জ্ঞানের লয় –এই অনুভব থাকার জন্য তাঁকে প্রাজ্ঞ বলে। কিন্তু যিনি সাধনার দ্বারা জগতকে স্বপ্নে এবং স্বপ্নকে সুষুপ্তিতে লয় করেন –ঐ সুষুপ্তিতে তিনি নিরুপাধিক হয়ে যান।**

জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি –এ তিন অবস্থাই আত্মার দ্বৈতভাবের পরিচায়ক। এ তিন অবস্থাতেই অহংঅভিমান বিদ্যমান থাকে এবং এ তিন অবস্থাই প্রকৃতি বা মায়াশক্তির দ্বারা পরিচালিত। একই আত্মা মায়ার আবরণে বহুরূপে দৃশ্যমান হয়। আর আত্মার তুরীয় অবস্থায় সকল দ্বৈতভাবের অবসান হয়ে আত্মার যে প্রকৃত অবস্থা অদ্বৈতভাব সে অবস্থায় স্থিতিলাভ করে। অদ্বৈতবাদে একমাত্র ব্রহ্মই সত্য বস্তু, প্রকৃতির এ যে দৃশ্যমানপ্রপঞ্চ তা কল্পনা বা মায়া মাত্র, উহার পারমার্থিক কোনো সত্তা নেই। এ উপনিষদ আত্মার জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি ও তুরীয় অবস্থার সাথে ওঙ্কারের অ-মাত্রা, উ-মাত্রা, ম-মাত্রা ও মাত্রারহিত বা অমাত্রর (অনন্তমাত্র) সাদৃশ্য উপলব্ধি করানোর মাধ্যমে সাধককে মুক্তির পথ দেখিয়েছেন।

**ওম্ ইত্যেতদক্ষরমিদং সর্বম্। তসোপব্যাখ্যানং-ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্বমোঙ্কার এব, যৎ চ অন্যৎ ত্রিকালাতীতং তৎ অপি ওঙ্কার এব** ॥ ১ ॥

অর্থ-বিষদার্থ : এ পরিদৃশ্যমান সমস্তই 'ওম্' এ অক্ষর-স্বরূপ। তার সুস্পষ্ট নির্দেশ এই যে– যা কিছু অতীত, বর্তমান ও ভবিষ্যৎ তা সমস্তই ওঙ্কার। আবার এ তিন কালের বাইরে অন্য যা কিছু আছে তাও ওঙ্কারের অধীন।

এ চক্ষুরাদি ইন্দ্রিয়গোচর দৃশ্যমান জগতের সমস্ত কিছুই 'ওম' অক্ষরাত্মক। আবার ইন্দ্রিয় গোচরের অতীত (অতীন্দ্রিয়) সমস্তই 'ওঁ' এ অক্ষর-স্বরূপ। অতীন্দ্রিয় ব্রহ্ম 'ওম্' অক্ষরাত্মক অর্থাৎ 'ওঁ' –ব্রহ্ম বা পরমাত্মার প্রতীক শব্দ। কাউকেও জানতে হলে তার নামাবলম্বনে জানতে হয়। ওঁ-কার বা ওঙ্কার ব্রহ্মের একটি প্রিয় নাম। তাই 'ওঁ' কে অবলম্বন করে ধ্যান করলে তা ব্রহ্মেরই ধ্যান করা হয়। অতএব, ওঙ্কার অবলম্বন করেই আত্মজ্ঞান জন্মিবে।

**সর্বং হ্যেতদ্ ব্রহ্ম; অয়মাত্মা ব্রহ্ম; সোঽয়মাত্মা চতুষ্পাৎ** ॥ ২ ॥

অর্থ-বিষদার্থ : এ সমস্তই ব্রহ্ম। এ আত্মা ব্রহ্ম; উক্ত আত্মা চারটি পাদ-বিশিষ্ট অর্থাৎ আত্মার চারটি অবস্থা বিদ্যমান।

প্রথম মন্ত্রে বলেছেন সমস্তই ওঁ-কার আর এ মন্ত্রে বললেন সমস্তই ব্রহ্ম। অতএব, পরিদৃশ্যমান সমস্তই ওঁ-কার এবং তাই ব্রহ্ম অর্থাৎ ওঁ-কার ও ব্রহ্ম একই অর্থাৎ যে সমস্ত ওঁ-মাত্মক, সে সমস্তই ব্রহ্মাত্মক। এই মন্ত্রে বিশেষভাবে অঙ্গুলি নির্দেশ করে বলেছেন **"অয়মাত্মা ব্রহ্ম"** –'এ আত্মা ব্রহ্ম (এ মহাবাক্যটি চতুর্বেদের চারটি মহাবাক্যের অন্যতম)।' সুতরাং, বলা হলো ওঁ-কার, ব্রহ্ম এবং আত্মা –এ সমস্তই এক। এ মন্ত্রের শেষ অংশে বললেন, **"সোহয়মাত্মা চতুষ্পাদ"** –'সে আত্মা চারপাদ-বিশিষ্ট অর্থাৎ আত্মার চারটি অবস্থা বিদ্যমান।' ওঁ-কারের মাত্রা ও আত্মার পাদের সাদৃশ্য দেখিয়ে ওঁ-কারের সাধনার দ্বারা কিভাবে আত্মদর্শন বা আত্মভাবে স্থিতি লাভ হয় তাই দেখিয়েছেন। এখন প্রশ্ন হতে পারে কোন্ আত্মা ব্রহ্ম? উত্তর হলো যিনি বিশ্বজুড়ে রয়েছেন আবার সকল জীবদেঞে প্রত্যগাত্মা অর্থাৎ সকলের অন্তরে অন্তর্যামীরূপে বিরাজিত আছেন। তাঁকেই আত্মা, ব্রহ্ম, পরমাত্মা, পরব্রহ্ম ইত্যাদি নামে অভিহিত করা হয়।

গীতাও (৮/১৩ শ্লোকে) বলেছেন **"ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম"** –'ওঁ এ ব্রহ্মরূপ একাক্ষর।' এ অক্ষর আত্মশক্তির উৎস। ওঁ-কার এ অক্ষর জ্ঞানে ব্রহ্মকে জানা যায়। সেই একই ব্রহ্ম বা আত্মা সকলের

মধ্যে রয়েছেন। তবে এই জ্ঞান আয়ত্ত করা নিতান্তই কঠিন। তাই উপনিষদ একই কথা বারবার বিভিন্নভাবে বুঝিয়েছেন। ওঁ নামক অক্ষরকে ব্রহ্ম বলেছেন। ব্রহ্ম ব্যতীত অন্য যা কিছু ব্যাখ্যা করা যায় তা কাল্পনিক বা মায়িক মাত্র। ব্রহ্ম আত্মমায়া দ্বারা বহু নাম-রূপে জগতে বিবর্তিত হন। তাই কেবলমাত্র ব্রহ্মই সত্য, আর এ নাম রূপ বিশিষ্ট জগৎ একটা ইন্দ্রজাল (যার কোনো বাস্তব অস্তিত্ব নেই) বা মায়া মাত্র। ব্রহ্ম বা আত্মাকে না জানার কারণে ব্রহ্মকেই জগৎরূপে দেখা যায়। মরীচিকাকে যেমন জল বলে ভ্রম হয়, তেমনি অজ্ঞানতার কারণে ভ্রমবশতঃ জগৎকে দেখা যায়। ব্রহ্মের উপর থেকে অজ্ঞানতার আবরণ বা উপাধি (=উপরে স্থিত যা) অপসৃত হলে সমস্তই ব্রহ্ম– **"সবং খল্বিদং ব্রহ্ম"** বলে উপলব্ধি হবে। যে আচ্ছাদন বা আবরণে ব্রহ্ম ঢাকা থাকে তাকে বলা হয় অজ্ঞান বা মায়া। অজ্ঞানতার কারণেই জগৎ দেখা হয়, জ্ঞানে জগতের কোনো অস্তিত্ব নেই।

আত্মা **"চতুষ্পাদ্"** –আক্ষরিক অর্থ 'চারটি পা যুক্ত', কিন্তু এখানে পাদ অর্থে ভাবের সাধন বুঝানো হয়েছে –গমনাদি ক্রিয়াসম্পন্ন করার পাদ নয়। সে চারটি অবস্থা হলো : জাগ্রত, স্বপ্ন, সুষুপ্তি ও তুরীয়। ইন্দ্রিয়ের দ্বারা বিষয়ের উপলব্ধি হলো জাগ্রত, জাগ্রতের সংস্কারের জন্য যে অবস্থা তা হলো স্বপ্ন, গভীর নিদ্রাকালীন যে অবস্থা তা হলো সুষুপ্তি আর ব্রহ্মের সাথে একাত্মতা অনুভবের অবস্থা হলো তুরীয়। প্রথম তিন অবস্থার বিশিষ্ট পুরুষের নাম যথাক্রমে বিশ্ব বা বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ। প্রথম বিশ্বকে তৈজসে, তৈজসকে প্রাজ্ঞে, প্রাজ্ঞকে তুরীয়ে বিলীন করলে সূক্ষ্মতম ব্রহ্ম বা আত্মাকে উপলব্ধি করা যায়।

**জাগরিতস্থানো বহিঃপ্রাজ্ঞ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুগ্বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ ॥ ৩ ॥**

অর্থ-বিষদার্থ : জাগ্রদবস্থা যাঁর অধিষ্ঠান, যিনি বাহ্য বিষয়সমূহে প্রজ্ঞাবান বা সচেতন, যাঁর সাতটি অঙ্গ, যাঁর ঊনিশটি মুখ (উপলব্ধি দ্বারা) এবং যিনি শব্দাদি স্থূল বিষয়সকল ভোগ করেন– সেই বৈশ্বানর পুরুষই আত্মার প্রথম পাদ।

আত্মার প্রথম পাদ যিনি, তিনি জাগ্রদবস্থায় অনুভূতিসম্পন্ন। ইনি বাহ্যবিষয়সমূহে প্রজ্ঞাবান বা সচেতন। সমস্ত মনুষ্য নিয়ে এক বিশ্ব পুরুষ বা সর্বজীবাত্মারূপ বিরাট পুরুষ যিনি ইনিই বৈশ্বানর। এখানে জাগ্রদবস্থায় অবস্থিত বিশ্বের অবস্থাকে বৈশ্বানর বা বিরাট পুরুষ বলায় বুঝতে হবে বিশ্ব ও বৈশ্বানর এক। জগতের সমস্ত জীব যেকোনো অবস্থায়ই থাক না কেন সে বিশ্ব বা সমষ্টি পুরুষের অন্তর্গত। আত্মা এ অবস্থায় বহিঃপ্রজ্ঞ। ইহা অজ্ঞানকল্পিত এবং বাস্তবিকভাবে প্রজ্ঞার অভাব। কারণ এই দৃশ্যপ্রপঞ্চ অজ্ঞানকল্পিত বা মায়ার দ্বারা সৃষ্ট (মায়িক)। যিনি আত্মার আপন আত্মত্ব হতে ভিন্ন যে অনাত্মা বিষয়ে প্রকৃষ্টভাবে জানেন তিনিই বহিঃপ্রজ্ঞঃ। বিশ্ব বা বিরাট পুরুষ আপন মায়া প্রভাবে বাহ্যবিষয়কে বাহ্য ইন্দ্রিয় দ্বারা প্রকাশ করে ঐ দৃশ্য প্রপঞ্চকে অনুভব করেন। এ বিশ্বপুরুষ বা বিরাটই আত্মার প্রথম পাদ্। এ বৈশ্বানররূপী আত্মা সাতটি অঙ্গবিশিষ্ট –মস্তক হচ্ছে সুন্দর তেজোমণ্ডিত দ্যুলোক বা স্বর্গলোক, চক্ষু হচ্ছে শ্বেতরক্তাদি নানাবর্ণ বিশিষ্ট সূর্য, প্রাণ হচ্ছে নানা গতিতে বিচরণশীল বায়ু, দেহের মধ্যভাগ হচ্ছে চতুর্দিকে অনন্ত প্রসারিত এই আকাশ, সমুদ্রাদি জলরাশি হচ্ছে মূত্রাশয়, পাদদ্বয় হচ্ছে পৃথিবী এবং মুখ হলো আহবনীয় অগ্নি। আর যাঁর ঊনিশটি মুখ বা উপলব্ধি দ্বার হলো– দশেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, মন, বুদ্ধি, চিত্ত ও অহংকার (৫ জ্ঞানেন্দ্রিয় + ৫ কর্মেন্দ্রিয় + ৫ প্রাণ + মন + বুদ্ধি + চিত্ত + অহংকার = ১৯টি)। জগতের সমস্ত প্রাণীই বৈশ্বানরের অন্তর্গত।

**স্বপ্নস্থানোঽন্তঃপ্রাজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ ॥ ৪ ॥**

অর্থ-বিষদার্থ : স্বপ্নাবস্থায় অন্তর্বিষয়ের যাঁর ভোগস্থান এবং জাগ্রত অবস্থার মতো স্বপ্নাবস্থাতেও সাতটি যাঁর অঙ্গ ও ঊনিশটি যাঁর মুখ বা উপলব্ধি দ্বার এবং যিনি শুধু বাসনা বা সংস্কার ভোগ করেন, তিনি তৈজস। এ তৈজসই আত্মার দ্বিতীয় পাদ।

স্বপ্নাবস্থায় আমাদের সাতটি অঙ্গ ও ঊনিশটি ইন্দ্রিয় দ্বার নিষ্ক্রিয় থাকে, কিন্তু ইন্দ্রিয়গণের দেবতা 'মন' ঘুমোয় না। দৈনন্দিন জীবনে মানুষ কত ধরণের কল্পনা ও কামনা-বাসনা নিয়ে দিন অতিবাহিত করে। তার অনেক কিছুই প্রত্যক্ষভাবে ভোগ করতে পারে না। জাগ্রত অবস্থার অভিজ্ঞতাই অর্থাৎ সংস্কারলব্ধ বিষয়সমূহ স্বপ্নে ভেসে উঠে। আত্মার এই অবস্থার নাম তৈজস। ইন্দ্রিয়সকল ঘুমিয়ে পড়লে অন্তরিন্দ্রিয় মন কেবলমাত্র পূর্বে অনুভূত বিষয় সংস্কারসমূহকে বাহ্যেন্দ্রিয়ের সহায়তা ছাড়াই ভোগ করেন বলে ইনি অন্তঃপ্রজ্ঞ।

**যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি, তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞঃ তৃতীয়ঃ পাদঃ ॥ ৫ ॥**

অর্থ-বিষদার্থ : ঘুমন্ত অবস্থায় যে ব্যক্তি কোনো কিছু কামনা করেন না, কোনো স্বপ্নও দেখেন না, মনও নিষ্ক্রিয় থাকে, তখন তাঁর সে ঘুমন্ত অবস্থার নাম সুষুপ্তি। যিনি সুষুপ্ত অবস্থায় থাকেন, তিনি সমস্ত বিক্ষেপ-রহিত, কেবল এক অনুভূতি-বিশিষ্ট, পৃথক জ্ঞান-রহিত, ঘনীভূত বিশুদ্ধ জ্ঞানের আধার। তিনি আনন্দময় এবং অনায়াসে আনন্দভোগকারী ও জ্ঞানই যাঁর অনুভবের দ্বার। সে অবস্থাই আত্মার তৃতীয় পাদ।

জাগরণ ও স্বপ্নাবস্থায় ভিন্ন ভিন্ন বস্তুর ভিন্ন ভিন্ন জ্ঞান থাকে। কিন্তু সুষুপ্তিকালে বস্তুসমূহ একাকার হয়ে একীভূত হয়ে থাকে। তখন বিভিন্ন বস্তু মিশ্রিতের মতো থাকে বলে সুষুপ্তির অধিষ্ঠাতাকে **প্রজ্ঞন-ঘন** বলা হয়। এ অবস্থায় বস্তুসমূহের পৃথক পৃথক বোধ থাকে না, এক প্রকার মিশ্রিত জ্ঞান থাকে। এ সময়ে ইনি আনন্দময় এবং অনায়াসে আনন্দ-ভোগকারী, কিন্তু আনন্দ-স্বরূপ নন। প্রচুর আনন্দপূর্ণ থাকা আর আনন্দ-স্বরূপে স্থিতিলাভ করা সম্পূর্ণ আলাদা জিনিস। প্রকৃতপক্ষে, জাগরণ, স্বপ্ন ও সুষুপ্তি –এই তিন অবস্থাই নিদ্রা। কারণ, এ তিন অবস্থাতেই তত্ত্বজ্ঞানের অভাব পরিলক্ষিত হয়। আর তত্ত্বজ্ঞানের অভাবই হলো নিদ্রা। এ তিন অবস্থারই সাধারণ বৈশিষ্ট্য হলো আত্মজ্ঞানহীনতা এবং কাল্পনিক বা মায়ার দ্বারা কৃত (মায়িক)। জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি –এই তিন অবস্থাই প্রকৃতি বা মায়াশক্তির দ্বারা পরিচালিত। একই আত্মা মায়ার আবরণে বহুরূপে দৃশ্যমান হয়। যখন স্থূল ভোগের বিষয় বাসনা জাগে,

তখন আত্মা জাগ্রত, যখন সূক্ষ্ম বিষয় বাসনা জাগে তখন স্বপ্ন আর যখন আত্মার কোনো প্রকার কাম্যবস্তু চিন্তা করার অবস্থা থাকে না বা কোনো স্বপ্নও দেখেন না তখন সুপ্ত। অতএব, আত্মার এই তিন অবস্থাই মায়া বা প্রকৃতির অধীন। গীতাও (৬/৫ শ্লোক) বলেছেন– **"উদ্ধরেৎআত্মনা আত্মানম্"** –'আত্মার দ্বারাই আত্মাকে উদ্ধার করতে হবে' অর্থাৎ, সাধনার দ্বারা জাগ্রতকে স্বপ্নে, স্বপ্নকে সুষুপ্তিতে লয় করতে হবে, তখনই অনুভূত হবে– **"চৈতন্যস্বরূপ আমিই সেই"**। তপস্যায় সাধকের সেটিই সমাধি অবস্থা। অতএব, জানা গেল যে, আত্মা এক হয়েও একই সময়ে জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তিতে বিচরণ করেন।

পরের মন্ত্রে আধিদৈবিক অন্তর্যামীর সাথে প্রাজ্ঞের অভেদত্ব দেখানো হয়েছে–

**এষ সর্বেশ্বর এষ সর্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্বস্য – প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ ॥ ৬ ॥**

অর্থ-বিষদার্থ : এ প্রাজ্ঞ-আত্মাই হলেন সর্বেশ্বর। ইনি সর্বজ্ঞ, ইনি অন্তর্যামী। ইনি সকলের উৎপত্তির কারণ। ইহা হতে প্রাণীবর্গের উৎপত্তি হয় এবং ইহাতেই বিলীন হয়।

তৃতীয় পাদে বা অবস্থায় যে প্রাজ্ঞ-আত্মা, ইনিই সকলের ঈশ্বর। এ আত্মাই **"এষঃ সর্বস্য যোনিঃ"** –'ইনিই সমস্ত কিছুর কারণ ও উৎস'। এ প্রাজ্ঞ যখন আপন স্বরূপে স্থিতিলাভ করেন তখন তিনি সর্বেশ্বর। সকল জ্ঞানের উৎস এবং সমস্তই জানেন বলে ইনি সর্বজ্ঞ। ইনি সকলের অন্তরে অনুপ্রবিষ্ট হয়ে সকলকেই যথানিয়মে নিয়ন্ত্রণ করেন বলে ইনি অন্তর্যামী। এ প্রাজ্ঞ আত্মাই যেমন যাবতীয় বস্তুর উৎপত্তিস্থল, তেমনি আবার বিলয়-স্থান।

সুষুপ্ত আত্মার নিকট সমস্ত জ্ঞানের লয় –এই অনুভব থাকার জন্য তাঁকে প্রাজ্ঞ বলে। কিন্তু যিনি সাধনার দ্বারা জগতকে স্বপ্নে এবং স্বপ্নকে সুষুপ্তিতে লয় করেন –ঐ সুষুপ্তিতে তিনি নিরুপাধিক হয়ে যান। যদি কেউ সাধনা দ্বারা এ স্বরূপ অবস্থা লাভ করতে পারেন, তবে তিনি মায়ার অধীনতা থেকে মুক্ত হন। তখনই তিনি সর্বেশ্বর। জাগ্রত অবস্থায় স্থূল জগতের জ্ঞাতা ইনি, স্বপ্নাবস্থায় সূক্ষ্ম জগতেরও জ্ঞাতা ইনি, আর সুষুপ্তি অবস্থায় ঐ দুয়ের কারণস্বরূপ অবিদ্যাকে জানেন বলে ইনি সর্বজ্ঞ। তখন ইনি সকলের অন্তরে প্রবেশ করে ভূতবর্গের নিয়ামক।

এখানে প্রশ্ন হতে পারে আত্মা এক হয়েও কিপ্রকারে বিভিন্ন অবস্থা প্রাপ্ত হন? আত্মাই ব্রহ্ম। অখণ্ড ব্রহ্মের অংশ কখনো হতে পারে না। তিনি চিরজাগ্রত হয়েও ঠিক একই সময়ে জাগ্রত আছেন, স্বপ্ন দেখছেন আবার সুপ্ত আছেন –ইহা সাধারণ মানুষের ধারণা সীমার বাইরে। মানুষ নিজের দেহের মধ্যে আবদ্ধ থেকে তা অনুভব করতে পারে না। সাধনার নির্বিকল্প সমাধি অবস্থায়ই তা অনুভব করা যায়, কারণ সমাধি অবস্থায়ই যথার্থ জ্ঞান হয়।

সপ্তম মন্ত্রে নির্বিশেষ তুরীয় অবস্থার বিষয় বলা হচ্ছে–

**নান্তঃপ্রজ্ঞং ন বহিঃপ্রজ্ঞং ন উভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞানঘনং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞম্। অদৃষ্টম্ অব্যবহার্যম্ অগ্রাহ্যম্ অলক্ষণম্ অচিন্ত্যম্ অব্যপদেশ্যম্ একাত্মপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে। স আত্মা। স বিজ্ঞেয়ঃ ॥ ৭ ॥**

অর্থ-বিষদার্থ : চতুর্থ তথা তুরীয় পাদ আত্মার সর্বোত্তম অবস্থা, ইহাই সকলের প্রকৃত স্বরূপ। তুরীয় আত্মার বিশেষণগুলি নিম্নরূপ :

নান্তঃপ্রজ্ঞং – অন্তর্জগত বা অন্তর্বিষয় সম্পর্কে সচেতন নন অর্থাৎ অন্তরিন্দ্রিয় ক্রিয়াহীন। সুতরাং তিনি তৈজস বা স্বপ্নাভিমানী নন।

ন বহিঃপ্রজ্ঞং – বহির্বিষয়ের অর্থাৎ বাহ্য জগতের কোন অনুভব নেই। বহিরিন্দ্রিয় ক্রিয়াহীন। সুতরাং তিনি বৈশ্বানর বা জাগ্রত অভিমানী নন।

নোভয়তঃ-প্রজ্ঞং – জাগরণ ও স্বপ্নের মধ্যাবস্থায়ও অনুভূতিসম্পন্ন নন।

ন প্রজ্ঞান-ঘনম্ – সুষুপ্তি অবস্থার প্রজ্ঞানঘন নন অর্থাৎ সুষুপ্তির অধিষ্ঠাতা হতে ভিন্ন।

ন প্রজ্ঞম্ – যুগপৎ সর্ববিষয়ের জ্ঞাতা হতে ভিন্ন।

নাপ্রজ্ঞম্ – অচৈতন্য অর্থাৎ অজ্ঞান নন।

অদৃষ্টম্ – ইন্দ্রিয় দ্বারা দৃষ্টিগোচর নন অর্থাৎ কর্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়ের উর্ধ্বে। তুরীয় ব্রহ্ম চক্ষুরাদি ইন্দ্রিয়ের বিষয় নন বলে অদৃশ্য।

অব্যবহার্যম্ – ব্যবহারের অতীত অর্থাৎ ইনি অমুক এ প্রকার ব্যবহারের অযোগ্য। তিনি জ্ঞানেন্দ্রিয়সমূহের বিষয় নন বলে অদৃশ্য, সেহেতু তাঁকে ব্যবহার বিষয়ে আনা যায় না।

অগ্রাহ্যম্ – কোন কর্মেন্দ্রিয় দ্বারা গ্রহনীয় নন। তিনি কর্মেন্দ্রিয়ের বিষয় নন বলে কর্মের ফলস্বরূপও নন, সেজন্য অগ্রাহ্য।

অলক্ষণম্ – ইন্দ্রিয়ের দ্বারা গ্রহণীয় নন বলে তিনি অলক্ষণ, তাই তাঁকে কোন অনুমানের দ্বারা লক্ষ্য করা যায় না।

অচিন্ত্যম্ – চিন্তার অতীত বা অচিন্তনীয়। তাঁকে কোন চিন্তা বা অনুমানের দ্বারা প্রমাণ করা যায় না বলে তিনি অচিন্ত্যম্।

অব্যপদেশ্যম্ – বর্ণনার অতীত অর্থাৎ শব্দের দ্বারা প্রমাণের বিষয় নন। যেহেতু তিনি চিন্তার অতীত সেহেতু তিনি বর্ণনার অতীত।

একাত্ম-প্রত্যয়-সারম্ –সর্বাবস্থায় একই আত্মা আছেন এরূপ নিশ্চয় প্রত্যয় বা বোধ অর্থাৎ জাগ্রত, স্বপ্ন, সুমুপ্তি এ তিন অবস্থাতেই একই আত্মা –এ প্রকার বলে অনুভবযোগ্য।

প্রপঞ্চোপশনম্ – জাগ্রৎ, স্বপ্ন ও সুযুপ্তির নিবৃত্তিস্থান অর্থাৎ এ ভৌতিক জগতের পূর্ণ অবসান।

শান্তম্ – নির্বিকার বা বিকারহীন অর্থাৎ রাগদ্বেষাদি মায়াশূন্য।

শিবম্ – মঙ্গলস্বরূপ বা কল্যাণকর।

অদ্বৈতম্ – অদ্বিতীয় বা দ্বিতীয়-রহিত অর্থাৎ সর্বপ্রকার ভেদশূন্য।

উপরে উল্লিখিত বিশেষণযুক্ত আত্মাকে তুরীয় ব্রহ্ম বলা হয়। আত্মা সকলেরই প্রকৃত স্বরূপ। ইনিই একমাত্র জ্ঞাতব্য আত্মা

–সেই আত্মাকেই জানতে হবে। একমাত্র সাধনার গভীর সমাধিতে আত্মাকে উপলব্ধি করা যায়। এ অবস্থায়ই কল্পিত অজ্ঞানের আবরণটি অপসারিত হয়। তুরীয়কে জানাই হলো আত্মজ্ঞান।

চির জাগ্রত আত্মা একই সময়ে জাগ্রত, স্বপ্ন ও সুপ্ত –এ তিন অবস্থায় যথাক্রমে স্থূলভুক্, সূক্ষ্মভুক্ ও আনন্দভুক্। এই তিন অবস্থাই আত্মার উপাধি। আর উপাধিহীন, নাম-গোত্রহীন, অবরণহীন আত্মার স্বরূপ হচ্ছে চতুর্থ পাদ বা তুরীর অবস্থা। এক আত্মাই মায়ার আবরণে বিভিন্ন অবস্থা প্রাপ্ত হয়। জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি মায়ার আবরণে কল্পিত। রজ্জুর উপর ঈষৎ অন্ধকার পড়লে উহাকে যেমন সর্প বলে ভ্রম হয়, ঠিক তেমনি আত্মার উপর একটা আবরণ পড়লে দৃশ্যপ্রপঞ্চ বলে ভ্রম হয়।

**"জগৎ নেই, ব্রহ্মই আছেন"** –যিনি সর্বদা দৃঢ়ভাবে অভ্যাসের দ্বারা এ তুরীয় অবস্থা লাভ করেন তিনিই আত্মজ্ঞানের অধিকারী। উপনিষদ বলেছেন– **"পঞ্চোপশমং"** –'প্রপঞ্চ' কথার অর্থ হলো দৃশ্যমান জগৎ এবং 'উপশমং' কথার অর্থ অবসান। সুতরাং, দৃশ্যমান পঞ্চভূতে গড়া জগৎকে নিঃসংশয়ে অস্বীকার করতে পারলেই অর্থৎ জাগ্রদাদি প্রপঞ্চের উপশম হলেই আত্মকে উপলব্ধি করা যায়। তাই, আত্মার উপর থেকে অজ্ঞানের কল্পিত আবরণটি সরানো গেলেই আত্মজ্ঞান লাভ হয়। যখন আত্মাতে আরোপিত জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি –এই দ্বৈতবুদ্ধিরূপ অন্ধকার দূর হয়ে যায় তখনই অদ্বৈত জ্ঞানে স্থিতিলাভ হয়। মনে রাখতে হবে জগৎটা ব্রহ্ম ভিন্ন অন্য কিছু নয়। অতএব, **"ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা"** –বেদন্তের এ সিদ্ধান্তে যে সাধকের বিন্দুমাত্রও সংশয় নেই এবং যাঁর স্মৃতি থেকে একবারের জন্যও তা মুছে না যায়, তিনিই আত্মজ্ঞানের অধিকারী। এই নির্বিশেষ জাগ্রদাদি উপাধি রহিত পরম শুদ্ধ সকলের অন্তরস্থ প্রত্যগাত্মাই আছেন, আর অন্য যা কিছু আছে বলে মনে হয় তা মায়া বা ইন্দ্রজাল মাত্র। যিনি জগৎকে মিথ্যা জেনে ব্যবহারিক কর্মেও সর্বদা অভ্যাস করতে পারেন যে, সুখ-দুঃখ, জয়-পরাজয়, জন্ম-মৃত্যু ইত্যাদি দ্বৈতভাব তাঁর মধ্যে নেই এবং ইন্দ্রিয়গণ ইন্দ্রিয়ের কাজ সম্পাদন করছে, 'আমি কিছুই করি না' – তখন তিনি **"শান্তং শিবম্ অদ্বৈতম্"** – 'নির্বিকার, মঙ্গলময়, অদ্বিতীয়'। নির্বিকল্প সমাধিতে ব্রহ্মকে বা আত্মাকে এরূপে উপলব্ধি করাই মানব জীবনের পরম লক্ষ্য। গীতাও (২/৫৫-৫৭ শ্লোকে) একটু পরিবর্তিত আকারে একই কথা বলেছেন।

অষ্টম মন্ত্রে আত্মার চারিপাদের সাথে ওঙ্করের সম্বন্ধ বর্ণনা করেছেন–

**সোঽয়মাত্মাঽধ্যক্ষরম্ ওঙ্কারোঽধিমাত্রং, পাদা মাত্রাঃ, মাত্রাশ্চ পাদাঃ – অকার উকারো মকার ইতি ॥ ৮ ॥**

অর্থ-বিষদার্থ : সেই আত্মা ওঙ্কারের মাত্রারূপে বর্তমান। আত্মাকে যখন অক্ষর দ্বারা বর্ণনা করা হয় তখন তিনি ওঙ্কার। আত্মার পদসমূহই ওঁ-কারের মাত্রা। আবার ওঙ্কারের মাত্রাসমূহই আত্মার পাদ। আত্মার ত্রিপাদ যা, ওঙ্কারের তিন মাত্রাও তাই।

ওঙ্কারের মাত্রা ও আত্মার চতুষ্পাদ কিভাবে সম্বন্ধযুক্ত তা দেখানো হলো–

| আত্মার পাদ বা অবস্থা | ওঙ্কারের মাত্রা |
|---|---|
| ১ম পাদ – জাগ্রৎ – বিশ্ব বা বৈশ্বানর | অ-কার |
| ২য় পাদ – স্বপ্ন – তৈজস্ | উ-কার |
| ৩য় পাদ – সুষুপ্তি – প্রাজ্ঞ | ম-কার |
| ৪র্থ পাদ – তুরীয় – শান্ত, শিব, অদ্বৈত (শুদ্ধ চৈতন্য) | অমাত্র (অনন্তমাত্র) |

এখানে আত্মার এক এক পাদ যেন ওঙ্কারের এক এক মাত্রাকে অধিকার করে আছে। **"সঃ অহম্ আত্মা অধ্যক্ষরম্ ওঙ্কারঃ অধিমাত্রম্"** – 'সে আত্মা 'ওম' অক্ষরকে আশ্রয় করে অধিকার করে আছে' অর্থাৎ আত্মা পাদরূপে বিভক্ত হয়ে যেন ওঙ্কারের মাত্রাকে আশ্রয় করে স্থিত। তাহলে পাদবিভাগ প্রাপ্ত ওঙ্কারের 'অধিমাত্রত্ব (মাত্রারূপে বিদ্যমানত্ব)' কীরূপে হবে? এই প্রশ্নের নিরসন করার জন্য উপনিষদ বলেছেন **"পাদা মাত্রাঃ, মাত্রাশ্চ পাদাঃ – অকার উকারো মকার ইতি"** – 'আত্মার পাদসমূহই ওঙ্কারের মাত্রা আর ওঙ্কারের মাত্রাসমূহ অ-কার উ-কার ম-কারই আত্মার পাদ।'

নবম এবং দশম মন্ত্রে কনিষ্ঠ বা অধম অধিকারী সাধকের আত্মার ধ্যানের কথা বলা হয়েছে–

**জাগরিতস্থানো বৈশ্বানরোঽকারঃ প্রথমা মাত্রা – আপ্তেঃ আদিমত্ত্বাৎ বা। আপ্নোতি হ বৈ সর্বান্ কামান্, আদিশ্চ ভবতি, য এবং বেদ ॥ ৯ ॥**

**স্বপ্নস্থানস্তৈজস উকারো দ্বিতীয়া মাত্রা – উৎকর্ষাৎ উভয়ত্বাৎ বা উৎকর্ষতি হ বৈ জ্ঞানসন্ততিং, সমানশ্চ ভবতি, নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি, য এবং বেদ ॥ ১০ ॥**

অর্থ-বিষদার্থ : আত্মার জাগরিত-স্থান বৈশ্বানর যিনি, তিনিই ওঙ্কারের অ-কাররূপ প্রথম মাত্রা। পাদ ও মাত্রার তুল্যতা দেখানোর জন্যই এ কল্পনা, কারণ উভয়েই আদি বা প্রথম এবং ব্যাপক। ব্রহ্মের অক্ষরবাচক শব্দ ওঙ্কারের প্রথম মাত্রা যেমন অ-কার সেরূপ চতুষ্পদ আত্মার মধ্যে বিশ্ব বা বৈশ্বানর আত্মাও প্রথম পাদ। বৈশ্বানর যেরূপ সমগ্র জগৎ ব্যাপ্ত হয়ে আছেন, 'অ' এ স্বরবর্ণটি সেরূপ সমস্ত বর্ণমালার প্রথম বর্ণ হয়ে সকল অক্ষরকে ব্যাপ্ত করে আছে।

**"প্রথমা মাত্রা – আপ্তেরাদিমত্ত্বাদ্বা"** –'ব্যাপ্ত হয়ে থাকার জন্য অথবা সকলের প্রথম বলে' এ কল্পনা। সুতরাং, অতি সঙ্গতভাবেই অ-কার বৈশ্বানরের সদৃশ্য বা সমতুল্য। যে উপাসক বৈশ্বানরকে নিশ্চিতভাবে জানেন, তাঁর সমুদয় কাম্য বিষয় লাভ করা হয়ে গেছে। তিনি সকলের আদি ও সর্বোত্তম। আর যে সাধক ওঁ-কার ব্রহ্মের প্রথম মাত্রা অ-কারকে এভাবে উপলব্ধি করেছেন, তিনি ইন্দ্রিয়গ্রাহ্য সমস্ত জ্ঞানই লাভ করেছেন। এ অবস্থায় সাধক নিজে কিছু ভোগ করে সুখী হতে বাসনা করেন না। তিনি অ-কারের সাহায্যে ওঁ-কারের উপাসনা করেন। (৯)

আত্মার স্বপ্নস্থান তৈজস্ ওঙ্কারের দ্বিতীয় মাত্রা উ-কার। **"উৎকর্ষাৎ উভয়ত্বাৎ বা"** – 'উৎকৃষ্টত্ব ও মধ্যস্থত্ব হেতু' উভয়ই সমতুল্য। পাঠক্রমে অ-কার হতে উ-কার উৎকৃষ্ট। কারণ ওঙ্কার উচ্চারণ করলে অ-কারটি হ্রস্ব ও উ-কার দীর্ঘ বলে অ-কার অপেক্ষা উ-কার উৎকৃষ্ট। আবার উ-কার প্রথম মাত্রা অ-কার ও শেষ মাত্রা

ম-কারের মাঝখানে থেকে মাত্রা দুটির মধ্যে সংযোগসাধন করেছে। সেরূপ স্থুল উপাধি বিশিষ্ট বৈশ্বানর আত্মা থেকে সূক্ষ্ম উপাধি বিশিষ্ট তৈজস আত্মা উৎকৃষ্টতর। কারণ, বৈশ্বানর আত্মার যাবতীয় কাজ বহির্মুখী অর্থাৎ স্থুল জগৎকে নিয়ে, অপরদিকে তৈজস আত্মার যাবতীয় কাজ অন্তর্মুখী অর্থাৎ সূক্ষ্ম জগৎকে নিয়ে। আবার বৈশ্বানর আত্মা ও প্রাজ্ঞ আত্মার মধ্যে অবস্থিত তৈজস আত্মা। এভাবে উৎকর্ষতা হেতু ও মধ্যস্থত্ব হেতু উ-কার ও তৈজসের মধ্যে তুল্যতা রয়েছে। আর যিনি এ একতা বা তুল্যতা সংশয়হীনভাবে উপলব্ধি করতে পারেন তিনি জ্ঞানের উৎকর্ষ সাধন করেন এবং শত্রু ও মিত্র সকলকেই তিনি সমানভাবে দেখেন অর্থাৎ মিত্র পক্ষের ন্যায় শত্রুপক্ষকেও তিনি দ্বেষ বা ঘৃণা করেন না –উভয় পক্ষে সমান ভাব রক্ষা করেন। তাঁর বংশে কোনো অ-ব্রহ্মজ্ঞ জন্মগ্রহণ করে না। কারণ, উ-কার ও তৈজস আত্মার একতা যিনি জানেন সে বিদ্বানের বংশে জ্ঞানের বিস্তার লাভ করায় তাঁর বংশপরম্পরাকে সমদর্শী করে তোলে। (১০)

একাদশ মন্ত্রে আত্মার মধ্যম অধিকারী সাধকের ধ্যানের কথা তথা তৃতীয় পাদ ও তৃতীয় মাত্রার একত্ব বর্ণিত হয়েছে–

**সুষুপ্তস্থানঃ প্রাজ্ঞো মকারঃ তৃতীয়া মাত্রা মিতেরপীতের্বা। মিনোতি হ বা ইদং সর্বমপীতিশ্চ ভবতি, য এবং বেদ ॥ ১১ ॥**

অর্থ-বিষদার্থ : আত্মার সুষুপ্তি অবস্থার প্রাজ্ঞ পুরুষই ওঙ্কারের ম-কাররূপ তৃতীয় মাত্রা। প্রাজ্ঞ ও ম-কার উভয়ই পরিমাপক ও একত্বে বিলীন হয়ে যাওয়ার স্থান। যিনি এ তত্ত্ব-রহস্য জানেন তিনি সাধনার দ্বারা সমস্ত জগতের প্রকৃত স্বরূপ জানেন এবং সকলের আশ্রয়স্থল হন।

জীবের সুষুপ্তিস্থানে আত্মা প্রজ্ঞানঘন ও আনন্দময়। প্রাজ্ঞ আত্মা আনন্দের মুখোমুখি হয়ে 'অউম'-এর তৃতীয় অক্ষর 'ম'কে যেন অধিকার করে থাকেন। কার্যের রহস্য জানতে হলে কারণকে জানতে হয়। আর যিনি প্রাজ্ঞ ও ম-কার মাত্রাকে এক করে জানেন, তিনি কারণটি জানেন বলে সমস্তই জানেন। আরও একটু পরিষ্কার করে বললে দাঁড়ায় যে, প্রাজ্ঞ ও ম-কারের একতা জ্ঞান যাঁর হয়েছে, তিনি এ কার্যকারণাত্মক সমস্ত জগৎকেই জেনেছেন। এ অবস্থায় তিনি প্রাজ্ঞরূপ ম-কার মাত্রার অভেদ উপাসক হিসেবে জগতের কারণ ভাবকে প্রাপ্ত হন।

প্রাজ্ঞকে ম-কার বলার প্রথম কারণ হলো যে, উভয়ের পরিমাপকত্বরূপ সাদৃশ্য আছে। আর দ্বিতীয় কারণ হচ্ছে উভয়েরই লয়াত্মকত্ব অর্থাৎ বিলীন হয়ে যাওয়ার সাদৃশ্য আছে। প্রাজ্ঞ যেমন বিশ্ব ও তৈজসের পরিমাপক, ম-কার সেরূপ অ-কার ও উ-কারের পরিমাপক। আবার সুষুপ্তিকালে বিশ্ব ও তৈজস যেমন প্রাজ্ঞে বিলীন বা একীভূত হয়, তেমনিভাবে অ-কার ও উ-কার ম-কারে বিলীন বা একীভূত হয়। উপনিষদ বলেছেন– **"মিতে অপীতেঃ বা"** –'পরিমিত অথবা একীভূত হয় বলে'। এ রহস্য যিনি জানেন তিনি বিশ্বরহস্যকে যথার্থভাবে জানেন।

পরিমাপক ও একতা হেতু প্রাজ্ঞ আত্মা ও ম-কার অভিন্ন। প্রলয়কালে বিশ্ব ও তৈজস প্রাজ্ঞে প্রবিষ্ট এবং উৎপত্তিকালে প্রাজ্ঞ হতে বের হওয়ায় প্রাজ্ঞ আত্মাই যেন বিশ্ব ও তৈজস আত্মার পরিমাপ করার পাত্র। সেরূপ, ওঙ্কারের সমাপ্তিকালে অ-কার ও উ-কারের ম-কারে প্রবেশ এবং পুনরায় ওঁ-কার উচ্চারণকালে অ-কার ও উ-কারের ম-কার হতে বের হওয়ার মতো। এজন্য বলা হয়েছে ম-কারটি অ-কার ও উ-কারের যেন পরিমাপ করার পাত্র। অতএব, যেখানে অ-কার ও উ-কারের সমাপ্তি ঘটে সেখানেই ম-কারের অবস্থান অর্থাৎ 'অ-উ-ম' উচ্চারণ করার সময় ম-কাররূপ শেষ অক্ষরে অ ও উ এ দুই অক্ষর একরূপ প্রাপ্ত হয়, সেরূপ যেখানেই বিশ্ব ও তৈজসের সমাপ্তি ঘটে সেখানেই প্রাজ্ঞের অবস্থান অর্থাৎ সুষুপ্তিকালে বিশ্ব ও তৈজস এক হয়ে যায়। প্রাজ্ঞ ও ম-কারের এ তুল্যতা আছে বলে উভয়ই এক বলা হয়েছে।

সুতরাং, প্রাজ্ঞ যেমন বিশ্ব ও তৈজসের পরিমাপক, ম-কার সেরূপ অ-কার ও উ-কারের পরিমাপক। আবার বিশ্ব ও তৈজস প্রাজ্ঞে একীভূত হয়, অ-কার ও উ-কার সেরূপ ম-কারে একীভূত হয়।

যিনি জাগ্রত-স্বপ্ন-সুষুপ্তি এ স্থানত্রয়কে তুল্যভাবে অকার-উকার-মকার এ মাত্রাত্রয়ের সাদৃশ্য নিঃসংশয়ে জানেন, সে সমদর্শী পুরুষ জগতের সর্বজীবের পূজনীয়, বরণীয় এবং আশ্রয়স্বরূপ হয়ে থাকেন। ওঙ্কারের এ তিন মাত্রার সমন্বয়ে আত্মাকে পাবার পথ প্রশস্ততর হলেও এক সীমানায় এসে থেমে যায়। পরের মন্ত্রে সে সীমানা অতিক্রম করার কথা বলা হয়েছে।

এ উপনিষদের সর্বশেষ তথা দ্বাদশ মন্ত্রে ওঁ-কারের অমাত্রিক (অনন্তমাত্র) তুরীর ভাবে কি উপায়ে উপাধিহীন, নির্গুণ, অসীম পরমাত্মাকে লাভ করা যায় তাই বর্ণনা করা হয়েছে–

**অমাত্রশ্চতুর্থোঽব্যবহার্যঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈত এবমোঙ্কার আত্মৈব। সংবিশত্যাত্মনাত্মানং য এবং বেদ, য এবং বেদ ॥ ১২ ॥**

অর্থ-বিষদার্থ : আত্মার চতুর্থ পাদ বা তুরীয় অবস্থাই অমাত্রিক (অনন্তমাত্র) ওঙ্কার। এ মাত্রারহিত ওঙ্কার লৌকিক ব্যবহারের (বাক্য ও মনের) অতীত, দ্বৈতভাবহীন, ভেদ-বর্জিত, মঙ্গলময় এবং ভৌতিক জগৎ প্রপঞ্চের পূর্ণ অবসানস্থল। যিনি আত্মাকে এরূপে জানেন তিনি আত্মার স্বরূপতা লাভ করে পরমাত্মায় বিলীন হয়ে যান।

আত্মার চতুর্থ পাদ হলো সাধকের নির্বিকল্প সমাধি অবস্থা। উত্তম অধিকারীর পক্ষে পাদ ও মাত্রাত্রয় ক্ষয়প্রাপ্ত হলে তিনি তুরীয় বা অনন্ত আত্মার অনুভব করেন। যার দ্বারা ওঁ-কারের পরিমাপ করা যায় এরূপ যে পরিচ্ছেদ তা হলো মাত্রা, কিন্তু তুরীয় আত্মা ওঁ-কারের অনন্ত মাত্রা অর্থাৎ এ মাত্রা এতো বড় যে, জাগতিক কোনো উপায়ে তা পরিমাপ করা যায় না। ওঁ-কারের লক্ষ্য হলো তুরীয় আত্মার উপলব্ধি করা এবং তুরীয় অবস্থায় ওঙ্কার মাত্রারহিত। প্রকৃত জ্ঞানবান কর্তৃক ওঙ্কারের পূর্ব পূর্ব অবস্থা উত্তরোত্তর অবস্থায় অর্থাৎ জাগ্রদাবস্থা স্বপ্নে, স্বপ্নাবস্থা সুষুপ্তিতে বিলীন হয়ে ক্রমে পরমাত্মায় মিলিত হয়।

মাত্রাহীন বা অমাত্রিক আত্মার উপাসকগণ উত্তম অধিকারী। ওঁ-কারের প্রকৃত বা সম্যক জ্ঞানেই সুখ-দুঃখ, আনন্দ-বেদনারূপ

সমস্ত দ্বৈতভাবের অপবাদ দূর হয়। সাধক তখন তুরীয় আত্মাকে সারবস্তু বলে জেনে আত্মভাবে স্থিতিলাভ করেন। ওঁ-কারের অ, উ, ম –এ তিন অবস্থার ঊর্ধ্বে চতুর্থ বা তুরীয় অবস্থা। এ অবস্থায় ভৌতিক জগতের কোনো অস্তিত্ব থাকে না। এ অবস্থায় আত্মাকে অব্যবহার্য বলা হয়েছে এজন্য যে, অজ্ঞান ক্ষয়প্রাপ্ত হলে সাধক বাক্য ও মনের অতীত হয়ে যান, তাই তিনি লৌকিক ব্যবহারের অনুপযুক্ত। তিনি তখন শিব অর্থাৎ কল্যাণ স্বরূপ এবং দ্বৈতবিহীন। এ অবস্থায় সাধক জন্ম-মৃত্যুর অতীত হয়ে সদ্যোমুক্তি লাভ করেন, তাঁর আর পুনর্জন্ম হয় না। সুতরাং, ওঁ-কারের (প্রণবের) উপাসনাই পরমাত্মার উপাসনা। ওঁ-কারের উপাসনা সাধককে তাঁর চূড়ান্ত লক্ষ্য পরব্রহ্মে বিলীন করে দিতে পারে। (১২)

ওঁ-কারের উত্তম অধিকারী সাধকগণ অমাত্রিক তুরীয় পাদের উপাসনা করে সদ্যোমুক্তি লাভ করেন। ওঁ-কারের অন্য তিন পাদের উপাসনাকারীগণ মন্দ অথবা মধ্যম অধিকারী। ওঁ-কারকে এক এক পাদ করে জানতে হবে। পাদ যা তাই মাত্রা। বিশ্ব, তৈজস, প্রাজ্ঞ পাদই যথাক্রমে অ-কার, উ-কার, ম-কার মাত্রা আর অ-কার, উ-কার, ম-কার মাত্রাই বিশ্ব, তৈজস, প্রাজ্ঞ পাদ। এ বিষয়ে নিঃসংশয় হলেই নির্বিশেষ আত্মাকে অনুভব করা যায়।

অ-কার অবলম্বন করে যিনি ওঁ-কারের উপসনা করেন এবং তাতেই তন্ময় হন, তবে তিনি বৈশ্বানরের ভাব প্রাপ্ত হন। অ-কার হচ্ছে এ জগৎ বা বৈশ্বানর বা বিরাটের প্রতীক। তাই অ-কারের ধ্যান করলে এ স্থূল জগতেরই ধ্যান করা হয়। উ-কারের উপাসনাকারী তৈজসের ভাবে হিরণ্যগর্ভত্বে নীত হন। উ-কার হিরণ্যগর্ভের প্রতীক। ম-কার উপাসনাকারীকে প্রাজ্ঞ অব্যাকৃতভাবে পৌঁছিয়ে দেয়। ম-কার ঈশ্বরের প্রতীক। এখানে মনে রাখতে হবে যে, একই ব্রহ্ম একদিকে বিরাট, হিরণ্যগর্ভ ও ঈশ্বর (মায়াযুক্ত চৈতন্য) এবং অন্যদিকে বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ –এই তিন অবস্থার মধ্য দিয়েই নিজেকে প্রকাশ করেন। তবে তিনি কোনো অবস্থার দ্বারা অবদ্ধ নন। এসব অবস্থার অনবরত পরিবর্তন ঘটে থাকে। অমাত্রিক (অনন্তমাত্র) বা মাত্রাহীন সাধক তুরীয় আত্মায় স্থিতিলাভ করে মুক্তি লাভ করেন। ওঁ-কারের চূড়ান্ত লক্ষ্যই হলো তুরীয় আত্মার অনুভব। ওঁ-কারের সম্যক বা প্রকৃত জ্ঞানেই মানুষের তুরীয় আত্মার উপলব্ধি হয়। আর যাঁর সম্যক জ্ঞান নেই তাঁর জন্য ওঁ-কারের ধ্যান বা চিন্তা করতে বলা হয়েছে।

প্রশ্নোপনিষদের পঞ্চম প্রশ্নে শিবিপুত্র সত্যকাম ঋষি পিপ্পলাদকে প্রশ্ন করেছিলেন– গুরুদেব, যাঁরা সারাজীবন কেবলমাত্র ওঙ্কারের ধ্যান করেন তাঁদের স্থান হয় কোন্ লোকে? ঋষি পিপ্পলাদ উত্তরে বললেন– পরব্রহ্ম বা অপরব্রহ্ম উভয়েই ওঙ্কার। যে তাঁকে যেভাবে ধ্যান করে, সে তাঁকে সেভাবেই প্রাপ্ত হয়। যিনি দেশ-কালের বাইরে, যিনি মন-বাক্যের অগোচর, কোনো বিশেষণ দিয়ে যাঁর মহিমা প্রকাশ করা যায় না, তিনি হলেন পরব্রহ্ম। আর সৃষ্টিতে যিনি প্রকাশিত, তিনি হলেন অপরব্রহ্ম। উপাসক যদি শুধু অ-কার মাত্রাত্মক ওঙ্কারের ধ্যান করেন, তবে তিনি উক্ত ধ্যান দ্বারা অ-কার মাত্রাকে সাক্ষাৎ করে দেহান্তে শীঘ্রই সুস্থ-সবল দেহে মর্ত্যলোকে জন্মগ্রহণ করেন অর্থাৎ জাগ্রত অবস্থাতেই থেকে যান। ঋগ্বেদাত্মক অ-মাত্রা তাঁকে মনুষ্যদেহ প্রাপ্ত করায়। মনুষ্যদেহ প্রাপ্ত হয়ে তিনি তপস্যা, ব্রহ্মচর্য ও শ্রদ্ধা-সমন্বিত হয়ে আত্মার (নিজের) মহিমা অনুভব করেন।

আর অ-কার ও উ-কার এ দুই মাত্রার ভাবনারূপ নিরন্তর ধ্যান যে উপাসক করেন, তবে সে উপাসক দেহান্তে উ-কার মাত্রার প্রভাবে যজুর্বেদ কর্তৃক অন্তরীক্ষে চন্দ্রলোকে নীত হন। উ-কার হলো যজুর্বেদরূপী ঘুমন্ত মানুষের স্বপ্নাবস্থার সূক্ষ্মরূপ। মানুষ যেমন নিদ্রাকালে স্বপ্নসুখ ভোগ করার পর বাস্তব অবস্থায় ফিরে আসে, সেরূপ উ-কার মাত্রার উপাসক চন্দ্রলোকে কিছুকাল ঐশ্বর্য ভোগ করে পুনরায় মনুষ্যলোকে প্রত্যাগমন করেন। উপরিউক্ত দুই মাত্রাই ওঙ্কারের উপাসনার মন্দ বা অধম অধিকারী।

আর যিনি অ-উ-ম এ ত্রিমাত্রাত্মক (তিন মাত্রাযুক্ত) ওঁ-কারের ধ্যান নিরন্তরভাবে করেন, তবে তিনি দেহান্তে সামবেদের আকর্ষণে চলে যান ব্রহ্মলোকে, যেখানে আছে শুধুই আনন্দ। সেখানে কালক্রমে তিনি পূর্ণজ্ঞান প্রাপ্ত হয়ে মুক্তিলাভ করেন। ❑

**কৃতজ্ঞতা সহকারে সহায়ক গ্রন্থাবলীর তালিকা দেওয়া হলো :**

১) উপনিষদাবলী – শ্রীঅরবিন্দ, অনুবাদক : শ্যামাচরণ চট্টোপাধ্যায়, শ্রী অরবিন্দ আশ্রম প্রেস, পন্ডিচেরী।

২) উপনিষদ্ গ্রন্থাবলী – সম্পাদনা : স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকতা।

৩) বিবেকানন্দ রচনা সমগ্র, ১ম ও ২য় খণ্ড, অনুবাদ ও সম্পাদনা : সুধাংশুরঞ্জন ঘোষ, কামিনী প্রকাশালয় কলকাতা।

৪) উপনিষদ (প্রথম ভাগ) – স্বামী লোকেশ্বরানন্দ, আনন্দ পাবলিশার্স লিমিটেড, কলকাতা।

৫) উপনিষদ্ ভাবনা (প্রথম খণ্ড) – ড. মহানামব্রত ব্রহ্মচারী, শ্রীমহানাম কালচার‍্যাল এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট, শ্রীশ্রী মহানাম অঙ্গন, কলকতা।

৬) উপনিষদ – অতুল চন্দ্র সেন, সীতারাম তত্ত্বভূষণ ও মহেশচন্দ্র ঘোষ কর্তৃক অনুদিত ও সম্পাদিত, হরফ প্রকাশনী, কলকতা।

৭) উপনিষদ সমগ্র – কালিকানন্দ অবধূত সম্পাদিত, গিরিজা লাইব্রেরী, কলকাতা।

৮) উপনিষদ গন্থাবলী (দ্বিতীয় খণ্ড) – সংকলন ও অনুবাদ : কল্যাণ সেনগুপ্ত, কলকাতা।

৯) শ্রীগীতা – শ্রীজগদীশ চন্দ্র ঘোষ সম্পাদিত, প্রেসিডেন্সী লাইব্রেরী, কলকাতা।

১০) শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা – শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, ঢাকা।

১১) শ্রীমদ্ভগবদ্ গীতা – সুশান্ত বন্দ্যোপাধ্যায়, ওরিয়েন্ট লাইব্রেরী, কলকতা।

১২) উপনিষদ সংগ্রহ – সংকলন ও ভাষান্তর : চিত্তরঞ্জন ঘোষাল, অ্যাঞ্জেল প্রিন্টার্স, কলকাতা।

১৩) উপনিষদ – স্বামী অরুণানন্দ, ভারত সেবাশ্রম সঙ্ঘ, প্রথম খণ্ড, কলকাতা।

১৪) ব্যাকরণ কণিকা – স্বামী অমলানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকতা।

# শ্রীগীতার অন্তর্জ্ঞান ও প্রবাসী বাঙালির মানসিক যন্ত্রণা : পরিচয় সংকট, মানসিক স্বাস্থ্য ও পুনর্দিশা

সুমন ধর

**ভূমিকা : আধুনিক জীবনের যন্ত্রণা এবং গীতার প্রাসঙ্গিকতা**

বিশ্বায়নের যুগে বাঙালিরা বিশ্বের নানা দেশে ছড়িয়ে রয়েছেন। প্রবাসে বসবাস মানে শুধুমাত্র পেশাগত, সামাজিক বা অর্থনৈতিক সুযোগ নয়। এর সঙ্গে আছে নতুন সংস্কৃতির সাথে মানিয়ে নেওয়া। আত্ম-পরিচয় ও মূল্যবোধের দ্বন্দ্ব। সবচেয়ে বড় কথা– পরিবার ও সমাজের প্রত্যাশা, এবং মানসিক চাপ।

প্রবাসে অনেকেই জীবনকে আবার নতুনভাবে সাজানোর সুযোগ হিসেবে দেখেন। কিন্তু এই জটিল পরিস্থিতি অনেক মানসিক যন্ত্রণা ও পরিচয় সংকটও ডেকে আনতে পারে। শ্রীগীতা– ভারতীয় সংস্কৃতির অন্তরতম গ্রন্থ– এই সংকটে প্রবাসীদের এবং আধুনিক মানুষের জন্য দিশা হতে পারে।

গীতার শিক্ষায় আছে আত্মসচেতনতা, সমত্ব ও কর্মযোগের তত্ত্ব (অধ্যায় ২, শ্লোক ৩৮, ৪৮)। এগুলি আধুনিক মনোবিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান দ্বারা সমর্থিত। তাই এই নিবন্ধে আধুনিক বাঙালি সমাজের যন্ত্রণা ও গীতার প্রাসঙ্গিকতা বিশ্লেষণের বিনীত চেষ্টা করা হবে।

**প্রবাসী তরুণের জীবন-সংকট ও মানসিক চাপ**

আধুনিক গবেষণায় দেখা যায় যে, অভিবাসী বা প্রবাসী যুবকদের মধ্যে সাংস্কৃতিক দ্বন্দ্ব ও পরিচয়ের অনিশ্চয়তা মারাত্মক মানসিক চাপ সৃষ্টি করে। "একালচারেটিভ স্ট্রেস" বা "এথনো-কালচারাল-আইডেন্টিটি কনফ্লিক্ট" এমন এক অভ্যন্তরীণ চাপ যা দুই সাংস্কৃতিক মূল্যবোধের সংঘাত থেকে জন্ম নেয়। খুব সহজ উদাহরণ দেয়া যায়। একদিকে বাড়িতে সে শুনছে প্রাচ্য-সঙ্গীত। কিন্তু বন্ধুদের সাথে তাল মিলিয়ে তাকে শুনতে হচ্ছে পাশ্চাত্য-সঙ্গীত।

> **জ্ঞান যোগ ব্যক্তি ও বিশ্ব আত্মার প্রকৃত সত্য উপলব্ধি করে; এতে অহম কমে "আমি" থেকে "আমরা"-তে রূপান্তর সম্ভব। (অধ্যায় ৬, শ্লোক ২৯)**

একইসাথে দুইরকমের পরিবেশে তাল মেলাতে গিয়ে কখনো কখনো তার মধ্যে তৈরি হচ্ছে টানাপোড়েন। এক গবেষণায় বলা হয়েছে যে, "অনার-শেম" সংস্কৃতি ও "গিল্ট-ইনোসেন্স"-এর মতো সংস্কৃতির দ্বন্দ্ব তরুণদের মধ্যে অনেকগুলো আত্ম-পরিচয়ের ধারা তৈরি করে। এগুলোর অনেকগুলোই আবার পারস্পরিক অসামঞ্জস্যপূর্ণ।

প্রভাব কেমন পড়ছে তার ফলে। মানসিক ও সামাজিক নেতিবাচকতা দেখা দিতে পারে। গবেষক স্টিভ ক্যাপ্টেন প্রবাসী বা বৈচিত্র্যপূর্ণ সাংস্কৃতিক প্রেক্ষাপটে চার ধরনের অভিযোজন লক্ষ্য করেন [1]।

- **সমগ্র আত্মীকরণ (এসিমিলেশন):** অনেকে তাদের মূল সংস্কৃতি ছেড়ে সম্পূর্ণভাবে নতুন (বহিরাগত) সংস্কৃতিকে গ্রহণ করে।
- **বিচ্ছিন্নতা (সেপারেশন):** কেউ কেউ বিদেশি প্রভাব বর্জন করে পুরনো মূল্যবোধ আঁকড়ে থাকেন।
- **সমন্বয় বা হাইব্রিড পরিচয় (ইন্টিগ্রেশন):** অনেক যুবক উভয় সংস্কৃতির গুণ মিশিয়ে একটি মিশ্র পরিচয় তৈরি করেন; এতে তারা দুই জায়গায়ই স্বাচ্ছন্দ্য বোধ করেন।
- **অবহেলিত অবস্থা (মার্জিনালাইজেশন):** কখনও কখনও মানুষ দুই সংস্কৃতিতেই স্থান না পেয়ে (মানসিকভাবে সবকিছু থেকে) বিচ্ছিন্নতার অনুভব করেন।

এই বিভাজন প্রবাসীদের মানসিক ভারসাম্যকে নাড়া দেয় ও তাদের পারিবারিক-সামাজিক জীবনে বিরূপ প্রভাব ফেলতে পারে।

**মানসিক স্বাস্থ্য ও সাংস্কৃতিক স্টিগমা**

কানাডার দক্ষিণ এশীয় অভিবাসীদের উপর ২০২৫ সালের একটি গবেষণায় দেখা যায় যে দক্ষিণ এশীয়দের মধ্যে মানসিক রোগের তীব্রতা বেশি হলেও মনোরোগ-সেবা নেওয়ার প্রতি অনীহা প্রবল। গবেষণায় বলা হয়েছে যে দক্ষিণ এশীয় সমাজে মানসিক রোগের বিষয়টি ব্রাত্য (ট্যাবু); "কার্টেসী স্টিগমা" –অর্থাৎ রোগী এবং তার পরিবার সামাজিক অসম্মান ভোগ করবে ভেবে অনেকেই চিকিৎসা নিতে চান না [1]। সনাতন ধর্মে কর্ম-দোষ ধারণা নানা পরিস্থিতির জন্য ব্যক্তিকে দায়ী করে; ফলে কেউ মানসিক সমস্যায় পড়লে সমাজ ও পরিবার তাকে দোষী ভাবতে পারে [2]। রিপোর্টটি সুপারিশ করেছে যে পারিবারিক ও সমাজভিত্তিক মনোরোগ শিক্ষা এবং সংস্কৃতি-অনুকূল চিকিৎসা ব্যবস্থা গড়ে তুলতে হবে [2]।

আমেরিকার এক মনোবৈজ্ঞানিক নিবন্ধে বলা হয়েছে– অনেক দক্ষিণ এশীয় মানুষ 'থেরাপি' নিতে লজ্জা বা অপরাধবোধ করেন; পরিবারের বাধা, ধর্মীয় উপদেশ ও সংস্কার এ ক্ষেত্রে বড় বাধা। লেখিকা জ্যোৎস্না ভাট নিজ অভিজ্ঞতার মাধ্যমে বলেন যে তিনি এমন অনেক তরুণ-তরুণী দেখেছেন যারা সাহায্য নিতে চেয়েও পরিবারের রক্তচক্ষুতে থমকে যান; একটি গবেষণায় উল্লেখ আছে– সাম্প্রতিককালে পাঁচজনের মধ্যে অন্তত একজন দক্ষিণ এশীয় আমেরিকান মুড বা উদ্বেগজনিত রোগে আক্রান্ত কিন্তু তারা প্রায়ই চিকিৎসা নেন না [3]। তাই ভৌগলিক পরিবেশ পাল্টালেও মানসিক রোগ নিয়ে নীরবতা প্রবাসী বাঙালি-দক্ষিণ এশীয় সমাজে এখনো শক্তিশালী।

**পরিচয় সংকট ও দ্বিপদ আত্ম : বেদান্ত ও মনোবিজ্ঞান**

পরিচয় সংকট কোনো বিশেষ পর্বে আবদ্ধ নয়– শৈশব থেকে কৈশোরে ও প্রাপ্তবয়স্কত্বে এ সমস্যা গভীর হতে পারে। অধ্যাপক

বিদ্যুত কুমার সরকার তাঁর প্রবন্ধে বলেন যে আত্মপরিচয়ের প্রশ্ন "আমি কে?" যখন নানা পরিচয়ের সংঘাতে বিঘ্নিত হয়, তখন একটি 'নিম্ন আত্ম' (লোয়ার সেল্ফ) বিভ্রান্ত ও দুঃখী হয়ে পড়ে; সমাজ, ধর্ম, বংশ, পেশা ইত্যাদি অনেক পরিচয় পরস্পরের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়লে সংকট আরো জটিল হয়।

এই সমস্যার সমাধান ও স্থায়ী শান্তি লাভের জন্য বেদান্ত তত্ত্বে "উচ্চ আত্ম" বা সাক্ষী সত্তা উপলব্ধির কথা বলা হয়েছে– যে সত্তা সুখ-দুঃখ, ধর্ম-বর্ণ, সমস্ত উপাধি থেকে মুক্ত। (বিবেকচূড়ামণি, শ্লোক ১২৫-১২৬)

পশ্চিমা মনোবিজ্ঞানী এরিক এরিকসনের ভাষায়, পরিচয় গঠনের সময় ব্যক্তি বিভিন্ন সম্ভাব্য ভূমিকায় ('রোল', যেমন : একই মেয়ে বিভিন্ন সামাজিক পরিমণ্ডলে কন্যা-মা-বোন-স্ত্রী-বান্ধবী ইত্যাদি) পরীক্ষা-নিরীক্ষা করেন। তবে একটি পরিচয় হুমকির মুখে পড়লে সংকট তৈরি হয় এবং তখন একজনের আত্মবিশ্বাস ও পথনির্দেশ বিঘ্নিত হতে পারে।

ফলে "দুই আত্ম" ধারণা বুঝতে পারলে প্রবাসীরা জানতে পারবেন যে সামাজিক রোল বা পরিচয় অস্থায়ী; স্থায়ী সত্য হলো আত্মিক সত্তা।

**গীতার মানসিক স্বাস্থ্য নির্দেশনা : সমত্ব, ইচ্ছা ও যোগ**

গীতায় মানসিক স্থিতি সম্পর্কে বিস্তর আলোচনা আছে যা আধুনিক মনোবিজ্ঞানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এক গবেষণায় বলা হয়েছে যে গীতায় স্থিতপ্রজ্ঞ ব্যক্তি (অধ্যায় ২, শ্লোক ৫৫ থেকে ৬২ শ্লোক) –যিনি কাম, ক্রোধ ও আসক্তি থেকে মুক্ত –সে সুখ-দুঃখের মাঝে সমত্ব বজায় রাখেন [4]।

গবেষকেরা এটিকে 'ইমোশনাল ইন্টেলিজেন্স'-এর অন্যতম উপাদান 'ইমোশনাল ম্যানেজমেন্ট' স্তরের সঙ্গে তুলনা করেছেন। এখানে লক্ষ্য হলো– পরিস্থিতি যাই হোক, মনের অবস্থান শান্ত ও সমবুদ্ধি রাখা। আরেকটি ধারা হলো– জ্ঞান যোগ, কর্ম যোগ ও ধ্যান যোগ –যা মনোবৈজ্ঞানিক দৃঢ়তা ও সামাজিক চেতনাকে উন্নীত করতে পারে [5]।

- জ্ঞান যোগ ব্যক্তি ও বিশ্ব আত্মার প্রকৃত সত্য উপলব্ধি করে; এতে অহম কমে "আমি" থেকে "আমরা"-তে রূপান্তর সম্ভব। (অধ্যায় ৬, শ্লোক ২৯)
- কর্ম যোগ মানুষকে নিঃস্বার্থভাবে কাজ করতে শেখায়– ফল-আসক্তি ছাড়াই কর্তব্য পালন। প্রবাসী যুবকরা উচ্চাশা ও পারিবারিক চাপের মধ্যে পড়ে উদ্ভূত মানসিক চাপ কমাতে এই শিক্ষা কাজে লাগাতে পারেন। (অধ্যায় ২, শ্লোক ৪৭)
- ধ্যান যোগ মনকে নিয়ন্ত্রণে রাখার পদ্ধতি; ধ্যান ও শ্বাস-নিয়ন্ত্রণ মস্তিষ্কের স্থিতি ও চাপমুক্তি দেয়। (অধ্যায় ৬, শ্লোক ১১ থেকে ১৩ ও শ্লোক ২৫)

আরেক গবেষণায় বলা হয়েছে যে গীতায় উল্লিখিত **চার 'ডি' –ডিটাচমেন্ট (আসক্তিহীনতা), ডিউটি (দায়িত্ব), ডুয়ার-শিপ (কর্তা-ভাবের বিলোপ) ও ধ্যান** –চিকিৎসাকর্মী ও অন্য পেশার লোকজনের নৈতিক ও মানসিক চাপ সামলাতে সহায়ক হতে পারে [6]।

এই চারটি ধারণা প্রবাসী তরুণদের ও আধুনিক বাঙালিদের কর্মজীবন ও পারিবারিক জীবনে ভারসাম্য রক্ষা করতে সাহায্য করতে পারে।

**করুণা, কর্মযোগ এবং 'ফোর-ডি' –আধুনিক প্রেক্ষাপটে প্রয়োগ**

গবেষণায় দেখা গেছে যে গীতা-ভিত্তিক কাউন্সেলিং প্রোগ্রাম যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে অভিবাসী হিন্দু প্রবীণদের মানসিক চাপ কমিয়ে জীবনমান উন্নত করেছে [7]। এ প্রোগ্রামে গীতার শ্লোক ব্যাখ্যা, আত্ম-পর্যালোচনা (সেল্ফ-রিফ্লেকশন) ও সমাজসেবা অন্তর্ভুক্ত ছিল।

শুধু তাই নয়। অংশগ্রহণকারীরা জীবনে আরও শান্তি, স্পষ্টতা, ইতিবাচক মনোভাব ও নেতৃত্বের ক্ষমতা অর্জন করেছেন [7]। তাই প্রবাসী এবং আধুনিক বাঙালিরাও গীতা-পাঠ, সাংগঠনিকভাবে আলোচনা ও ধ্যান (মেডিটেশন) প্রোগ্রামের মাধ্যমে মানসিক শক্তি ও সামাজিক বন্ধন তৈরি করতে পারেন।

গীতার নিষ্কাম কর্ম ধারণা (ফল না চেয়ে কাজ করা) সমাজের জন্যে বিশেষভাবে কার্যকর (অধ্যায় ২, শ্লোক ৪৭)। অধিকাংশ প্রবাসী তরুণ উচ্চতর শিক্ষালাভ ও পেশাদার সফলতার জন্য নিজেদের উপর প্রচণ্ড চাপ দেন। এই চাপ পারিবারিক প্রত্যাশা, ভিসা বা নাগরিকত্বের অনিশ্চয়তা ইত্যাদিতে আরও বাড়ে।

গীতা আমাদের শেখায়– কর্ম করুন, কিন্তু ফলের উপর অতিরিক্ত আসক্তি রাখবেন না। এটি হতাশা ও জ্বালামুক্তিতে বিশেষভাবে সাহায্য করে।

**প্রবাসে গীতা-পাঠ : সহায়তা ও সমর্থন খোঁজার গুরুত্ব**

শ্রীগীতার প্রেক্ষাপট আমাদের একটি অনন্য বার্তা দেয়– যখন অর্জুন বিষন্ন ও দ্বিধাগ্রস্ত হন, তখন তিনি নিজের দুর্বলতা ও ভয় প্রকাশ করে কৃষ্ণের কাছে সাহায্য চান।

গবেষকদের মতে, এই আচরণ মহাকাব্যে সাহায্য খোঁজার একটি মডেল। আর এই সিদ্ধান্ত মানসিক সুস্থতার জন্য গুরুত্বপূর্ণ [8]।

গবেষণায় আরও বলা হয়েছে যে আবেগ দমন না করে মুক্তভাবে প্রকাশ করা হৃদরোগ ও অন্যান্য স্বাস্থ্যঝুঁকি কমাতে পারে; আবেগকে চাপা দিলে মৃত্যুঝুঁকি ও ক্যান্সার বাড়ে [9]।

তাই গীতার শিক্ষায় স্পষ্টভাবে বোঝানো হয়েছে– কষ্ট লুকিয়ে রাখার বদলে বন্ধু, পরিবার, গুরু বা পেশাদার কাউন্সেলরের কাছে মনের দুঃখ প্রকাশ করা দরকার। প্রবাসী বাঙালি সমাজে এই প্রচলিত মনোভাব– "মানসিক রোগ মানে দুর্বলতা" –পাল্টাতে হলে অর্জুনের এই সাহসিকতা অনুসরণ করাটা সময়োপযোগী সিদ্ধান্ত।

**শ্রীগীতার সামাজিক ও আধ্যাত্মিক নির্দেশ : স্বধর্ম ও সেবা**

গীতা শুধু ব্যক্তিগত মুক্তি নয়, সামাজিক দায়িত্বের কথাও বলে। গীতায় "স্বধর্ম" বা নিজস্ব কর্তব্যের উপর জোর দেওয়া হয়েছে। প্রতিটি মানুষের একটি স্বাভাবিক গুণ ও সামাজিক ভূমিকা আছে; সেটি পালন করা নিজেকেই শান্তি ও সমাজকে কল্যাণ দেয়। প্রবাসী বাঙালির জন্য এটি মানে– নিজ সংস্কৃতিকে মর্যাদা দিয়ে স্থানীয় সমাজে সদাহাস্য ও নিষ্ঠার সঙ্গে কাজ করা। মিশ্র পরিচয়ের মাধ্যমে কমিউনিটিতে নেতৃত্ব দেওয়া, স্বেচ্ছাসেবক/সেবিকা

হিসেবে কাজ করা, সৃজনশীল উদ্যোগ গ্রহণ ইত্যাদি গীতার সেবা ও লোকসংগ্রহ ধারণার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

**উপসংহার :**

প্রবাসী বাঙালি সমাজের মানসিক যন্ত্রণা, পরিচয়-সংকট ও সামাজিকভাবে যা কিছু ব্রাত্য (স্টিগমা) বুঝতে হলে আমাদের নিজেদের ভেতর ও বাহিরের বাস্তবতা নিরীক্ষণ করতে হবে। আধুনিক সমাজবিজ্ঞান ও মনোবিজ্ঞান যেসব ব্যাখ্যা দেয়– অ্যাকালচারেটিভ স্ট্রেস (ভিন্ন সংস্কৃতির সাথে মানিয়ে নিতে গেলে যে মানসিক চাপ), পরিচয় দ্বন্দ্ব, মানসিক স্বাস্থ্য বিষয়ে ব্রাত্য ধারণাসমূহ –এই সবগুলোই গীতার শাশ্বত বাণীর সঙ্গে মিলিয়ে দেখলে বিস্ময়কর সাদৃশ্য মেলে।

গীতার স্থিতপ্রজ্ঞ ও নিষ্কাম কর্ম শিক্ষাগুলি (অধ্যায় ২, শ্লোক ৫৬ এবং শ্লোক ৪৭ থেকে ৫০), তিন যোগ ও চারটি 'ডি' –এসবই ব্যক্তিকে আত্মসচেতন, সমদর্শী ও নিঃস্বার্থ হতে শেখায়। গবেষণায় দেখা গেছে, গীতা-ভিত্তিক অনুশীলন অভিবাসীদের মানসিক শান্তি, (জীবনবোধ বা উপলব্ধির) স্পষ্টতা ও জীবনের প্রতি ইতিবাচকতা বাড়ায় [7]। আর কৃষ্ণার্জুনের সংলাপ আমাদের শেখায় –মানসিক যন্ত্রণা লুকিয়ে রাখা নয়, বরং সঠিক পরামর্শ ও সহযোগিতা খোঁজা উচিত [8]।

এই লেখার মাধ্যমে আমরা আশা করি, প্রবাসী বাঙালিরা গীতার এই অন্তর্জ্ঞানে অনুপ্রাণিত হবেন। নিজেদের মানসিক স্বাস্থ্য ও আত্মপরিচয় নিয়ে ভাববেন। সবচেয়ে বড় কথা, পরিবার-সমাজকে এই আলোচনায় অন্তর্ভুক্ত করবেন। ধর্মীয় অনুশাসন ও আধুনিক বিজ্ঞান যখন একে অপরকে সমর্থন করে, তখন আমাদের জীবন ও সমাজের কল্যাণের জন্য একটি শক্তিশালী পথ তৈরি হয়। ❑

**তথ্যসূত্র**


1. Kaptain, S. (2021). ACCULTURATION TO GLOBALIZED YOUTH CULTURE IN ASIAN HONOR-SHAME CONTEXTS: COMPETING VALUE SYSTEMS AND IDENTITY FORMATION AMONG SECONDARY STUDENTS IN KATHMANDU, NEPAL. Malaysia Baptist Theological Seminary.

This work discusses acculturative stress and identity conflict in youth, outlining the strategies of assimilation, separation, integration, and marginalization.

2. Verma, Megan (2025). Out of Sight, Out of Mind: Addressing Mental Health in the Canadian South Asian Diaspora. University of Ottawa Journal of Medicine 15, no. S2, 25–26.

The article reports on mental health stigma, courtesy stigma and cultural beliefs like karma contributing to South Asian communitiesÕ reluctance to seek mental healthcare[1][2].

3. Bhat, Jyothsna S. 'The South Asian Mental Health Journey: Many South Asians Avoid Therapy and Engage in Harmful Coping Mechanisms.' Psychology Today, December 16, 2021.

The author notes that deeply entrenched beliefs and family pressures deter South Asians from seeking therapy, and that one in five South Asian Americans reports mood or anxiety disorders [3].

4. Sarkar, Bidzut Kumar (2022). Two Selves & Identity Crisis, SSRN Electronic Journal.

The paper analyzes identity crisis from Vedantic and psychological perspectives, describing the lower self and higher Self, and argues that lasting peace requires realizing the higher Self beyond social roles.

5. Dhillon, Megha (2023). Weaving Together the Ancient and the Contemporary: Intersections of the Bhagavad Gita with Modern Psychology. Pastoral Psychology, 72 (4), 525 – 537.

The article compares Gita's description of the emotionally stable person (Stithaprajna) with modern emotional intelligence, highlights the three paths (jnana, karma, raja) and the four Ds (detachment, duty, doer-ship, dhyana) as tools for resilience, and cites research showing Gita-based counselling improves immigrant well-being [4] [5] [6] [7].

6. Dhillon, Megha (2023). Weaving Together the Ancient and the Contemporary: Intersections of the Bhagavad Gita with Modern Psychology. Pastoral Psychology, 72 (4), 525 – 537.

Further in the article, the author examines ArjunaÕs confession to Krishna as an example of seeking social support and notes that suppression of emotions can increase health risks; expressing emotions openly, as Arjuna did, is beneficial [8] [9].

7. www.wisdomlib.org. (2016, February 21). Vivekachudamani, Verse 126. Wisdomlib.org. [10]

8. শ্রীগীতার সার্বিক আলোচনা ও শ্লোক-সংগ্রহে ঋণস্বীকারঃ শ্রীমদ্ভাগবদ্গীতা– আলোচনা, শ্রী বুলবুল ভৌমিক, প্রথম সংস্করণ, ১৪২৮ বঙ্গাব্দ।

ওঁ তৎ সৎ

# শ্রীমদ্ভগবদ্‌গীতার পুনর্জন্ম : আত্মার অনন্ত যাত্রা ব্যাখ্যা

(Reincarnation in the Bhagavad Gita: The Eternal Journey of the Soul Explained)

বিদ্যুৎ মজুমদার

শ্রীমদ্ভগবদ্‌গীতা পুনর্জন্মকে একটি মহাজাগতিক নিয়ম হিসাবে প্রকাশ করে যেখানে আত্মা জীবনকাল ধরে যাত্রা করে, কর্ম দ্বারা গঠিত এবং ঐশ্বরিক চেতনা দ্বারা পরিচালিত হয়, যতক্ষণ না এটি চূড়ান্ত মুক্তি-মোক্ষ লাভ করে। শ্রীমদ্ভগবদ্‌গীতা পুনর্জন্মের রহস্য উন্মোচন করে, শিক্ষা দেয় যে আমাদের আত্মা শাশ্বত, চূড়ান্ত মুক্তি অর্জন না হওয়া পর্যন্ত জীবনের মধ্য দিয়ে (এক দেহ থেকে অন্য দেহে) যাত্রা করে। জন্ম, মৃত্যু এবং পুনর্জন্মের (সংসার) এই চক্রটি অব্যাহত থাকে যতক্ষণ না আত্মা আত্ম-উপলব্ধি এবং ঈশ্বরের সাথে মিলনের মাধ্যমে মুক্তি (মোক্ষ) অর্জন করে।

পুনর্জন্মবাদ প্রাচ্য দর্শনের গভীরতম কিন্তু সবচেয়ে ভুল বোঝাবুঝির ধারণাগুলির মধ্যে একটি। শ্রীমদ্ভগবদ্‌গীতা শিক্ষা দেয় যে আত্মা শাশ্বত এবং পুনর্জন্মের মধ্য দিয়ে যায়, মৃত্যুর পরে এক দেহ থেকে অন্য দেহে স্থানান্তরিত হয়। শ্রীমদ্ভগবদ্‌গীতার ২য় অধ্যায়ের ১২নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,



**ন ত্বেবাহং জাতু নাসং, ন ত্বং নেমে জনাধিপাঃ।**
**ন চৈব ন ভবিষ্যামঃ, সর্বে বয়ম্ অতঃপরম্ ॥ ১২ ॥**

'আমি ছিলাম না, তুমি ছিলে না, এইসব নৃপতিরা ছিলেন না, ভবিষ্যতে আমরা থাকবো না এমনও নয়। আমরা সর্বদাই রয়েছি, শরীরের মৃত্যুর পরেও'। এই দেহ ধারণের পূর্বে আমরা সকলেই নিত্য আত্মারূপে বিদ্যমান ছিলাম। এই দেহত্যাগের পরেও যে আমরা থাকবো না তা নয়। বর্তমান দেহসত্ত্বেও আমরা নিত্য আত্মারূপে বিদ্যমান আছি এবং দেহান্তে ভবিষ্যতেও নিত্য আত্মারূপে বিরাজমান থাকবো।

আমাদের দর্শন বলে– আমাদের শরীর আসে আর যায়, আত্মা থেকে যায়। তাই কারো মৃত্যু হলে আমরা বলি দেহত্যাগ করেছে। আমাদের সাধারণ বুদ্ধিতে এরকমই বোঝা যায়। এইভাবে এখানে উপস্থিত জনগণ, আমি, আপনি, আমরা সবাই সর্বদা সেখানেই রয়েছি। আমরা নেই এমনটি কখনও হয় না। আমরা থাকবো না, এমনটিও কখনও হবে না। তাঁদের ব্যক্তিস্বাতন্ত্র্য পূর্বে বর্তমান ছিল এবং ভবিষ্যতেও নিরবিচ্ছিন্নভাবে বর্তমান থাকবে। আমরা মরণহীন আত্মা। আমাদের একটি করে পরিবর্তনশীল, মরণশীল শরীর আছে, কিন্তু আমাদের আত্মা দিব্য ও অমৃত। শ্বেতাশ্বতর উপনিষদে (অধ্যায়-২, শ্লোক-৫) বলা হয়েছে–

**শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ, আ যে ধামানি দিব্যানি তস্থুঃ।**
**বেদাহমেতং পুরুষং মহান্তম্, আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।**
**তমেব বিদিত্বা-অতি মৃত্যুমেতি, নান্যঃ পন্থা বিদ্যতে-অয়নায়।**

'শোন, হে বিশ্বজুড়ে অমরত্বের সন্তানেরা! তোমরাও যারা উচ্চতর গোলকে বাস করো! আমি প্রাচীন একজনকে খুঁজে পেয়েছি, সূর্যের মতো জ্বলজ্বল করছেন, সমস্ত অন্ধকারের পারে (ঊর্ধ্বে)। কেবল তাঁকে জানার মাধ্যমেই তোমরা বারবার মৃত্যু থেকে রক্ষা পাবে।' ঋষি বলেছেন, অজ্ঞানের অতীত (তমসঃ পরস্তাৎ), সূর্যের ন্যায় স্ব-প্রকাশ (আদিত্য-বর্ণম্), মহান পুরুষকে (মহান্তং পুরুষম্) আমি জানি (বেদ)। তাঁকে জানিয়াই (তম্ এব বিদিত্বা) সাধক মৃত্যুকে অতিক্রম করেন (মৃত্যুম্ অতি-এতি); অমৃতত্ব লাভের (অয়নায়) জন্য অন্য কোনো পথ নাই (অন্যঃ পন্থাঃ ন বিদ্যতে)।

এই প্রাচীন পাঠ্যটি পোশাক পরিবর্তনের মতো পুনর্জন্ম প্রক্রিয়াটি ব্যাখ্যা করে– আত্মা একটি শারীরিক রূপ নেয় কিন্তু তার মূল পরিচয় বজায় রাখে। শ্রীমদ্ভগবদ্‌গীতা এমন একটি ব্যাখ্যা দেয় যা পুনর্জন্মের এই সাধারণ উপলব্ধি এবং কর্মের নিয়মের সাথে এর সংযোগের বাইরেও একটি ব্যাখ্যা প্রদান করে। মনুষ্যরূপ লাভের পূর্বে ৮৪ লক্ষ জীবের মধ্য দিয়ে একটি অবিশ্বাস্য যাত্রার বর্ণনা এখানে উন্মোচিত হয়। জন্ম, মৃত্যু এবং পুনর্জন্মের এই চক্র আত্মা মুক্তি না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকে।

### হিন্দুধর্মে পুনর্জন্মের সংজ্ঞা এবং প্রক্রিয়া

শ্রীমদ্ভগবদ্‌গীতায় পুনর্জন্মকে আত্মার একটি শারীরিক দেহ ধারণ, জীবনযাপন, মৃত্যু এবং তারপর একটি নতুন দেহ ধারণ করার অবিচ্ছিন্ন বা অবিরাম চক্র হিসাবে বর্ণনা করা হয়েছে। এই প্রক্রিয়াটিকে সংসার বলে। গীতা রূপকভাবে এই দেহগুলিকে এমন পোশাক হিসাবে উল্লেখ করে যা আত্মা পরিধান করে এবং পরিত্যাগ করে। এক দেহ থেকে পরবর্তী দেহে প্রতিটি পরিবর্তনকে পোশাক পরিবর্তনের সাথে তুলনা করা হয়েছে। হিন্দুধর্মে পুনর্জন্মকে আত্মার জীবনকাল জুড়ে বিভিন্ন শরীরের মধ্য দিয়ে আত্মার চলমান যাত্রা হিসাবে দেখে। ২য় অধ্যায়ের ১৩নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**দেহিনো অস্মিন্ যথা দেহে, কৌমারং যৌবনং জরা।**
**তথা দেহান্তর প্রাপ্তিঃ, ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥**

'যেমন দেহীর (আত্মার) এই দেহে কৌমার, যৌবন ও জরা ক্রমে উপস্থিত হয়, তাতে দেহীর কোনোও পরিবর্তন হয় না, সেরূপ দেহান্তরপ্রাপ্তিতে (মৃত্যুতে) দেহী অবিকৃত থাকেন। মৃত্যু দৈহিক বিকারমাত্র। এ কারণে, দেহান্তর প্রাপ্তিতে জ্ঞানীগণ মোহগ্রস্ত হন না।'

প্রত্যেক দেহধারী ব্যক্তিকে বিভিন্ন অবস্থার ভিতর দিয়ে যেতে হয় : কৌমার (১২ বছরের কম বয়সী), যৌবন (যৌবনচিত অবস্থা), জরা (বার্ধক্য)। মৃত্যু ও পুনর্জন্ম তার জীবন পরিক্রমার অঙ্গ; এতে সাহসী ব্যক্তি বিভ্রান্ত হন না। মানবের ক্রমবিকাশ চলতে থাকে নতুন নতুন দেহের মাধ্যমে; পুনর্জন্মের পরিকল্পনায় বিশ্বাস করা– সনাতন ধর্মের এক অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষা। মানব জন্মের পর জন্ম লাভ করে থাকে যতদিন না আধ্যাত্মজ্ঞানের আগুনে তার নিজ কর্মের ফলগুলি একেবারে পুড়ে ছাই হয়ে যায়– যতদিন স্বীয় অন্তরে নিহিত অমর আত্ম-বিষয়ক সত্যটিকে সে উপলব্ধি করে। তাই আমাদের বলা হয়– এই শরীরের সাহায্যে আধ্যাত্মিক উন্নতিকে ত্বরান্বিত করে শরীরের কাজ শেষ করতে। মানবদেহ ধারণ জ্ঞান লাভের উদ্দেশ্যে, সাংসারিক ও আধ্যাত্মিক উভয় জ্ঞান চাই। গীতা শিক্ষা দেয় যে মৃত্যু শাশ্বত আত্মার জন্য একটি রূপান্তর বিন্দু মাত্র।

**গীতা কীভাবে আত্মার যাত্রা ব্যাখ্যা করে**

শ্রীমদ্ভগবদ্গীতা পুনর্জন্মকে আত্মার বহু জন্ম জুড়ে যাত্রা হিসাবে বর্ণনা করে। মুক্তিকে আত্মার পুনর্জন্ম-চক্রের চূড়ান্ত লক্ষ্য হিসাবে উপস্থাপন করে। শাস্ত্রটি আধ্যাত্মিক নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ একটি জীবনযাপন করার বিষয়ে নির্দেশনা প্রদান করে। আত্মার যাত্রা সম্পর্কে জানতে সাহায্য করার জন্য শ্রীমদ্ভগবদ্গীতা আত্মার বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করে। শ্রীমদ্ভগবদ্গীতার শিক্ষা অনুসারে, আত্মা চিরন্তন ও অমর। শরীরের জন্ম-মৃত্যু ঘটলেও, আত্মা কেবল একটি শরীর থেকে অন্য শরীরে স্থানান্তরিত হয়। এই প্রক্রিয়াকে জীবন ও মৃত্যুর চক্র বলা হয়, যেখানে শরীর ক্ষয় প্রাপ্ত হলে আত্মা পুনর্জন্ম লাভ করে নতুন রূপ ধারণ করে। ২য় অধ্যায়ের ২০নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ, নায়ং ভূত্বা অভবিতা বা ন ভূয়ঃ।**
**অজো নিত্যঃ শাশ্বতো অয়ং পুরাণো, ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০ ॥**

'এই আত্মা কখনও জাত বা মৃত হন না; এটি এমন বস্তু নয়, যা একবার জন্ম নিয়ে, পরে বিদ্যমান রইলো না; যখন শরীরের বিনাশ হয়, জন্মহীন, সনাতন ও চিরস্থায়ী এই প্রাচীন আত্মাটি বিনষ্ট হন না।'

আমাদের এই জড় দেহের ছয় রকমের পরিবর্তন দেখা যায়। **মাতৃগর্ভে তার জন্ম হয়, তার বৃদ্ধি হয়, কিছুকালের জন্য স্থায়ী হয়, তা কিছু ফল প্রসব করে, ক্রমে ক্রমে তা ক্ষয়প্রাপ্ত হয় এবং অবশেষে তার বিনাশ হয়।** এই পরিবর্তনশীল শরীর ও মনের সমাহারের পেছনে মানুষের অন্তরে কিছু শাশ্বত, কিছু অনন্ত সত্তা রয়েছে। সেই অনন্ত সত্তাই হলো আত্মা। শ্রীকৃষ্ণ অর্জুনের মাধ্যমে আমাদের সকলকে বলেছেন, আত্মার কখনও জন্ম নেই, মৃত্যুও নেই, ইনি অমৃত স্বভাব, শরীর চলে গেলেও এই আত্মা বিদ্যমান থাকেন। অতএব সর্বত্র, আমাদের প্রত্যেকের, এমনকি পশু-পক্ষী ও কীট-পতঙ্গের অন্তরে যে আত্মা, তাই হলো অন্তরতম প্রত্যাগাত্মা। তফাৎ এই যে পশুরা এই সত্য উপলব্ধি করতে পারে না। কেবল মানব সত্তাই এই সত্য উপলব্ধি করতে পারে। গীতা আত্মার বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করে আমাদের তার যাত্রা সম্পর্কে জানতে সাহায্য করে। ২য় অধ্যায়ের ২২তম শ্লোকে একটি স্পষ্ট চিত্র তুলে ধরা হয়েছে, এখানে শ্রীকৃষ্ণ বলেছেন,

**বাসাংসি জীর্ণানি যথা বিহায়, নবানি গৃহ্ণাতি নরো অপরাণি।**
**তথা শরীরাণি বিহায় জীর্ণানি, অন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২ ॥**

'যেমন একজন ব্যক্তি পুরাতন ও জীর্ণ বস্ত্র ত্যাগ করে নতুন বস্ত্র গ্রহণ করে, তেমনি দেহধারী আত্মা পুরাতন ও জীর্ণ শরীর ত্যাগ করে নতুন শরীর ধারণ করে।'

আমরা যেমন পুরাতন কাপড় ফেলে দেই, তেমনি আত্মা শারীরিক দেহত্যাগ করে। মানুষ যেমন জীর্ণ বস্ত্র পরিত্যাগ করে নতুন বস্ত্র গ্রহণ করে, তেমনি জীবাত্মাও জীর্ণ শরীর ত্যাগ করে নতুন শরীর ধারণ করে। পরিধানের বস্ত্র পুরাতন হলে লোকে সেই পুরাতন বস্ত্র বিনা বাক্যব্যয়েই ফেলে দেয়। নিজের পরিধেয় বস্ত্র নিয়ে মানুষ এরকমই করে থাকে। দেহী বা দেহধারী ব্যক্তি ক্ষয়প্রাপ্ত বা জীবনের কাজে অনুপযুক্ত হলে শরীরটিকে ত্যাগ করে। এবং নতুন দেহ গ্রহণ করে কর্মফল ভোগ করার জন্য। এই প্রাকৃতিক চক্র আমাদের জীবনকে নিয়ন্ত্রণ করে। ২য় অধ্যায়ের ২৭নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ, ধ্রুবং জন্ম মৃতস্য চ।**
**তস্মাদ্ অপরিহার্যে অর্থে, ন ত্বং শোচিতুম্ অর্হসি ॥ ২৭ ॥**

'যে জন্মেছে তার মৃত্যু নিশ্চিত; মৃত ব্যক্তির জন্মও নিশ্চিত; অতএব এই অপরিহার্য বিষয় নিয়ে শোক করা তোমার উচিত নয়।'

পূর্বকৃত কর্ম অনুসারে কোনো কোনো বিশেষ দেহ প্রাপ্ত হয়ে আত্মা জন্মগ্রহণ করে। আর সেই দেহের মাধ্যমে কিছুকাল জড় জগতে অবস্থান করার পর, সেই দেহের বিনাশ হয় এবং তার কর্মের ফল অনুযায়ী সে আবার আর একটি নতুন দেহ ধারণ করে জন্মগ্রহণ করে। যে জন্মেছে তাকে মরতে হবে, আর মৃত ব্যক্তির জন্মও নিশ্চিত। এটি একটি অপরিহার্য বিষয়। যে পর্যন্ত না মোক্ষ প্রাপ্তি হয় সে পর্যন্ত জন্ম-মৃত্যুর শৃঙ্খলে আবদ্ধ হয়ে বারবার এই পৃথিবীতে আসতে হবে। বিষয়টিকে কেউ-ই এড়িয়ে যেতে পারে না।

**স্থূল-শরীর, সূক্ষ্ম-শরীর ও কারণ শরীরের ব্যাখ্যা**

**স্থূল-শরীর :** আমরা বিভিন্ন ধরণের প্রাণীর বিভিন্ন ধরণের শারীরিক গঠন দেখতে পাই। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও উন্নত হলো মানবদেহ। অন্যান্য সকল প্রাণীর মতো মানবদেহও জটিল বস্তুগত উপাদানের সমষ্টি ছাড়া আর কিছুই নয়। তবে মানুষ এই গ্রহের অন্যান্য জীবের থেকে আলাদা কারণ এর উচ্চ বুদ্ধিমত্তা, সংবেদনশীলতা এবং জটিল ও পরিশীলিত অনুভূতি রয়েছে।

একটি শারীরিক দেহকে ক্ষেত্র বলা হয়, যেমন একটি কৃষি ক্ষেত্র, যা একটি সীমানা দ্বারা বেষ্টিত। একইভাবে, মানব শরীর জড় জগতের (প্রকৃতি) বিমূর্ত রূপ। এটি এখান থেকে শুরু হয় এবং অবশেষে এই বস্তুগত প্রকৃতির মধ্যেই মিশে যায়। আমরা

মানুষেরা অনেক সময় সবকিছু নিয়ে আলোচনা করি, জানতে চাই, কিন্তু খুবই মৌলিক বিষয়টিতে, অর্থাৎ শারীরিক দেহকে জানার ব্যাপারে, ইতঃস্তত করি। আধ্যাত্মিক যাত্রা শুরু হয় প্রথমে শারীরিক দেহকে জানার মাধ্যমে। শ্রীমদ্ভগবদ্গীতায় ১৩নং অধ্যায়ে (শ্লোক ৬-৭) শ্রীকৃষ্ণ বলেছেন,

**মহাভূতানি অহঙ্কারো, বুদ্ধির্'অব্যক্তমেব চ।**
**ইন্দ্রিয়াণি দশৈকং চ, পঞ্চ চেন্দ্রিয়-গোচরাঃ ॥ ৬ ॥**
**ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং, সংঘাতশ্'চেতনা ধৃতিঃ।**
**এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারং উদাহৃতম্ ॥ ৭ ॥**

'পঞ্চ মহাভূত, মহাভূতের কারণ অহঙ্কার, অহঙ্কারের কারণ বুদ্ধি, বুদ্ধির কারণ মূলা প্রকৃতি (অব্যক্ত ব্রহ্মশক্তি বা চৈতন্য), দশ ইন্দ্রিয় ও মন, ইন্দ্রিয়ের পঞ্চ বিষয়– এই ২৪টি হলো ক্ষেত্রের উপাদান। এবং ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, দেহ-সংঘাত ও দেহ-সংঘাতে অভিব্যক্ত চেতনা ও ধৃতি –এই ৭টি ক্ষেত্রের বিকার (transformation)।' এ সকল বিষয় সংক্ষেপে বর্ণিত হলো।

**সূক্ষ্ম-শরীর ও কারণ-শরীর :** গীতার শিক্ষায় ভৌত শরীরের বাইরে আরও দুটি শরীরের কথা বলা হয়েছে যা পুনর্জন্মে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সূক্ষ্ম শরীর ভৌত শরীরগুলির মধ্যে আত্মাকে বহন করে। এতে মন, বুদ্ধি এবং অহঙ্কার থাকে। মৃত্যুর পর ভৌত শরীর ভেঙ্গে যায়, কিন্তু সূক্ষ্ম শরীর আত্মার সাথে তার পরবর্তী জীবনে ভ্রমণ করে। এটি অতীত জীবনের সমস্ত মানসিক ছাপ, কর্ম এবং প্রবণতা ধারণ করে। ১৫তম অধ্যায়ের ১০নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**উৎক্রামন্তং স্থিতং বাপি, ভুঞ্জানং বা গুণান্বিতম্।**
**বিমূঢ়া ন অনুপশ্যন্তি, পশ্যন্তি জ্ঞান-চক্ষুষঃ ॥ ১০ ॥**

'এক দেহ ছেড়ে আর এক দেহে যাওয়ার সময়, অথবা একই দেহে অবস্থান করে বিষয়ভোগে রত, অথবা ত্রিগুণের সঙ্গে যুক্ত জীবাত্মাকে মোহগ্রস্ত ব্যক্তিরা দেখতে পায় না; (কারণ তাদের মন বিষয়াকর্ষণের দ্বারা বহির্মুখী); কিন্তু যাঁদের জ্ঞানচক্ষু আছে, তাঁরা দেখতে পান।'

জগতে দু-রকমের লোক আছে, এক বিমূঢ়াঃ, 'মূর্খ, অদূরদর্শী, ইন্দ্রিয় সর্বস্ব লোক', আর অন্যটি– জ্ঞানচক্ষুষঃ, 'জ্ঞান-চক্ষু বিশিষ্ট', যাদের জ্ঞান চক্ষু রয়েছে, তারা অন্যভাবে দেখে। আমাদের রক্ত-মাংসের শরীরটাকে বেদান্তে স্থূল শরীর (gross-body) বলা হয়। সেই স্থূল শরীরের ভিতর আবার একটি সূক্ষ্ম শরীর (subtle-body) আছে যা চিন্তা, অনুভব এবং স্মৃতি দিয়ে গড়া, সংস্কৃতে যাকে সংস্কার বা বাসনাও বলা হয়। ইংরেজিতে এই সূক্ষ্ম শরীরকে আত্মা (soul) বলা হয় এবং সংস্কৃতে জীব বলা হয়।

একটি সূক্ষ্ম আত্মা আমাদের মধ্যে রয়েছে; বেদান্ত একে বলে, সূক্ষ্ম-শরীর। মানব প্রকৃতির ইন্দ্রিয়াতীত গভীরতম প্রদেশে বৈজ্ঞানিক অনুসন্ধান চালিয়ে আমাদের ঋষিগণ যখন স্থূল শরীরের পেছনে সূক্ষ্ম শরীর আবিষ্কার করেছিলেন, তখনই তাঁরা বুঝতে পেরেছিলেন যে মৃত্যু কেবল স্থূল শরীরেরই হয়, সূক্ষ্ম শরীরের মৃত্যু নেই– তা সর্বদাই বিদ্যমান-নিত্য। সূক্ষ্ম শরীর আর একটি স্থূল শরীর গড়ে তোলে অতীত জীবনের ঘটনাবলী ভুলে গিয়ে প্রকৃত সত্য স্বরূপ আত্মার অনুসন্ধান চালিয়ে যাওয়ার জন্য।

কারণ শরীর আরও গভীরে যায়– এটি হলো বীজ শরীর (কার্যকারণ শরীর) যা সূক্ষ্ম এবং স্থূল শরীরগুলিকে সম্ভাব্য আকারে ধারণ করে। কারণ শরীরকে কার্যকারণ শরীর বলা হয় কারণ এটি ব্যক্তির অস্তিত্বের বীজ বা কারণ। কারণ শরীর আনন্দময় কোষের সাথে সম্পর্কিত, যে অবস্থা আমরা গভীর, স্বপ্নহীন ঘুমে অনুভব করি। এই অবস্থায় স্থূল এবং সূক্ষ্ম শরীর নিষ্ক্রিয় হয়ে পড়ে এবং আমরা আমাদের আত্মবোধ ও সময়ের ধারণা হারিয়ে ফেলি। ১৫তম অধ্যায়ের ৭নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**মমৈব অংশো জীবলোকে, জীবভূতঃ সনাতনঃ।**
**মনঃ-ষষ্ঠানি ইন্দ্রিয়াণি, প্রকৃতি-স্থানি কর্ষতি ॥ ৭ ॥**

'আমারই এক চিরন্তন অংশ, সংসারে জীব হয়ে, প্রকৃতি থেকে মন সমেত ছটি ইন্দ্রিয়কে নিজের দিকে আকর্ষণ করে।'

এখানে বলা হয়েছে, ভিতরের সেই ক্ষুদ্র স্ফুলিঙ্গ বা আত্মা প্রকৃতিতে স্থিত পাঁচটি ইন্দ্রিয় ও মনকে নিজের দিকে আকর্ষণ করে। অর্থাৎ পাঁচটি জ্ঞানেন্দ্রিয় ও মন সবই প্রকৃতি জাত, কারণ সবগুলিই প্রকৃতির তিনগুণে গঠিত। আমাদের স্থূল শরীরের অন্তরালে একটি সূক্ষ্ম শরীর এবং একটি কারণ শরীর আছে। কারণ শরীর সূক্ষ্ম শরীরের চাইতেও সূক্ষ্ম। এই সূক্ষ্ম শরীর এবং কারণ শরীর এক সঙ্গে থাকে।

বেদান্তে, কারণ শরীর বা কার্যকারণ শরীর, আপত ব্যক্তির সবচেয়ে সূক্ষ্ম স্তর। এটি কোনও শারীরিক বা মানসিক অর্থে দেহ নয়, বরং একটি সুপ্ত, বীজের মতো উপস্থিতি যা সমস্ত অভিজ্ঞতার অন্তর্নিহিত। গভীর নিদ্রায় এটি সবচেয়ে স্পষ্টভাবে অনুভূত হয়, যখন জাগ্রত এবং স্বপ্ন উভয়ই দ্রবীভূত হয় এবং সমস্ত জ্ঞানীয় অনুষদ প্রত্যাহার করে নেয়। যা অবশিষ্ট থাকে তা হলো একটি তৃপ্তিহীন বা বিষয়বস্তুহীন সম্ভাবনা– 'আমি কিছুই জানি না' এর অভিজ্ঞতা তবুও শান্তি এবং বিশ্রাম দ্বারা চিহ্নিত। এটি নিছক শূন্যতা নয়, বরং এমন একটি অবস্থা যেখানে স্থূল এবং সূক্ষ্ম শরীরগুলো তাদের অব্যক্ত উৎসে স্থির হয়।

বেদান্ত এই অবস্থাকে অনাদি অবিদ্যা হিসাবে চিহ্নিত করে– আদিহীন অজ্ঞতা। এই অজ্ঞতা থেকেই উৎপন্ন হয় কামনা, কর্ম, বন্ধন এবং পুনর্জন্ম। ১৫তম অধ্যায়ের ৮নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন,

**শরীরং যদ্ অবাপ্নোতি, যৎ চাপি উৎক্রামতি ঈশ্বরঃ।**
**গৃহীত্বা এতানি সংযাতি, বায়ুর্-গন্ধান্ ইব আশয়াৎ ॥ ৮ ॥**

'ঈশ্বর যখন মানব দেহ ধারন করেন (স্বতন্ত্র আত্মা হিসাবে) এবং তিনি শরীর ত্যাগ করেন, তিনি এই সূক্ষ্ম ইন্দ্রিয়গুলিকে এবং মনকে সঙ্গে নিয়ে যান, বাতাস যেমন ফুল থেকে গন্ধ গ্রহণ করে, তেমনি।'

মৃত্যুর সময় স্থূল দেহটি পরিত্যাক্ত হয়। স্থূল শরীরের মৃত্যুতে সূক্ষ্ম শরীর ও কার্যকারণ শরীরের মৃত্যু হয় না, সে অটুট থাকে। নতুন দেহ গ্রহণ করে তার পূর্ণতা লাভের যাত্রা ক্রমাগত চলতেই থাকে। দেহ ছেড়ে যাবার সময় মন ও ইন্দ্রিয়গুলির মতো সূক্ষ্ম উপাদানগুলিকে বয়ে নিয়ে যায়। সূক্ষ্ম শরীর তখন নতুন অভিজ্ঞতার সন্ধানে বেড়িয়ে পড়ে। বাতাস যেমন ফুল থেকে গন্ধ গ্রহণ করে, তেমনি। সূক্ষ্ম শরীর ইন্দ্রিয়গুলির শক্তি সঙ্গে নিয়ে যায় যাতে নতুন জীবনের নতুন নতুন অভিজ্ঞতা সে উপভোগ করতে পারে। একেই পুনর্জন্ম বলে। ❑

# সনাতন ধর্ম : চিরন্তন সত্য ও হিন্দুর জীবনদর্শন

ড. অসীম দে

'সনাতন ধর্ম' –এক গভীরতর ভাবধারার নাম, যা হিন্দুধর্মের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত হলেও তার চেয়ে অনেক বিস্তৃত, অনেক ব্যাপক। হিন্দুরা তাঁদের ধর্মীয় ও দার্শনিক ঐতিহ্যকে 'সনাতন ধর্ম' বলেই চিহ্নিত করেন। কিন্তু প্রশ্ন হলো, 'সনাতন' শব্দটির তাৎপর্য কী? কেনই বা এই ধর্মকে 'সনাতন' বলা হয়? এই প্রশ্নের উত্তর খোঁজা প্রয়োজন।

**শব্দতত্ত্ব : 'সনাতন' ও 'ধর্ম' শব্দের অন্তর্নিহিত ব্যাকরণ**

**'সনাতন'** শব্দটি এসেছে সংস্কৃত 'সন' ধাতু থেকে, যার অর্থ– চিরন্তন, অনাদি, অবিনাশী। অর্থাৎ, যা কালের সীমায় আবদ্ধ নয়, যা সর্বকালেই সত্য, তা-ই সনাতন।

**'ধর্ম'** শব্দের উৎস 'ধৃ' ধাতু– যার অর্থ ধারণ করা। যে তত্ত্ব ব্যক্তি, সমাজ ও বিশ্বকে ধরে রাখে, সংহত রাখে, শৃঙ্খলাবদ্ধ করে– তা-ই ধর্ম।

এই অর্থে, 'সনাতন ধর্ম' হলো সেই অনাদি নৈতিক শক্তি, যা ব্যক্তি ও সমাজকে চিরকাল ধরে ধারণ করে চলেছে।

> **'সনাতন ধর্ম' কোনো এক নির্দিষ্ট মত নয়; এটি এক বহমান নদী– যা যুগে যুগে নিজের রূপ পাল্টালেও কখনও নিজের উৎসকে বিস্মৃত হয়নি। এই ধর্ম কেবল বিশ্বাসের অবলম্বন নয়– এটি এক জীবন পদ্ধতি, এক নৈতিক সাধনা, এক অন্তর্জাগতিক অনুশীলন।**

**সনাতন ধর্মের দুই প্রাসঙ্গিক অর্থ**

সনাতন ধর্ম মূলতঃ দুইভাবে ব্যাখ্যা করা যায় :

**১) প্রচলিত ও প্রাচীন ধর্ম অর্থে :** যদিও সনাতন ধর্মের উৎপত্তি অতি প্রাচীন, 'সনাতন ধর্ম' শব্দটি ব্যবহারিক গুরুত্ব পায় ইসলামি যুগের পর। ১২০৬ খ্রিস্টাব্দে মুসলিম শাসনের সূচনার পর ভারতের মূল সংস্কৃতিকে পৃথকভাবে চিহ্নিত করার প্রয়োজন দেখা দেয়। হিন্দু সম্প্রদায় তখন তাঁদের ঐতিহ্যকে 'সনাতন ধর্ম' নামে অভিহিত করতে শুরু করেন– যেন স্পষ্ট করা যায়, এটি কোনো বাইরের ধর্ম নয়, বরং এই ভূমিরই নিজস্ব, শাশ্বত, অভ্যন্তরীণ ধারাবাহিকতা।

তবে, এই শব্দবন্ধ শুধু প্রতিক্রিয়াত্মক নয়– এটি এক আত্মজাগরণ, যা আত্মপরিচয় ও অস্তিত্ব রক্ষার প্রতীক।

**২) অপরিবর্তনীয় ও চিরস্থায়ী ধর্ম অর্থে :** 'সনাতন ধর্ম' এমন এক ধর্ম বা নীতি, যা পরিবর্তনশীল নয়, চিরন্তন। তথাপি এই ধর্ম স্থবির নয়। কারণ এটি কোনো বিশেষ মতবাদে গণ্ডিবদ্ধ নয়– বরং এক চলমান, গতিশীল জীবনদর্শন, যার গন্তব্য পূর্ণতার দিকে।

**ধর্মের বহুবিধতা**

'ধর্ম' শব্দটি হিন্দু সংস্কৃতিতে বহুবিধ ধারণা বহন করে:

- আগুনের ধর্ম– দাহ করা,
- জলের ধর্ম– নিম্নগামী হওয়া,
- রাজার ধর্ম– ন্যায়বিচার,
- পুত্রের ধর্ম – পিতার সেবা।

এইভাবে, ধর্ম শুধু কোনো আধ্যাত্মিক অনুশাসন নয়, বরং এটি প্রাকৃতিক নিয়ম, ব্যক্তিগত কর্তব্য এবং সামাজিক সুনীতি– সবকিছুর সংহত রূপ।

**উপনিষদ ও গীতায় সনাতন সত্য**

বিশিষ্ট পুরাণবিদ নৃসিংহপ্রসাদ ভাদুড়ী বলেছেন, যেসব দার্শনিক সত্য চিরন্তন বা শাশ্বত অর্থ বহন করে সেগুলিকে সনাতন হিসাবে চিহ্নিত করা হয়েছে।

**কঠোপনিষদে**, মৃত্যুদেবতা যম আত্মার প্রকৃতি ব্যাখ্যা করতে গিয়ে বলেন:

**ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিন্নায়ং...**
**ন হন্যতে হন্যমানে শরীরে ॥ (১/২/১৮)**

– আত্মা জন্মায় না, মরে না, শরীর বিনষ্ট হলেও সে বিনাশ হয় না।

এটি হলো সনাতন ধর্মের দর্শনমূল : আত্মা চিরন্তন, অবিনাশী।

**গীতায়** একাধিকবার 'সনাতন' শব্দটি ব্যবহৃত হয়েছে। যেমন:

**ত্বমব্যয়ঃ শাশ্বতধর্মগোপ্তা, সনাতনস্ত্বং পুরুষো মতঃ মে ॥ (১১/১৮)**

– অর্থাৎ কৃষ্ণই অব্যয়, তিনি সনাতন ধর্মের রক্ষক, চিরন্তন পুরুষ।

**মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ ॥ (১৫/৭)**

– সমস্ত জীব ভগবানের অংশ, সেই অংশও সনাতন। অর্থাৎ, আমাদের অন্তরের মধ্যে পরমাত্মাস্বরূপ যে চিৎকণা আছে তা সনাতন।

**বীজং মাং সর্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্ ॥ (৭/১০)**

– সমস্ত সৃষ্টির বীজ ভগবান। এটা সনাতন সত্য, কারণ ভগবান যদি সনাতন হন, তবে তার অংশভূত বীজও সনাতনই হবে।

হিন্দুশাস্ত্রের বহু শ্লোক শেষ হয়েছে **'এষ ধর্মঃ সনাতনঃ'** দিয়ে, যার অর্থ 'ইহাই সনাতন ধর্ম'।

যেমন, **মনুসংহিতায়** আছে :

**সত্যং ব্রুয়াৎ, প্রিয়ং ব্রুয়াৎ, ন ব্রুয়াৎ সত্যমপ্রিয়ম্।**
**প্রিয়ঞ্চ নানৃতং ব্রুয়াৎ– এষ ধর্মঃ সনাতনঃ ॥ (৪/১৩৮)**

– সত্য বলো, প্রিয় বলো, কিন্তু কষ্টদায়ক সত্য বলো না; প্রিয় কথা বললেও তা যেন মিথ্যে না হয়– এটাই সনাতন ধর্ম।

*(বাকি অংশ ২৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য)*

# উপনিষদের "ব্রহ্ম" গীতায় "পুরুষোত্তম"

রেখা পাঠক

"ব্রহ্ম" কী আর "পুরুষোত্তম" কী গীতা থেকেই এর কিঞ্চিৎ আলোচনা করার চেষ্টা করবো শেষ পর্যায়ে।

সনাতন ধর্ম বেদমূলক হলেও অষ্টাদশ অধ্যায় সম্বলিত সাতশত শ্লোকের "শ্রীমদ্ভবগবদ্গীতা"-ই সনাতন ধর্মের সর্বশ্রেষ্ঠ ধর্মগ্রন্থ। শুধু সনাতন ধর্মেরই নয়, শ্রীমদ্ভগবদ্গীতা অনন্তকোটি ব্রহ্মাণ্ডের সর্বশ্রেষ্ঠ জ্ঞান ও দর্শনের গ্রন্থ। অনেকেরই প্রশ্ন সনাতন ধর্মের প্রধান ধর্ম গ্রন্থের নাম কী? উত্তর হলো "শ্রীমদ্ভগবদ্গীতা"। কারণ, "গীতা" হলো বেদের নির্যাস যে উপনিষদ বা ব্রহ্মতত্ত্ব, সেই সবের সার। শ্রীমদ্ভগবদ্গীতা যে বেদের নির্যাস উপনিষদের সার, তা সম্যক অবগত হতে হলে উপনিষদ সম্পর্কে কিছুটা জ্ঞান থাকা দরকার। এই লেখনীতে আমি শ্রীমদ্ভবদ্গীতার পঞ্চদশ অধ্যায়ঃ "পুরুষোত্তম যোগ" থেকে এই শ্লোকটি তুলে ধরছি।

শ্রীভগবান উবাচঃ

**"ন তদ্ভাসয়তে সূর্যো ন শশাঙ্কো ন পাবকঃ।**
**যদ্গত্বা ন নিবর্তন্তে তদ্ধাম পরমং মম ॥"** ১৫/৬

অনুবাদ : শ্রীভগবান অর্জুনকে বলছেন– "যে পদ প্রাপ্ত হলে সাধক আর সংসারে প্রত্যাবর্তন করেন না, যে পদ সূর্য, চন্দ্র বা অগ্নি প্রকাশ করতে পারে না, তাই আমার পরম স্বরূপ।"

সমরূপ : **"ন তত্র সূর্যো ভাতি ন চন্দ্রতারকং**
**নেমা বিদ্যুতো ভান্তি কুতোহয়মগ্নিঃ।**
**তমেব ভান্তমনুভাতি সর্বং**
**তস্য ভাসা সর্বমিদং বিভাতি ॥"**

(মুণ্ডকোপনিষদ ২/২/১০; শ্বেতাশ্বতর উপনিষদ ৬/১৪)

অনুবাদ : "সূর্য সেই ব্রহ্মকে প্রকাশ করিতে পারে না, চন্দ্র ও তারকাগণও নহে, এই সকল বিদ্যুৎও তাঁহাকে প্রকাশ করিতে অসমর্থ– এই অগ্নি আর কীরূপে উহা করিবে? তিনি দেদীপ্যমান বলিয়াই তদনুযায়ী নিখিল জগৎ দীপ্তমান হয়। তাঁহারই দীপ্তিতে এই সমুদয় বিবিধরূপে প্রকাশ পায়"।

**"শ্বেতাশ্বতরোপনিষদসহ অন্যান্য উপনিষদে মূলতত্ত্বের বর্ণনায় ব্রহ্মকে দেব, ঈশ্বর, পুরুষ প্রভৃতি শব্দও ব্যবহৃত হইয়াছে। ভাগবত-শাস্ত্রে, উপনিষদের এই দেব, ঈশ্বর বা সগুণ-ব্রহ্মই পুরুষোত্তম বলিয়া বর্ণিত হইয়াছেন।"**

শ্রীমদ্ভগবদগীতার পঞ্চদশ অধ্যায় "পুরুষোত্তম-যোগ"-এর প্রথম শ্লোক–

শ্রীভগবান উবাচঃ

**"উর্ধ্বমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্।**
**ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ ॥** ১৫/১

অনুবাদ : "শ্রীভগবান বললেন, বেদবিদগণ এই সংসারকে অশ্বত্থ বৃক্ষ বলে অভিহিত করেছেন। ইহার মূল উর্ধ্বদিকে এবং শাখাসমূহ অধোগামী অর্থাৎ নিম্নদিকে। উহা অবিনাশী; বেদসমূহ উহার পত্রস্বরপ; যিনি এই অশ্বত্থকে জানেন তিনিই বেদবিৎ।

সমরূপ : **"উর্ধ্বমূলোঽবাকশাখ এষোঽশ্বত্থঃ সনাতনঃ।**
**তদেব শুক্রং তদ্ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।**
**তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্বে তদু নাত্যেতি কশ্চন।"**

(কঠোপনিষদ ২/৩/১)

অনুবাদ : "এই সংসাররূপ অনাদি অশ্বত্থের মূল উর্ধ্বে এবং শাখাগুলি নিম্নদিকে অবস্থিত। সেই মূলই শুভ্র জ্যোতি, উহাই ব্রহ্ম এবং উহাই অবিনাশী বলিয়া উক্ত হয়। তাঁহাতে সমস্ত লোক আশ্রিত রহিয়াছে; তাঁহাকে কেহই অতিক্রম করিতে পারে না। ইনি নচিকেতার জিজ্ঞাসিত আত্মা।" গীতার একাদশ অধ্যায় "বিশ্বরূপ দর্শন-যোগ" এ অর্জুন দিব্যচোখে ভগবান শ্রীকৃষ্ণের যে বিশ্বরূপ দর্শন করেছিলেন তা থেকে এই শ্লোকটি–

**"নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে নমোঽস্তু তে সর্বত এব সর্ব।**
**অনন্তবীর্যামিতবিক্রমস্তং সর্বং সমাপ্নোষি ততোঽসি সর্বঃ।"** ১১/৪০

অনুবাদ : অর্জুন এই বিশ্বরূপকে বলছেন, "তোমাকে সম্মুখে নমস্কার করি, তোমাকে পশ্চাতে নমস্কার করি; হে সর্বস্বরূপ, সর্বত্রই তুমি, তোমাকে সকল দিকেই নমস্কার করি; অনন্ত তোমার বলবীর্য, অসীম তোমার পরাক্রম; তুমি সমস্ত ব্যাপিয়া রহিয়াছ, সুতরাং তুমিই সমস্ত।" এই শ্লোকেরই ভাব ধারায় "ক্ষেত্র-ক্ষেতজ্ঞ-বিভাগযোগ"-এ শ্রীভগবান বলছেন–

**"সর্বতঃ পাণিপাদং তৎ সর্বতোঽক্ষিশিরোমুখম্।**
**সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি ॥"** ১৩/১৩

অনুবাদ : শ্রীভগবান বলছেন– "সর্বদিকে তাঁহার হস্তপদ, সর্বদিকে তাঁহার চক্ষু, মস্তক ও মুখ, সর্বদিকে তাঁহার কর্ণ; এইরূপে এই লোকে সমস্ত পদার্থ ব্যাপিয়া তিনি অবস্থিত আছেন।"

"বিশ্বরূপ দর্শন" যোগে অর্জুন যে "ভূমা"-কে দর্শন করলেন, যাঁর আদি নাই, মধ্য নাই, অন্ত নাই, যাঁর বলৈশ্বর্যের অবধি নাই, যাঁর অসংখ্য বাহু, চন্দ্র-সূর্য যাঁর নেত্র স্বরূপ, যিঁনি সমস্ত বিশ্বব্যাপি বিরাজমান। "বিশ্বরূপ দর্শন" যোগ-এ অর্জুন দেখলেন বিশ্বরূপ আদিহীন, অন্তহীন, সীমানাবিহীন। বিশ্বের যে দিকে দৃষ্টিপাত করেন না কেন, সব দিকেই ঐঁ বিশ্বরূপ পূর্ণ রূপে দৃশ্যমান। তাই তিনি "বিশ্বতোমুখ।" "বিশ্বরূপ দর্শন"-এর অর্থ হলো একত্বের মধ্যে বহুত্বের দর্শন।"

"বিশ্বরূপ দর্শন যোগ" আর ১৩নং অধ্যায়ের ১৩নং শ্লোক "শ্বেতাশ্বতর উপনিষদ্"-এর তৃতীয় অধ্যায়ের ১৬নং শ্লোকের অবিকল বর্ণনা–

**"সর্বতঃ পাণিপাদন্তৎ সর্বতোঽক্ষিশেরোমুখম্।
সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি ॥"** ৩/১৬

প্রাচীন উপনিষদসমূহকে আধুনিককালে বাংলা ভাষায় কাব্য সাহিত্য সঙ্গীতে প্রকাশ করেছেন যিঁনি তিনি হলেন উপনিষদের ঋষি কবি রবীন্দ্রনাথ ঠাকুর।

একাদশ অধ্যায়ের বিশ্বরূপের ভাবধারায় ও শ্বেতাশ্বতোপনিষদের এই ১৩নং শ্লোকের প্রকাশ যেন কবির এই কবিতা–

হে মহাপ্রবল বলী,
কত অসংখ্য গ্রহ তারা তপন চন্দ্র
ধারণ করে তোমার বাহু,
নরপতি ভূমাপতি হে দেববন্দ্য ॥
ধন্য ধন্য তুমি মহেশ, ধন্য, গাহে সর্ব দেশ–
স্বর্গে মর্তে বিশ্বলোকে এক ইন্দ্র ॥
অন্ত নাহি জানে মহাকাল মহাকাশ,
গীতছন্দে করে প্রদক্ষিণ।
তব অভয়চরণে শরণাগত দীনহীন,
হে রাজা বিশ্ববন্ধু ॥

তেমনি "বিশ্বরূপদর্শন যোগ"-এ শ্রীভগবানের বিশ্বরূপ দর্শন করে অর্জুন করজোড়ে যেভাবে শ্রীভগবানকে বলছেন–

**"যচ্চাবহাসার্থমসৎকৃতোঽসি বিহারশয্যাসনভোজনেষু।
একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ ॥"** ১১/৪২

অনুবাদ : "তোমার এই বিশ্বরূপ এবং ঐশ্বর্যমহিমা না জানিয়া তোমাকে সখা ভাবিয়া অজ্ঞানতাবশতঃ বা প্রণয়বশতঃ 'হে কৃষ্ণ, হে যাদব, হে সখা', এইরূপ তোমায় বলিয়াছি; হে অচ্যুত, আহার, বিহার, শয়ন ও উপবেশনকালে একা অথবা বন্ধুজনসমক্ষে পরিসাহচ্ছলে তোমার কত অমর্যাদা করিয়াছি; অচিন্ত্যপ্রভাব তুমি, তোমার নিকট তজ্জন্য ক্ষমা প্রার্থনা করিতেছি"। অর্জুনের এই ক্ষমার ভাবখানি যেন রবীন্দ্রনাথ ঠাকুরের এই কবিতা (যা রবীন্দ্র সঙ্গীত বলে গীত হয়)

"আমার খেলা যখন ছিল তোমার সনে
তখন কে তুমি তা কে জানতো।
তখন ছিল না ভয়, ছিল না লাজ মনে,
জীবন বয়ে যেত অশান্ত ॥
তুমি ভোরের বেলা ডাক দিয়েছ কত
যেন আমার আপন সখার মতো,
হেসে তোমার সাথে ফিরেছিলেম ছুটে
সে দিন কত-না বন-বনান্ত ॥
ওগো, সেদিন তুমি গাইতে যে-সব গান,
কোনো অর্থ তাহার কে জানতো।
শুধু সঙ্গে তারি গাইতো আমার প্রাণ,
সদা নাচতো হৃদয় অশান্ত।
হঠাৎ খেলার শেষে আজ কী দেখি ছবি–
স্তব্ধ আকাশ, নীরব শশী রবি,
তোমার চরণ-পানে নয়ন করি নত
ভুবন দাঁড়িয়ে আছে একান্ত ॥"

উপনিষদের সাথে, গীতার সাথে রবীন্দ্রনাথ ঠাকুরের গীতবিতান গ্রন্থের ভাবাদর্শের হুবহু মিল রয়েছে। সব তো তুলে ধরা সম্ভব নয়।

সনাতন ধর্ম বৈদিক ধর্ম হলেও বেদ-উপনিষদের সার নিয়ে সৃষ্ট শ্রীমদ্ভগবদ্গীতাই সনাতন ধর্মের মূল ধর্মগ্রন্থ। "শ্রীমদ্ভগবদ্গীতা" হলো স্বয়ং পরমেশ্বর ভগবানের শ্রীমুখের বাণী। বেদ, উপনিষদ, ব্রাহ্মণ গ্রন্থ, ব্রহ্মসূত্র সবই দিব্যজ্ঞানী ঋষিবৃন্দের লেখা। ভগবান শ্রীকৃষ্ণ ঋষিবৃন্দের কোনো শাস্ত্রকে বাদ না দিয়ে সনাতন ধর্মের পরম্পরাকে গ্রহণ করেই শ্রীমদ্ভগবদ্গীতায় প্রিয় সখা ও যোদ্ধা অর্জুনের সাথে কথোপকথনের মাধ্যমে দ্বাপর যুগের শেষে কুরুক্ষেত্রে কুরুপাণ্ডবের যুদ্ধে, যুদ্ধে পরাঙ্মুখ অর্জুনকে পুনরায় গীতার জ্ঞান প্রদান করেন। শ্রীমদ্ভগবদ্গীতা পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের মুখনিঃসৃত বাণী বলেই "গীতা"-ই সনাতন ধর্মের প্রধান এবং সার্বভৌম ধর্মগ্রন্থ।

বেদান্তের সারবস্তু দিয়ে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ, যে শ্রীমদ্ভগবদ্গীতা রচনা বা সৃষ্ট করেছেন, তার উদাহরণ মাত্র দু-একটি তুলে ধরা হল বেদান্ত বা উপনিষদ থেকে। গীতার সব শ্লোক কে সব উপনিষদ থেকে তুলে ধরা তো সম্ভব নয়। আগ্রহী শ্রোতারা উপনিষদসমূহ পাঠ করলেই অবগত হতে পারবেন যে শ্রীমদ্ভগবদ্গীতা হলো সর্ব উপনিষদের সার। যে কথা গীতাধ্যানে মহর্ষি ব্যাসদেব বলেছেন–

**"সর্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥"**

মহাবিশ্ব যেমন সীমাহীন, তেমনি গীতার ভাবাদর্শ ও জ্ঞান সীমাহীন। গীতা এতো রহস্যময়ী, এতো অসীম হওয়ার কারণ হলো, গীতা স্বয়ং জগৎপতি পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শ্রীমুখ নিঃসৃত বাণী বলে।

গীতায় উপনিষদের ব্রহ্মতত্ত্বের সাথে ভগবান শ্রীকৃষ্ণ যে "পুরুষোত্তম" তত্ত্বকে প্রতিষ্ঠা করেছেন, সেই পুরুষোত্তম তত্ত্ব কী? উপনিষদে এবং ব্রহ্মসূত্রে ব্রহ্মই অদ্বয় পরতত্ত্ব। উপনিষদে ব্রহ্মের স্বরূপ– ব্রহ্ম নির্গুণ নিরাকার, আবার ব্রহ্ম সগুণ সাকার। সাকার ব্রহ্ম পুরুষাকৃতি। যেমন–

**"বেদাহমেতং পুরুষ মহান্তম্
আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
তমেব বিদিত্বাঽতি মৃত্যুমেতি
নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥"** (শ্বেতাশ্বতরোপনিষদ ৩/৮)

অনুবাদ হলো– "স্বপ্রকাশ ও অজ্ঞানাতীত এই সর্বব্যাপী পুরুষকে আমি জানি। তাঁহাকে জানলেই (লোক) মৃত্যু অতিক্রম করিতে পারে; কারণ পরমার্থলাভের আর কোন উপায় নাই।"

শ্বেতাশ্বতরোপনিষদের এই শ্লোকের ভাবাদর্শ রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছেন–

"মোহান্ত পুরুষ যিনি আঁধারের পারে। / তাঁরে জেনে, তাঁর পানে চাহি / মৃত্যুরে লঙ্ঘিতে পারি / অন্য পথ নাহি।" শ্বেতাশ্বতরোপনিষদ বলছেন–

**"পুরুষ এবেদং সর্বং যদভূতং যচ্চ ভব্যম্।**
**উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি ॥"** ৩/১৫

অনুবাদ : "যাহা কিছু বর্তমান, যাহা অতীত এবং যাহা ভবিষ্যৎ, তৎসমস্তই পুরুষ। তিনি মুক্তির বিধাতা এবং যাহা কিছু অন্নাবলম্বনে জীবনধারণ করে, তাহারও বিধাতা। ৩/১৫

"শ্বেতাশ্বতরোপনিষদসহ অন্যান্য উপনিষদে মূলতত্ত্বের বর্ণনায় ব্রহ্মকে দেব, ঈশ্বর, পুরুষ প্রভৃতি শব্দও ব্যবহৃত হইয়াছে। ভাগবত-শাস্ত্রে, উপনিষদের এই দেব, ঈশ্বর বা সগুণ-ব্রহ্মই পুরুষোত্তম বলিয়া বর্ণিত হইয়াছেন এবং নির্গুণ ব্রহ্মতত্ত্ব অপেক্ষা ইঁহাকে শ্রেষ্ঠ স্থান দেওয়া হইয়াছে; কেননা ভক্তিমার্গে অনির্দেশ্য অচিন্ত্য নির্গুণ তত্ত্বের বিশেষ উপযোগিতা নেই। মহাভারতের নারায়ণীয় পর্বাধ্যায়ে (যাহা ভাগবত শাস্ত্রের বা সাত্বত ধর্মের মূল) এই পুরুষোত্তম শব্দ পুনঃ পুনঃ ব্যবহৃত হইয়াছে এবং তিনি নির্গুণ হইয়াও গুণধারক, তিনিই অব্যয়, পরমাত্মা, পরমেশ্বর, ইহা স্পষ্ট বলা হয়েছে। পুরাণাদিতে ভগবান্ পুরুষোত্তমই পরতত্ত্ব ও পরব্রহ্ম বলিয়া কীর্তিত এবং অনেক স্থানেই তাঁহার নির্বিশেষ নির্গুণ স্বরূপ অপেক্ষা সবিশেষ সগুণ বিভাবেরই বৈশিষ্ট্য বর্ণিত হইয়াছে। গীতা ও ভাগবত ধর্মেরই গ্রন্থ, উহাতেও পুরুষোত্তম বা ভগবত্তত্ত্বই পরমেশ্বরের শ্রেষ্ঠ স্বরূপ বলিয়া বর্ণিত হইয়াছেন এবং উহাতেই ব্রহ্মতত্ত্বের প্রতিষ্ঠা, এরূপ বর্ণনাও আছে (১৪/২৭)"

শ্রীভগবান উবাচঃ
**"ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ।**
**শাশ্বতস্য চ ধর্মস্য সুখস্যৈকান্তিকস্য চ ॥"** ১৪/২৭

অনুবাদ : শ্রীভগবান বলছেন, "যেহেতু আমি ব্রহ্মের নিত্য অমৃতের অর্থাৎ মোক্ষের, সনাতনধর্মের এবং ঐকান্তিক সুখের প্রতিষ্ঠা (অথবা আমি অমৃত ও অব্যয় ব্রহ্মের, শাশ্বত ধর্মের এবং ঐকান্তিক সুখের প্রতিষ্ঠা।"

শ্রীভগবান বলছেন, "আমাকে একান্ত ভক্তিযোগে সেবা করিলেই ত্রিগুণাতীত হইয়া ব্রহ্মভাব লাভ করা যায়; কারণ, আমি-ই ব্রহ্মের প্রতিষ্ঠা।" ৭/২৯ শ্লোকেও এইরূপ কথাই আছে। আবার অন্যত্র আছে, "ব্রহ্মভাবপ্রাপ্ত হইলে আমাতে পরাভক্তি জন্মে।" (১৮/৫৪)। এই 'আমি' কে, ব্রহ্ম কোন্ বস্তু, আর ব্রহ্মভাবই বা কি? 'আমি' বলতে অবশ্য এ স্থলে বুঝায় স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ। কিন্তু ভগবানে ও ব্রহ্মে কি কোন পার্থক্য আছে? আছেও; নাইও। স্বরূপতঃ না থাকলেও সাধকের নিকট যে পার্থক্য আছে তাহা বুঝা যায় দ্বাদশ অধ্যায়ে অর্জুনের প্রশ্নে।

অর্জুন উবাচঃ
**"এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্যুপাসতে।**
**যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ ॥"** ১২/১

অনুবাদ : অর্জুনের জিজ্ঞাসা, "তোমাকে যাঁহারা তদগত চিত্ত হইয়া ভজনা করেন, আর যাঁহারা অক্ষর ব্রহ্ম চিন্তা করেন, এ উভয়ের মধ্যে শ্রেষ্ঠ সাধক কে?" উত্তরে ভগবান বললেন–

**"ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্ত উপাসতে।**
**শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমামতাঃ ॥"** ১২/২

অনুবাদ : শ্রীভগবান বললেন, "যাঁহারা আমাতে মন নিবিষ্ট করিয়া নিত্যযুক্ত হইয়া পরম শ্রদ্ধা সহকারে আমার উপাসনা করেন, তাঁহারাই আমার মতে যুক্ততম অর্থাৎ শ্রেষ্ঠ সাধক।"

এই শ্লোকে ব্যক্তোপাসনা অর্থাৎ ভক্তিমার্গকেই শ্রেষ্ঠ বলা হয়েছে। তাহলে জ্ঞানমার্গে নির্গুণ ব্রহ্মোপসনা কি নিষ্ফল? জ্ঞান মার্গে ব্রহ্মোপাসনা দ্বারাও তাঁকেই পাওয়া যায়। ১২নং অধ্যায় ভক্তিযোগে ৩-৪নং শ্লোকে শ্রীভগবানের উপদেশ, "নির্গুণ উপাসনায়ও আমাকে পাওয়া যায়, কারণ আমি নির্গুণ-গুণী পুরুষোত্তম। সগুণ-নির্গুণ দুই-ই আমার বিভাবমাত্র।" তবে সগুণ উপাসনা শ্রেষ্ঠ কেন? কারণ নির্গুণ উপাসনা দেহধারীর পক্ষে দুঃসাধ্য। ১২/৫ শ্লোকে বলছেন,

**"ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।**
**অব্যক্ত হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে ॥"** ১২/৫

অনুবাদ : শ্রীভগবান বলছেন, "অব্যক্ত নির্গুণব্রহ্মে আসক্তচিত্ত সেই সাধকগণের সিদ্ধিলাভে অধিকতর ক্লেশ হয়, কারণ দেহধারিগণ অতি কষ্টে নির্গুণ ব্রহ্মবিষয়ক নিষ্ঠা লাভ করিয়া থাকেন" শ্রীভগবান বললেন "আমার ভক্তই শ্রেষ্ঠ সাধক, তবে অক্ষর ব্রহ্মচিন্তকেরাও আমাকেই পান।" এই কথার তাৎপর্য হলো, "অক্ষর ব্রহ্ম আমিই, ব্রহ্মভাব আমারই বিভাব, নির্গুণভাবে আমি অক্ষর ব্রহ্ম, সগুণভাবে আমি বিশ্বরূপ, লীলাভাবে আমি অবতার– আমি পুরুষোত্তমই পরতত্ত্ব" গীতা ভক্তিমার্গের উপাসনা প্রতিষ্ঠা করেন, যা বেদান্ত বা উপনিষদে নেই। প্রকৃতপক্ষে পরমেশ্বরের দুই বিভাব– ব্যক্ত ও অব্যক্ত। যিনি সগুণ, সাকার স্বরূপে লীলাবতার ভগবান শ্রীকৃষ্ণ, তিনিই আবার বিশ্বাত্মা, অব্যক্ত নির্গুণস্বরূপে তিনি অচিন্ত্য, অনির্দেশ্য, নির্বিশেষ পরব্রহ্ম। জ্ঞানমার্গ ও ভক্তিমার্গ গীতায় উভয়ই স্বীকার্য, এবং গীতা মতে উহারা পরস্পর সাপেক্ষ। গীতায় পুরুষোত্তম-তত্ত্বে তিন পুরুষের কথা বলা হয়েছে– ক্ষর পুরুষ, অক্ষর পুরুষ ও উত্তম পুরুষ বা পুরুষোত্তম। এদের কোনটিতে কোন্ তত্ত্ব প্রকাশ করে? শ্রীভগবান বলছেন– "ক্ষর পুরুষ সর্বভূত, অক্ষর কূটস্থ পুরুষ এবং আমি ক্ষরের অতীত এবং অক্ষর হতেও উত্তম, এই হেতু আমি পুরুষোত্তম। মোট কথা, "ব্রহ্মই সমস্ত।" (সর্বং খল্বিদং ব্রহ্ম) এই বৈদান্তিক মূলতত্ত্বই গীতার প্রতিপাদ্য। পূর্বোক্ত তিন পুরুষ সেই মূলতত্ত্বেরই বিশ্লেষণ। ঐ তিন পুরুষ এক তত্ত্বেরই তিন বিভাব। "শ্রীঅরবিন্দ এই তিনটি তত্ত্বকে এইরূপভাবে ব্যাখ্যা করেছেন–

"ক্ষর হইতেছে সচল পরিণামী– বহুভূত বহু-রূপে যে পরিণাম, তাহাকেই ক্ষর পুরুষ বলা হইতেছে। এখানে পুরুষ বলিতে ভগবানের বহুরূপ বুঝাইতেছে– পুরুষ এই প্রকৃতি হইতে স্বতন্ত্র নহে, ইহা প্রকৃতিরই অন্তর্গত। অক্ষর হইতেছে অচল, অপরিণামী, নীরব, নিষ্ক্রিয় পুরুষ– ইহা ভগবানের একরূপ (The Unity of the Divine Being), প্রকৃতির স্বাক্ষী; কিন্তু প্রকৃতি ও তাহার কার্য হইতে এই পুরুষ মুক্ত। পরমেশ্বর, পরব্রহ্ম, পরম পুরুষই উত্তম, উল্লিখিত পরিণামী বহুত্ব ও অপরিণামী একত্ব এই দুই-ই উত্তমের। তাঁহার প্রকৃতির, তাঁহার শক্তির বিরাট ক্রিয়ার বলে, তাঁহার ইচ্ছা ও প্রভাবের বশেই তিনি নিজেকে সংসারে ব্যক্ত করিয়াছেন। আবার আরও মহান নীরবতা ও অচলতার দ্বারা নিজেকে স্বতন্ত্র

নির্লিপ্ত রাখিয়াছেন; তথাপি তিনি পুরুষোত্তমরূপে প্রকৃতি হইতে স্বতন্ত্রতা এবং প্রকৃতিতে লিপ্ততা এই দুইয়েরই উপরে। পুরুষোত্তম সম্বন্ধে এইরূপ ধারণা উপনিষদে প্রায়ই সূচিত হইলেও গীতাতে ইহা স্পষ্টভাবে বর্ণিত হইয়াছে এবং তাহার পর হইতে ভারতীয় ধর্মচিন্তার উপরে এই ধারণা বিশেষ বিস্তার করিয়াছে। যা সর্বোত্তম ভক্তিযোগ অদ্বৈতবাদের কঠিন নিগড় ছাড়াইয়া যাইতে চায়, ইহাই (অর্থাৎ এই পুরুষোত্তম তত্ত্ব), তাহার ভিত্তি; ভক্তি রসাত্মক পুরাণ-সমূহের মূলে এই পুরুষোত্তম-বাদ নিহিত রহিয়াছে।" (শ্রী অরবিন্দের গীতা)

পরিশেষে বলি এই পুরুষোত্তম-বাদ দ্বারাই গীতা জ্ঞান, কর্ম, ভক্তি ও যোগের সমন্বয় সাধন করেছেন।

ব্রহ্মবাদে কর্ম ও ভক্তির স্থান নেই, কারণ মায়াবাদিগণের ব্রহ্ম নীরব, অক্ষর, নিষ্ক্রিয়; সাংখ্যদিগের পুরুষও তদ্রূপ; সুতরাং এই উভয় মতেই কর্মত্যাগ ভিন্ন মোক্ষলাভের উপায় নেই এবং এই মোক্ষ বা মিলনে ভক্তির কোনো স্থান নেই। কিন্তু গীতায় পুরুষোত্তম যেমন সম, শান্ত, নির্গুণ, অনন্ত, অখিলাত্মা, আবার যজ্ঞ-তপস্যার ভোক্তা, সর্বলোক মহেশ্বর। সুতরাং সর্বভূতাত্মৈক্য-জ্ঞানই পুরুষোত্তমের জ্ঞান, সর্বভূতে প্রীতি ও সেই সর্বশরণে আত্ম-সমর্পণই পুরুষোত্তমে ভক্তি এবং সবলোকসংগ্রহার্থ নিষ্কাম কর্ম পুরুষোত্তমেরই কর্ম ('মৎকর্মকৃৎ') –এইরূপ জ্ঞান, ভক্তি ও কর্মের মিলনের দ্বারা আত্মা সর্বোচ্চ ঐশ্বরিক অবস্থায় প্রতিষ্ঠিত হয়, –যিনি একই কালে অনন্ত আধ্যাত্মিক শান্তি এবং অনন্ত বিশ্বব্যাপী কর্ম উভয়েরই অধীশ্বর সেই পুরুষোত্তমের মধ্যে বাস করেন। "পুরুষোত্তম যোগ"-এ শ্লোকে ভগবান বলছেন–

**"যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমম্।**
**স সর্ববিদ্ ভজতি মাং সর্বভাবেন ভারত ॥"** ১৫/১৯

অনুবাদ : "হে ভারত, যিনি মোহমুক্ত হইয়া এইভাবে আমাকে পুরুষোত্তম বলিয়া জানিতে পারেন, তিনি সর্বজ্ঞ হন এবং সর্বতোভাবে আমাকে ভজনা করেন।"

"তিনি সর্বজ্ঞ হন– অর্থাৎ আমাকে পুরুষোত্তম বলিয়া জানিলে আর জানিবার কিছু অবশিষ্ট থাকে না, সগুন-নির্গুণ, সাকার-নিরাকার, দ্বৈতাদ্বৈত ইত্যাদি সংশয় আর তাঁহার উপস্থিত হয় না; তিনি জানেন, আমিই নির্গুণ পরব্রহ্ম, আমিই সগুণ বিশ্বরূপ, আমিই সর্বলোক-মহেশ্বর, আমিই লীলায় অবতার, আমিই হৃদয়ে পরমাত্মা, সুতরাং তিনি সকল ভাবেই আমাকে ভজনা করেন।"

শ্রীভগবান বলছেন, "আমিই সর্ব কারণের কারণ।*** আমিই বেদসমূহে একমাত্র জ্ঞাতব্য এবং আমিই আচার্যরূপে বেদান্তের অর্থ– আমিই পরতত্ত্ব পুরুষোত্তম।*** আমাকে পুরুষোত্তমরূপে জানিলে আর কিছুই জানিবার অবশিষ্ট থাকে না। তখন জীব বুঝিতে পারে যে, আমিই নির্গুণ, আমিই সগুণ, আমিই বিশ্বরূপ, আমিই অবতার, আমিই আত্মা। এই পুরুষোত্তম-তত্ত্ব অতি গুহ্য। ইহা জানিলে জীব কৃতকৃত্য হয়; সে সর্বতোভাবে আমাকে ভজনা করে।"

অতএব শ্রীমদ্ভগবদ্গীতায় পরব্রহ্ম হলেন "পুরুষোত্তম"। গীতার ব্রহ্মতত্ত্বকে জেনে পুরুষোত্তম তত্ত্বে প্রবেশ করতে হবে। পুরুষোত্তম পরব্রহ্মই বটেন, কিন্তু উপনিষদের ব্রহ্মতত্ত্বে অবতারবাদ ও ভক্তির প্রসঙ্গ নেই। অথচ গীতা অবতারবাদ এবং ভক্তিবাদের উপর প্রতিষ্ঠিত। ভাগবত-ধর্মে ঐ দুটির প্রাধান্য থাকাতেই পুরুষোত্তম তত্ত্বের বৈশিষ্ট্য জন্মিয়াছে। ইহাই "উত্তম রহস্য" গীতার "পুরুষোত্তম-বাদ" ভক্তিশাস্ত্রের একটি বৈষ্ণব মত, বৈদান্তিক মত নয়। ভগবান শ্রীকৃষ্ণ "পুরুষোত্তম"ই। তাই গীতায় পুরুষোত্তমবাদ যথার্থ। "গীতা" জ্ঞান মার্গীদের জ্যোতিস্বরূপ "পরমব্রহ্ম"কে ভক্তিবাদের "পুরুষোত্তম" তত্ত্বে প্রতিষ্ঠিত করেছেন বলে "শ্রীমদ্ভগবদগীতা"র পর "ব্যাসদেব" শ্রীমদ্ভাগবতে গীতার "পুরুষোত্তম"কে "অখিলরসামৃত মূর্তি"তে রূপ দিয়ে অদেখা, অধরা, অচিন্তনীয় জগৎ কারণ পরব্রহ্মকে মানুষের নিত্যদিনের নিত্যসেবায় শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য এবং মধুর রসে রসায়িত করে সৃষ্টি করেছেন। এই জন্যই নিরাকার ব্রহ্ম উপাসক বিশ্বকবি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর আর নিরাকারে না থেকে সাকার ব্রহ্মের অখিলরসামৃতমূর্তির শ্রীচরণে প্রার্থনা করেছেন এই বলে–

"আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে।
সকল অহংকার হে আমার ডুবায় চোখের জলে।"

আর পরমাপ্রকৃতি হয়ে পুরুষোত্তম তত্ত্বের ঐঁ অখিলরসামৃতমূর্তির শ্রীচরণে কবি এই আকুতি করেছেন–

"আমি কেবলই তোমার দাসী
কেমন ক'রে আনব মুখে 'তোমায় ভালোবাসি'।
গুণ যদি মোর থাকতো তবে অনেক আদর মিলতো ভবে,
বিনামূল্যের কেনা আমি শ্রীচরণপ্রয়াসী।"

পরমা প্রকৃতি হয়ে পুরুষোত্তম কে-ই এমন কথা বলা যায়– নিরাকার জ্যোতিস্বরূপ পরব্রহ্মকে নয়, তা-ই তো রবীন্দ্রনাথ ঠাকুরের আকাঙ্ক্ষা–

"বধূ, তোমায় করবো রাজা তরু তলে,
বনফুলের বিনোদনমালা দেব গলে।
সিংহাসনে বসাইতে হৃদয়খানি দেব পেতে,
অভিষেক করবো তোমায় আঁখিজলে ॥"

জয় গীতা। জয় গীতার গুরু পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণ।

কৃতজ্ঞতা স্বীকার– শ্রীমদ্ভগবদগীতা, মনস্বী জগদীশ চন্দ্র ঘোষ।

# শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের উপদেশ বাণী

সুনীল দে

[ শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব বিভিন্ন সময় তাঁর ভক্তকুলকে সরাসরি, কখনও পত্রের মাধ্যমে সমাজ, সামাজিক ও পারিবারিক শিক্ষা ও ধর্ম সম্পর্কে উপদেশ দিতেন। নিম্নে এইসব বিষয়ে শ্রীশ্রী স্বরূপানন্দের বক্তব্য হুবহু উল্লেখ করা হলো ]

**পিতৃমাতৃচরণ পূজার আবশ্যকতা (অখণ্ড সংহিতা, পঞ্চম খণ্ড, পৃ. ৫০) :**

শ্রীশ্রী বাবামণি অপর একটি যুবককে উপদেশ দিতে দিতে বলিলেন, প্রত্যহ ঘুম থেকে উঠে পিতামাতার চরণ-বন্দনা করবে। সাধক যদি হতে চাও, আধ্যাত্মিক জীবনে উন্নতি যদি কত্তে চাও, তবে জানবে, এ উপদেশ পালনের তোমার নিশ্চিতই প্রয়োজন আছে। পিতৃ-মাতৃভক্তিহীন অকৃতজ্ঞ সন্তানে আর জঙ্গলের একটি জানোয়ারে কোনো তফাৎ নেই। পিতামাতার আশীর্ব্বাদ সাধককে বন্যের মতো সহস্র প্রলোভন থেকে রক্ষা কত্তে পারে। কিন্তু সেই আশীর্ব্বাদ অর্জ্জনের আগ্রহ তোমাদের সেই আকাঙ্ক্ষা কোথায়? সংসার ত্যাগ করে যেতে হয়তো ভক্তির বলে, অর্চ্চনার বলে আগে তাঁদের হৃদয় জয় কর। তাঁদের অকুণ্ঠিত মনের আশীষ-বাণী আদায় কর, তাঁদের অভিসম্পাত কে নয়, তাঁদের সদিচ্ছাকে সাথী করে নিয়ে তবে ঘর ছাড়। এ কাজ অসম্ভব বলে মনে কর না। তোমাদের যুগেই এমন অনেক মহাপুরুষ জন্মেছেন, যাঁরা সেবা দ্বারা পিতৃমাতৃ হৃদয় জয় করেছেন, ভক্তিশ্রদ্ধার দ্বারা তাদের মন বশীভূত করেছেন, তারপরে জগন্মঙ্গলের সঙ্কল্প নিয়ে সংসার ছেড়ে বেরিয়ে পড়েছেন। যা একজনে পেরেছেন, তা আর একজনে কেন পারবেনা?

**পিতৃ-মাতৃভক্তিহীন অকৃতজ্ঞ সন্তানে আর জঙ্গলের একটি জানোয়ারে কোনো তফাৎ নেই। পিতামাতার আশীর্ব্বাদ সাধককে বন্যের মতো সহস্র প্রলোভন থেকে রক্ষা কত্তে পারে।**

**ভগবৎ-প্রাপ্তির পথ (অখণ্ড সংহিতা, পঞ্চম খণ্ড, পৃ. ১৮-১৯) :**

এক ভক্তকে শ্রীশ্রী বাবামণি লিখিলেন, যাঁরা সদ্‌গুরুর কৃপা পেয়েছে, ভগবানকে খুঁজে পাওয়ার 'পথ' তাদের মিলেই গেছে। সদ্‌গুরু লাভই ভগবান লাভের অর্দ্ধেক। কারণ সমস্ত দ্বিধা-দ্বন্দ্ব, সমগ্র সংশয়-সন্দেহ বিসর্জ্জন দিয়ে নির্ব্বিবাদে একটা পথ ধরে অবিশ্রাম চলতে না চাইলে ত'আর ভগবল্লাভ হবে না। সদ্‌গুরু-লাভে দ্বিধা-সংশয় যায়, এখন এই সদ্‌গুরুর প্রকাশ তোমার নিজের মধ্যেই হউক, কি অন্য দেহের মধ্যবর্ত্তিতায় হোক। ভগবানকে খুঁজতে হবে, একটা পথে খুঁজতে হবে। যখন তাঁকে পাওয়া যায়, তখন দেখা যাবে, তিনি সব পথে আছেন, সব ছন্দে আছেন, তখন আর সাধন থাকে না, সাধনের প্রয়োজন থাকে না। কিন্তু যতক্ষণ সাধনের প্রয়োজন আছে, ততক্ষণ নিষ্ঠার একলক্ষ্যতা, পন্থায় একমুখতা, ছন্দের একতানতা চাই-ই চাই। যেকোনো একটা স্পন্দনের ভিতরে আগে তাঁকে অনুভব করা চাই। শ্বাস-বায়ুর অন্তর্মুখিনী গতিতে তাঁরই গতিকে অনুভব করা চাই, প্রশ্বাস-বায়ুর বহির্গামিনী গতিতে তাঁরই গতিকে অনুভব করা চাই। বিশ্ব-ব্রহ্মাণ্ডব্যাপী অনির্ব্বচনীয় বস্তু তিনি, তোমার ক্ষুদ্র দেহ-ভাণ্ডের প্রয়োজনে বচনীয় হয়েছেন, অনুভবযোগ্য হয়েছেন, এখন তুমি তাঁকে শ্বাস-প্রশ্বাসের স্পন্দনরূপী লীলার মধ্যে আস্বাদন কত্তে চেষ্টা কর। খোঁজ তাকে, তোমার শ্বাসের মধ্যে, খোঁজ তাঁকে, তোমার প্রশ্বাসের মধ্যে। শ্বাস-প্রশ্বাস যখন স্বাভাবিকভাবে বিরত হয়ে যাচ্ছে, তখন বায়ুর সেই স্তম্ভিত স্থির অবস্থাটির মধ্যেও ভগবানকে খোঁজ কর। খুঁজতে খুঁজতে এর ভিতরেই তাঁকে দেখতে পাবে, তাঁর বিচিত্র মাধুর্য্যে, তাঁর বিচিত্র ঐশ্বর্য্য, তাঁর বিচিত্র ঔদাসীন্যে– তিনি কখনো প্রেমিকরূপে, কখনো তোমার প্রভুরূপে, কখনো তোমার সহিত অভেদভাবে আত্মপ্রকাশ কর্ব্বেন, তোমাকে ধরা দেবেন।

**ভগবানকে কাহারা পায় (অখণ্ড সংহিতা, পঞ্চম খণ্ড, পৃ. ১৭-১৮) :**

আশ্রম-কর্ম্মীর মধ্যে আলোচনা প্রসঙ্গে শ্রীশ্রী বাবামণি ভগবান দর্শনের আকাঙ্ক্ষা সম্পর্কে বললেন, কত কোটি কোটি জীবন উদ্দেশ্যহীনভাবে জগতে ঘুরে বেড়াচ্ছে, তার মধ্যে দু'চার জনেরই ভগবদ্দর্শনের আকাঙ্ক্ষা হয়। আকাঙ্ক্ষা যাদের জন্মে, তাদের মধ্যেও সবাই যে ভগবানকে দেখার জন্য কাজে লেগে যায়, তা'নয়, কেউ কেউ সাধন আরম্ভ করে। সাধন ত'অভ্রান্ত বস্তু, অতএব দু'দিন পরেই ভিতরে বাইরে নানা লোভনীয় বস্তু ও অবস্থার সঙ্গে সাক্ষাৎকার হতে আরম্ভ করে। তখন ভগবানকে ভুলে গিয়ে বিভূতির জালে জড়িয়ে পড়তে হয় এবং ক্রমে, সেখান থেকে যাত্রা শুরু হয়েছিলো, ফিরে সেই অধঃপতনের দিকে গতি আরম্ভ হয়। একান্তই ঈশ্বরমুখী চিত্ত যা, সে নাম, যশ, প্রতিপত্তি, দিব্যদর্শন, দিবশ্রবণ অতীন্দ্রিয় জ্ঞানলাভ প্রভৃতি তুচ্ছাতিতুচ্ছ করে ভগবানের দিকে ফিরে আসে। ভগবানকে দেখতে না পেয়ে, কেউ যখন তাঁর অস্তিত্বে অবিশ্বাস কচ্ছে, আবার তাঁর দেওয়া বিভূতি দেখে ও অলৌকিক শক্তি পেয়ে কেউ কেউ যখন এ জন্মটা তাতেই কাটিয়ে দিতে চেষ্টা পাচ্ছে, তখন একান্ত ঈশ্বরাভিমুখী সাধক এই ছোট মেয়েটির মতো তাঁকে কেবল খুঁজেই বেড়াচ্ছে এবং পরমেশ্বর এভাবেই তাঁকে পরিশেষে কোলে তুলে নিচ্ছেন। ❑

# Lord Krishna and Arjuna's Dialogue: My Learnings from the Gita

Dipannita Talukder

**In moments of uncertainty, we often look outward for answers, but the Gita reminds us that true clarity comes from within. The dialogue between Lord Krishna and Arjuna is not just a conversation from ancient times, it's a mirror for our own struggles. The following are some learnings from the Gita and my reflection on the conversation between Lord Krishna and Arjuna.**

- **Treat alike pleasure and pain, gain and loss, victory and defeat; then prepare for battle. Thus you shall not incur sin. - Bhagavad Gita, Chapter 2 (Sankhya Yoga), Verse 38.**
  - Victory and defeat, life and death, happiness and sorrow are beyond our control. Our only true responsibility is to perform our duty with sincerity and to fight our battles with integrity. When we learn to see all outcomes as equal - whether they seem favorable or unfavorable - no one can truly make us sad or disappointed. By accepting life's imperfections while always striving to give our best, we free ourselves from negativity. Fulfillment comes not from external events or other people, but from the peace we cultivate within. Happiness is not something to be chased - it is something we carry inside.

> **There will no longer be joy solely in victory or sorrow in defeat. You will simply be at peace, no matter the outcome. This, I believe, should be everyone's ultimate goal.**

- **Why do you grieve for those who should not be grieved for? Cast off this petty weakness of heart and prepare for battle. - Bhagavad Gita, Chapter 2 (Sankhya Yoga), Verses 3 & 11**
  - Even today, the same truth applies: much of our fear and disappointment comes from attachment. We feel hurt when someone we admire lets us down or when we're denied an opportunity we deeply desired - like being rejected from a job. This attachment steals our happiness because it places our peace in the hands of others. True freedom comes when we release that grip, acting with commitment while remaining unattached to the outcome.
- **Therefore, without attachment, perform your prescribed duties, for action done as a duty is far superior to inaction. Even the maintenance of your body would not be possible without action. All beings born to act according to the modes of nature; therefore, you should perform your duties without attachment, for action in itself is pure and meritorious. - Bhagavad Gita, Chapter 3 (Karma Yoga), Verses 8, 19-20 & 33**
  - Performing your duty and working towards what you believe in is the only thing truly within your control. Even if you give your best effort and the outcome isn't what you hoped for, what matters most is that you know you did your absolute best. Your worth isn't defined by whether others accept or recognize you - it is defined by the sincerity and dedication you put into your work. Always ask yourself Did I do my absolute best? If the answer is yes, then you will find happiness within yourself, without needing to depend on external validation. Is it challenging to maintain this mindset all the time? Absolutely. However, the more you embrace it, the less stressed and unsettled you will feel in this unpredictable world - a world that often treats us unfairly.
- **Arjuna said: You say that one should perform action without attachment. Yet, O Krishna, how can one act without desire. Krishna said: No one can remain inactive**

**even for a moment; everyone is forced to act by the qualities born of material nature. - Bhagavad Gita, Chapter 3 (Karma Yoga), Verses 4-5**

- ○ We cannot run away from our responsibilities and expect God to handle everything for us. God's role is to guide and take care of what is beyond our control. For example, as a dancer, my duty is to practice. I must focus on my unique way of learning - different from my peers - and work on my weaknesses. This is where my control lies. The final outcome, however, rests with God. In the past, I feared what people might think of my performance or worried something might go wrong on stage. However, these are things outside my control, and therefore they must be left to God. My role is to practice wholeheartedly and to fully enjoy the performance in the present moment.

- **Considering your dharma, you should not waiver. Even if you desire victory, you may not achieve it; yet, if you do not fight, you will incur sin. Therefore, rise and act according to your duty. - Bhagavad Gita, Chapter 2, Verses 33 & 37**
  - ○ When we compare two realities - what our heart longed for and what actually happened - we often invite disappointment into our lives. However, when desire is removed, disappointment loses its power. This is what Krishna teaches us to view victory and loss as equal. It is not an easy concept to grasp, but once understood, it brings a deep sense of bliss. As Krishna explains, there will no longer be joy solely in victory or sorrow in defeat. You will simply be at peace, no matter the outcome. This, I believe, should be everyone's ultimate goal.

- **When contemplating the objects of the senses, one develops attachment to them. From attachment arises desire; from desire, anger; from anger, delusion; from delusion, loss of memory; from loss of memory, destruction of intelligence; and from destruction of intelligence, one perishes. (Bhagavad Gita, Chapter 2 verses 62-63)**
  - ○ Dhritarashtra is a powerful example of this truth. He forgot that the material things he was fighting for on behalf of his son were never truly his nor his son's to begin with. Like every soldier who died in the Kurukshetra war, he would leave the world with nothing, just as he had entered it. The same fate awaited his son. Had Dhritarashtra made peace with the Pandavas, he would have fulfilled his duty as king and served the greater good of society. Instead, he clung to a material attachment - his kingdom - believing it was rightfully his. In reality, he was fighting for something impermanent, something no human can ever truly possess. In doing so, he lost the chance to live a life of peace.

- **O son of Kunti, the pleasures of the senses are temporary and fleeting. They come and go like the seasons. Therefore, one should not be disturbed by their arrival or disappearance, for all this is the nature of time. - Bhagavad Gita, Chapter 2, Verse 14**
  - ○ No one's situation in life remains the same. It does not matter if you are rich or poor, old or young, successful or unsuccessful - change will come. That is the beauty of life: nothing stays the same. If you are feeling sad, believe that you will be happy again. If you are happy, remain grounded, because your circumstances might shift. It is natural to feel the full range of human emotions, and we should allow ourselves to experience them. However, we must also remind ourselves that every feeling, like every situation, will eventually change.

- **Just as the ocean remains undisturbed through rivers continually flow into it, so too the person into whom desires enter but who is not disturbed attains peace - not the person driven by desires. - Bhagavad Gita, Chapter 2, Verse 70**
  - ○ I believe that human beings are, by nature, endlessly seeking for more. We always want more than what we have.

We long for a better future, which often means we want more than our present reality. Wanting to grow or improve is not wrong, but to attain peace, we must also be deeply grateful for what we already have. We must remember: what we hope to gain in the future may one day be ours, but what we have today may not always remain. For example, I am blessed with the love and presence of my parents and my dog, and I cherish that with gratitude - because one day - these moments will be memories. Hope gives us something to strive for, but true contentment comes from practicing gratitude for the present and nurturing self-love along the way.

- **The sages, knowing Me as the ultimate enjoyer of sacrifices and austerities, the Supreme Lord of all worlds, and the benefactor and well wisher of all beings, attain peace from the pangs of material miseries. - Bhagavad Gita, Chapter 5 (Karma Sannyasa Yoga), Verse 29**
  - In life, there are countless external forces we cannot control. These forces may be confusing, unfair and at times, deeply painful - bringing sadness, disappointment, or even despair. However, when we choose to trust in a higher power, a deep sense of peace can emerge. This trust is the belief that there is something - or someone greater than ourselves guiding the path ahead. It does not need to be Lord Krishna specifically; it could be a feeling within that whatever is happening in life is happening for the best.
- **One who has conquered the mind, who remains in tranquility, is already established in union with God. For such a person, happiness and distress, heat and cold, honor and dishonor are all the same. - Bhagavad Gita, Chapter 6 (Dhyana Yoga), Verses 7 & 8**
  - I believe Arjuna's story illustrates this perfectly. He found peace only after conquering his own mind - after truly understanding his duty as a warrior and why he stood on the battlefield. We often hear that Krishna "gave" him the vision to see the Vishwaroop, but I believe the real transformation was within Arjuna's own mind. In the beginning, confusion clouded his thoughts, and without peace, he could not perceive Krishna's divine form. However, once his mind was clear and aligned with his duty, he was able to see it. The vision came not from external power alone, but from the clarity within. I find the same to be true in my own life. When I conquer my mind, removing doubt, fear and restlessness - I feel peace. In that peace, I feel that God is within me.
- **For the one who sees Me everywhere and sees everything in Me, I am never lost, nor is he ever lost to Me. The yogi who knows Me as ever present in all beings, and worships Me, dwelling in unity, lives in Me - whatever his mode of living may be. - Bhagavad Gita, Chapter 6 (Dhyana Yoga), verses 30-31**
  - This verse moves me deeply every time I read or hear it. I feel immense peace when I truly believe that He is everywhere - watching, guiding and embracing all that happens. In every area in my life, I notice growth when I carry this awareness with me. When I step onto a stage to perform, I no longer feel nervous. I remind myself that He is there with me - on stage, in the audience, and in the very rhythm of my dance. In those moments, nothing else matters. With this mindset, I've found that the results almost always turn out positive - not because I chase them, but because I expect nothing in return. This is the freedom Krishna speaks of: the release from all burdens. When you let go of expectations and place your trust in Him, what is meant for you comes naturally, almost as if by magic. It's one of the most beautiful experiences in life. I wish more people could feel this, because it is beyond anything this world can offer. I truly feel separate from the chaos around me, as if I live in Him and He in me. I am deeply grateful for this connection and will carry it until my last breath - and beyond, into eternity. ❑

# সিন্ধু সভ্যতার ‘মহেঞ্জোদারো’ এবং রাখালদাস বন্দ্যোপাধ্যায়

স্বপন কুমার দেব*

প্রত্নতত্ত্ব / পুরাতত্ত্ব বা আর্কিওলজির ইতিহাসে মহেঞ্জোদারো একটি উল্লেখযোগ্য নাম। এই নামটি সবার কাছে পরিচিত। সুপ্রাচীন সিন্ধু সভ্যতার নিদর্শন এই শহর বা জনপদ কালের বিবর্তনে ও প্রাকৃতিক ভূমি বিন্যাসের কারণে একসময় ভূগর্ভে হারিয়ে গিয়েছিলো। ভারতীয় প্রত্নতত্ত্ববিদ রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের সফল খনন কার্য্যের ফলশ্রুতিতে প্রাচীন সিন্ধু সভ্যতা ও মহেঞ্জোদারো ইতিহাসে স্থান করে নেয়। সিন্ধু সভ্যতা ছিল প্রাচীন ব্রোঞ্জ যুগের একটি সভ্যতা। ভারতীয় উপমহাদেশের পশ্চিমাঞ্চলে সিন্ধু নদ অববাহিকায় এই সভ্যতা গড়ে উঠেছিলো। সিন্ধু সভ্যতা খৃষ্টপূর্ব ৩৩০০ (তিন হাজার তিনশত) বছর আগে বিকাশ লাভ করে এবং ১৩০০ (তেরশো) খৃষ্টাব্দ অবধি চলতে থাকে। মূল বিকাশ লাভ ঘটেছিলো খৃষ্টপূর্ব ২৬০০ (দুই হাজার ছয়শত) থেকে খৃষ্টপূর্ব ১৯০০ (একহাজার নয়শত) সাল পর্যন্ত। একই সঙ্গে হরপ্পা জনপদ বা শহর এই সভ্যতার আরেকটি জনপদের নাম। হরপ্পার অবস্থান মহেঞ্জোদারো থেকে খানিকটা দূরে। মহেঞ্জোদারো বর্তমান পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় অবস্থিত।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৯২২-২৩ সালে মহেঞ্জোদারো খনন কার্য সম্পন্ন করেন এবং তা আবিষ্কার করেন। এতে প্রত্নতত্ত্ব জগতে সাড়া পড়ে যায় এবং সাধারণ মানুষ সিন্ধু সভ্যতা সম্পর্কে বিশেষভাবে অবগত হন। প্রত্নতত্ত্ব আবিষ্কারের তালিকায় মহেঞ্জোদারো গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। সুপ্রাচীন সিন্ধু সভ্যতার নিদর্শন মহেঞ্জোদারোর ধ্বংসাবশেষ আবিষ্কার রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের জীবনের শ্রেষ্ঠ কীর্তি। তিনি না থাকলে হয়তো আমরা মহেঞ্জোদারো নামে যে সেকালে একটি আধুনিক সভ্যতা ও শহর ছিল তা জানতেই পারতাম না। রাখালদাস বন্দ্যোপাধ্যায় খনন করে মহেঞ্জোদারোর অস্তিত্ব ও অবস্থান আবিষ্কার করলে বিশ্ববাসী সে সম্পর্কে জানতে পারেন। মহেঞ্জোদারো ছিল একটি সুপ্রাচীন পরিকল্পিত নগরী। সেখানকার উন্নত পয়ঃপ্রণালী, নিকাশি ব্যবস্থা, ইটের তৈরি দোতালা ঘরবাড়ি, শস্যাগার, স্নানাগার, পরিকল্পিত রাস্তাঘাট বিভিন্ন মূর্তি, স্থাপত্য নিদর্শন এগুলো ছিল অনবদ্য এবং মহেঞ্জোদারো ছিল বিশ্বের প্রাচীনতম শহরগুলোর মধ্যে অন্যতম। মিশর ও মেসোপটেমিয়া সভ্যতার সমসাময়িক। তাদের সঙ্গে জলপথে ব্যবসা বাণিজ্য চলত মহেঞ্জোদারোর। রাখালদাস বন্দ্যোপাধ্যায় খনন কার্য চালাতে গিয়ে তিনি কুষাণ যুগ ও সেই যুগের সম্রাট কনিষ্ক সম্পর্কেও অনেক তথ্য আবিষ্কার করেন। রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের নাম আমরা শুনলেও তা অনেকটা সাধারণ জ্ঞানের মতো করে জেনেছি। খনন কার্য চালাতে গিয়ে তিনি যে বারবার প্রতিকূল অবস্থায় পড়েছিলেন এবং বঞ্চনার শিকার হয়েছিলেন তা হয়তো অনেকেরই জানা নেই।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৮৮৫ সালের ১২ এপ্রিল তারিখে অবিভক্ত ভারতবর্ষের বাংলায় তথা বর্তমান পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বহরমপুরে জন্মগ্রহণ করেন। তিনি আর ডি ব্যানার্জি নামেও পরিচিত ছিলেন। তার পিতা মতিলাল বন্দ্যোপাধ্যায় ছিলেন একজন প্রতিথযশা আইনজীবি। তাদের পরিবার পরবর্তীকালে বনগাঁ অঞ্চলে স্থায়ীভাবে চলে আসেন। ১৯১০ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। উনার প্রথম কর্মজীবন শুরু হয়েছিলো কলকাতার ইন্ডিয়ান মিউজিয়ামে। পরে তিনি স্থায়ীভাবে যোগ দেন ভারতের প্রত্নতাত্ত্বিক বিভাগে। ১৯২২ সালে মহেঞ্জোদারো আবিষ্কারের মূল কৃতিত্ব রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের। এছাড়া তিনি পাহাড়পুরের বৌদ্ধ বিহার ও মন্দির খনন করেন, এবং মহস্থানগড়, খোড়াঘাট ও আসামের তেজপুরে দহ পার্বতীয়া এলাকায় প্রত্নতত্ত্ব আবিষ্কার করেন। তার স্বল্প জীবনে তিনি বাংলা ও ইংরেজি ভাষায় প্রায় চৌদ্দটি তথ্যসমৃদ্ধ পুস্তক, নয়টি উপন্যাস এবং তিনশোর বেশি মূল্যবান প্রবন্ধ রচনা করেছিলেন।

১৯৩০ সালে রাখালদাস বন্দ্যোপাধ্যায় মৃত্যুবরণ করেন। ১৯১১ সালে তিনি আর্কিওলজিকেল সার্ভে অব ইন্ডিয়াতে সহকারী সুপারিনটেনডেন্ট হিসাবে যোগদান করেন। পরবর্তীতে ১৯১৭ সালে রাখালদাস বন্দ্যোপাধ্যায় সংস্থার পশ্চিম বিভাগে সুপারিনটেনডেন্ট আর্কিওলজিষ্ট হিসাবে পুনে অফিসে যোগ দেন। তখন এক বিস্তীর্ণ এলাকা জুড়ে খনন কাজ চালানোর দায়িত্ব তার উপর বর্তায়। এই এলাকার মধ্যে মহেঞ্জোদারো অঞ্চল অন্তর্ভুক্ত ছিল। ইতিমধ্যে কালের পরিক্রমায় ও প্রাকৃতিক ভূমি বিন্যাসের কারণে মহেঞ্জোদারো মাটির নীচে চাপা পড়ে গিয়েছিলো। ভগ্ন শহরের উপরে স্তূপ দেখতে পাওয়া যায়। স্তূপটি দেখতে ছিল বৌদ্ধ কুষান যুগের স্তূপের মতো। সিন্ধু সভ্যতার ধ্বংসাবশেষের উপরে পরবর্তীকালে কুষান সভ্যতা গড়ে উঠেছিলো। এই অবস্থায় মহেঞ্জোদারোর অবস্থান চিহ্নিত করা খুব কঠিন ছিল। রাখালদাস বন্দ্যোপাধ্যায় গবেষণাকালে জানতে পেরেছিলেন মহেঞ্জোদারো বা সিন্ধু সভ্যতার উন্মেষ ঘটেছিলো প্রস্তর যুগের পরপর যা নবপ্রস্তর যুগ বা তাম্র যুগ বা ক্যালোলিথিক যুগ নামে পরিচিত। একটি ঘটনা বা দুর্ঘটনা থেকে তিনি বুঝতে পারেন এখানে মাটির নীচে অধিক পুরাতন সভ্যতার নিদর্শন আছে।

**রাখালদাস বন্দ্যোপাধ্যায় গবেষণাকালে জানতে পেরেছিলেন মহেঞ্জোদারো বা সিন্ধু সভ্যতার উন্মেষ ঘটেছিলো প্রস্তর যুগের পরপর যা নবপ্রস্তর যুগ বা তাম্র যুগ বা ক্যালোলিথিক যুগ নামে পরিচিত। একটি ঘটনা বা দুর্ঘটনা থেকে তিনি বুঝতে পারেন এখানে মাটির নীচে অধিক পুরাতন সভ্যতার নিদর্শন আছে।**

১৯২১ সালে রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহেঞ্জোদারোর নিকটবর্তী লারকানা জেলার গৈচিডেরো নামক একটি স্থান পরিদর্শনকালে তিনি দেখতে পান একটি ভাঙ্গা বড় বাড়িতে অনেকগুলো মাটির জালা বের হয়ে রয়েছে। সেখানে জালার ভিতরে মাটির তাকে তাকে ছুরি, মানুষের অঙ্গের অস্থি, মাটির ভাড়ে ধান, তামাক, যব, গুড়, অলংকার কাঁচের বাসন পুঁতির মালা ইত্যাদি দ্রব্য সামগ্রী প্রাপ্ত হন। এতে তিনি অনুমান করতে পারেন আগের প্রত্নতত্ত্ববিদদের অন্য মতামত থাকলেও মহেঞ্জোদারোর প্রাচীনতা অনেক বেশি। এমতাবস্থায় রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৯২২ সালের ডিসেম্বর মাস থেকে ১৯২৩ সালের মার্চ মাস পর্যন্ত মহেঞ্জোদারো খনন কাজ পরিচালনা করেন। খনন কাজ চালাতে গিয়ে তিনি কুষান যুগের মুদ্রা ও বৌদ্ধ সংস্কৃতির বিভিন্ন বস্তু আবিষ্কার করেছিলেন। সেই সময়ে দুটি পৃথক সভ্যতার জিনিসপত্র একে অন্যের সঙ্গে মিশে একাকার অবস্থায় থাকলেও তিনি অভিজ্ঞ পেশাদারিত্বের কারণে সিন্ধু সভ্যতার সিল, বিষ্ণু মূর্তি ও অন্যান্য মূর্তি, সমাধি, ইট ইত্যাদি সঠিকভাবে চিনে আলাদা করেছিলেন। বর্তমানে পাকিস্তান সরকারের একটি সাইনবোর্ড মহেঞ্জোদারোর সামনে স্থাপন করা আছে। এতে মহেঞ্জোদারো নিয়ে কাজ করেছেন এমন সব প্রত্নতত্ত্ববিদদের নাম লেখা আছে যাতে রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের নাম স্বমহিমায় বিদ্যমান।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় কর্তৃক মহেঞ্জোদারো আবিষ্কারের পর সারাবিশ্ব এই সভ্যতাকে সুপ্রাচীন ভারতীয় সভ্যতা বলে মান্যতা দেন। রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৯২৬ সালে খনন রিপোর্ট দাখিল করেছেন মর্মে কোনো কোনো নথিতে উল্লেখ থাকলেও প্রকৃতপক্ষে তিনি ১৯২৪ সালে তৎকালীন ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের মহাপরিচালক জন মার্শাল বরাবরে রিপোর্ট দাখিল করেছিলেন। কোনো কারণে সেই রিপোর্ট ফেরত পাঠিয়ে পুনঃ দাখিল করতে বলা হলে তিনি পুনরায় ১৯২৬ সালে তা দাখিল করেছিলেন। তদানিন্তন কর্তৃপক্ষ ষড়যন্ত্রমূলে রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের রিপোর্টটি প্রকাশ না করে ও না ছাপিয়ে তাকে বঞ্চিত করেন। বরং মহাপরিচালক মার্শাল সাহেব অসৎ উদ্দেশ্যে নিজের নামে ছবিসহ লন্ডন থেকে প্রকাশিত 'ইলাস্ট্রেটেড লন্ডন' নিউজ পেপারে ১৯২৪ সালের ২০ সেপ্টেম্বর সংখ্যায় সিন্ধু সভ্যতা আবিষ্কার বিষয়ে প্রবন্ধ প্রকাশ করেন। এই প্রবন্ধের কোথাও রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের নাম পর্যন্ত উল্লেখ করা হয়নি। এদিকে নানা কাল্পনিক অভিযোগ এনে রাখালদাসকে হয়রানি করা হতে থাকে এবং অসত্যের আশ্রয়ে দূরভিসন্ধিমূলে তাকে ১৯২৬ সালের ১৬ আগষ্ট তারিখে চাকরি থেকে সাময়িক বরখাস্ত বা সাসপেন্ড করা হয়। পরবর্তী সময়ে তাকে স্বেচ্ছা অবসরে যেতে বাধ্য করা হয়েছিলো। এই কারণে তিনি অর্থ কষ্টে ভোগেন ও তার মন ভেঙ্গে যায়।

মার্শালের পর প্রত্নতত্ত্ব বিভাগের মহাপরিচালক হয়েছিলেন এইচ হারগ্রীভস্ নামে একজন। তিনি রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের রিপোর্টটি খুঁজে বের করেন ও উনাকে ফেরত পাঠিয়ে ছাপতে পারবেন বলে অনুমতি দেন। সেটি ঘটেছিলো ১৯৩০ সালের ১৬ জানুয়ারি তারিখে। আর রাখালদাস বন্দ্যোপাধ্যায় রোগে ভুগতে ভুগতে মৃত্যুবরণ করেন ১৯৩০ সালের ২৩ মে তারিখে। তিনি জীবদ্দশাতে রিপোর্টের ভাগ্যে কি ঘটেছিলো তা আর দেখে যেতে পারেননি। হারগ্রীভস্-এর লেখা থেকে ধারণা করা হয় রিপোর্টটি বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে ছিল। রিপোর্ট থেকে বিভিন্ন ছবি সরিয়ে নেয়া হয়েছিলো অদৃশ্য কারসাজিতে। যাইহোক প্রফেসর অগ্রবাল 'Mohrnjodaro A Forgotten Report' নাম দিয়ে এটি প্রকাশ করেছিলেন। এদিকে মার্শাল সাহেব ১৯৩১ সালে 'Mohenjodaro and the Indus Civilization' নামে একটি গ্রন্থ তিন খণ্ডে প্রকাশ করেন। তিনি নামকা ওয়াস্তে রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের নাম উল্লেখ করলেও বেশি ব্যস্ত ছিলেন রিপোর্টটি ভ্রান্ত প্রমাণে। এদিকে ১৯২৪ সালে প্রবন্ধ প্রকাশের পরপরই জয়জয়কার শুরু হয়ে গিয়েছিলো মার্শালের নামে। মার্শাল তার বইয়ে রাখালদাস বন্দ্যোপাধ্যায় কর্তৃক আবিষ্কৃত কুষাণ যুগের সভ্যতা ভেদ করে সিন্ধু সভ্যতার নিদর্শন পাওয়া এবং দীর্ঘদিন ধরে সিন্ধু সভ্যতা তথা ভগ্নপ্রায় মহেঞ্জোদারো শহরের উপরে যে নির্মাণ কাজ হয়েছিলো এবং নির্মাণ কার্য্যের উপাদান অনেকাংশেই ছিল সিন্ধু সভ্যতার ধ্বংসাবশেষ থেকে পাওয়া সামগ্রী দিয়ে তৈরি, এই বিষয়গুলো উল্লেখ করেননি।

সেই যুগে বৈজ্ঞানিক পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে বয়স নির্ণয়ের পদ্ধতি ছিল না। কিন্তু রাখালদাস আংশিক খননের পরই বিচক্ষণতার সঙ্গে রহস্যভেদে সক্ষম হয়েছিলেন। এই অবস্থায় রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের পক্ষে কলম ধরেন সুনীতি কুমার চট্টোপাধ্যায়। আগেই উল্লেখ করা হয়েছে ইলাস্ট্রেটেড নিউজ পত্রিকায় মার্শালের রিপোর্ট প্রকাশের পর মার্শালের জয়জয়কার শুরু হয়ে গিয়েছিলো। রাখালদাসের সাধ্য ছিল না তার মহাপরিচালকের সঙ্গে লড়াই করেন। তবে তিনি সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের কাছে কিছু মালমসলা ও ছবি দিয়েছিলেন লিখতে। যাতে ভবিষ্যতের জন্য একটা রেকর্ড থাকে। সুনীতি কুমার চট্টোপাধ্যায় মডার্ন রিভিউ পত্রিকায় রাখালদাসের পক্ষে কলম ধরেছিলেন। রাখালদাস বন্দ্যোপাধ্যায় বাঙালি হিসাবে আমাদের অত্যন্ত গর্বের একজন মানুষ। তার প্রতি যে অবিচার করা হয়েছিলো সেটি অত্যন্ত পরিতাপের বিষয়। এই প্রত্নতত্ত্ববিদের মহৎ কীর্তি আমাদের স্মরণে থাকবে। উনি না থাকলে হয়তো সুপ্রাচীন সিন্ধু সভ্যতা ও মহেঞ্জোদারো আবিষ্কৃত হতো না। উল্লেখ্য যে প্রায় ২৪০ হেক্টর পরিমাণ ভূমি নিয়ে মহেঞ্জোদারোর অবস্থান।

খনন কার্য একটি চলমান প্রক্রিয়া। তবে পরিবেশ ও বিভিন্ন অবস্থা বিবেচনা করে খনন কার্য চালাতে হয়। বারবার খনন কার্য চালালে ভগ্ন কাঠামো আরো ভেঙ্গে যাওয়ার আশঙ্কা দেখা দিতে পারে। পরবর্তীকালে ১৯৪৫ সালে মহেঞ্জোদারোতে খনন কার্য হয়েছিলো। সেখানে সর্বশেষ খনন কার্য হয়েছে ১৯৬৪-৬৫ সালে। রাখালদাস বন্দ্যোপাধ্যায় আমাদের মাঝে নেই। তবে উনার রিপোর্টটি চিরদিন থাকবে। রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের স্মৃতির প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা। ❑

সাহায্য সূত্র ও কৃতজ্ঞতা স্বীকার, গ্রন্থ– 'রাখালদাস বন্দ্যোপাধ্যায় –মহেঞ্জোদারো– হারিয়ে যাওয়া রিপোর্ট' –দীপান ভট্টাচার্য, এবং গুগল তথ্য ভাণ্ডার।

[ * সিনিয়র আইনজীবি ও লেখক, সুনামগঞ্জ, বাংলাদেশ। বর্তমানে টরন্টো, কানডা প্রবাসী। ]

# হত্যা করেও হত্যাকারী নয়?

শ্রী বুলবুল ভৌমিক

**ভূমিকা :** কোনো মানুষ অন্য কোনো নির্দোষ মানুষকে হত্যা করলে তাকে দেশের প্রচলিত আইনের মাধ্যমে শাস্তি প্রদান করা হয় সকল সভ্য দেশেই। শুধু তাই নয়, অনেক সভ্য দেশে এমনকি পশু-পক্ষীদের উপর অন্যায্য অত্যাচারের কারণেও মানুষকে আইনগতভাবে শাস্তির সম্মুখীন হতে হয়। এখন কেউ যদি আপনাকে বলে যে, কোনো মানুষকে হত্যা করেও আপনি হত্যাকারী হিসাবে বিবেচিত হবেন না বা কোনোরূপ শাস্তির মুখোমুখি হতে হবে না, তাহলে নিশ্চিতভাবেই আপনার ভ্রূ কুঁচকে উঠবে। তদুপরি, যদি এও বলা হয় যে, এটি একটি ধর্মগ্রন্থের বিধান, তাহলে আপনার মন এ ব্যাপারে অবশ্যই অবিশ্বাসী হবে। এবং তা অস্বাভাবিক নয় মোটেই।

হ্যাঁ, এমন একটি শ্লোকের উপস্থিতি লক্ষ্য করা যায় সনাতন ধর্মের অতিমান্য পুস্তক শ্রীমদ্ভগবদ্গীতায়। তবে আরও অগ্রসর হওয়ার পূর্বে একটি সতর্কবাণী প্রদান আবশ্যক। 'হত্যা করেও হত্যাকারী নয়' –এটি উক্ত শ্লোকের অপব্যাখ্যা এবং আংশিক ব্যাখ্যা মাত্র। সম্পূর্ণ শ্লোকটি বিবেচনায় না এনে এর কদর্থ করে থাকে সনাতন ধর্মবিদ্বেষী কিছু ভণ্ড ব্যক্তি।

আরও একটি বিষয় এ প্রসঙ্গে প্রণিধানযোগ্য। "শাস্ত্রের দুই অর্থ–শব্দার্থ ও মর্মার্থ। মর্মার্থটুকু লতে হয়; যে অর্থ ঈশ্বরের বাণীর সঙ্গে মিলে। চিঠির কথা, আর যে ব্যক্তি চিঠি লিখেছে তার মুখের কথা, অনেক তফাৎ। শাস্ত্র হচ্ছে চিঠির কথা; ঈশ্বরের বাণী মুখের কথা।" (শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত, ৩য় ভাগ, ১৫শ খণ্ড, ২য় পরিচ্ছেদ, পৃ: ৫২২) এ প্রবন্ধে আমরা শব্দার্থ এবং মর্মার্থ দু'টি দৃষ্টিকোণ থেকেই শ্লোকটিকে বিশ্লেষণ করতে চেষ্টা করবো। তবে এ শ্লোকটিকে যথার্থভাবে অনুধাবন করতে হলে এ বিষয়টি স্মরণ রাখা আবশ্যক যে, এর শাব্দিক অর্থের চেয়ে এর ভাবার্থ অধিক তাৎপর্যপূর্ণ। তাই প্রথমেই এই পুরো শ্লোকটির উপস্থাপনা আবশ্যক।

**মূল শ্লোক:** **যস্য নাহংকৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।**
**হত্বাপি স ইমাঁল্লোকান্ন হন্তি ন নিবধ্যতে ॥**

(গীতা, ১৮/১৭)

**সন্ধিবিচ্ছেদ ও শব্দার্থ :** যস্য = যাঁর, (নাহংকৃতো = ন + অহংকৃতঃ) ন = নেই, অহংকৃতঃ = আমা কর্তৃক কৃত (অর্থাৎ আমিই কর্তা), ভাবঃ = ভাব, (বুদ্ধির্যস্য = বুদ্ধিঃ+যস্য) বুদ্ধিঃ = বুদ্ধি [ইষ্ট-অনিষ্ট বুদ্ধি। –শ্রীমদ্ভগবদ্গীতা (সুবোধিনী-টীকা), পৃ: ৪০০], যস্য = যাঁর, ন = না, লিপ্যতে = লিপ্ত হওয়া, (হত্বাপি = হত্বা+অপি) হত্বা = হত্যা করে, অপি = ও, সঃ = তিনি, (ইমাঁল্লোকান্ন = ইমান্+লোকান্+ন) ইমান্ = এই, লোকান্ = জগতের সকল জীবকে, ন = না, হন্তি = হত্যা করেন (আত্মা কাউকে হত্যা করেন না বা কারও দ্বারা হত হন না। –গীতা, ২/১৯), ন = না, নিবধ্যতে = আবদ্ধ হওয়া (ফলাকাঙ্ক্ষা ত্যাগ করে কর্ম করলে মানুষ কর্মফলে লিপ্ত হয় না। –গীতা, ৫/১০)।

**বঙ্গানুবাদ :** যাঁর 'আমা কর্তৃক কৃত' (এরূপ) ভাব নেই, যাঁর বুদ্ধি (কর্মফলে) লিপ্ত হয় না, এই জগতের সকল জীবকে হত্যা করেও তিনি হত্যা করেন না বা (হত্যার কর্মফলে) আবদ্ধ হন না।

(এ প্রবন্ধে উদ্ধৃত গীতার সকল শ্লোক, অনুবাদ ও ব্যাখ্যা 'শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা' পুস্তক হতে নেয়া হয়েছে।)

আমরা এখন গীতার ১৮/১৭ সংখ্যক শ্লোকের কিছু কিছু গুরুত্বপূর্ণ শব্দের তাৎপর্য উপলব্ধি করতে প্রয়াসী হবো।

**নাহংকৃতঃ** = অহংকার নেই। তাহলে প্রথমেই শাস্ত্রীয় ভাষায় অহংকারের সংজ্ঞা জ্ঞাত হওয়া আবশ্যক। **"অভিমানাত্মিকা অন্তঃকরণবৃত্তিঃ অহংকারঃ ॥"** –'আমি আমি' এরূপ অভিমানরূপ অন্তঃকরণবৃত্তিকে অহংকার বলে। (বেদান্তসারঃ/৬৯)

**"অভিমানোঽহঙ্কারঃ।"** –অভিমানই অহংকার। (সাংখ্যকারিকা/২৪)

আর **অভিমানঃ** = অভিমান (নিজেকে অতিশয় পূজ্য মনে করা। –শ্রীমদ্ভগবদ্গীতা –শ্রীমধুসূদন সরস্বতী কৃত টীকা, পৃ: ৯৯৯; নিজের উপরে একটা কিছুকে টেনে আনা বা আরোপ করা। –দিব্য-জীবন, পৃ: ৯৫৮)

**"অহঙ্কারঃ স বিজ্ঞেয়ঃ কর্তা ভোক্তাভিমান্যম্।"** –সেই অহংকারকে ভালো-মন্দ কাজের 'আমি কর্তা' ও সুখদুঃখের 'আমি ভোক্তা' এই ভাবের অভিমানী বলে জানবে। (বিবেকচূড়ামণি/১০৪)

তাহলে সংক্ষেপে আমরা বলতে পারি যে, 'আমা কর্তৃক কৃত' বা 'আমিই কর্তা' এই ভাবটিই অহংকার। এক্ষেত্রে লক্ষণীয় যে, আমি স্বয়ং নিজেকেই কর্মের কর্তা বলে বিবেচনা করছি। আমি যে কর্তা নই বরং **'নিমিত্তমাত্রম্'** (গীতা ১১/৩৩), গীতার সে উপদেশবাণী আমরা বিস্মৃত হচ্ছি। সুতরাং, এ প্রসঙ্গে গীতায় ব্যবহৃত 'নিমিত্ত' শব্দটির মর্মার্থ গ্রহণ আবশ্যক।

**নিমিত্ত** = নিমিত্ত বা উপলক্ষ [ভগবান সব কিছুর কর্তা, জীব শুধুমাত্র ভগবানের অঙ্গুলিহেলনে সকল কর্ম করে, যদিও জীবের সামান্য কর্ম-স্বাধীনতা আছে। নিমিত্তমাত্র হওয়ার অর্থ এই নয় যে, শুধুমাত্র কাজ করে যাওয়া। এর প্রকৃত অর্থ হলো নিজের সমস্ত

> **"যাঁহার 'অহং' ভাব নাই, বুদ্ধি যাঁহার কোন কিছুতেই লিপ্ত হইবার নহে, এই সমুদয় লোককে তিনি যদি বধও করেন, তথাপি তাঁহার হত্যাপরাধ হয় না এবং নিজেও তিনি নিহত হইবার নহেন।"**
> **(যোগবাশিষ্ঠ রামায়ণ, নির্বাণ-প্রকরণ, পূর্বভাগ/4, পৃ: ৫৮৮)**

শক্তি দিয়ে কাজ করা, কিন্তু কোনোমতেই নিজেকে এর কারণ বা কর্তা বলে মনে না করা। –শ্রীমদ্‌ভগবদ্‌গীতা (সাধক-সঞ্জীবনী), পৃ: ৭৯৭] অর্থাৎ সংক্ষেপে বলা যায় যে কর্তার কোনোরূপ কর্তৃত্বাভিমান থাকবে না।

**বুদ্ধি** = বুদ্ধি

**"বুদ্ধিঃ নাম নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তিঃ ॥"** –অন্তঃকরণের নিশ্চয়াত্মক বৃত্তিকে বুদ্ধি বলে। (বেদান্তসারঃ/৬৫)

**"বুদ্ধিঃ পদার্থাধ্যবসায়ধর্মতঃ।"** –অধ্যবসায়পূর্বক পদার্থের বিশ্লেষণের দ্বারা পদার্থের নিশ্চিত জ্ঞান উৎপন্ন করার বৃত্তি হচ্ছে বুদ্ধি। (বিবেকচূড়ামণি/৯৩)

"যখন এইরূপ নিশ্চয়াত্মিকা ধারণা করে যে, 'ইহা এই প্রকারই' তখন উহাকে বুদ্ধিনামে নির্দেশ করা হয়।" (যোগবাশিষ্ঠ রামায়ণ, নির্বাণ-প্রকরণ, উত্তর ভাগ/১৮৮, পৃ: ১১৫৭)

তাহলে সংক্ষেপে এ কথা বলা যায় যে, আমরা যখন কোনো বিষয়ে কোনো স্থির সিদ্ধান্ত গ্রহণ করি, সেই সিদ্ধান্তকে 'বুদ্ধি' বলা হয়। গীতার আলোচ্য ১৮/১৭ শ্লোকে কর্মফলে (কর্মে নয়) স্থির সিদ্ধান্ত গ্রহণ না করার নির্দেশ বিবক্ষিত। অর্থাৎ কর্ম করেও কর্মফলাকাঙ্ক্ষা পরিত্যাজ্য। এ প্রসঙ্গে গীতার নিত্য পাঠকের স্মৃতিপথে উদয় হবে গীতার আরেকটি শ্লোকের একটি গুরুত্বপূর্ণ অংশ, **"কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।"** – (কর্তব্য) কর্মেই তোমার অধিকার, কর্মফলে কখনও নয়। (গীতা, ২/৪৭) আগ্রহী পাঠক/পাঠিকাদের জন্য রইলো এ সম্পর্কিত একটি প্রবন্ধের উল্লেখ। (**"কর্মণ্যেবাধিকারস্তে"** – শ্রী বুলবুল ভৌমিক, বাসন্তিকা, পৃ: ৫২-৫৫)

আলোচনার আরও সম্মুখে অগ্রসর হওয়ার পূর্বে দু'টি নিম্নলিখিত বিষয় সম্পর্কে কিছুটা আলোকপাত আবশ্যক যেন আলোচ্য শিরোনামের সঠিক ব্যাখ্যা ও অনুধাবন সম্ভব হয়।

(১) আত্মরক্ষার্থে হত্যা: নিজের প্রাণ অথবা নিজের প্রিয়জনের প্রাণ রক্ষার্থে আক্রমণকারীকে প্রতিহত করতে গিয়ে প্রয়োজনে আক্রমণকারীকে হত্যা করাকে সাধারণভাবে 'আত্মরক্ষার্থে হত্যা' নামে অভিহিত করা যায়। প্রায় সকল সভ্য দেশেই হত্যাকারীকে আইনগতভাবে এ রকম হত্যাকাণ্ডের দায়ভার বহন করতে হয় না অর্থাৎ শাস্তি পেতে হয় না। কারণ এ ক্ষেত্রে হত্যাকারী প্রথমে আক্রমণ করতে উদ্যত হন নি এবং শুধুমাত্র নিজের অথবা প্রিয়জনের প্রাণ রক্ষার্থে অনন্যোপায় হয়ে আক্রমণকারীকে হত্যা করতে বাধ্য হয়েছেন। যে কোনো অপরাধের ক্ষেত্রেই অপরাধের উদ্দেশ্য একটি মুখ্য ভূমিকা পালন করে থাকে এবং বিচারক তাঁর বিচারকার্যে এ উদ্দেশ্যটি গুরুত্ব সহকারে বিবেচনায় রাখেন।

এতক্ষণ আত্মরক্ষার্থে হত্যার ব্যাপারে শুধুমাত্র আইনগত বিষয়টি সংক্ষেপে তুলে ধরা হয়েছে। এখন আমরা দেখতে চেষ্টা করবো, এরূপ ক্ষেত্রে শাস্ত্রীয় বিধান কী বলে।

**"আততায়িনং হত্বা নাম ত্রানমিচ্ছোঃ কিঞ্চিৎ কিলসিষমাহুঃ। ষড়বিধাস্তাততায়িনঃ। অথাপুদাহরন্তি।"**

**"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েত আততায়িনঃ ॥**

**আততায়িনমায়ান্তমপি বেদান্তপারগম্। জিঘাংসন্তং জিঘাংসীয়ান্ন তেন ব্রহ্মহা ভবেৎ ॥"**

(বসিষ্ঠসংহিতা, তৃতীয় অধ্যায়, ঊনবিংশতি-সংহিতা, পৃ: ৪৯৯)

–আত্মরক্ষার্থ আততায়ীকে বধ করবে। এ বিষয়ে কিছুমাত্র পাপ নেই – এ কথিত আছে। আততায়ী ষড়বিধ। এ বিষয়েও উক্ত আছে। অগ্নিদ (গৃহে অগ্নিসংযোগকারী), বিষদাতা, উদ্যতাস্ত্র (যে হত্যা করতে অস্ত্রহাতে উদ্যত), ধনাপহারী, ক্ষেত্রাপহারী (বলপূর্বক ভূমি দখলকারী) ও দারাপহারী (বলপূর্বক স্ত্রীলোক অপহরণকারী) – এই ছয় প্রকার আততায়ী। বেদান্তপারগ ব্যক্তিও যদি আততায়ী হয়ে আসে, তা হলে সে হননেচ্ছু ব্যক্তিকে বধ করবে, তাতে ব্রহ্মঘাতী হবে না। মনুসংহিতাতেও (৮/৩৪৯) এ বক্তব্যের সমর্থন পরিলক্ষিত হয়। আরও বলা হয়েছে,

**"গুরুং বা বালবৃদ্ধৌ বা ব্রাহ্মণং বা বহুশ্রুতম্। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্ ॥"** (মনুসংহিতা, ৮/৩৫০)

– গুরুই হোক্, বালকই হোক্, বৃদ্ধই হোক্, অতি বড় বেদবিদ্যাসম্পন্ন ব্রাহ্মণই হোক্, এদের মধ্যে কেউ যদি আততায়ী হয়ে আক্রমণ করে, তাহলে কোনোরকম বিবেচনা না করে তাকে অবশ্যই বধ করবে।

মনুসংহিতায় (৮/৩৫১) আরও বলা হয়েছে যে, আততায়ীকে প্রকাশ্য বা অপ্রকাশ্যভাবে (অর্থাৎ গুপ্তহত্যা যেমন বিষ প্রদানের দ্বারা) হত্যা করলে হত্যাকারীর কোনো দোষ হয় না।

"অবধ্যকে বিনাশ করিলে যে পাপ হয়, বধ্যকে বিনাশ না করিলেও সেই পাপ জন্মিয়া থাকে।" (মহাভারত, শান্তিপর্ব/ ১৪২, পৃ: ৬৮৫)

তাহলে এ বিষয়টি প্রতিপন্ন হচ্ছে যে, 'আত্মরক্ষার্থে হত্যা' রাষ্ট্রীয় আইনে স্বীকৃত এবং শাস্ত্রীয় বিধানে সমর্থিত।

(২) নিষ্কাম কর্ম: নিষ্কর্মা এবং নিষ্কামকর্ম শব্দ দু'টি সমার্থক নয় কোনভাবেই। নিষ্কর্মা হচ্ছে অলস ও জড় প্রকৃতির ব্যক্তি যে কোনোপ্রকার উপলক্ষ অবলম্বন করে কর্ম পরিত্যাগ বা পরিহার করার প্রয়াস করে অন্যের অন্ন ধ্বংস করে। আর বিপরীতে নিষ্কাম কর্ম হচ্ছে কর্ম পরিত্যাগ করা নয় বরং কর্তৃত্বাভিমান এবং কামনা-বাসনা পরিত্যাগ করে সুষ্ঠুভাবে এবং নিরলসভাবে স্বীয় কর্মাদি কর্তব্যবোধে সম্পন্ন করা।

শ্রীমদ্ভগবদ্গীতার বিভিন্ন অধ্যায়ে ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে নিষ্কাম কর্মের উপদেশ প্রদান করেছেন। বিশেষতঃ দ্বিতীয় অধ্যায়ের (সাংখ্য যোগ) ৩৯-৫৩ শ্লোকসমূহ এবং তৃতীয় অধ্যায়ের (কর্ম যোগ) ৩/৩৫ সংখ্যক শ্লোকসমূহ এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। কয়েকটি শ্লোকের উদ্ধৃতি নিষ্কাম কর্মের মর্নার্থ অনুধাবনে সহায়ক হবে।

**"সুখেদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।**
**ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥"** (গীতা, ২/৩৮)

– সুখ-দুঃখ, লাভ-ক্ষতি, জয়-পরাজয় সমান জ্ঞান করে তারপর যুদ্ধের জন্য যুদ্ধ করো। এরূপভাবে (জয়-পরাজয় সমান বিবেচনা করে ধর্মসঙ্গত যুদ্ধ করলে তুমি) পাপ প্রাপ্ত হবে না (অর্থাৎ

যুদ্ধের জন্য পাপভাগী হবে না)।

**"কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।**
**মা কর্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্মণি ॥"** (গীতা, ২/৪৭)

– (কর্তব্য) কর্মেই তোমার অধিকার, কর্মফলে কখনও নয়। (তুমি) কর্মফলের কারণ হয়ো না (আবার কর্তব্য) কর্মত্যাগে (যেন) তোমার প্রবৃত্তি না হয়।

**"যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।**
**সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥"** (গীতা, ২/৪৮)

– হে ধনঞ্জয়! (নিষ্কাম কর্ম) যোগে স্থিত হয়ে, আসক্তি পরিত্যাগ করে, সাফল্য-ব্যর্থতায় সমভাবাপন্ন হয়ে কর্তব্যসমূহ পালন কর। সমতাকে (অর্থাৎ সাফল্য-ব্যর্থতায় সমভাবাপন্নতাকে) যোগ বলা হয়।

ভগবান শ্রীকৃষ্ণ আরও উল্লেখ করেছেন যে, কর্মের কৌশল হচ্ছে যোগ অর্থাৎ নিষ্কাম কর্ম একটি বিশেষ ধরণের কৌশল (গীতা, ২/৫০) এবং এই ধর্মের (নিষ্কাম কর্মযোগের) অল্পও (অর্থাৎ অল্প আচরণও) মহাভয় থেকে পরিত্রাণ করে (গীতা, ২/৪০)

**"ন কর্মণামনারম্ভান্নৈষ্কর্ম্যং পুরুষোঽশ্নুতে।**
**ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥"** (গীতা, ৩/৪)

– কর্ম অনুষ্ঠান না করলে মানুষ নিষ্কাম কর্মে প্রতিষ্ঠিত হয় না। (পক্ষান্তরে) কর্ম ত্যাগ করলেই সিদ্ধি লাভ হয় না।

**"তস্মাদসক্তঃ সততং কার্যং কর্ম সমাচর।**
**অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পুরুষঃ ॥"** (গীতা, ৩/১৯)

– অতএব, আসক্তিশূন্য হয়ে সর্বদা কর্তব্যকর্ম পালন করো। কেননা, আসক্তিশূন্য হয়ে কর্ম অনুষ্ঠান করলে মানুষ মোক্ষ লাভ করে।

আর কিভাবে আসক্তিশূন্য হয়ে কর্তব্যকর্ম করা সম্ভব হয়, তা উপদেশকৃত হয়েছে পঞ্চম (সন্ন্যাস-যোগ বা কর্মসন্ন্যাস-যোগ) অধ্যায়ে।

**"নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।**
**পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥"** (গীতা, ৫/৮)

– আত্মতত্ত্বজ্ঞ কর্মযোগী দর্শন, শ্রবণ, স্পর্শন, আঘ্রাণ, ভোজন, গমন, স্বপ্ন দর্শন, শ্বাস গ্রহণ করে আমি কিছুই করছি না – এরূপ মনে করেন।

তাহলে উপর্য্যুক্ত শ্লোকে উল্লিখিত কর্মসমূহ কে সম্পাদন করে?

**"প্রলপন্ বিসৃজন গৃহ্ণন্নুন্মিষন্নিমিষন্নপি।**
**ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্তন্ত ইতি ধারয়ন্ ॥"** (গীতা, ৫/৯)

– (পূর্বে ৫/৮ সংখ্যক শ্লোকে উল্লিখিত আত্মতত্ত্বজ্ঞ কর্মযোগী) কথন, ত্যাগ, গ্রহণ, উন্মীলন, নিমীলন করা সত্ত্বেও ইন্দ্রিয়সমূহ (তাদের স্ব স্ব) বিষয়ে বা তন্মাত্রে (রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শ) লিপ্ত আছে – এরূপ ধারণা করেন।

আত্মজ্ঞানী উপলব্ধি করেন যে, আত্মা অকর্তা এবং প্রকৃতির ত্রিগুণের বশীভূত হয়ে ইন্দ্রিয়সমূহ কর্ম সম্পাদন করে। (গীতা, ১৩/৩০, ১৪/১৯)

ফলস্বরূপ,

**"ব্রহ্মণ্যাধায় কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।**
**লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥"** (গীতা, ৫/১০)

– যিনি ব্রহ্মকে সমর্পণ করে, আসক্তি ত্যাগ করে কর্মসমূহ সম্পাদন করেন, পদ্মপত্রে যেমন জল (অর্থাৎ জল যেমন পদ্মপত্রে স্থিত বা স্পৃষ্ট হয় না তেমনি), তিনি পাপে লিপ্ত হন না।

**বিভিন্ন শাস্ত্রের সমর্থন :** গীতার উপর্য্যুক্ত বক্তব্যের সমর্থন প্রতিধ্বনিত হয়েছে বিভিন্ন শাস্ত্রে। নিম্নে সেরূপ কতিপয় উদ্ধৃতি দেয়া হলো।

১) **"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্বসংশয়াঃ।**
**ক্ষীয়ন্তে চাস্য কর্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে ॥"**
(মুণ্ডক উপনিষদ, ২/২/৮)

– যিনি কারণ ব্রহ্ম ও কার্য ব্রহ্ম উভয়কেই নিজ আত্মারূপে উপলব্ধি করতে সক্ষম হন, তাঁর হৃদয়ের সকল জটিলতা দূর হয়, তাঁর সকল সংশয় নাশ হয়, তাঁর কর্মফলও ক্ষয় হয়ে যায়।

২) **"...তদ্বক্ষ্যামি যথা পুষ্করপলাশ আপো ন শ্লিষ্যন্ত এবমেবংবিদি পাপং কর্ম ন শ্লিষ্যত ইতি... ॥"** (ছান্দোগ্য উপনিষদ, ৪/১৪/৩)

– পদ্মপত্রে যেমন জল লিপ্ত হয় না, তেমনই যিনি ব্রহ্মকে এভাবে জানেন তাঁকে পাপকর্ম স্পর্শ করতে পারে না।

৩) ব্রহ্মজ্ঞ ব্যক্তি পাপ ও পুণ্য কর্ম উভয়কেই অতিক্রম করেন। কৃত বা অকৃত কর্ম তাঁকে সন্তাপিত করে না। (বৃহদারণ্যক উপনিষদ, ৪/৪/২২)

– অর্থাৎ ব্রহ্মজ্ঞ ব্যক্তি পাপ-পুণ্য উভয় প্রকার কর্মফলকেই অতিক্রম করেন অর্থাৎ পাপ-পুণ্য উভয় প্রকার কর্মফলই উনি ভোগ করেন না।

৪) **"তদধিগম উত্তরপূর্বাঘয়োরশ্লেষবিনাশৌ, তদ্ব্যপদেশাৎ ॥"** (ব্রহ্ম-সূত্র, ৪/১/১৩)

– যখন সেই (ব্রহ্মকে) লাভ করা যায়, তখন যথাক্রমে অনাগত (পাপের) অসংস্পর্শ এবং অতীত পাপের ধ্বংস হয়, কারণ এরূপ উক্তি (বিভিন্ন শাস্ত্রে আছে)।

৫) শ্রীরামচন্দ্রের প্রতি বশিষ্ঠ মুনির উপদেশ, "ইন্দ্রিয়-সম্বন্ধ থাকিলেও, যে মনে কর্তৃত্বাভিমান নাই বা রাগ-দ্বেষাদি নাই, তথাবিধ মন দ্বারা যাহা করিবে, তাহা অকৃত বলিয়াই জানিবে; অর্থাৎ সে কর্ম-বন্ধনের হেতুভূত নহে।" (যোগবাশিষ্ঠ রামায়ণ, নির্বাণ-প্রকরণ, পূর্বভাগ/৪৪,পৃ: ৬৭৮)

ব্রহ্মজ্ঞ ব্যক্তিকে কেন পাপ বা পুণ্য কর্মফল ভোগ করতে হয় না? "কারণ, ব্রহ্মলাভ করিয়াই তিনি অনুভব করিতে পারেন যে, তিনি কখনও অতীতে কর্মের কর্তা ছিলেন না, বর্তমানেও তিনি কর্তা নহেন, এবং ভবিষ্যতেও কর্তা হইবেন না।" (ব্রহ্ম-সূত্র, পৃ: ৪০২) যাঁরা জ্ঞানে (ব্রহ্মজ্ঞানে) প্রতিষ্ঠিত হয়েছেন, অহংভাব হতে মুক্ত হয়েছেন, নিজেদের কর্মকে প্রকৃতির কর্ম বলেই অনুভব করেন, আত্মাকে সাক্ষী ও অকর্তা বলে জানেন, তাঁদের কোনো কর্মেই পাপ

হয় না... তাঁরা প্রাণীবধ এমনকি নরহত্যা করলেও পাপ তাঁদেরকে স্পর্শ করতে পারে না। (শ্রীমদ্ভগবদ্গীতা – শ্রীঅনিলবরণ রায়, ২য় খণ্ড, পৃ: ১৭২) কেননা, **"বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুস্কৃতে।"** (গীতা, ২/৫০) বুদ্ধিযোগে যুক্ত ব্যক্তি ইহলোকে পুণ্য-পাপ উভয়কে ত্যাগ করেন।

**উপসংহার:** গীতা এবং অন্যান্য শাস্ত্রে উল্লিখিত কতিপয় শ্লোক মন্থন করে এ স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব যে, নিজ স্বার্থের জন্য নয়, বরং কর্তৃত্বাভিমান বর্জন করে, কর্মফলাকাঙ্ক্ষা পরিত্যাগ করে, সর্বকর্ম এবং কর্মফল ভগবানের শ্রীচরণে সমর্পণ করে, কর্তব্যবোধে কর্ম করলে, মানুষ সে কর্মে আসক্ত হয় না এবং কর্মফলে আবদ্ধ হয় না। এক্ষেত্রে অবশ্যই সাবধান হওয়া আবশ্যক যে, উদ্দিষ্ট কর্মটি ভালো অথবা মন্দ সে বিচারে আমরা যেন প্রবৃত্ত না হই। আমরা যখন দৃঢ়ভাবে এবং মনেপ্রাণে বিশ্বাস করবো যে, কর্মটিই যখন আমাদের নয় (অর্থাৎ কর্মটি ভগবানের উদ্দেশে নিবেদিত ও শুধুমাত্র কর্তব্যবোধে নিষ্পাদিত), কেবলমাত্র তখনই কর্মের ফলটিও (অর্থাৎ হত্যা করেও হত্যাকারী হিসাবে বিবেচিত হওয়া) আমাদের হবে না। এ প্রসঙ্গে শ্রীরামচন্দ্রকে প্রদত্ত বশিষ্ঠ মুনির উপদেশ স্মর্তব্য। "যাঁহার 'অহং' ভাব নাই, বুদ্ধি যাঁহার কোন কিছুতেই লিপ্ত হইবার নহে, এই সমুদয় লোককে তিনি যদি বধও করেন, তথাপি তাঁহার হত্যাপরাধ হয় না এবং নিজেও তিনি নিহত হইবার নহেন।" (যোগবাশিষ্ঠ রামায়ণ, নির্বাণ-প্রকরণ, পূর্বভাগ/৪, পৃ: ৫৮৮)

তবে এ ক্ষেত্রে ভাবের ঘরে চুরি করলে চলবে না।

**রামকৃষ্ণ পরমহংসদেবের উপদেশ :** শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব খুব সরল বাংলায় এবং সহজ ভঙ্গিতে অতি উচ্চকোটির ভাবকেও প্রকাশ করতে সক্ষম ছিলেন। আমাদের আলোচ্য বিষয় সম্পর্কিত একটি শিক্ষণীয় গল্পেরও অবতারণা করা যায় এ প্রসঙ্গে। ফলে গীতার ১৮/১৭ শ্লোকের যে উপদেশ বা মর্মার্থ, কদর্থ বা অপব্যাখ্যা বর্জিত হয়ে সেই উপদেশ গল্পের আকারে আমাদের হৃদয়ে চির জাগরূক থাকবে।

এক ব্যক্তির বাগান করার খুব সখ। দূর-দূরান্ত থেকে বিভিন্ন প্রজাতির ফুলের চারা এনে তার বাগানকে সমৃদ্ধ করে। একদিন এক গরু এসে তার বাগানে প্রবেশ করে এবং বেশ কিছু ফুলগাছকে খেয়ে ফেলে। ক্রোধবশতঃ সে ব্যক্তি গরুটিকে প্রচণ্ডভাবে আঘাত করে এবং তার ফলে গরুটি মারা যায়। গোহত্যার পাপ তার দেহে প্রবেশ করতে চাইলে সে ব্যক্তি পাপকে এ বলে নিষেধ করে যে, সবকিছুর কর্তা ভগবান এবং গোহত্যার পাপ ভগবানের কর্মের ফল এবং এই ব্যক্তি গোহত্যার পাপের ফলভোগী হতে পারে না। গোহত্যার পাপ ভগবানের কাছে সবকিছু নিবেদন করলে ভগবান কিছু সময় চেয়ে নিলেন। তারপর ভগবান ছদ্মবেশে সে ব্যক্তির বাগানের নিকটবর্তী হয়ে উচ্চৈঃস্বরে সে বাগানের প্রশংসা করতে লাগলেন। ঐ ব্যক্তি বাগানের প্রশংসা শুনে ঘর থেকে বের হয়ে এসে ছদ্মবেশী ভগবানকে তার এই বাগানের জন্য বিভিন্ন প্রজাতির ফুলগাছের চারা সংগ্রহ করতে কত পরিশ্রম ও অর্থব্যয় করতে হয়েছে তার এক বিস্তারিত বর্ণনা দিলো। ভগবান কর্তৃক উক্ত সকল প্রশংসা সে নিজের প্রশংসা বলেই গ্রহণ করলো দ্বিধাহীনভাবে। তখন ভগবান বললেন যে, যদি বাগানের প্রশংসা সে ব্যক্তি নিজের প্রশংসা বলে গ্রহণ করে তাহলে গোহত্যার পাপও তার নিজের পাপই হবে।

**শিক্ষণীয় উপদেশ :** আমরা কেবলমাত্র তখনই কাউকে হত্যা করেও হত্যাকারী হিসাবে পরিগণিত হবো না এবং হত্যাজনিত পাপের ফলভোগ পরিহার করার অধিকারী হবো, যখন সকল কর্মের কর্তৃত্বাভিমান ও কর্মফল শ্রীভগবানের শ্রীচরণে সম্পূর্ণভাবে সমর্পণ করতে সক্ষম হবো। ❑

**সহায়ক গ্রন্থাবলী:**


১) **শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা** – সংকলক: শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, ঢাকা, ২০২১ খ্রীষ্টাব্দ

২) **বেদান্তসারঃ** – শ্রীসদানন্দযোগীন্দ্রসরস্বতী (বঙ্গানুবাদ ও টীকা: স্বামী অমৃতত্বানন্দ), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৬ খ্রীষ্টাব্দ

৩) **সাংখ্যকারিকা** – ঈশ্বরকৃষ্ণ (বঙ্গানুবাদ: স্বামী ভাবঘনানন্দ), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৬ খ্রীষ্টাব্দ

৪) **শ্রীমদ্ভগবদ্গীতা** – শ্রীমন্ মধুসূদন সরস্বতীকৃত টীকা (বঙ্গানুবাদ ও ব্যাখ্যা: পণ্ডিত শ্রীযুক্তভূতনাথ সপ্ততীর্থ), নবভারত পাবলিশার্স, কোলকাতা, ২০০৬ খ্রীষ্টাব্দ

৫) **দিব্য-জীবন** – শ্রীঅরবিন্দ, (বঙ্গানুবাদ: অনির্বাণ), শ্রীঅরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী, ২০১৩ খ্রীষ্টাব্দ

৬) **শ্রীমদ্ভগবদ্গীতা** (সাধক-সঞ্জীবনী) – ব্যাখ্যা: স্বামী রামসুখদাস, গীতাপ্রেস, গোরক্ষপুর, ২০০৯ খ্রীষ্টাব্দ

৭) **বিবেকচূড়ামণি** – শঙ্করাচার্য (বঙ্গানুবাদ ও ব্যাখ্যা: স্বামী লোকেশ্বরানন্দ), রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, কলকাতা, ২০১৫ খ্রীষ্টাব্দ

৮) **যোগবাশিষ্ঠ রামায়ণ** – মহর্ষি বাল্মীকি, (বঙ্গানুবাদ ও সম্পাদনা: শ্রীচন্দ্রনাথ বসু), গিরিজা, কলকাতা, ২০২০ খ্রীষ্টাব্দ

৯) **বাসন্তিকা**, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ উপলক্ষে প্রকাশিত ম্যাগাজিন, জগন্নাথ হল এলামনাই এসোসিয়েশন অব কানাডা, ৫ম সংস্করণ, ২০২২ খ্রীষ্টাব্দ

১০) **উনবিংশতি-সংহিতা** – সঙ্কলন ও অনুবাদ: পঞ্চানন তর্করত্ন, সদেশ, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

১১) **মনুসংহিতা** – সম্পাদনা ও অনুবাদ: ডঃ মানবেন্দু বন্দ্যোপাধ্যায় শাস্ত্রী, সদেশ, কলকাতা, ১৪১৮ বঙ্গাব্দ

১২) **শ্রীমদ্ভগবদ্গীতা (সুবোধিনী-টীকা)** – অনুবাদ: স্বামী ভাবঘনানন্দ, কলকাতা, ২০১১ খ্রীষ্টাব্দ

১৩) **শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত** – শ্রীম-কথিত, পাত্র'জ পাবলিকেশন, কলিকাতা, ১৯৯২ খ্রীষ্টাব্দ

১৪) বেদব্যাস বিরচিত **মহাভারত** (রাজ সংস্করণ) – বঙ্গানুবাদ: কালীপ্রসন্ন সিংহ, তুলি-কলম, কলকাতা, ২০০৮ খ্রীষ্টাব্দ

১৫) **উপনিষদ** (১ম ভাগ) – অনুবাদ ও ব্যাখ্যা: স্বামী লোকেশ্বরানন্দ, অনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০০০ খ্রীষ্টাব্দ

১৬) **উপনিষদ** (২য় ভাগ) – অনুবাদ ও ব্যাখ্যা: স্বামী লোকেশ্বরানন্দ, অনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০১৭ খ্রীষ্টাব্দ

১৭) **উপনিষৎ গ্রন্থাবলী** (৩য় ভাগ) – সম্পাদনা: স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলিকাতা, ১৯৮৬ খ্রীষ্টাব্দ

১৮) বাদরায়ণ গ্রন্থিত **ব্রহ্ম-সূত্র** – ব্যাখ্যা: স্বামী বীরেশ্বরানন্দ (বঙ্গানুবাদ: ড. সচ্চিদানন্দ ধর), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ১৯৯৬ খ্রীষ্টাব্দ

১৯) **শ্রীমদ্ভগবদ্গীতা** (২য় খণ্ড) – সম্পাদনা: শ্রীঅনিলবরণ রায়, সর্বসেবক সংঘ, কলিকাতা, ২০০২ খ্রীষ্টাব্দ


(নিউ ইয়র্ক, সেপ্টেম্বর ২৪, ২০২৩ – অক্টোবর ০৮, ২০২৩)

# মানবধর্ম্ম

ড. মহানামব্রত ব্রহ্মচারী

প্রথমে, ধর্ম্ম কাকে বলে– সে সম্পর্কে সংক্ষেপে একটু আলোচনা করে, পরে মানবধর্ম্ম সম্বন্ধে বলব। সংস্কৃত ভাষা থেকে ধর্ম্ম কথাটা এসেছে। ধর্ম্ম শব্দটি সম্পর্কে কি বলেছেন আমাদের শাস্ত্রকারগণ তা'বুঝতে হলে একটু গভীরে প্রবেশ করতে হবে। যত সহজ আমরা ভাবছি তত সহজ নয়। তা'ছাড়া এ পথে বিপুল বাধা। ইংরেজী ভাষার অভিধানে ধর্ম্মের ইংরেজী অনুবাদ রিলিজিয়ান্। এটা একটা মারাত্মক ভুল। সাহেবরা আমাদের দেশে এসে আমাদের শাস্ত্রের বহু ইংরেজী অনুবাদ করেছেন। তাতে যেমন উপকার হয়েছে তেমনি অপকারও কম হয়নি। একটা বড় ক্ষতি হল–ধর্ম্মের ইংরেজী অনুবাদ রিলিজিয়ান্। যাঁরা সংস্কৃত জানেন না, ইংরেজী মারফৎ সংস্কৃত সাহিত্য ইত্যাদি বুঝতে চান, ধর্ম্মকে রিলিজিয়ান্ ভেবে তাঁরা একটি বিরাট ভুল করেন। কতখানি যে ভুল করেন, তা বলার নয়। আলোচনা করতে করতে ক্রমশঃ ব্যক্ত হবে।

যদি বলি যে জলের ধর্ম্ম তৃষ্ণা নিবারণ করা, আগুনের ধর্ম্ম দহন করা–তা'হলে কি বললাম বুঝতে পারছেন? এখন ইংরেজী করুন– religion of water is to quench thirst, religion of fire is to burn–এখন দেখুন ইংরেজী ওয়ালারা ঠিক হয়েছে কি না। অগ্নির ধর্ম্ম দাহ্য করা কথাটা কিন্তু ভুল হল না। কিন্তু আপনি যত বড়ই ইংরেজীওয়ালা হন না কেন, ঠিক করে বলতে পারবেন না, একথার ইংরেজী কি হলে ঠিক হয়। এমন কোন শব্দ ইংরেজীতে নেই। এক কথায় ধর্ম্ম শব্দটা ইংরেজী ভাষায় অনুবাদযোগ্য নয়। কোন বস্তুর ধর্ম্ম বলতে যে বস্তুর স্বভাব বা স্বরূপ বুঝায়। অগ্নির ধর্ম্ম দগ্ধ করা–এককথায় কি বুঝায়? দগ্ধ করাই অগ্নির স্বভাব। তার কাজই দগ্ধ করা, দগ্ধ না করলে সে নেই–এটাই তার ধর্ম্ম। আগুন জ্বলছে, কাঠ ফুরিয়ে গেল দেখে আপনিই আগুনকে বললেন–আপনি একটু বসুন, আমি বাজার থেকে কাঠ নিয়ে আসি। আপনি ফিরে এসে দেখেন, আগুন চলে গেছে। দগ্ধ করার মাল নেই, সুতরাং আগুনও নেই। তার কাজই দগ্ধ করা এটাই তার স্বভাব, এটাই তার স্বরূপ। ইংরেজীতে একে বলে essential property বা inherent quality ইত্যাদি–অর্থাৎ যেটা না থাকলে সে থাকে না সেটাই তার ধর্ম্ম–যে জিনিসটা না থাকলে বস্তুটাই থাকে না, মোটামুটি সেটাই তার ধর্ম্ম–এটাই ধর্ম্মকথার শাস্ত্রীয় ব্যাখ্যা।

> **তবে একটি নাম আছে "সনাতন ধর্ম্ম"। সনাতন মানে চিরস্থায়ী, চিরকালের ধর্ম্ম। আসল নামটা হল মনুষ্যত্ব–এটাই মূল ধর্ম্ম। মূল তত্ত্বটাই "মানবধর্ম্ম"।**

এ সংসারে সকল বস্তুরই একটা ধর্ম্ম আছে। সূর্য্যের একটা ধর্ম্ম আছে। সে আলো দেয়, তাপ দেয় ইত্যাদি। বাতাসের একটা ধর্ম্ম আছে। সে প্রবাহিত হয় এবং আমাদের শ্বাস-প্রশ্বাসের ক্রিয়া করে। মেঘের ধর্ম্ম–সে বর্ষণ করে। পশুপাখীর ধর্ম্ম আছে, বৃক্ষলতার ধর্ম্ম আছে, এমন কি পরমাণুর একটা ধর্ম্ম আছে। একটা হাইড্রোজেন পরমাণুর ধর্ম্ম আছে, একটা অক্সিজেন পরমাণুর ধর্ম্ম আছে। এমন একটা বস্তু নেই, যার ধর্ম্ম নেই। বিজ্ঞানের ভাষায় যাকে বলা হয় চৎড়ঢ়বৎঃু। ধর্ম্ম ছাড়া কোন বস্তু নেই। এখন আপনি ধর্ম্ম মানেন আর না-ই মানেন, ধর্ম্ম বাদ দিলে কোন জিনিসেরই অস্তিত্ব থাকতে পারে না। ধর্ম্ম আছে বলেই কুকুর কুকুরের মত, বিড়াল বিড়ালের মত, বাঘ বাঘের মত। বাঘ তার ধর্ম্ম পালন করে, বিড়াল তার ধর্ম্ম পালন করে, বৃক্ষলতা তাদের ধর্ম্ম পালন করে এবং ধর্ম্ম পালন করে বলেই তারা আছে। না হলে তারা থাকে না। সংসারে যাবতীয় বস্তুর এবং সমষ্টিযুক্ত বস্তুর একটি বিশেষ প্রকারের স্বভাব আছে এবং যার যে স্বভাব, সেটিই তার ধর্ম্ম। ধর্ম্ম কি, তা মোটামুটি বলা হল। এবার বলব মানবধর্ম্ম বলতে আমরা কি বুঝি।

যদি জল নিয়ে বসতাম, তা'হলে তাদের ধর্ম্ম বলতাম; যদি প্রাণি-তত্ত্ব নিয়ে বসতাম, তা'হলে প্রাণীর ধর্ম্ম নিয়ে আলোচনা করতাম। মানুষের প্রসঙ্গ হচ্ছে, তাই মানুষের ধর্ম্ম কি তাই, বলার চেষ্টা করতে হবে। যে-সব গুণ থাকলে মানুষকে মানুষ বলা হয় এবং না থাকলে মানুষ বলা চলে না, যা নিয়ে নিলে সে আর মানুষ থাকে না–সেটাই মানুষের ধর্ম্ম। যে গুণ বা গুণের সমষ্টি থাকলে মানুষকে মানুষ বলা চলে, বলা উচিত–তা কি? খুব সাংঘাতিক একটা কিছু নয়–সেটার নাম মনুষত্ব। যেমন জলের জলত্ব থাকবে, অগ্নির অগ্নিত্ব থাকবে, তেমনি মানুষেরও থাকা দরকার মনুষত্ব। মানুষ আর পশু প্রায় একই। বিশেষ করে medical science-এর দৃষ্টিতে পশু আর মানুষ কোন ভেদ নেই। দেখছেন না, নতুন কোন ঔষধ আবিষ্কৃত হলে প্রথমে তা পশুর দেহে পরীক্ষা করা হয়। পশুর ব্যাধি যদি সারায় তবে ঘোষণা করা হয়, মানুষের দেহেও লাগবে। হয়ত ডোজের একটু পার্থক্য হ'তে পারে। তা'হলে, পশুতে আর মানুষে তফাৎ কোথায়? আমাদের শাস্ত্রীয় ভাষায়– "ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ। মানুষ মাত্রেরই ধর্ম্ম মনুষ্যত্ব। এটাই তার বিশেষত্ব। যদি না থাকে তবে সে পশুর সমান। একথা শাস্ত্র বলছে। আমরা যদি কোন মানুষকে পশু বলি, তা'হলে তৎক্ষণাৎ সে মারতে আসবে, না হয় নালিশ করবে মানহানির। সুতরাং মানুষকে পশু বলতে আমাদের ভয় হতে পারে, কিন্তু শাস্ত্রের ত আর সে ভয় নেই। তাই সে নির্ভয়ে ঘোষণা করছে–মনুষ্যত্ব নামে যে একটা গুণ, যদি দেখ যে এটা নেই, তা'হলে তা'কে মানুষ বলতে পারা যায় না।

"আহার-নিদ্রা-ভয়-মৈথুনঞ্চ সামান্যমেতৎ পশুভির্নরাণাম্।
ধর্ম্মোহি তেষামধিকো বিশেষো ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ ৷৷"

মনুষ্যত্ববিহীন মানুষ আর পশুতে কোন পার্থক্য নেই। শুধু খাই দাই, ঘুমাই আর বংশবৃদ্ধি করি—এ ত পশুতেও করে। তা'হলে ত মানবও এক প্রকার পশু। ইংরাজীতে rational কথাটি দিয়ে মানুষ আর পশুতে পার্থক্য বুঝাবার চেষ্টা করা হয়েছে। মানুষের বুদ্ধি আছে, কিন্তু পশুরও বুদ্ধি কম নেই।

মানুষের ধর্ম্মে আর পশুপাখীদের ধর্ম্মে পার্থক্য এই যে, পশুপাখী তাদের ধর্ম্ম নিয়েই জন্মায়, আর মানুষ তার ধর্ম্ম নিয়ে জন্মায় না। মনুষ্যত্বটা মানুষকে অর্জ্জন করে নিতে হয়। আর একটু বৈশিষ্ট্য আছে— Evolution theory মতে এককোষী প্রাণী থেকে মানুষ পর্য্যন্ত আসতে পথে তার অনেক জিনিস হারিয়ে গেছে। পাখীদের মত সে উড়তে পারে না, মাছের মত জলের নীচে থাকতে পারে না, বাঘের মত দাঁত, নখ তার নেই। এত জিনিস হারিয়েও সে অনেক লাভবান হয়েছে। সে এখন কাঁচা খায় না, রান্না করে খায়; অন্ধকারে থাকে না, আলো জ্বেলে নেয়। অর্থাৎ মনুষ্যত্ব লাভ করার যাবতীয় উপকরণ বা উপাদান তাকে দেওয়া হয়েছে—এখন তাকে মনুষ্যত্বটা অর্জ্জন করে নিতে হবে। দাতা যিনি, তিনি ভুল করেন নি। অতএব, মানুষকে জানতে হবে—মনুষ্যত্বটা কি এবং কি করে মনুষ্যত্ব অর্জ্জন করতে হয় এটাই মানবধর্ম্ম আলোচনার সার কথা।

এবারে মনুষ্যত্বটা কিড় তাই বলব। আমার বুদ্ধি দিয়ে বলব না, শাস্ত্র অনুসারেই বলব। মানবধর্ম্ম কথাটা আমাদের শাস্ত্রের ভাষা। মনুর একখানা পুঁথি আছে, তার নাম মানব-ধর্ম্মশাস্ত্র। মহাভারতেও মানবধর্ম্মের উল্লেখ আছে। অধুনাকালে রবীন্দ্রনাথ university যে 'কমলা' লেকচার দিয়েছেন তার নাম দিয়েছিলেন—মানুষের ধর্ম্ম অর্থাৎ Religion of Man। প্রভু জগদ্বন্ধু বলেছিলেন—"আপনারা বেদ মানেন ত? কি কি জাতি মানেন? আমি মানি এক মানবজাতি, পশুজাতি এই সব।" মানবমাত্রই একটা জাতি। তার মধ্যে ছোট বড় ভেদের কোন অর্থ হয় না। মানবজাতির ধর্ম্ম কি? মানবধর্ম্ম। সকলেরই এক ধর্ম্ম—মানবধর্ম্ম। তাছাড়া জন-সমাজের মধ্যে যে ছোট বড়—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ইত্যাদি আছে এ ত কোনো ভেদ না—এদের শাস্ত্রীয় নাম বর্ণ। এখন যেমন জাতি অর্থে বুঝায়—এটা ইংরেজ জাতি, এটা জার্মান জাতি, এটা ফরাসী জাতি—এ ত ঠিক নয়। এসব জাতির ধর্ম্ম আলাদা নয়। মানব জাতির একটাই ধর্ম্ম—মানবধর্ম্ম। এ ধর্ম্ম বাদ দিলে সর্ব্বনাশ। আপনি আর মানুষই রইলেন না। একথা যদি বলি—শিক্ষা হবে ধর্ম্মহীন, তা'হলে বুঝব শিক্ষায় মানুষ গড়বে না। ছাত্রছাত্রীদের মনুষ্যত্ব হবে না। শিক্ষায় ধর্ম্ম থাকবে না মানে, এ শিক্ষায় যাঁরা শিক্ষিত হবেন, তারা মনুষ্যত্ব লাভ করবেন না। সাবধান হোন! মনুষ্যত্ব লোপ পেয়ে যাবে। স্টেট হবে ধর্ম্মহীন, তার অর্থ হল স্টেট যে হবে অর্থাৎ যাঁরা শাসন করবেন তাঁদের কোন ধর্ম্ম থাকবে না। মানুষের মনুষ্যত্ব না থাকার ফলে মানুষ চুরি করবে, মিথ্যা কথা বলবে, পরকে হিংসা করবে, পরের ক্ষতি করবে। অতএব তার জন্য তৈরী হউন। মনুষ্যত্ব বাদ দিয়ে কোন institution তৈরী করাও যা, তার আগে অ্যাটম বোমা দিয়ে সব শেষ করে দেওয়াও তাই। যাঁরা এসব কথা বলেন—তাঁরা হয়ত ধর্ম্ম কি—তা বুঝেন না। কি করে বুঝাব বলুন তা? বড় বড় লোক বলছে—তাদের কথাই বা অস্বীকার করি কেমন করে? ধর্ম্ম জিনিসটা রিলিজিয়ান নয়—একথা পূর্ব্বে বলেছি। রিলিজিয়ান-এর অর্থটা পরে বলব—আগে মনুষ্যত্ব কথাটার অর্থ বলার চেষ্টা করি। শাস্ত্রের ভাষায়, কিম্বা মহাপুরুষদের ভাষায় মনুষ্যত্বের দু'তিনটি সংজ্ঞা আছে। সবচেয়ে ছোট সংজ্ঞাটি যাতে মাত্র পাঁচটি লক্ষণের কথা আছে সেটাই বলি। মনুষ্যত্ব ধর্ম্ম বলতে প্রধানতঃ পাঁচটি ধর্ম্ম বুঝায়—

"অহিংসা সত্যমস্তেয়ং শৌচ সংযমেব চ।
এতৎ সামাসিকং প্রোক্তং ধর্মস্য পঞ্চলক্ষণম্ ॥"

মনুষ্যত্বের পাঁচটি লক্ষণ হল চুরি না করা, শৌচ থাকা, হিংসা না করা, সংযমী হওয়া এবং সত্যাশ্রয়ী হওয়া। কথা কয়টির একটু ব্যাখ্যা প্রয়োজন।

অহিংসার ব্যাখ্যা ত গত পঞ্চাশ বছর বিরাট ভাবে হয়ে গেছে। অহিংসার মূর্ত্ত আচার্য্য জীবন দিয়ে অহিংসার ব্যাখ্যা করেছেন। মহাত্মা গান্ধীর কথা বলছি। অহিংসার অর্থ মানুষকে হিংসা না করা অর্থাৎ মানুষকে ভালবাসা, মানুষকে শ্রদ্ধা করা, মানুষকে মানুষ হিসাবে সম্মান দেওয়া—এই ত অহিংসা। হিংসা ত পশুর ধর্ম্ম। রাস্তা দিয়ে একটা কুকুর যাচ্ছে, আপনার বাড়ীর কুকুরটি তাকে দেখে ঘেউ ঘেউ করে উঠল, তারপর আশ-পাশ থেকে আট দশটা কুকুর এসে রাস্তার মধ্যে শুরু করে দিল কামড়াকামড়ি রক্তারক্তি। সন্ধান করে দেখুন এর কারণ কি। কারণ কিছুই না, একটা কুকুর অমনি রাস্তা দিয়ে যাচ্ছিল এবং যা ঘটে গেল, সেটা নিছক কুকুরের ধর্ম্ম। আপনি রাস্তা দিয়ে যাচ্ছেন, পাশের বাড়ীর একটি লোক বেরিয়ে এসে আপনাকে মারতে আরম্ভ করল, ক্রমে বহুলোক জমে একটা বিরাট মারামারি হয়ে গেল। এখন যদি বলি মানুষগুলি এখনও কুকুরের ধর্ম্ম ছাড়তে পারেনি, তাহলে খুব অন্যায় হবে কি? মানুষ আজ সভ্যতার গর্ব্ব করে। আকাশে উড়ছি, চাঁদে যাচ্ছি, জলের তলায় মাছের রাজ্য দখল করেছি, কিন্তু রাস্তা দিয়ে মানুষের মত হাঁটতে শিখিনি। একত্রে হাঁটব রাস্তা দিয়ে, যাতে একটা মানুষের সাথে আর একটা মানুষের ধাক্কা না লাগে সেই শিক্ষাটাই শুধু বাকী আছে। আকাশে উড়ছি, জলের তলায় চলছি, কিন্তু রাস্তা দিয়ে মানুষের মত হাঁটতে শিখিনি। মানুষকে মানুষের মর্য্যাদা দিতে হবে, তার প্রাপ্য সম্মান তাকে দিতে হবে। শাস্ত্রের ভাষায়—

"আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোহর্জ্জুন।"

অপরের সঙ্গে যখন ব্যবহার করবে, তখন নিজেকে প্রমাণ রূপে ধরবে। অর্থাৎ আপনাকে যে কথাটা বলতে যাচ্ছি, তখনই ভাবতে হবে সে কথাটা আপনি আমাকে বললে আমার কিরূপ লাগবে, ইংরেজী ভাষায়—"Do unto others as you wish to be done" নিজেকে মাপকাঠি রেখে অপরের সাথে ব্যবহার করবে—এর চেয়ে সুন্দর কথা আর নেই। এর মধ্যেই সব কথা আছে, এরই নাম অহিংসা, অপরের সঙ্গে ব্যবহারের মাপকাঠির জন্য আর বিশ্বব্রহ্মাণ্ড খোঁজার দরকার নেই। মেজারষ্টিক আপনার কাছেই রইল।

এবারে অচৌর্য্যের কথাটায় প্রবেশ করি। চুরি না করা। সবাই জানে—পরের দ্রব্য না বলে নিলে চুরি করা হয়। চুরি করা মহাপাপ—একথা বাল্যশিক্ষায় লেখা আছে। এ আর বেশী কথা কি। মাঝে

মাঝে বাল্যশিক্ষাও পড়ার দরকার হয়। যখন সমাজে চোরের সংখ্যা বেড়ে যায়, চোরে যখন দেশ ভরে যায়, চোরকে যে ধরবে সেও চোর, তাকে যারা শাস্তি দিবে, তারাও চোর, আপিল করব যার কাছে, সেও চোর, তার উপরে যে সেও চোর অর্থাৎ সমাজে যখন একটা গ্যালাক্সি অফ থি বসে আছে তখন বাল্যশিক্ষা পড়ার দরকার হয়। কেবল পরের দ্রব্য না বলে নিলেই যে চুরি করা হয় তা নয়–চুরির সংজ্ঞাটি আমাদের শাস্ত্রে খুব ব্যাপক। ঋণ শোধ না করলেও চুরি করা হয়। মানুষ পাঁচটি ঋণ মাথায় করে এ সংসারে প্রবেশ করে–ঋষি-ঋণ, দেব-ঋণ, ভূত-ঋণ, পিতৃমাতৃ-ঋণ ও নৃ-ঋণ। এসব ঋণ যদি সে শোধ না করে তবে সে চোর হয়। এ ত সাংঘাতিক কথা! দেনা না করেই চোর হয়ে বসলাম। এখনকার ব্যাখ্যা হল–birth right –এসব উক্তি আমাদের শাস্ত্রে বেশী নেই। আমি জন্মালাম কতগুলো অধিকার নিয়ে, কতকগুলো দাবী নিয়ে–তা নয়, শাস্ত্রের কথা হল–আমি জন্মালাম কতকগুলো দেনা নিয়ে। নৃ-ঋণের জন্য সমাজের কাছে আমি ঋণী, পিতা মাতার কাছে আমি ঋণী, আমার সংস্কৃতি যাঁরা দিয়েছেন সে সব মনীষীদের কাছে আমি ঋণী, দেবতাদের কাছেও আমার ঋণ আছে। দেবতা আবার কি করেন? ধরুন, জমি চাষ করে বসে আছে চাষী, বৃষ্টি হচ্ছে না। বৃষ্টি নামাবার ক্ষমতা মানুষের নেই। যে শক্তিতে বৃষ্টি নামে–তা দৈবশক্তি। এভাবে মানুষের জীবন যখন অচল হয়ে যাবার উপক্রম হয়, বাইরের কোন একটি শক্তির সহায়তা না পেলে আমি আমার শক্তি গুলিকে কাজে লাগাতে পারি না, এমন একটি আননোন ফ্যাক্টর আছে, যা না হলে জীবনের অঙ্ক মিলে না–তাঁকেই দেবতা বলি না কেন? তাঁর প্রতি আমার কৃতজ্ঞতা আছে, তাঁর কাছে আমার দেনা আছে–অসংখ্য দেনা। আর একটা হলো ভূত-ঋণ। ইতর প্রাণীর নিকটও আমার দেনা আছে। কুকুর বিড়াল, এরা সকলেই আমার জন্য কম পরিশ্রম করছে না। কত সম্পদ দিচ্ছে পশুপাখীরা–যা নাহলে আমরা বাঁচতাম না, পশু আমাদের সভ্যতা দিয়েছে। গরুই আমাদের চাষের কাজে লাগিয়েছে–নচেৎ আজও আমরা যাযাবরই থাকতাম। আকাশে যে শকুন উড়ে বেড়াচ্ছে–তারাও আমাদের সেবায়ই আছে। বড় বড় শহরে মিউনিসিপ্যালিটি আছে, ময়লা পরিষ্কার করার লোক আছে। গ্রাম-দেশে সে-সব নেই, পশুপাখীরাই সে কাজটি চালাচ্ছে। আমরা ভাবিও না, যে কত প্রাণী এভাবে আমাদের সেবায় আছে। যত ইতর প্রাণী জগতে আছে, সকলের কাছেই মানুষের ঋণ আছে। সব ঋণ শোধ করতে হবে। ঋণ শোধ করার প্রণালীও আছে। সব ঋণ শোধ করা যায় না। কি করা যাবে? ঋণের বোধটি থাকলেই হল–সব সময় স্মরণ রাখা দরকার যে আমি পিতামাতার নিকট ঋণী আছি। তাঁদের সঙ্গে ব্যবহার করার সময় ভাবতে হবে যে, আমি মা-বাবার কাছে বহু ঋণী আছি। এসব ঋণ যদি শোধ না করি তাহলে আমি চোর। সমাজের নিকট আপনি আমি সবাই ঋণী। সমাজের পাওনা দিতেই হবে। সমাজের আবার কি পাওনা? আমার যা সত্যিকারের প্রয়োজন তার চেয়ে বাড়তি যা তাই সমাজের পাওনা। আপনার বাঁচতে যা লাগে, তার চেয়ে বেশী যদি এসে পড়ে আপনার হাতে, তাহলে তা সমাজকে দিয়ে দেবেন। আপনার লাগে পাঁচখানা কাপড়, আছে আপনার দশখানা, কাজেই প্রয়োজনের অতিরিক্ত যদি আপনি আটকে রাখেন আপনার হাতে, তা'হলেই আপনি চোর। আপনি বলতে পারেন আমি ত চুরি করি নাই, নিজে পরিশ্রম করে সংগ্রহ করছি। চুরি করলেন না? যা প্রয়োজন তার বেশী রেখেছেন, সমাজের ঋণ আপনি শোধ করছেন নাড়তাকেই ত চোর বলে।

শৌচ হচ্ছে, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পবিত্রতা। অন্তর বাহির উভয়ই শুচি রাখতে হবে। স্নানাদি দ্বারা দেহকে শুদ্ধ পবিত্র রাখা যায়। এখনকার দিনে শুচিতার দিকে দৃষ্টি না দিয়ে বিলাসিতার দিকে মানুষের নজর বেশী। বিলাসিতা আর পবিত্রতা এক কথা নয়। দেহের পরিষ্কার-পরিচ্ছন্নতা মানুষের ধর্ম্ম। দেহের কাপড়-চোপড় যেমন ময়লা হয়, তেমনি মানুষের মনটাও ময়লা হয়। অপরের অমঙ্গল চিন্তা, অপরের ক্ষতি সাধন করার ভাবনা মনটাকে অপবিত্র করে। শুভ চিন্তা, মঙ্গল বুদ্ধি, মঙ্গল ইচ্ছা, কল্যাণ বুদ্ধি মানুষের মনকে পবিত্র করে। এভাবে ভিতর বাহির পরিষ্কার রাখার নাম শুচিতা।

সংযম–ইন্দ্রিয়-শক্তিকে সংহত রাখা। আমাদের ইন্দ্রিয়ের শক্তি সীমাবদ্ধ; অযথা ব্যবহার করলে কাজের সময় পাওয়া যাবে না। আপনি যত ধনীই হোন না কেন, মাপমত খরচ না করলে একদিন না একদিন দরিদ্র হয়ে যাবেন। আপনার দেহের যে ওজঃ শক্তি, তাকে সংহত রাখতে হবে। প্রয়োজন যেখানে আছে, সেখানে ব্যয় করবেন, অপ্রয়োজনে ব্যয় করলে দরিদ্র হয়ে পড়বেন। যেমন, যুবক হতে না হতেই আপনার মেরুদণ্ড বাঁকা হয়ে যাবে। অনেক সময় দেখা যায় বাল্য জীবনে, কলেজ জীবনে একটা আদর্শ ছেলেমেয়েদের থাকে। কিন্তু সংসারে প্রবেশ করার সঙ্গে সঙ্গেই সব চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়। হেতু আর কিছু নয়–শুধু সংযমের অভাব। প্রাচীনকালে ব্রহ্মচর্য্য শিক্ষা দেবার এটাই ছিল কারণ। দেহের ওজঃ শক্তিকে সঞ্চয় করে রাখতে হবে, রিপুগুলিকে সংযত রাখতে হবে। কাম, ক্রোধ, লোভ–এগুলোরও প্রয়োজন আছে। কিন্তু কোথায় লাগাম টানতে হবে, তা যার জানা আছে, সে-ই সংযমী। ক্রোধ, লোভ ইত্যাদিকে কোথায় থামাতে হবে–এ শিক্ষা যার না আছে, সে আছড়ে পড়বেই পড়বে। কোথায় পড়বে সে জানে না। কোথায় কেমন করে ব্রেক কষতে হবে, না জেনে গাড়ী চালালে accident হবেই হবে। কাম, ক্রোধ, লোভকে কোথায় ব্রেক করতে হবে, সে সন্ধান যার জানা আছে, সে-ই সংযমী। যত গুণই মানুষের থাক না কেন–এ সংযমের অভাবই তাকে শেষ করে দিতে পারে।

সত্যম্–সত্যম্-এর ভিতর সবই পড়ে। যে পাঁচটি গুণের কথা বলা হল, সবই এক সত্যের ভিতর আছে। পাঁচটা না বলে একটা বললেও কোন ক্ষতি নেই। সত্যই মানুষের ধর্ম্ম। ভাগবত শাস্ত্রের প্রথম শ্লোকে যেখানে ঋষি প্রণাম করেছেন–"সত্যং পরং ধীমহি"–সত্যই ভগবান্। মহাত্মাজী বলতেন, 'সত্য'ই ঈশ্বর। God is truth, truth is God–সত্যই সব, সত্যের মধ্যেই সব। সত্য পালন করছি–জীবনটার ভিতর বাহির একই রকম–যা চিন্তা করি তাই বলি। কিন্তু করছি এক রকম, ভাবছি আর এক রকম–এরই নাম অসত্য। এ অসত্যেই মানুষের জীবন খণ্ড খণ্ড হয়ে যায়–জীবনের একত্ব integration নষ্ট হয়ে যায়। আর সত্য যে, সে স্থির আছে; সত্যের চাইতে সুন্দর আর কোন বস্তু নেই। এই একটি কথা যদি

মানুষ শিখে সারাজীবন ধরে পড়াশুনার মধ্যে, যদি শিখে নিতে পারে–সত্য পালন করতে হবে, মিথ্যা আচরণ করতে নেই, এই একটি গুণই তাকে সমস্ত গুণের অধিকারী করবে। এর চেয়ে বড় ধর্ম্ম আর নেই।

এবারে মূল কথায় ফিরে যাই। উপরোক্ত পাঁচটি গুণ যদি কারো মধ্যে পাই, তবে বলব–লোকটার মনুষ্যত্ব আছে। অনেক সময় আমরা বলে থাকি–লোকটা বিদ্বান, কিন্তু মনুষ্যত্ব নেই। কাজে বুঝা গেল, বিদ্যা-বুদ্ধিটা মনুষ্যত্ব নয়। ধন আছে, কিন্তু মনুষ্যত্ব নেই–তার অর্থ মনুষ্যত্বটা ধন নয়। লোকটার বেশ প্রতিভা আছে, নাম যশও আছে কিন্তু মনুষ্যত্ব নেই। অতএব বুঝা গেল, নাম, যশ, প্রতিভা–এগুলোও মনুষ্যত্ব নয়। মনুষ্যত্ব জিনিসটা বুঝে না এমন লোক নেই। সবাই বুঝে মনুষ্যত্বটা কি–কিন্তু ব্যাখ্যা করতে সময় লাগে। একটা লোকের সাথে চলা-ফেরা ও আলাপ-ব্যবহার করে আমরা সহজেই বলতে পারি লোকটার মনুষ্যত্ব আছে কি নেই। ব্যাখ্যা করার থেকে বুঝা সহজ, অনুভব করা সহজ। তাই শাস্ত্রকারগণ বিশ্লেষণ করে দিয়েছেন যে, এ গুণগুলি যদি একটা লোকের মধ্যে দেখি, যদি দেখি লোকটার ভিতর হিংসা নেই, লোকটা চুরি করে না, মিথ্যা কথা বলে না, বেশ সংযমী এবং ভিতর বাহির পরিষ্কার তা'হলেই বলব লোকটার মনুষ্যত্ব আছে। পূর্ব্বেই বলেছি, মানুষকে এটা লাভ করতে হয়, অর্জ্জন করতে হয়। এটা লাভ না করা পর্য্যন্ত মানুষ পশুই থাকে।

শিশু হামাগুড়ি দেয়, তারপর দাঁড়াতে শিখেই ভাবে আমি মানুষ হয়েছি। প্রচুর ধন-সম্পত্তি অর্জ্জন করেই কেউ কেউ ভাবে মানুষ হয়েছি; কিন্তু উপরোক্ত গুণ কয়টি অর্জ্জন না করা পর্য্যন্ত মানুষ হওয়া যায় না। সব কিছু দিয়েও যদি মানবশিশুকে এ গুণগুলো না দেওয়া হয়, তা'হলে তাকে কিছুই দেওয়া হল না। তার কোন উপকার ত করাই হল না, বরং ক্ষতি করা হল। মানবের ধর্ম্মই মনুষ্যত্ব, মনুষ্যত্ব তাকে অর্জ্জন করতে হবে, নচেৎ তাকে মানুষ বলা যাবে না। কাজেই মনুষ্যত্ব নামক ধর্ম্মটি সবাই লাভ করুক তবেই হয়ে গেল। অবশ্য এর পর আরও পাঠ আছে। আরও উপরে যেতে চান তার ব্যবস্থা আছে। যেমন elementary education এরপর হাইয়ার এডুকেশন্ নেওয়া যায়, তেমনই ধর্ম্মেরও একটা হাইয়ার এডুকেশন আছে। আপনার মনুষ্যত্ব হয়েছে, এরপর আপনি যদি আরও উপরে যেতে চান, তারও প্রণালী আছে এবং সে প্রণালীও আপনার জানা থাকা দরকার। মানুষের ভিতর একটি ঘুমন্ত শক্তি আছে, একটি ডিভাইন স্পার্ক আছে, একটি দেবত্ব আছে। তাই ত মানুষ মানুষের চেয়ে অনেক বড় হতে পারে। এত বড় হতে পারে যে মানুষ শেষ পর্য্যন্ত ঈশ্বর হয়ে যায়। "মম সাধর্ম্মমাগতাঃ"–জীব আমার সান্নিধ্য লাভ করে। শঙ্কর, বুদ্ধ প্রভৃতি মহামানবকে আমরা ভগবান্ শঙ্কর, ভগবান বুদ্ধ ইত্যাদি বলি। অতএব মানুষ এতখানি উচ্চে উঠতে পারে। কত উচ্চে যে মানুষ উঠতে পারে তা আমরা জানি না। তবে মনুষ্যত্ব লাভ করার পরের শিক্ষাই দেবত্ব লাভের শিক্ষা। সে দেবত্ব লাভের দিকে যদি আপনি দৃষ্টি দেন, দেবত্ব লাভের দিকে যদি আপনার লক্ষ্য থাকে, তা'হলে মনুষ্যত্ব লাভটা অনেকটা তাড়াতাড়ি হয়। লক্ষ্যটা যদি উপরের দিকে থাকে, তা'হলে মানুষ হওয়া অনেক সহজ।

দেবত্ব লাভের তিনটি উপায় বা পথ আছে। সংস্কৃত ভাষায় 'মার্গ' বলে। কর্মমার্গ, জ্ঞানমার্গ এবং ভক্তিমার্গ–এ তিনটি রাজপথ ধরে এগোতে হবে। মানুষের তিনটি বৃত্তি প্রধান–জানবার ইচ্ছা, করবার ইচ্ছা এবং অনুভবের ইচ্ছা। ইংরেজী অনুবাদ থিঙ্ককিং, উইলিং এ্যান্ড ফিলিং। সাইকোলজি-র ভাষায় cognition, volition and emotion। অন্য প্রকারে বলা চলে–উইজডোম, পাওয়ার এ্যান্ড লাভ। যাঁর ভিতর জ্ঞানের তৃষ্ণা প্রবল, তিনি চলে যান জ্ঞান মার্গ ধরে, যাঁর ভিতর কর্মেচ্ছা অধিক, তিনি চলে যান কর্ম্মমার্গ ধরে আর যাঁর ভিতর চিত্তের অনুভূতি বা আবেগ অধিক, স্নেহ, প্রীতি, ভালবাসা যাঁর ভিতর প্রবল, তিনি চলে যান ভক্তিমার্গ অনুসরণ করে, –এই ত কথা। তিনটি বৃত্তির জন্য তিনটি বড় রাস্তা; অবশ্য এরা মিলে মিশেও চলে। যেমন কর্ম্মমিশ্র জ্ঞান, জ্ঞানমিশ্র ভক্তি–যাঁর যে রকম বৃত্তি, তিনি সে দিকে যান। তবে, যেতে হলে রাস্তা একটি ধরতেই হবে। হাইয়ার এডুকেশন এর পরে আবার স্পেশালিষ্ট হতে হবে। যেমন একজন ডাক্তার আছেন, যিনি ইয়ার, নোজ, থ্রোট-এর স্পেশালিষ্ট তাঁর কাছে পেট দেখাতে যান, তিনি দেখতে রাজি হবেন না, কারণ তিনি স্পেশালিষ্ট কিনা। ওমনি ভাবে জ্ঞান, কর্ম্ম অথবা ভক্তি একটাতে specialist হতে হবে।

বহু প্রাচীনকাল থেকেই এ তিনটি রাস্তার বিবরণ আমাদের শাস্ত্রে আছে। আবার তিনটি রাস্তার সব কয়টিতেই বহু আচার্য্য আছেন। পথে যেতে তাঁরাই আপনাকে সাহায্য করবেন, তাঁরাই আপনার guide এর কাজ করবেন। University-তে Research–গবেষণা করতে যান সেখানেও একজন guide চাই। আপনি দেবত্ব লাভের পথে চলেছেন, আপনারাও একজন পথ প্রদর্শক চাই, দিশারী চাই, আচার্য্য বা গুরু চাই। প্রথমে স্থির করুন, কোন্ রাস্তা ধরবেন; তারপর সেই রাস্তার একজন আচার্য্য ধরুন। জ্ঞান মার্গে যেতে হলে আচার্য্য শঙ্করের মতে আপনি যেতে পারেন। এভাবে সব পথেই একাধিক মত আছে। যেমন, শঙ্কর মত, বুদ্ধ মত, নানক মত, চৈতন্য মত, তুলসী মত–এ ধরণের বহু মত আছে। একেই সংস্কৃত ভাষায় বলে 'মতম্' এটারই ইংরেজী রিলিজিয়ান হতে পারে। যদি বলেন–আমি যীশুখ্রীষ্টের মতে যাব–তবে যান। কিন্তু সেটা খ্রীষ্টধর্ম্ম নয়, খ্রীষ্টমতম্। ধর্ম্ম ত একটাই-মানবধর্ম্ম। খ্রীষ্টের একটা ধর্ম্ম, বুদ্ধের একটা ধর্ম্ম–তা হবে কেমন করে? সকলের ধর্ম্মই মানব-ধর্ম্ম। কাজেই, এগুলো সব মতম্। আমি যাব তন্ত্র মতে, তন্ত্র ত কোন ধর্ম্ম হতে পারে না। তন্ত্র মত, বৈষ্ণব মত ইত্যাদি নানা মত আছে; আর কোন ব্যক্তির নাম হলে ত কথাই নেই। যেমন চৈতন্যের মত, বুদ্ধের মত, রামকৃষ্ণের মত, বিবেকানন্দের মত ইত্যাদি–এসবই 'মতম্'। আপনার পছন্দমত যে মত ইচ্ছা আপনি গ্রহন করতে পারেন; তবে সে মতটা কোন মহাপুরুষের রচিত হওয়া চাই।

আমাদের শাস্ত্রমতে, আপনার পূর্ব্বজন্মের সংস্কার বশতঃ যে মতে আপনার আকর্ষণ সে মতই আপনি গ্রহণ করতে পারেন। তবে মতটি সম্পর্কে কোন দ্রষ্টা পুরুষের সমর্থন চাই। যিনি ঈশ্বর দ্রষ্টা, যিনি ব্রহ্মজ্ঞ, যাঁকে দেখলেই ভক্তি শ্রদ্ধা জাগে, তাঁকেই অনুসরণ করতে হবে। মত বহু, কাজেই রিলিজিয়ানও বহু।

মতের আর একটা ইংরেজী আছে Ism, মানবধর্ম্মের মধ্যে বহু Ism আছে। অতএব, যদি বলেন কোন Ism শেখাব না, তা'হলে আপত্তি নেই। কারণ Ism সে ত মানুষ নিজ নিজ গুরুর কাছে শিখবে। সেটা আপনি school-এ, college-এ শেখাবেন, কেন? সমস্ত Ism-এর প্রতিই শ্রদ্ধা থাকবে। তবে যে Ism যার পছন্দ, সে সেই ওংসই গ্রহণ করতে পারে। আপনি শিক্ষক, আমি বিদ্যালয়ে এসেছি, আপনি আমাকে মনুষ্যত্বটি দিয়ে দিবেন বা লাভ করিয়ে দিবেন। কতকগুলো পুঁথির information আমার মাথায় ঢুকিয়ে দিলেই আপনার কাজ শেষ হল না। আপনার কাজ আমার মানবধর্ম্মের স্থির করে দেওয়া। তারপর যদি আমি দেবত্ব লাভের জন্য লালায়িত হই তা'হলে আমি যে-কোন মতে যেতে পারি–এতে আপনার আপত্তি করবার কিছু নেই। আমি যে মতেই যাব, সে মতেই আমাকে দৃঢ় থাকতে হবে। আমি একটি মত গ্রহণ করলাম, তারপর গুরু করলাম, আচার্য্য করলাম। তাঁর নির্দেশিত পথে আমি এগিয়ে চললাম–সেটা ত আমার ব্যক্তিগত–তাতে সমাজের কি? রাষ্ট্রের কি? আমাদের শাস্ত্রমতে ওটা ত সম্পূর্ণ ব্যক্তিগত ব্যাপার। আমি কি করি না করি–পূজা করি না ধ্যান করি, তাতে আপনার কি দরকার? আমার মন্ত্র আপনার জানার কি প্রয়োজন? আমি কোন ওংস গ্রহণ করলাম, তাতে সমাজের কি আসে যায়? সমাজের বা রাষ্ট্রের প্রয়োজন শুধু এইটুকু দেখা আমি মনুষ্যত্ব অর্জ্জন করেছি কি না, আমি মানুষ হয়েছি কিনা। আপনি ঠাকুর ঘরে গিয়া তিন ঘণ্টা না পাঁচ ঘণ্টা হরিনাম জপ করেন, তাতে ত আমার কোন প্রয়োজন নাই। আমার শুধু প্রয়োজন আপনি কোর্টে গিয়া মিথ্যা সাক্ষী না দিয়ে আসেন। যদি দেখি, আপনি মিথ্যার আশ্রয় নিয়েছেন তাহলে আমি বুঝব আপনি ঠাকুর ঘরে গিয়ে ঠাকুরকেও ফাঁকি দিয়েছেন, গুরুকেও ফাঁকি দিয়েছেন। আমার ওংস টা আমার নিজের। সেটা মূল্যহীন নয়, অত্যন্ত মূল্যবান, বিশেষ করে আমার ব্যক্তিগত জীবনে। আমার মা বাবার সাথে, ঘরের লোকের সাথে আমার সম্পর্কটা আমার পক্ষে অত্যন্ত মূল্যবান। কেননা, সেটাই আমার জীবনকে রূপ দিচ্ছে। কিন্তু সমগ্র মানবসমাজের কাছে সেটার প্রয়োজন খুব বড় নয়। সমাজের কাছে, রাষ্ট্রের কাছে সব চেয়ে বড় প্রয়োজন মানবত্ব, মনুষ্যত্ব। মানুষ মনুষ্যত্ব লাভ করছে কি না সে দায়িত্বটা সম্পূর্ণ মানব সমাজের, রাষ্ট্রের।

যাঁরা শিক্ষার ক্ষেত্রে আছেন, যাঁরা রাষ্ট্র পরিচালনা করছেন–

তাঁদের দেখা প্রয়োজন, মানুষগুলো মানুষ হচ্ছে কি না। কতকগুলো ছেলে এল আপনার বিদ্যালয়ে, দশ বছর পড়িয়ে আপনি তাদের পাঠালেন বিশ্ববিদ্যালয়ে। দেখা গেল পড়া শেষ করে চাকুরীতে ঢুকে তারা ঘুষ খেতে লজ্জা পায় না, মিথ্যা বলতে ভয় পায় না। তাহলে আপনি তাদের কি শিখালেন–কিছুই শেখাননি, মনুষ্যত্ব শেখাননি। এমন লোক তৈরী করে দিতে হবে যে, ঘুষ কথাটি শুনলেই আঁৎকে ওঠে। বলেন কি? এ অসম্ভব। তবে বুঝব আপনি মানুষ তৈরী করেছেন, মনুষ্যত্ব লাভ করিয়ে দিয়েছেন। মনুষ্যত্বটা দিলেন না, তাহলে সমাজের সর্ব্বনাশ করলেন। আপনি যদি বলেন যে, আমার রাষ্ট্রের শিক্ষালয়ে ধর্ম্মের কোন স্থান নেই, উত্তরে আমি বলব, রিলিজিয়ান শেখান বা না শেখান মনুষ্যত্বটা শেখাতেই হবে। এইজন্যই গোড়ায় বলেছিলাম ওংস আর ধর্ম্ম এক কথা নয়।

Hinduism শব্দটি যাঁরা তৈরী করছেন, তাঁরা প্রকাণ্ড ভুল করছেন। Hindu ত একটা Ism নয়। হিন্দুর মধ্যেই ত বহু Ism রয়েছে। যেমন, শৈব, শাক্ত, বৈষ্ণব আর্য্যসমাজী, ইত্যাদি। এগুলো সবই মতম্। হিন্দু একটা ধর্ম্ম। বিরাট ধর্ম্ম। তার মধ্যে বহু মত থাকতে পারে। আমার শুধু দেখা প্রয়োজন, আমি আপনার মতকে শ্রদ্ধা করি কি না, এবং আপনি আমার মতকে শ্রদ্ধা করেন কি না। ইংরেজীতে আর একটি বিশ্রী শব্দ আছে Religious toleration। Tolerance অর্থ সহ্যগুণ, পরমতসহিষ্ণুতা। কিন্তু আপনার মতকে আমি সহ্য করতে যাব কেন? সহ্য করার অর্থ কি? আপনি আমার প্রতিবেশী। আমি ভাল, কিন্তু আপনি ভাল লোক নন–এ অবস্থায় আমি কি করব? প্রতিবেশী হিসাবে সহ্য করে যাব। এ তা নয়। আমি আপনার মতকে শ্রদ্ধা করি, আপনার মতকে আমি appreciate করি, tolerate করি না। আপনি যে মতে আছেন, আচার্য্য করে নিয়ে যে পথে যাচ্ছেন, তাতে আমার গভীর শ্রদ্ধা আছে। আমি আমার মতে আছি। আমি আমার মাকে ভক্তি করি, আপনি আপনার মাকে ভক্তি করেন, গভীর ভক্তি করেন–তাতে ত আমারও আনন্দ। তেমনি প্রত্যেক মতকে, প্রত্যেক ইজমকে শ্রদ্ধা করতে হবে, এ শিক্ষাই ত মানবধর্ম দিয়ে থাকে। সব চেয়ে বড় প্রয়োজন কি? মানুষ চুরি করবে না, মিথ্যা কথা বলবে না, হিংসা করবে না, পরের ক্ষতি করবে না–তবেই হল ধর্মরাজ্য।

মনুষ্যত্বটা যে কি–তা জানতে হবে, শিখতে হবে এবং শেখাতে হবে। বিদ্যালয়ে যদি এটা না থাকে, তবে সব ব্যর্থ। যত curriculum, যত syllabus সবই শুধু পুঞ্জিভুত কথা আর কথা। একটা রাষ্ট্রের activity টা কি? যদি তাতে মানুষই তৈরী না হয়? মানুষ যদি চুরি করে, মিথ্যা কথা বলে, black market করে জনসাধারণের ক্ষতি করার চেষ্টা করে, আর রাষ্ট্র বসে বসে গর্ব্ব করে–এটা করেছি, ওটা করেছি, exhibition করে দেখিয়েছি এতগুলো রাস্তা করেছি, এতগুলো bridge করেছি ইত্যাদি ইত্যাদি–তা'হলেই কি কল্যাণ রাষ্ট্র গড়ে উঠবে? আমাদের দৃষ্টিতে আমরা দেখি–এত সব জিনিস ছাড়াও মানুষের আনন্দ কিছু কম ছিল কি? এত রাস্তাঘাট না হলে কি আমাদের অস্তিত্ব লোপ পেয়ে যেত? ঐ গুলি ছাড়া কি আমাদের কিছুতেই চলত না? আমরা বলি কি আগে মনুষ্যত্ব দিন মানুষকে, মানুষ করে গড়ে তুলুন, মানুষের ভিতর হতে মিথ্যা দূর করে দিন, মানুষের চৌর্য্যবৃত্তি লোপ করে দিন। তা যদি না করতে পারলেন, তা'হলে মানুষের উপকার করলেন, না ক্ষতি করলেন, ভেবে দেখুন। রাস্তাঘাট ভাল হওয়াতে মানুষের চলার গতি বেড়েছে। তাতে ত চোর-ডাকাতেরও অনেক সুবিধা হয়েছে। তারা এখন আরও ভাল ভাবে তাদের ব্যবসা চালাতে পারে। কাজেই সমাজের কল্যাণ করতে হলে– আগে মনুষ্যত্বটা দিতে হবে। কল্যাণ রাষ্ট্র কথাটির অর্থ কি? সমস্ত মানুষের কল্যাণ বৃদ্ধি করা। ধর্ম বাদ দিলাম, আর ব্যক্তির, সমাজের এবং রাষ্ট্রের কল্যাণ করলাম–কথাটা এমন একটা misnomer (ভ্রান্তিমূলক) যে, কি বলব তা ঠিক করে উঠতে পারছি না। ধর্ম নেই, মানুষকে

মনুষ্যত্ব দিলাম না–অথচ একটা institution গড়ে তুললাম। কি করলাম? কিছুই করলাম না। মানবধর্ম–এটা মানুষ মাত্রেরই ধর্ম। আপনি খ্রীষ্টান শাস্ত্র দেখেন, মুসলমান শাস্ত্র দেখেন, যে-কোন শাস্ত্রই দেখেন না কেন–সবাই এই একটি কথাই বলেছেন– Thou shall not steal, Thou shall not kill, Thou shall not commit adultery ইত্যাদি ইত্যাদি। অর্থাৎ সকলেই বলছে– হে মানব, তুমি এ গুণগুলি অর্জ্জন কর। এ গুণগুলি অর্জ্জন না করলে তুমি মানুষই হলে না।

মনুষ্যত্ব লাভের পর দেবত্ব লাভ। দেবত্ব লাভের জন্য প্রয়োজন মত বা পথ, ঋষির মত। ঋষি মানে দ্রষ্টা, দ্রষ্টা মানে তিনি সত্য দেখেছেন। আপনি বলবেন মতে মতে এত দ্বন্দ্ব কেন? দ্বন্দ্ব ত থাকবেই। আমি একজন দ্রষ্টা, আমি এক রকম দেখেছি, আপনি একজন দ্রষ্টা, আপনি দেখেছেন আরেকরকম–কাজেই মতে মতে মিল হচ্ছে না। ঈশ্বর বিরাট কি না, তাই এই রকম হচ্ছে। ধরুন হিমালয় পাহাড়ে পাঁচ হাজার লোক পাঠিয়ে দিলেন ফটো তুলে আনার জন্য। হিমালয় পাহাড়টা এত বড় যে পাঁচ হাজার লোক পাঁচ হাজার স্থানে দাঁড়িয়ে ফটো তুলতে পারে। ফটোগুলো এক রকম হবে কি করে? ফটো যে মিলছে না এটাই ত পাহাড়ের গৌরব। পাহাড়টা যে সত্যি সত্যি বিরাট তা বুঝা গেল। ঈশ্বরতত্ত্ব সম্বন্ধে ত সেই একই কথা। ঈশ্বর খুব বিরাট কিনা, তাই দ্রষ্টা, ঋষিদের দেখার রূপ মিলছে না। দ্রষ্টা হলেই তার একটা মত হবে, সে একটা কিছু নূতনত্ব বলবে। তা নইলে সে দ্রষ্টা কিসে? সে কিছু একটা নূতন দেখেছে। যা দেখেছে, সে তাই বলছে। ইচ্ছে হয়, আপনি তাঁকে অনুসরণ করুন, তাঁর রাস্তায় চলে যান, তাঁর আদেশ-নির্দ্দেশ গভীর শ্রদ্ধার সঙ্গে পালন করুন। যদি বলেন আমি কোন মহাপুরুষের আশ্রয় গ্রহণ করব না, তা না করলেন, শাস্ত্রকারের তাতেও কোন আপত্তি নেই। আপনি মনুষ্যত্ব অর্জ্জন করুন। তারপর এ জন্মে না হোক, আগামী জন্মে, না হয় তার পরের জন্মে যে-কোন একটি রাস্তা ধরে আপনাকে যেতেই হবে। যখন মানব হয়েছেন, তখন একদিন না একদিন সে চরম স্থানে আপনাকে যেতেই হবে। যাঁর কাছে থেকে এসেছেন, একদিন না একদিন তাঁর কাছে ফিরে যেতেই হবে। এ যাওয়ার জন্যই পথের প্রয়োজন। আপনি যদি কোন আচার্য্য বা গুরু করতে না চান, তাতেও সমাজের কোন আপত্তি নেই। আপনার কাছে সমগ্র সমাজের শুধু একটিই দাবী–আপনি মনুষ্যত্ব অর্জ্জন করুন।

আপনি যদি কোন আচার্য্যের পথে চলতে শুরু করে থাকেন তা'হলে আমরা বুঝব আপনার মনুষ্যত্ব লাভের আর দেরী নেই। কেবল মনুষ্যত্ব মনুষ্যত্ব করলেই মনুষ্যত্ব লাভ হয় না। দেবত্বের দিকে লক্ষ্য থাকলেই মনুষ্যত্ব লাভ ত্বরান্বিত হয়। স্কুলের পড়া যে শেষ করেছে, তাকেই ধরে কেউ হেডমাষ্টার করে? সে যদি বলে আমি ত স্কুলের পড়া শেষ করেছি। আমরা বলব–শেষ করলেও শেষ হয়নি। আপনি আরও চার বছর বিশ্ববিদ্যালয়ে পড়ে আসুন, তারপর আপনাকে হেড্‌মাষ্টার করা যেতে পারে। স্কুলের পড়াটা ঠিক পড়া হয়, যখন স্কুল ছেড়ে আরও কিছুকাল কলেজে পড়া যায়। ঠিক তেমনি মনুষ্যত্বটা অর্জ্জন করলেই মনুষ্যত্বটা পাকা হয় না। দেবত্বের মধ্যে যখন চলে যাবেন, তখনই মনুষ্যত্বটি ক্রমশঃ উজ্জ্বল হতে থাকবে। তখন আর ভাবনা করতে হবে না, মনুষ্যত্বটা আয়ত্ত হয়ে যাবে। যখন অল্প অল্প গ্রামার শিখি, তখন ভাবতে হয় গ্রামার ভুল হল কি না। কিন্তু একবার আয়ত্ত হয়ে গেলে, গ্রামার ভেবে লিখতে হয় না। সেরূপ মনুষ্যত্বটা যখন আয়ত্ত হয়ে যায়, মনুষ্যত্বটা যখন স্বভাবে পরিণত হয়ে যায়, তখন চুরি করতে, মিথ্যা বলতে হিংসা করতে আর প্রবৃত্তি হয় না। মনুষ্যত্বকে আপনার জীবনে আয়ত্ত করে নিতে হবে, কারণ আপনার পুত্র কন্যাকে এটা শিখাতে হবে। যার ভিতর মিথ্যা– সে কখনও সত্যবাদিতা শেখাতে পারে না। বললেও কেউ শিখে না, উপদেশেও বিশেষ ফল হয় না, কারণ তাতে শক্তি নেই। এজন্যই, দেবত্বের পথে যিনি অগ্রসর হয়েছেন, তিনিই পারেন মনুষ্যত্ব শিক্ষা দিতে। নিজের সন্তান-সন্ততিকে শেখাতে হবে, ছাত্র-ছাত্রীকে শেখাতে হবে, সমাজের সবাইকে শেখাতে হবে যে, মানুষ হয়ে জন্ম নিলেই মানুষ হয় না, মানুষ হতে হলে মনুষ্যত্ব অর্জ্জন করতেই হবে।

একমাত্র মানবধর্ম্ম পালন করলেই আপনার জীবন সুখকর হবে, সমাজ কল্যাণময় হবে, রাষ্ট্র কল্যাণময় হবে, বিশ্ব-সংসারে শান্তি ফিরে আসবে। তা' না হলে এ বিশ্ব-সংসারে কেবল দ্বন্দ্ব, কেবল মারামারি, হানাহানিই চলবে। যত সম্পদ বাড়ুক, যত ঐশ্বর্য্য বাড়ুক, যত বিদ্যা বাড়ুক, যত বৈজ্ঞানিক-আবিষ্কার বাড়ুক সবই বৃথা, যদি মানুষের মনুষ্যত্ব না থাকে। মানুষের জীবনে সত্যিকারের শান্তি আসবে তখন, যখন মানুষ মানুষের মত বাস করতে শিখবে। বিশ্বমানবের এই একটিই ধর্ম্ম। প্রভু জগদ্বন্ধু সুন্দরের বাণী–"এক মর্ম্ম, এক ধর্ম্ম, জীব ভজন।" সমস্ত জীবের এই একটিই মর্ম্মকথা, এই একটিই ধর্ম্ম–মনুষ্যত্ব লাভ কর, মানুষ হও। মানুষ হয়ে জন্মেছি, মনুষ্যত্ব লাভ করার প্রয়োজনীয় উপাদন আমাতে দেওয়া আছে, অথচ মনুষ্যত্ব লাভ করি নাই–এর চেয়ে দুর্ভাগ্য আর কী হতে পারে? এখনও কোন কোন সময় সমাজে এমন এক একটি মানুষ আসেন, যাঁর সান্নিধ্যে মানুষ সহজে মনুষ্যত্ব লাভ করতে পারে, যাঁকে অনুসরণ করে, যাঁর দিকে দৃষ্টি রেখে চললেই মনুষ্যত্বের গুণাবলী ধীরে ধীরে আয়ত্ত হয়ে যায়।

ছাত্রকে পরীক্ষায় পাশ করিয়ে দিলাম, কিন্তু মনুষ্যত্ব অর্জ্জন করল কি না, সেদিকে দৃষ্টি দিলাম না–তবে কি করলাম? শিক্ষা দিয়ে তার আরও ক্ষতি করলাম। ধরুন, একটি ছাত্র স্কুলে এসেছে চুরি করা তার স্বভাব। স্কুলের পরীক্ষায় সে ভাল ফল করে যাচ্ছে, কিন্তু চুরির স্বভাব তার যায়নি। সে দিকে কোন লক্ষ্যই নেই। কারণ বিশ্বাসই করতে পারি না যে, ভাল ছেলে চুরি করতে পারে। তারপর স্কুল ছেড়ে কলেজের পড়া শেষ করে সে একটি দায়িত্বপূর্ণ চাকুরী পেল। কিন্তু চোর সে ঠিকই আছে। আগে চুরি করত কলম, এখন কলম দিয়েই চুরি করতে শুরু করেছে। কলমের এক খোঁচায় দু'পাঁচ হাজার টাকা চুরি করে ফেলে–কেউ ধরতেও পারে না। খবরের কাগজের পৃষ্ঠা খুললেই এ কথার প্রমাণ পাবেন। ছোট বেলায় সে ছিল ছোট চোর; এখন সে বড় পাকা চোর হয়ে উঠেছে। যদি সে স্কুলে না ঢুকত, তা'হলে হয়ত একদিন পুলিশের হাতে ধরা পড়ে মার-ধোর খেয়ে কিছু ভাল হয়ে যেতে পারত। জেল খাটলেও

তার কিছু না কিছু লাভ বা পরিবর্তন হত। সে এখন শিক্ষিত, কাজেই তার কোন চিন্তাই নেই সকলের মাথার উপর বসেই সে নির্ব্বিবাদে চুরি করছে। সমাজের মাথায় বসে সমাজকে গোল্লার পথে চালিয়ে দিচ্ছে। কাজেই দেখুন, শিক্ষায় তার ক্ষতি করলাম, সমাজের ক্ষতি করলাম। শিক্ষা দিলাম, অথচ মনুষ্যত্ব দিলাম না অর্থাৎ কিছুই দিলাম না। সুতরাং যত কিছুই দেন না কেন, যত সংবাদের বোঝাই ছেলের মাথায় চাপিয়ে দেন না কেন, মনুষ্যত্ব না দিলে তাকে কিছুই দিলেন না। প্রাচীন আর্য্য ঋষিদের এ চিন্তা ছিল। তাই শিক্ষা দেওয়া হত আশ্রমে। আগে মানুষ গড়ে তুলে তারপর শাস্ত্রে জ্ঞান দেওয়া হত।

হিন্দুধর্ম্মই মানবের ধর্ম্ম। হিন্দু নামটা আমাদের দেওয়া নয়, পরের দেওয়া নাম। হিন্দু শব্দটা ভাল নয়–কেহ বলেন সিন্ধু থেকে, কেহ বলেন, হিন্দু মানে কাফের অর্থাৎ নিকৃষ্ট। সংস্কৃতে এ শব্দটি নেই, কিন্তু এ নামটা আমরা ছাড়তে পারি না। একেবারে চামড়ার সাথে মিশে গেছে। যেমন, একটি মানুষের নাম ঢেম্না। ঢেম্না মানে একটি লতার শেকড়। কিন্তু নাম একবার হয়ে গেছে, কাজেই মানুষটাকেই এখন ঢেম্নাই বলতে হবে। তেমনি আমাদের ধর্ম্মের নামও থাকবে হিন্দু; কিন্তু হিন্দু আমাদের নাম নয়। প্রাচীন নামটি কি? নাম নেই। তবে একটি নাম আছে "সনাতন ধর্ম্ম"। সনাতন মানে চিরস্থায়ী, চিরকালের ধর্ম্ম। আসল নামটা হল মনুষ্যত্ব–এটাই মূল ধর্ম্ম। মূল তত্ত্বটাই "মানবধর্ম্ম"। প্রাচীন নাম সনাতন ধর্ম্ম–মানব মাত্রেরই এটা ধর্ম্ম। এজন্যই এ ধর্ম্মের ভিতর কভারসন নেই। অন্য সকল ধর্ম্মেই কভারসন আছে। অন্যকে আমার ধর্ম্মে নিয়ে আসতে হবে। কিন্তু এটা মানব মাত্রেরই ধর্ম্ম কিনা, তাই আপনাকে আমার ধর্ম্মে নিয়ে আসবে–একথার কোন অর্থই হয় না। ধর্ম্মে কভার্ট করা যায় না। আপনার ভিতর যদি মনুষ্যত্ব না থাকে তবে আপনাকে মনুষ্যত্ব দেবার চেষ্টা করতে হবে। কি করে দেব? উপায় হল–উপদেশ আর আদর্শ। আমি নিজে মানুষ হয়ে আপনার সাথে মেলামেশা করতে করতে আপনি আমাকে দেখে দেখে মানুষ হয়ে যাবেন। এইজন্যই হিন্দুধর্ম্মে কভার্ট করার কোন চেষ্টাই করা হয়নি। অর্থ কি? অর্থ হল মানবধর্ম্ম–এটা সকলেরই ধর্ম্ম, Ism হলে, মত হলে, তাতে কভার্ট করা চলত। আমার একটা মত, আপনার একটা মত; সুতরাং আমি মনে করি, আমার মতে বেশী লোককে ভিড়াতে পারলে আমারই সুবিধা। তোমার Ism থেকে একটা লোক নিয়ে আসতে পারলেই আমার লাভ। এ Ism বা মতটাই রিলিজিয়ান, কাজেই রিলিজিয়ান যেখানে, সেখানে কভার্সন থাকবেই। আর যেটা মানবধর্ম্ম, সেখানে আবার কভার্সন কি? আপনি মানুষ, আপনাকে অপর ধর্ম্মে নেবার কোন অর্থ হয় না। যে মনুষ্যত্ব অর্জ্জন করেনি, তাকে মনুষ্যত্ব দেবার চেষ্টা করা যায়। মানুষকে মনুষ্যপদবাচ্য করে তুলবার চেষ্টা করা যায়।

